No. 5
S 11 44

# VYAKARANA-KAUMUDI

OR

OUTLINES OF SANSKRIT GRAMMAR

BY

*ISWARACHANDRA VIDYASAGARA.*

## PART IV.

# ব্যাকরণকৌমুদী।

শ্রীঈশ্বরচন্দ্রবিদ্যাসাগর প্রণীত।

চতুর্থ ভাগ।

CALCUTTA:

THE SANSKRIT PRESS.

1862.

সংবৎ ১৯১৮।

*Price One Rupee.* মূল্য এক টাকা।

# VYAKARANA-KAUMUDI

OR

OUTLINES OF SANSKRIT GRAMMAR

BY

*ISWARACHANDRA VIDYASAGARA.*

---

PART IV.

---

# ব্যাকরণকৌমুদী।

শ্রীঈশ্বরচন্দ্রবিদ্যাসাগরপ্রণীত।

---

চতুর্থ ভাগ।

---

CALCUTTA:

THE SANSKRIT PRESS.

1862.

সংবৎ ১৯১৮।

# বিজ্ঞাপন।

ব্যাকরণকৌমুদীর শেষভাগ প্রচারিত হইল। এই ভাগে নূতন প্রণালী অবলম্বিত হইয়াছে। অনেকে ব্যাকরণকৌমুদীতে সংস্কৃত সূত্র দিবার নিমিত্ত সবিশেষ অনুরোধ করেন। ঐ অনুরোধের তাৎপর্য্য এই যে বাঙ্গলা ভাষায় সঙ্কলিত সূত্র অপেক্ষা অল্পাক্ষরগ্রথিত সংস্কৃত সূত্র অনায়াসে অভ্যাস করা ও স্মরণ রাখা যাইতে পারে। তাঁহাদের অনুরোধ যুক্তিযুক্ত বোধ হওয়াতে এই ভাগে সংস্কৃত সূত্র সন্নিবেশিত হইল এবং ঐ হেতু বশতঃ পূর্ব্ব তিন ভাগেও ক্রমে ক্রমে এই প্রণালী অবলম্বিত হইবেক। সকল সূত্র নূতন সঙ্কলিত নহে অনেক স্থলে পাণিনিপ্রণীত সূত্র অবিকল উদ্ধৃত হইয়াছে।

শ্রীঈশ্বরচন্দ্র শর্ম্মা।

কলিকাতা।

সংবৎ ১৯১৮। ২০এ মাঘ।

# ব্যাকরণকৌমুদী।

## বিভক্তিনির্ণয়।

**১। সংখ্যাকারকবোধয়িত্রী বিভক্তিঃ।**

যাহা দ্বারা সংখ্যা ও কারকের প্রতীতি জন্মে তাহাকে বিভক্তি বলে। যথা, **ঘটঃ ঘটৌ ঘটাঃ**, এস্থলে ঘট শব্দে প্রথমা বিভক্তির যোগ থাকাতে, এক ঘট দুই ঘট বহু ঘট এই সংখ্যার প্রতীতি জন্মিতেছে; **চন্দ্রং পশ্যতি**, এস্থলে চন্দ্রে দ্বিতীয়া বিভক্তির যোগ থাকাতে, চন্দ্র কর্ম্ম কারক বলিয়া প্রতীতি জন্মিতেছে।

**২। বিভক্তয়ঃ সপ্ত।**

প্রথমা, দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী, সপ্তমী এই সাত বিভক্তি।

### প্রথমা।

**৩। অভিধেয়মাত্রে প্রথমা।**

যে স্থলে ক্রিয়াপদ প্রভৃতি না থাকে, কেবল অভি-

ধেয় (১) বুঝাইবার নিমিত্ত শব্দ প্রয়োগ করা যায়, সে খানে সেই শব্দের উত্তর প্রথমা বিভক্তি হয়। যথা, বৃক্ষঃ, লতা, পুষ্পম্, গিরিঃ, নদী, জলম্, রামঃ, সীতা, লক্ষ্মণঃ, একঃ, দ্বৌ, ত্রয়ঃ, দ্রোণঃ, খারী, প্রস্থঃ।

## ৪। কর্ত্তরি।

কর্ত্তৃকারকে প্রথমা বিভক্তি হয়। যথা, শিশুঃ ক্রীড়তি, গৌঃ শব্দায়তে, মেঘো গর্জ্জতি।

## ৫। সম্বোধনে।

সম্বোধনে প্রথমা বিভক্তি হয়। যথা, হে পিতঃ, হে ভ্রাতরৌ, হে পুত্রাঃ।

## ৬। অব্যয়যোগে চ।

ইতি প্রভৃতি কতিপয় অব্যয় শব্দের যোগে প্রথমা বিভক্তি হয়। যথা, অযোধ্যানগরে দশরথ ইতি খ্যাতো নৃপতিরাসীৎ, পাপাত্মনা সঙ্গঃ পরিত্যক্তু সাম্প্রতম্, বিষবৃক্ষোঽপি সংবর্দ্ধ্য স্বয়ং ছেত্তুমসাম্প্রতম্।

---

(১) যে শব্দে যাহা বুঝায় উহা সেই শব্দের অভিধেয়।

দ্বিতীয়া।

৭। কর্ম্মণি দ্বিতীয়া।

কর্ম্ম কারকে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা, পুষ্পং চিনোতি, অন্নং ভুঙ্‌ক্তে, জলং পিবতি।

৮। ক্রিয়াবিশেষণে চ।

ক্রিয়ার বিশেষণে দ্বিতীয়া বিভক্তি হয়; এক বচনে ও ক্লীব লিঙ্গেই প্রয়োগ হইয়া থাকে। যথা, সত্বরং ধাবতি, দ্রুতং পলায়তে, মৃদু হসতি, সাধু ভাষতে।

৯। অধ্বকালাভ্যামত্যন্তসংযোগে।

অত্যন্ত সংযোগ অর্থাৎ ব্যাপ্তি বুঝাইলে অধ্ববাচক ও কালবাচক শব্দের উত্তর দ্বিতীয়া বিভক্তি হয়। যথা, অধ্ববাচক—ক্রোশং গিরিঃ স্থিতঃ, যোজনং ভৃত্যেনানুগতঃ; কালবাচক—দিবসমুপবসতি, মাসমধীতে; ক্রোশং যোজনং দিনং মাসং ব্যাপ্যেত্যর্থঃ।

১০। অভিপরিসর্ব্বোভয়ৈস্তসন্তৈঃ।

তস্ প্রত্যয়ান্ত অভি, পরি, সর্ব্ব ও উভয় শব্দের যোগে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা, গ্রামমভিতঃ, গৃহং পরিতঃ, উদ্যানং সর্ব্বতঃ, নদীমুভয়তঃ।

### ১১। प्रत्यनुधिङ्निकषान्तरान्तरेणयावद्भिः।

প্রতি, অনু, ধিক্, নিকষা, অন্তরা, (২) অন্তরেণ (৩) ও যাবৎ শব্দের যোগে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা, दीनं प्रति दया, राममनु जातो लक्ष्मणः, कृपणं धिक्, ग्रामं निकषा नदी, स त्वां मां च अन्तरा उपविष्टः, श्रममन्तरेण विद्या न भवति, वनं यावदनुसरति।

তৃতীয়া।

### ১২। तृतीया करणे।

করণ কারকে তৃতীয়া বিভক্তি হয়। যথা, हस्तेन गृह्णाति, चक्षुषा पश्यति, कर्णेन शृणोति।

### ১৩। सहार्थैः।

সহার্থ শব্দের যোগে তৃতীয়া বিভক্তি হয়। যথা, रामः सीतया लक्ष्मणेन च सह वनं जगाम, केनापि सार्द्धं विरोधो न कर्त्तव्यः। সহার্থ শব্দের অপ্রয়োগেও তৃতীয়া হয়। যথা, पिता पुत्रेण गच्छति, पुत्रेण सहेत्यर्थः।

---

(২) মধ্য অর্থে।

(৩) বিনা অর্থে।

## ১৪। ঊনবারণপ্রয়োজনার্থৈশ্চ।

ঊনার্থ, বারণার্থ ও প্রয়োজনার্থ শব্দের যোগে তৃতীয়া বিভক্তি হয়। যথা, ঊনার্থ—একেন ঊনঃ, বিদ্যয়া হীনঃ, অহঙ্কারেণ শূন্যঃ; বারণার্থ—অলং বিবাদেন, কলহেন কিম্; প্রয়োজনার্থ—ধনেন প্রয়োজনম্, কোঽর্থঃ কলহেন।

## ১৫। অধ্বকালাভ্যামপবর্গে।

অপবর্গ অর্থাৎ ক্রিয়াসমাপ্তি ও ফলপ্রাপ্তি বুঝাইলে, অধ্ববাচক ও কালবাচক শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয়। যথা, অধ্ববাচক—ক্রোশেনানুবাকোঽধীতঃ; কালবাচক—ত্রিভিরহোভিঃ কৃতম্, মাসেন ব্যাকরণমধীতম্। মাসং ব্যাকরণমধীতং ন তু স্ফুরতি, এস্থলে অধ্যয়নের ফলপ্রাপ্তি বুঝাইতেছে না এজন্য মাস শব্দের উত্তর তৃতীয়া হইল না।

## ১৬। যেনাঙ্গেনাঙ্গিনো বিকারঃ।

যে অঙ্গ বিকৃত হওয়াতে অঙ্গীর বিকার লক্ষিত হয়, সেই অঙ্গবাচক শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয়। যথা, চক্ষুষা কাণঃ, পাদেন খঞ্জঃ, কর্ণেন বধিরঃ, পৃষ্ঠেন কুব্জঃ।

১৭। লক্ষণাৎ।

যে লক্ষণ অর্থাৎ চিহ্ন দ্বারা কোন ব্যক্তি সূচিত হয়, সেই লক্ষণবোধক শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয়। যথা, জটাভিস্তাপসমপশ্যম্, ভূষাভিঃ শিশুমদর্শম্, ছত্রেণ ছাত্রমদ্রাক্ষম্।

১৮। প্রকৃত্যাদিভ্যশ্চ।

স্থলবিশেষে প্রকৃতি প্রভৃতি শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয়। যথা, প্রকৃত্যা চারুঃ, স্বভাবেন সরলঃ, আকৃত্যা সুন্দরঃ, জাত্যা ব্রাহ্মণঃ, গোত্রেণ শাণ্ডিল্যঃ, নাম্না সোমরাতঃ, প্রায়েণ দুঃখিনঃ, বেগেন যাতি, ত্বরয়া ধাবতি, যত্নেন লিখতি, সুখেন স্বপিতি, দুঃখেন যাতি, ক্লেশেন বদতি।

চতুর্থী।

১৯। চতুর্থী সম্প্রদানে।

সম্প্রদান কারকে চতুর্থী বিভক্তি হয়। যথা, দরিদ্রায় ধনং দদাতি, ভিক্ষবে ভিক্ষাং দদাতি।

২০। তাদর্থ্যে।

তাদর্থ্য বুঝাইলে অর্থাৎ কোন বস্তু বা ক্রিয়া যাহার

নিমিত্ত বলিয়া বোধ হয় তাহার উত্তর চতুর্থী বিভক্তি হয়। যথা, যূপায় দারু, কুণ্ডলায় হিরণ্যম্, অশ্বায় ঘাসঃ, রন্ধনায় স্থালী, জ্ঞানায়াধ্যয়নম্, দানায় ধনোপার্জ্জনম্, স্নানায় নদীং যাতি, পাকায়াগ্নিমাহরতি।

২১। নিবৃত্তৌ নিবর্ত্তনীয়াৎ।

নিবৃত্তি বুঝাইলে নিবর্ত্তনীয়ের উত্তর চতুর্থী বিভক্তি হয়। যথা, মশকায় ধূমঃ, মশকনিবৃত্তয়ে ইত্যর্থঃ; আতপায় ছত্রম্, আতপনিবৃত্তয়ে ইত্যর্থঃ; পিপাসায়ৈ জলম্, পিপাসানিবৃত্তয়ে ইত্যর্থঃ; তাপায় স্নানম্, তাপনিবৃত্তয়ে ইত্যর্থঃ; রোগায় ঔষধম্, রোগনিবৃত্তয়ে ইত্যর্থঃ; পাপায় প্রায়শ্চিত্তম্, পাপনিবৃত্তয়ে ইত্যর্থঃ।

২২। সম্পদ্যমানাৎ ক্লৃপ্যাদেঃ।

ক্লৃপি প্রভৃতি ধাতুর প্রয়োগে সম্পদ্যমানের উত্তর চতুর্থী বিভক্তি হয়। যথা, ভক্তির্জ্ঞানায় কল্পতে, জ্ঞানং সুখায় সম্পদ্যতে, ধর্ম্মঃ স্বর্গায় ভবতি, অধর্ম্মঃ নরকায় ভবতি।

২৩। হিতসুখনমোভিঃ।

হিত, সুখ, ও নমস্ শব্দের যোগে চতুর্থী বিভক্তি হয়। যথা, হিতং পুত্রায়, সুখং শিষ্যায়, নমো গুরবে। ক্রিয়াযোগে বিকল্পে। যথা, গুরবে নমস্কৃত্য, গুরু নমস্কৃত্য।

## ২৪। স্বস্তিস্বাহাস্বধাবষড্ভিঃ।

স্বস্তি, স্বাহা, স্বধা ও বষট্ শব্দের যোগে চতুর্থী বিভক্তি হয়। যথা, স্বস্তি প্রজাভ্যঃ, স্বাহা অগ্নয়ে, স্বধা পিতৃভ্যঃ, ইন্দ্রায় বষট্।

## ২৫। সমর্থার্থৈশ্চ।

সমর্থার্থক শব্দের যোগে চতুর্থী বিভক্তি হয়। যথা, সমর্থো মল্লো মল্লায়, অলং মল্লো মল্লায়, শক্তো মল্লো মল্লায়, প্রভুর্মল্লো মল্লায়। সমর্থার্থক ক্রিয়াযোগেও চতুর্থী বিভক্তি হয়। যথা, প্রভবতি মল্লো মল্লায়, শক্নোতি মল্লো মল্লায়।

## ২৬। মন্যকর্ম্মণ্যনাদরে বিভাষা।

অবজ্ঞা বুঝাইলে দিবাদিগণীয় মন ধাতুর অবজ্ঞা-বোধক কর্ম্মে বিকল্পে চতুর্থী বিভক্তি হয়। যথা, ন ত্বাং তৃণায় মন্যতে, নাহং ত্বাং কুক্কুরায় মন্যে।

পক্ষে দ্বিতীয়া। শৃগালাদি (৪) কর্ম্মে হয় না। যথা, त्वामहं श्टगालं मन्ये।

**২৭। वा गत्यर्थकर्म्मणि चेष्टायाम्।**

চেষ্টা বুঝাইলে গত্যর্থ ধাতুর কর্ম্মে বিকল্পে চতুর্থী বিভক্তি হয়। যথা, ग्रामाय गच्छति, व्रजाय व्रजति। পক্ষে দ্বিতীয়া। চেষ্টা না বুঝাইলে হয় না। যথা, मनसा मथुरां गच्छति। অধ্ববাচক শব্দ কর্ম্ম হইলে হয় না। যথা, अध्वानं गच्छति, पन्थानं गच्छति।

পঞ্চমী।

**২৮। अपादाने पञ्चमी।**

অপাদান কারকে পঞ্চমী বিভক্তি হয়। যথা, अश्वात् पतितः, गृहाच्चलितः, जलादुत्थितः।

**২৯। ल्यब्लोपे कर्म्मण्यधिकरणे च।**

ল্যপ্ প্রত্যয়ান্ত পদের অপ্রয়োগে কর্ম্ম ও অধিকরণে পঞ্চমী বিভক্তি হয়। যথা, प्रासादात् प्रेक्षते, प्रासादमारुह्य इत्यर्थः; आसनादवलोकयति, आसने उपविश्य इत्यर्थः।

**৩০। कालाध्वनोरवधेः।**

(৪) শৃগাল, কাক, শুক, নৌ, অন্ন।

কালপরিমাণ ও অধ্বপরিমাণ বুঝাইলে, অবধিবোধক শব্দের উত্তর পঞ্চমী বিভক্তি হয়। যথা, কালপরিমাণ—অগ্রহায়ণাৎ পঞ্চ মাসাঃ, মাঘাৎ তৃতীয়ে মাসি, বিবাহাৎ সপ্তমে দিনে; অধ্বপরিমাণ—পাটলিপুত্রাৎ শতং ক্রোশাঃ, প্রয়াগাৎ ত্রিংশৎ ক্রোশাঃ, কুরুক্ষেত্রাৎ দশ যোজনানি।

৩১। নিকৃষ্টাদেকোৎকর্ষে।

দুই বা বহুর মধ্যে একের উৎকর্ষ বুঝাইলে, নিকৃষ্টের উত্তর পঞ্চমী বিভক্তি হয়। যথা, ধনাৎ বিদ্যা গরীয়সী, চৈত্রো মৈত্রাৎ বলীয়ান্, মাথুরাঃ পাটলিপুত্রকেভ্য আঢ্যতরাঃ।

৩২। মর্য্যাদাভিবিধ্যোরাযোগে।

মর্য্যাদা ও অভিবিধি বুঝাইলে, আ এই অব্যয় শব্দের যোগে পঞ্চমী বিভক্তি হয়। যথা, মর্য্যাদা—আ জন্মনঃ, আ শৈশবাৎ, আ মৃত্যোঃ, আ সমুদ্রাৎ, আ হিমাচলাৎ; অভিবিধি—আ বনাদ্বৃষ্টো দেবঃ, বনং ব্যাপ্য ইত্যর্থঃ; আ সকলাৎ ব্রহ্ম, সকলং ব্যাপ্য ইত্যর্থঃ।

৩৩। অন্যার্থৈঃ।

অন্যার্থ শব্দের যোগে পঞ্চমী বিভক্তি হয়। যথা, মিত্রাদন্যঃ কঃ পরিত্রাতুং সমর্থঃ, ঘটঃ পটাদিতরঃ, ইদমস্মাদ্ভিন্নম্। অন্যার্থ ক্রিয়া যোগেও হয়। যথা, স্বর্ণং রজতাদ্ভিদ্যতে।

৩৪। দিগ্‌দেশকালবাচিভিঃ।

দিগ্বাচক, দেশবাচক ও কালবাচক শব্দের যোগে পঞ্চমী বিভক্তি হয়। যথা, দিগ্বাচক—পূর্ব্বো গ্রামাৎ, উত্তরো গৃহাৎ; দেশবাচক—চৈত্রো মৈত্রাৎ পূর্ব্বদেশে; কালবাচক—চৈত্রাৎ পূর্ব্বঃ ফাল্গুনঃ, ভোজনাৎ প্রাক্, শয়নাৎ পূর্ব্বম্, উত্থানাৎ পরতঃ, প্রস্থানাদনন্তরম্।

৩৫। বহিরারাৎপ্রভৃতিভিঃ।

বহিস্, আরাৎ ও প্রভৃতি শব্দের যোগে পঞ্চমী বিভক্তি হয়। যথা, গৃহাৎ বহিঃ, গ্রামাদ্বহিঃ, (৫) আরাদ্বনাৎ, আরাদুদ্যানাৎ, জন্মনঃ প্রভৃতি, শৈশবাৎ প্রভৃতি।

৩৬। আ আহিভ্যাঞ্চ।

আ ও আহি প্রত্যয়ান্ত শব্দের যোগে পঞ্চমী বিভক্তি

(৫) ক্রমদীশ্বর বহিঃশব্দযোগে পঞ্চমী ষষ্ঠী উভয় বিভক্তিরই বিধান করিয়াছেন।

হয়। যথা, উদ্যানাদুত্তরা গেহম্, গেহাদুত্তরাহি সরঃ, হিমালয়াত্ দক্ষিণা ভারতবর্ষম্, প্রয়াগাত্ দক্ষিণাহি বিন্ধ্যঃ।

৩৭। ঋতেযোগে দ্বিতীয়া চ।

ঋতে শব্দের যোগে পঞ্চমী ও দ্বিতীয়া বিভক্তি হয়। যথা, জ্ঞানাদৃতে, জ্ঞানমৃতে।

৩৮। পৃথগ্বিনাভ্যাং দ্বিতীয়াতৃতীয়ে চ।

পৃথক্ ও বিনা শব্দের যোগে পঞ্চমী এবং দ্বিতীয়া ও তৃতীয়া বিভক্তি হয়। যথা, চৈত্রাত্ পৃথক্, চৈত্রং পৃথক্, চৈত্রেণ পৃথক্; শ্রমাত্ বিনা, শ্রমং বিনা, শ্রমেণ বিনা।

৩৯। স্তোককৃচ্ছ্রাল্পকতিপয়েভ্যস্তৃতীয়া চ।

স্তোক, কৃচ্ছ্র, অল্প ও কতিপয় শব্দের উত্তর পঞ্চমী ও তৃতীয়া বিভক্তি হয়। যথা, স্তোকান্মুক্তঃ স্তোকেন মুক্তঃ, কৃচ্ছ্রান্মুক্তঃ কৃচ্ছ্রেণ মুক্তঃ, অল্পান্মুক্তঃ অল্পেন মুক্তঃ, কতিপয়ান্মুক্তঃ কতিপয়েন মুক্তঃ। বিশেষণ হইলে হয় না। যথা, স্তোকঃ পাকঃ, স্তোকং পচতি।

৪০। হেতৌ চ।

হেতু বুঝাইলে তদ্বোধক শব্দের উত্তর পঞ্চমী ও

তৃতীয়া বিভক্তি হয়। যথা, ধনাৎ কুলম্ ধনেন কুলম্, ভয়াৎ কম্পঃ ভয়েন কম্পঃ, হর্ষাৎ নৃত্যতি হর্ষেণ নৃত্যতি, দুঃখাৎ রোদিতি দুঃখেন রোদিতি।

ষষ্ঠী।

## ৪১। ষষ্ঠী সম্বন্ধে।

সম্বন্ধে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, মম পিতা, তব পুত্রঃ, তস্য ভ্রাতা, মহিষস্য শৃঙ্গম্, গোর্দুগ্ধম্, নদ্যা জলম্, বৃক্ষস্য ছায়া, অগ্নেঃ শিখা, বায়োর্বেগঃ, জলস্য প্রবাহঃ।

## ৪২। কর্ত্তৃকর্ম্মণোঃ কৃতি।

কৃৎ প্রত্যয় প্রয়োগে কর্ত্তা ও কর্ম্মে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, কর্ত্তায়—শিশোঃ শয়নম্, অশ্বস্য গতিঃ, তব পিপাসা, মম বুভুক্ষা; কর্ম্মে—অন্নস্য পাকঃ, পয়সঃ পানম্, সুখস্য ভোগঃ, ধনস্য দাতা, বৃক্ষস্য ছেদকঃ।

## ৪৩। উভয়প্রাপ্তৌ কর্ম্মণি।

কর্ত্তা ও কর্ম্ম উভয়ত্র প্রাপ্তি সম্ভাবনা হইলে কেবল কর্ম্মে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, গবাং দোহো গোপেন, পয়সঃ পানং শিশুনা, ধনস্য দানং নৃপেণ, জলস্য শোষণং সূর্য্যেণ, অর্থস্য হরণং চৌরেণ।

## ৪৪। ক্বচিদ্বিভাষা কর্ত্তরি।

কোন কোন স্থলে কর্ত্তায় বিকল্পে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, ঘটস্য কৃতিঃ কুম্ভকারেণ কুম্ভকারস্য বা, চন্দ্রস্য দিদৃক্ষা ময়া মম বা, শিষ্যস্য প্রশংসা গুরুণা গুরোর্বা, শব্দানামনুশাসনমাচার্য্যেণাচার্য্যস্য বা।

## ৪৫। ন শত্রাদেঃ।

শতৃ, শানচ্, ক্বসু, কানচ্, স্যতৃ ও স্যমান প্রত্যয়ের প্রয়োগে ষষ্ঠী বিভক্তি হয় না। যথা, শতৃ—গৃহং গচ্ছন্, জলং পিবন্, (৬); শানচ্—অন্নং ভুঞ্জানঃ, ব্যাকরণমধীয়ানঃ; ক্বসু—ওদনং পেচিবান্, গ্রামং জগ্মিবান্; কানচ্—গুরুং ববন্দানঃ, শাস্ত্রং শুশ্রুবাণঃ; স্যতৃ—গৃহং গমিষ্যন্, বেদং পঠিষ্যন্; স্যমান—গুরুং সেবিষ্যমাণঃ, ধনং দাস্যমানঃ।

## ৪৬। ন তুমুনাদেঃ।

তুমুন্, ক্ত্বা, ল্যপ্ ও ণমুল্ প্রত্যয়ের প্রয়োগে ষষ্ঠী বিভক্তি হয় না। যথা, তুমুন্—গৃহং গন্তুম্, চন্দ্রং দ্রষ্টুম্; ক্ত্বা—জলং পীত্বা, ফলং গৃহীত্বা; ল্যপ্—ব্যাকরণমধীত্য, গৃহমাগত্য; ণমুল্—গুরুং সেবং সেবম্, শাস্ত্রং শ্রাবং শ্রাবম্।

(৬) দ্বিষো বিভাষা। দ্বিষ ধাতুর বিকল্পে। যথা, সুরং দ্বিষন্ সুরস্য দ্বিষন্।

৪৭। নোদন্তস্য।

উকারান্ত কৃৎ প্রত্যয় প্রয়োগে ষষ্ঠী বিভক্তি হয় না। যথা, জলং পিপাসুঃ, রিপূন্ জিষ্ণুঃ, শিলাং চিম্নুঃ, বিপক্ষং নিরাকরিষ্ণুঃ, ফলং গ্রহয়ালুঃ।

৪৮। নোক শীলতৃন্ ভবিষ্যণিনাম্।

উক, শীলার্থ তৃন্ ও ভবিষ্যদর্থ ণিন্ প্রত্যয়ের প্রয়োগে ষষ্ঠী বিভক্তি হয় না। যথা, উক—গৃহং গামুকঃ, জলং বর্ষুকঃ, শত্রুং ঘাতুকঃ, (৭); শীলার্থতৃন্—ধনং দাতা, অন্নং ভোক্তা, বিপক্ষং নিরাকর্ত্তা; ভবিষ্যদর্থ-ণিন্—ধনং দায়ী, ঘৃতং ভোজী, গৃহং গামী।

৪৯। ন খলর্থানাম্।

খলর্থ প্রত্যয়ের প্রয়োগে (৮) ষষ্ঠী বিভক্তি হয় না। যথা, নৈতৎ সুকরং ভবতা, ন তদ্দুষ্করং তেন, সর্ব্বমীষৎকরং সুধিয়া, ময়া সুমর্ষণঃ শত্রুঃ, ত্বয়া দুঃশাসনো রিপুঃ।

৫০। ন নিষ্ঠায়াঃ।

নিষ্ঠা প্রত্যয়ের প্রয়োগে ষষ্ঠী বিভক্তি হয় না। যথা,

(৭) কামুক শব্দের প্রয়োগে হয়। যথা, ধনস্য কামুকঃ।

(৮) সু, দুর্ ও ঈষৎ শব্দের যোগে ধাতুর উত্তর যে অ ও অন হয় উহাদিগকে খলর্থপ্রত্যয় বলে।

ক্ত—তেন ব্যাকরণমধীতম্, ময়া জলং পীতম্, ত্বয়া চন্দ্রো দৃষ্টঃ ; ক্তবতু—স গৃহং গতবান্, অহং চন্দ্রং দৃষ্টবান্, ত্বং বেদমধীতবান্।

৫১। ক্তস্য বর্ত্তমানে।

বর্ত্তমান কালে বিহিত ক্ত প্রত্যয়ের প্রয়োগে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, রাজ্ঞাং মতঃ, রাজভির্মন্যতে ইত্যর্থঃ ; সতাং পূজিতঃ, সদ্ভিঃ পূজ্যতে ইত্যর্থঃ।

৫২। অধিকরণবাচিনশ্চ।

অধিকরণ কারকে বিহিত ক্ত প্রত্যয়ের প্রয়োগে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, ইদমেষাং শয়িতম্, এতদেষামাসিতম্।

৫৩। বিভাষা ভাবে।

ভাববাচ্য বিহিত ক্ত প্রত্যয়ের প্রয়োগে বিকল্পে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, মম স্নাতম্, মম স্থিতম্, মম শয়িতম্, মম জাগরিতম্। পক্ষে তৃতীয়া।

৫৪। কৃত্যানাং কর্ত্তরি বা।

কৃত্য প্রত্যয়ের প্রয়োগে কর্ত্তায় বিকল্পে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, পুস্তকং তব পাঠ্যম্, চন্দ্রো মম দ্রষ্টব্যঃ, গুরুস্তস্যার্চ্চনীয়ঃ। পক্ষে তৃতীয়া।

**৫৫। কর্ম্মণি জাসি পিষ্ নিপ্রহনাং হিংসা-যাম্।**

হিংসা অর্থ বুঝাইলে জাসি, পিষ্ ও নিপ্র পূর্ব্বক হনধাতুর কর্ম্মে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, চৌরস্য উজ্জাসয়তি, মলোঃ পিনষ্টি। নি ও প্র ব্যস্ত, সমস্ত ও বিপর্য্যস্ত ভাবে থাকিলেও হয়। যথা, নিহন্তি প্রহন্তি নিপ্রহন্তি প্রণিহন্তি বা চৌরস্য।

**৫৬। বা স্মৃত্যর্থদয়েশাং কর্ম্মণি।**

স্মরণার্থ, দয় ও ঈশ ধাতুর কর্ম্মে বিকল্পে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, পুত্রো মাতুঃ স্মরতি, দাতা দরিদ্রস্য দয়তে, পিতা পুত্রস্য ঈষ্টে। পক্ষে দ্বিতীয়া।

**৫৭। তৃপ্ত্যর্থানাং বিভাষা করণে।**

তৃপ্ত্যর্থ ধাতুর করণকারকে বিকল্পে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, নাগ্নিস্তৃপ্যতি কাষ্ঠানাম্, অপাং হি তৃপ্তায় ন বারিধারা স্বাদুঃ সুগন্ধিঃ স্বদতে তুষারা। পক্ষে তৃতীয়া।

**৫৮। অস্তাদস্যাত্যতস্তুভিঃ।**

অস্তাৎ, অসি, আতি ও অতসু প্রত্যয়ের যোগে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, অস্তাৎ—পুরস্তাদুদ্যানস্য, উপরি

মঞ্চস্য ; অসি—পুরো নগরস্য, অধো বৃক্ষস্য; আতি—উত্তরাৎ সমুদ্রস্য, দক্ষিণাৎ হিমালয়স্য; অতস্—দক্ষিণতো গ্রামস্য, উত্তরতো গৃহস্য।

৫৯। কৃত্বস্ সুচোঃ কালাধিকরণে।

কৃত্বস্ ও সুচ্ প্রত্যয়ের প্রয়োগে কালবাচক শব্দের অধিকরণে ষষ্ঠী বিভক্তি (১) হয়। যথা, কৃত্বস্—পঞ্চকৃত্বো দিবসস্যাধীতে, সপ্তকৃত্বো দিবসস্যাগচ্ছতি; সুচ্—দ্বির্দিবসস্য ভুঙ্ক্তে, সকৃদ্দিবসস্য স্বপিতি।

৬০। এনপা দ্বিতীয়া চ।

এনপ্ প্রত্যয়ান্ত শব্দের যোগে ষষ্ঠী ও দ্বিতীয়া বিভক্তি হয়। যথা, দক্ষিণেন বৃক্ষবাটিকায়াঃ সরঃ, দক্ষিণেন বৃক্ষবাটিকাং সরঃ।

৬১। তুল্যার্থৈস্তৃতীয়া চ।

তুল্যার্থ শব্দের যোগে ষষ্ঠী ও তৃতীয়া বিভক্তি হয়। যথা, মম তুল্যঃময়া তুল্যঃ, তব সমঃ ত্বয়া সমঃ, তস্য সদৃশঃ তেন সদৃশঃ।

৬২। আশিষি কুশলাদিভিশ্চতুর্থী চ।

---

(১) বোপদেব ও ক্রমদীশ্বরের মতে বিকল্পে।

আশীর্ব্বাদ বুঝাইলে কুশল প্রভৃতি (১০) শব্দের যোগে ষষ্ঠী ও চতুর্থী বিভক্তি হয়। যথা, কুশলং দেবদত্তস্য ভূয়াৎ কুশলং দেবদত্তায় ভূয়াৎ, নিরাময়ং দেবদত্তস্য ভূয়াৎ নিরাময়ং দেবদত্তায় ভূয়াৎ, সুখং দেবদত্তস্য ভূয়াৎ সুখং দেবদত্তায় ভূয়াৎ।

৬৩। দূরান্তিকার্থৈঃ পঞ্চমী চ।

দূরার্থ ও অন্তিকার্থ শব্দের যোগে ষষ্ঠী ও পঞ্চমী বিভক্তি হয়। যথা, দূরং গ্রামস্য, দূরং গ্রামাৎ; অন্তিকং নগরস্য, অন্তিকং নগরাৎ।

৬৪। নিমিত্তাদ্ধেতুপ্রয়োগে।

হেতুশব্দের প্রয়োগ থাকিলে, নিমিত্তবোধক শব্দের উত্তর ষষ্ঠী হয় (১১)। যথা, অন্নস্য হেতোর্ব্বসতি, অল্পস্য হেতোর্ব্বহু হাতুমিচ্ছন্।

৬৫। সর্ব্বনাম্নস্তৃতীয়া চ।

হেতু শব্দের প্রয়োগ থাকিলে, নিমিত্তবোধক সর্ব্ব-

---

(১০) কুশল, নিরাময়, হিত, সুখ, অর্থ, আয়ুষ্য ও এ দর্থক শব্দ।

(১১) বোপদেব ও ভট্টোজিদীক্ষিত এই স্থলে তৃতীয়াদি পাঁচ বিভক্তির বিধান করিয়াছেন।

নাম শব্দের উত্তর ষষ্ঠী ও তৃতীয়া বিভক্তি হয় (১২)। যথা, কস্য হেতোঃ স আগতঃ, কেন হেতুনা স আগতঃ।

সপ্তমী

**৬৬। সপ্তম্যধিকরণে।**

অধিকরণকারকে সপ্তমী বিভক্তি হয়। যথা, গৃহে তিষ্ঠতি, শয্যায়াং শেতে, নদ্যাং স্নাতি।

**৬৭। যস্য চ ভাবেন ভাবলক্ষণম্।**

যদীয় ক্রিয়ার কাল দ্বারা অন্যদীয় ক্রিয়ার কাল নিরূপিত হয় তাহার উত্তর সপ্তমী বিভক্তি হয়। যথা, রবাবস্তং গতে গতঃ, রবেরস্তগমনসমকালং গত ইত্যর্থঃ; বিধাবুদিতে সমাগতঃ, বিধূদয়সমকালং সমাগত ইত্যর্থঃ; রজন্যাং প্রভাতায়াং প্রস্থিতঃ, রজনীপ্রভাতসমকালং প্রস্থিত ইত্যর্থঃ।

**৬৮। সাধুনিপুণাভ্যামর্চায়াম্।**

প্রশংসা বুঝাইলে সাধু ও নিপুণ শব্দের যোগে সপ্তমী বিভক্তি হয়। যথা, ব্যাকরণে সাধুঃ, সাহিত্যে নিপুণঃ, (১৩)।

---

(১২) বোপদেব ক্রমদীশ্বর ও ভট্টোজি দীক্ষিত প্রথমা প্রভৃতি সাত বিভক্তিরই বিধান করিয়াছেন।

(১৩) বোপদেবমতে ষষ্ঠী সপ্তমী উভয়ই হয়।

৬৯। ক্তস্য সহেনিনা কর্ম্মণি।

ইনি সহিত ক্ত প্রত্যয়ের প্রয়োগে কর্ম্মে সপ্তমী বিভক্তি হয়। যথা, অধীতং ব্যাকরণমনেন অধীতী ব্যাকরণে, গৃহীত উপদেশোঽনেন গৃহীতী উপদেশে, অবকীর্ণং ব্রতমনেন অবকীর্ণী ব্রতে।

৭০। অধ্বনো ব্যবধৌ প্রথমা চ।

ব্যবধান বুঝাইলে অধ্ববাচক শব্দের উত্তর সপ্তমী ও প্রথমা বিভক্তি হয়। যথা, গ্রামো বনাৎ পঞ্চসু ক্রোশেষু পঞ্চ ক্রোশা বা, পঞ্চক্রোশব্যবধানে বিদ্যতে ইত্যর্থঃ; প্রয়াগো পাটলিপুত্রাৎ দশসু যোজনেষু দশ যোজনানি বা, দশযোজনব্যবধানে বিদ্যতে ইত্যর্থঃ।

৭১। প্রসিতোৎসুকাভ্যাং তৃতীয়া চ।

প্রসিত ও উৎসুক শব্দের যোগে সপ্তমী ও তৃতীয়া বিভক্তি হয়। যথা, ধনেষু প্রসিতঃ ধনৈঃ প্রসিতঃ, বিদ্যায়ামুৎসুকঃ বিদ্যয়োৎসুকঃ।

৭২। ক্রিয়ামধ্যেঽধ্বকালাভ্যাং পঞ্চমী চ।

দুই ক্রিয়ার মধ্যবর্ত্তী অধ্ববাচক ও কালবাচক শব্দের উত্তর সপ্তমী ও পঞ্চমী বিভক্তি হয়। যথা, অধ্ব-

বাচক—অয়মিহ স্থিত্বা ক্রোশে ক্রোশাদ্বা লক্ষ্যং বিধ্যেৎ;
কালবাচক—অয়মদ্য ভুক্ত্বা দ্ব্যহে দ্ব্যহাদ্বা ভোক্তা।

৭৩। দূরান্তিকার্থেভ্যো দ্বিতীয়াতৃতীয়া-
পঞ্চম্যশ্চ।

দূরার্থ ও অন্তিকার্থ শব্দের উত্তর সপ্তমী এবং দ্বিতীয়া তৃতীয়া ও পঞ্চমী বিভক্তি হয়। যথা, দূরে গ্রামস্য, দূরং গ্রামস্য, দূরেণ গ্রামস্য, দূরাৎ গ্রামস্য; অন্তিকে গৃহস্য, অন্তিকং গৃহস্য, অন্তিকেন গৃহস্য, অন্তিকাৎ গৃহস্য। বিশেষণ হইলে হয় না। যথা, দূরো গ্রামঃ, দূরঃ পন্থাঃ।

৭৪। ষষ্ঠী চানাদরে।

ক্রিয়া দ্বারা অবজ্ঞা বুঝাইলে, অবজ্ঞেয়ের উত্তর সপ্তমী ও ষষ্ঠী বিভক্তি হয়। যথা, রুদতি শিশৌ জগাম, রুদতঃ শিশোর্জগাম; রুদন্তং শিশুমনাদৃত্যেত্যর্থঃ।

৭৫। সাক্ষিপ্রভৃতিভিশ্চ।

সাক্ষী প্রভৃতি শব্দের যোগে সপ্তমী ও ষষ্ঠী বিভক্তি হয়। যথা, বিবাদে সাক্ষী, বিবাদস্য সাক্ষী; ব্যবহারে প্রতিভূঃ, ব্যবহারস্য প্রতিভূঃ; মীমাংসায়াং কুশলঃ, মীমাংসায়াঃ কুশলঃ; গোষু স্বামী, গবাং স্বামী;

সর্ব্বস্মিন্নীশ্বরঃ, সর্ব্বস্যেশ্বরঃ ; গৃহেঽধিপতিঃ, গৃহস্যাধিপতিঃ ; স্ত্রিয়াং প্রসূতঃ, স্ত্রিয়াঃ প্রসূতঃ।

## ৩৬। যতশ্চ নির্দ্ধারণম্।

জাতি, গুণ, ক্রিয়া অথবা সজ্ঞা দ্বারা সমুদায় সজাতীয় হইতে একের যে পৃথক্করণ তাহাকে নির্দ্ধারণ কহে। যাহা হইতে নির্দ্ধারণ করা যায় তাহার উত্তর সপ্তমী ও ষষ্ঠী বিভক্তি হয়। যথা, জাতিদ্বারা—মনুষ্যেষু ক্ষত্রিয়ঃ শূরঃ, মনুষ্যাণাং ক্ষত্রিয়ঃ শূরঃ ; গুণদ্বারা—গোষু কৃষ্ণা বহুক্ষীরা, গবাং কৃষ্ণা বহুক্ষীরা ; ক্রিয়াদ্বারা—অধ্বগেষু ধাবন্তঃ শীঘ্রগামিনঃ, অধ্বগানাং ধাবন্তঃ শীঘ্রগামিনঃ ; সংজ্ঞাদ্বারা—ছাত্রেষু মৈত্রঃ প্রবীণঃ, ছাত্রাণাং মৈত্রঃ প্রবীণঃ।

## ৩৭। নিমিত্তাৎ কর্ম্মসমবায়ে বিভাষা।

কর্ম্মের সহিত সম্বন্ধ থাকিলে নিমিত্তবোধক শব্দের উত্তর বিকল্পে সপ্তমী হয়। যথা, চর্ম্মণি দ্বীপিনং হন্তি, দন্তয়োর্হন্তি কুঞ্জরম্, কেশেষু চমরীং হন্তি, সীম্নি পুষ্কলকো হতঃ। পক্ষে চতুর্থী। যথা, মুক্তাফলায় করিণং হরিণং পলায় ইত্যাদি (১৪)

(১৪) বৈয়াকরণেরা কেবল সপ্তমী বিধান করিয়া, মুক্তাফলায় করিণং হরিণং পলায়, ইত্যাদিকে অপপ্রয়োগ বলেন।

কারক।

৭৮। क्रियान्वयि कारकम्।

ক্রিয়ার সহিত যাহার অন্বয় হয় তাহাকে কারক বলে।

৭৯। षट् कारकाणि।

অপাদান, সম্প্রদান, করণ, অধিকরণ, কর্ম্ম, কর্ত্তা এই ছয় কারক।

অপাদান

৮০। यतो विश्लेषोऽपादानम्।

যাহা হইতে বিশ্লেষ হয় তাহাকে অপাদান কারক বলে। যথা, अश्वात् पतितः, हस्ताद्भ्रष्टः, जलादुत्थितः, गृहात् प्रस्थितः, विदेशात् प्रत्यागतः।

৮১। भीत्रार्थानां भयहेतुः।

ভয়ার্থ ও ত্রাণার্থ ধাতুর প্রয়োগে ভয়হেতু অপাদান হয়। যথা, ভয়ার্থ—व्याघ्राद्बिभेति, महिषात् त्रस्यति; ত্রাণার্থ—आतपात् त्रायते, भल्लुकाद्रक्षति।

৮২। हेतुरुत्पत्तेः।

উৎপত্তির কারণ অপাদান হয়। যথা, बीजादङ्करो

जायते, पितुः पुत्रो जायते, दुग्धाद्घृतमुत्पद्यते, धर्म्मात् सुखं भवति, अधर्म्माद्दुःखमुद्भवति।

৮৩। आविर्भवनभूर्भुवः।

ভূধাতুর প্রয়োগে আবির্ভাবভূমি অর্থাৎ প্রকাশস্থান অপাদান হয়। যথা, हिमवतो गङ्गा प्रभवति, वल्मीकाग्रात् प्रभवति धनुःखण्डमाखण्डलस्य ; आविर्भवतीत्यर्थः।

৮৪। विरामार्थानां यतो विरतिः।

যাহা হইতে বিরতি হয়, বিরামার্থক ধাতুর প্রয়োগে উহা অপাদান হয়। যথা, अध्ययनाद्विरमति, कलहान्निवर्त्तते।

৮৫। पराजेरसह्यम्।

পরাপূর্ব্বক জি ধাতুর প্রয়োগে অসহ্য বিষয় অপাদান হয়। যথা, अध्ययनात् पराजयते, पापात् पराजयते ; अध्ययनं पापञ्च सोढुमसमर्थ इत्यर्थः।

৮৬। यस्यादर्शनमिच्छति।

যাহার অদর্শন, অর্থাৎ যে দেখিতে না পায় এই, ইচ্ছা করে উহা অপাদান হয়। যথা, गुरोरन्तर्धत्ते, पितु-

নিলীয়তে, দস্যোর্লুক্কায়তে ; গুরুঃ পিতা দস্যুর্বা নমাং পশ্যেদিতি লজ্জয়া ভয়েন বা তদ্দর্শনপথাদপসরতীত্যর্থঃ।

## ৮৭। যতো জুগুপ্সা তদর্থানাম্।

যাহাতে জুগুপ্সা জন্মে জুগুপ্সার্থক ধাতুর প্রয়োগে উহা অপাদান হয়। যথা, পাপাজ্জুগুপ্সতে, নরকাৎ বীভৎসতে।

## ৮৮। ত্রপার্থানাং যতস্ত্রপা।

যাহার নিকট লজ্জিত হয়, লজ্জার্থক ধাতুর প্রয়োগে উহা অপাদান হয়। যথা, গুরোর্লজ্জতে, পিতুস্ত্রপতে, মাতুর্জিহ্রেতি।

## ৮৯। অধীত্যর্থানামধ্যাপয়িতা।

অধ্যয়নার্থক ধাতুর প্রয়োগে অধ্যাপয়িতা অপাদান হয়। যথা, উপাধ্যায়াদধীতে, গুরোঃ পঠতি।

## ৯০। বারণার্থানামীপ্সিতঃ।

বারণার্থক ধাতুর প্রয়োগে নিবার্য্যমাণের ঈপ্সিত অপাদান হয়। যথা, অন্নেভ্যঃ কাকং বারয়তি, যবেভ্যস্ত্বাগং নিষেধতি, ব্যসনাৎ পুত্রং নিবারয়তি।

## ৯১। শ্রুত্যর্থানাং শ্রাবয়িতা।

শ্রবণার্থক ধাতুর প্রয়োগে শ্রাবয়িতা অপাদান হয়।

যথা, গুরোঃ শাস্ত্রং শৃণোতি, নটাদ্গীতিমাকর্ণয়তি, কস্মাৎ শ্রুতং ভবতা, ময়া শ্রুতমিদং তাতাৎ।

৯২। গ্রহণ প্রাপ্ত্যর্থানাং তৎস্থানম্।

গ্রহণার্থক ও প্রাপ্ত্যর্থক ধাতুর প্রয়োগে গ্রহণস্থান ও প্রাপ্তিস্থান অপাদান হয়। যথা, গ্রহণার্থক—আচার্য্যাদুপদেশং গৃহ্ণাতি, প্রজাভ্যঃ করমাদত্তে; প্রাপ্ত্যর্থক—উপাধ্যায়াদ্বিদ্যাং প্রাপ্নোতি, গুরোর্জ্ঞানং লভতে।

৯৩। প্রমাদার্থানাং যতঃ প্রমাদঃ।

যে বিষয়ে প্রমাদ হয় প্রমাদার্থক ধাতুর প্রয়োগে উহা অপাদান হয়। যথা, ধর্ম্মাৎ প্রমাদ্যতি, অধ্যয়নাদনবধানম্।

সম্প্রদান

৯৪। যস্মৈ দানং সম্প্রদানম্।

যাহাকে কোন বস্তু দান করা যায়, তাহাকে সম্প্রদান কারক বলে। যথা, দরিদ্রায় ধনং দদাতি, ভিক্ষবে ভিক্ষাং দদাতি, সর্ব্বস্বং গুরবে দদ্যাৎ।

৯৫। রুচ্যর্থানাং প্রীয়মাণঃ।

রুচ্যর্থক ধাতুর প্রয়োগে প্রীয়মাণ সম্প্রদান হয়। যথা, মোদকঃ শিশবে রোচতে, ইদং মহ্যং স্বদতে।

## ৯৬। স্পৃহেরীপ্সিতঃ।

স্পৃহি ধাতুর প্রয়োগে কর্ত্তার ঈপ্সিত সম্প্রদান হয়। যথা, धनाय स्पृहयति, पुष्पेभ्यः स्पृहयति।

## ৯৭। धारेरुत्तमर्णः।

ধারি ধাতুর প্রয়োগে উত্তমর্ণ সম্প্রদান হয়। যথা, स तुभ्यं शतं धारयति, त्वं मह्यं सहस्रं धारयसि।

## ৯৮। क्रियया यमभिप्रैति।

ক্রিয়াদ্বারা যাহাকে অভিপ্রায় করে অর্থাৎ যাহার প্রীতিজননাদি উদ্দেশে ক্রিয়ার অনুষ্ঠান করে উহা সম্প্রদান হয়। যথা, शिशवे क्रीड़नकमानयति, गुरवे दक्षिणामाहरति, पुत्राय चन्द्रं दर्शयति,

तत्तद्भूमिपतिः पत्न्यै दर्शयन् प्रियदर्शनः।
अपि लङ्घितमध्वानं बुबुधे न बुधोपमः॥

## ৯৯। क्रोधद्रोहेर्ष्यासूयार्थानां तदुद्देश्यः।

ক্রোধার্থক, দ্রোহার্থক, ঈর্ষ্যার্থক ও অসূয়ার্থক ধাতুর প্রয়োগে ক্রোধাদির উদ্দেশ্য সম্প্রদান হয়। যথা, भृत्याय क्रुध्यति, शत्रवे द्रुह्यति, प्रतिवेशिने ईर्ष्यति, प्रतिद्वन्द्विने असूयति।

১০০। প্রত্যাঙ্‌ভ্যাং শ্রুবঃ প্রবর্ত্তকঃ।

প্রতি পূর্ব্বক ও আঙ্‌ পূর্ব্বক শ্রু ধাতুর প্রয়োগে প্রবর্ত্তক সম্প্রদান হয়। যথা, দরিদ্রায় ধনং প্রতিশৃণোতি, আশৃণোতি বা, দরিদ্রেণ মহ্যং ধনং দেহীতি প্রবর্ত্তিতঃ প্রতিজানীতে ইত্যর্থঃ।

করণ

১০১। সাধকতমং করণম্‌।

ক্রিয়ানিষ্পত্তির যে সর্ব্বপ্রধান উপায় তাহাকে করণ কারক বলে। যথা, চক্ষুষা পশ্যতি, কর্ণেন শৃণোতি, হস্তেন গৃহ্ণাতি, দাত্রেণ লুনাতি, যষ্ট্যা প্রহরতি, শরেণ বিধ্যতি, অশ্বেন সঞ্চরতে, বস্ত্রেণাচ্ছাদয়তি।

অধিকরণ

১০২। আধারোঽধিকরণম্‌।

ক্রিয়ার আধারভূত কর্ত্তা ও কর্ম্মের যে আধার তাহাকে অধিকরণকারক বলে। আধার ত্রিবিধ ঐকদেশিক, বৈষয়িক, অভিব্যাপক। যথা, ঐকদেশিকঃ—বনে বসতি, বনৈকদেশে ইত্যর্থঃ; নদ্যাং স্নাতি, নদ্যা একদেশে ইত্যর্থঃ; গৃহে স্বপিতি, গৃহৈকদেশে ইত্যর্থঃ; শয্যায়াং শিশুং শায়য়তি, শয্যৈকদেশে ইত্যর্থঃ। বৈষ-

যিকঃ—জলে ইচ্ছা, জলবিষয়ে ইত্যর্থঃ ; ধনে স্পৃহা, ধনবিষয়ে ইত্যর্থঃ ; সুখেঽভিলাষঃ, সুখবিষয়ে ইত্যর্থঃ ; বিদ্যায়ামনুরাগঃ বিদ্যাবিষয়ে ইত্যর্থঃ। অভিব্যাপকঃ—দুগ্ধে মাধুর্য্যমস্তি, দুগ্ধস্য সর্ব্বানবয়বান্ ব্যাপ্যেত্যর্থঃ ; তিলেষু তৈলমস্তি, তিলস্য সর্ব্বানবয়বান্ ব্যাপ্যেত্যর্থঃ ; বহ্নৌ দাহিকা শক্তিরস্তি, বহ্নেঃ সর্ব্বানবয়বান্ ব্যাপ্যেত্যর্থঃ।

কর্ম্ম

## ১০৩। ক্রিয়য়াক্রান্তং কর্ম্ম।

কর্ত্তার ক্রিয়াদ্বারা যাহা আক্রান্ত হয় তাহাকে কর্ম্মকারক বলে। যথা, গৃহং প্রবিশতি, চন্দ্রং পশ্যতি, গ্রামং গচ্ছতি, অন্নং ভুংক্তে, জলং পিবতি, পুষ্পং চিনোতি, বস্ত্রং দদাতি, বেদমধীতে, বৃক্ষমারোহতি, শাখাং ছিনত্তি, কাষ্ঠং ভিনত্তি।

## ১০৪। অধিশীস্থাসামধিকরণম্।

অধি পূর্ব্বক শী, স্থা ও আস্ ধাতুর অধিকরণ কারক কর্ম্মসংজ্ঞা প্রাপ্ত হয়। যথা, শয্যামধিশেতে, গৃহমধিতিষ্ঠতি; গ্রামমধ্যাস্তে।

## ১০৫। উপান্বধ্যাঙ্ বসঃ।

উপ, অনু, অধি, আঙ্ পূর্ব্বক বস্ ধাতুর অধিকরণ

কারক কর্ম্মসংজ্ঞা প্রাপ্ত হয়। যথা, গ্রামমুপবসতি (১২), গৃহমনুবসতি, নগরমধিবসতি, গুরোরালয়মাবসতি।

১০৬। অভিনিবিশো বিভাষা।

অভি নি পূর্ব্বক বিশ ধাতুর অধিকরণ কারক বিকল্পে কর্ম্মসংজ্ঞা প্রাপ্ত হয়। যথা, ধর্ম্মমভিনিবিশতে, ধর্ম্মেঽভিনিবিশতে।

১০৭। ক্রুধ দ্রুহোরুপসৃষ্টয়োঃ সম্প্রদানম্।

উপসর্গ পূর্ব্বক ক্রুধ ও দ্রুহ ধাতুর সম্প্রদান কারক কর্ম্মসংজ্ঞা প্রাপ্ত হয়। যথা, ভৃত্যমভিক্রুধ্যতি, শত্রুমভিদ্রুহ্যতি।

১০৮। বিভাষা দিবঃ করণম্।

দিব্ ধাতুর করণ কারক বিকল্পে কর্ম্ম সংজ্ঞা প্রাপ্ত হয়। যথা, অক্ষান্ দীব্যতি, অক্ষৈর্দীব্যতি।

১০৯। দ্বি কর্ম্মাণো দুহাদেঃ।

দুহ, যাচ (১৩), চি, প্রচ্ছ, নী, মন্থ প্রভৃতি কতক গুলি ধাতুর দুই কর্ম্ম থাকে, একের নাম প্রধান

---

(১২) উপবাস অর্থে হয় না। যথা, উপবসতি বনে।

(১৩) যাচ্ঞার্থ, অর্থ নাথ ভিক্ষ প্রভৃতি।

অপরের নাম অপ্রধান; ক্রিয়ার সহিত প্রধান ভাবে যাহার অন্বয় হয় তাহাকে প্রধান কর্ম্ম, আর অপ্রধান ভাবে যাহার অন্বয় হয় তাহাকে অপ্রধান কর্ম্ম বলে। যথা, **গোপো গাং দুগ্ধং দোগ্ধি, দরিদ্রো রাজানং ধনং যাচতে, মালাকারো বৃক্ষং পুষ্পং চিনোতি, শিষ্যো গুরুং ধর্ম্মং পৃচ্ছতি, পিতা পুত্রং গৃহং নয়তি, দেবা জলধিমমৃতং মমন্থুঃ।** এস্থলে দুগ্ধ, ধন, পুষ্প, ধর্ম্ম, পুত্র, অমৃত প্রধান কর্ম্ম; আর গো, রাজা, বৃক্ষ, গুরু, গৃহ, জলধি অপ্রধান কর্ম্ম। এই অপ্রধান কর্ম্মকেই অকথিত ও অবিবক্ষিত কর্ম্ম বলে; অর্থাৎ উভয় কর্ম্মের মধ্যে যাহাতে কারকান্তর প্রবৃত্তির সম্ভাবনা থাকে, অথচ বক্তার ইচ্ছা বিরহ বশতঃ সে সকল কারক প্রবৃত্ত না হইয়া কর্ম্মকারক প্রবৃত্ত হয়, তাহাকেই অকথিত, অবিবক্ষিত ও অপ্রধান কর্ম্ম বলে। পূর্ব্বোক্ত উদাহরণসমূহে গো প্রভৃতির কর্ম্ম সংজ্ঞা হইয়াছে, কিন্তু বিবক্ষা থাকিলে **গোর্দুগ্ধং দোগ্ধি, রাজ্ঞো ধনং যাচতে, বৃক্ষাৎ পুষ্পং চিনোতি, গুরোর্ধর্ম্মং পৃচ্ছতি, পুত্রং গৃহে নয়তি, জলধেরমৃতং মমন্থুঃ** এই রূপে যথাসম্ভব অপাদানাদি কারক প্রবৃত্ত হইতে পারে।

১১০। **কর্ম্মণি বাচ্যে প্রথমা।**

কর্ম্মবাচ্যপ্রয়োগে কর্ম্মকারকে প্রথমা বিভক্তি হয়। যথা, গ্রামো গম্যতে, চন্দ্রো দৃশ্যতে, বৃক্ষ আরুহ্যতে, ধনুরভিদ্রুহ্যতে।

১১১। ন্যাদেঃ প্রধানে।

কর্ম্মবাচ্যপ্রয়োগে নী প্রভৃতি (১৪) ধাতুর প্রধান কর্ম্মে প্রথমা বিভক্তি হয়। যথা, গৌর্গ্রামং নীয়তে, চৌরঃ শতং দণ্ড্যতে।

১১২। দুহাদেরপ্রধানে।

কর্ম্মবাচ্যপ্রয়োগে দুহ প্রভৃতি (১৫) ধাতুর অপ্রধান কর্ম্মে প্রথমা বিভক্তি হয়। যথা, গৌর্দুগ্ধং দুহ্যতে, রাজা ধনং যাচ্যতে, বৃক্ষঃ পুষ্পং চীয়তে, গুরুর্ধর্ম্মং পৃচ্ছ্যতে, শিষ্যো ধর্ম্মমুচ্যতে, শিষ্যো ধর্ম্মমনুশিষ্যতে, জলধিরমৃতং মথ্যতে।

কর্ত্তা

১১৩। ক্রিয়াসম্পাদকঃ কর্ত্তা।

যাহার প্রযত্নে ক্রিয়া সম্পন্ন হয়, তাহাকে কর্ত্তৃকারক বলে। যথা, শিশুঃ ক্রীড়তি, গৌঃ শব্দায়তে, মেঘো

(১৪) নী, বহ, হৃ, দণ্ডি, গ্রহ, কৃষ, মুষ, পচ।

(১৫) দুহ, যাচ, চি, প্রচ্ছ, ব্রূ, শাস, মন্থ।

गर्ज्जति, गोपो दुग्धं दोग्धि, मालाकारः पुष्पं चिनोति, वानरो वृक्षमारोहति, राजा प्रजाः पालयति।

১১৪। प्रयोजकश्च।

যে অন্যকে ক্রিয়ায় প্রবর্ত্তিত করে তাহাকেও কর্ত্তৃ-কারক বলে।

১১৫। तृतीया प्रयोज्ये।

ক্রিয়ার অণিজন্ত অবস্থার কর্ত্তাকে ণিজন্ত অবস্থায় প্রয়োজ্য বলে। প্রয়োজ্য কর্ত্তায় তৃতীয়া বিভক্তি হয়। যথা, देवदत्त ओदनं पचति, यज्ञदत्तो देवदत्तेन ओदनं पाचयति; এস্থলে দেবদত্ত পচন ক্রিয়ার অণিজন্ত অবস্থায় কর্ত্তা ছিল, ণিজন্ত অবস্থায় তাহার প্রয়োজ্য সংজ্ঞা ও তাহাতে তৃতীয়া বিভক্তি হইল; আর যজ্ঞদত্ত দেবদত্তকে পচন ক্রিয়ায় প্রবর্ত্তিত করিতেছে এজন্য সে প্রয়োজক, তাহার কর্ত্তৃসংজ্ঞা ও তাহাতে প্রথমা বিভক্তি হইল।

১১৬। गत्यर्थानां कर्म्मसंज्ञा प्रयोज्यस्य।

গমনার্থ ধাতুর প্রয়োগে প্রয়োজ্য কর্ত্তার কর্ম্মসংজ্ঞা হয়। যথা, देवदत्तो गृहं गच्छति, यज्ञदत्तो देवदत्तं गृहं गमयति।

**১১৭। জ্ঞানাশনার্থানাঞ্চ।**

জ্ঞানার্থ ও অশনার্থ (১৬) ধাতুর প্রয়োগে প্রয়োজ্য-কর্ত্তার কর্ম্মসংজ্ঞা হয়। যথা, জ্ঞানার্থ—শিষ্যো ধর্ম্মং বুধ্যতে, গুরুঃ শিষ্যং ধর্ম্মং বোধযতি; ভোজনার্থ—পুত্রো-ঽন্নমশ্নাতি, মাতা পুত্রমন্নমাশয়তি।

**১১৮। শব্দকর্ম্মকাণামকর্ম্মকাণাঞ্চ।**

শব্দ (১৭) কর্ম্মক (১৮) ও অকর্ম্মক ধাতুর প্রয়োগে প্রয়োজ্য কর্ত্তার কর্ম্মসংজ্ঞা হয়। যথা, শব্দ-কর্ম্মক—শিষ্যো বেদমধীতে, গুরুঃ শিষ্যং বেদমধ্যা-পয়তি; অকর্ম্মক—শিশুঃ শেতে, মাতা শিশুং শায়যতি।

**১১৯। বিভাষা হৃঞ্কৃঞোঃ।**

হৃঞ্ ও কৃঞ্ ধাতুর প্রয়োগে প্রয়োজ্য কর্ত্তার বিকল্পে কর্ম্মসংজ্ঞা হয়। যথা, ভৃত্যো ভারং হরতি, প্রভুর্ভৃত্যং ভৃত্যেন বা ভারং হারয়তি; কুম্ভকারো ঘটং করোতি, যজ্ঞদত্তঃ কুম্ভকারং কুম্ভকারেণ বা ঘটং কারয়তি

**১২০। কর্ম্মভাবয়োস্তৃতীয়া।**

---

(১৬) অদ, খাদ, ভক্ষ ভিন্ন।

(১৭) শব্দাত্মক বিষয় পদ, বাক্য, গ্রন্থ, উপদেশ, তিরস্কার, প্রশংসা প্রভৃতি।

(১৮) হ্বে, ক্রন্দ, শব্দায়, জল্প, ভাষ, লপ, শ্রু, বিজ্ঞা, উপলভ ভিন্ন।

কর্ম্মবাচ্য ও ভাববাচ্য প্রয়োগে কর্ত্তায় তৃতীয়া বিভক্তি হয়। যথা, কর্ম্মবাচ্য—गोपेन दुग्धं दुह्यते, मालाकारेण पुष्पं चीयते, राज्ञा धनं दीयते; ভাববাচ্য—शिशुना रुद्यते, यूना हस्यते, वृद्धेन सुप्यते।

## ১২১। कर्म्मसंज्ञायां प्रयोज्यकर्म्मणोः प्रथमाद्वितीये।

যে স্থলে প্রয়োজ্য কর্ত্তার কর্ম্মসংজ্ঞা হয়, তথায় কর্ম্মবাচ্য প্রয়োগে প্রযোজ্য কর্ত্তায় প্রথমা বিভক্তি আর কর্ম্মে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা, शिष्येण वेदोऽधीयते, गुरुणा शिष्यो वेदमध्याप्यते। এস্থলে প্রয়োজ্য কর্ত্তা শিষ্যে প্রথমা বিভক্তি আর কর্ম্ম বেদে দ্বিতীয়া বিভক্তি হইল। তদ্ভিন্ন স্থলে, देवदत्तेन ओदनं पच्यते, यज्ञदत्तेन देवदत्तेन ओदनं पाच्यते।

## ১২২। निवृत्तौ च प्रवृत्तिवत् क्रियायाः।

ক্রিয়াপ্রবৃত্তিস্থলেই তত্তৎ কারকের বিধান হইয়াছে, কিন্তু ক্রিয়াপ্রবৃত্তির ন্যায় ক্রিয়ানিবৃত্তিস্থলেও অবিশেষে তত্তৎ কারকের বিধান হইয়া থাকে। যথা, अश्वात् पतितः अश्वान्न पतितः, अध्ययनाद्विरमति अध्ययनान्न विरमति, भिक्षवे भिक्षां ददाति भिक्षवे भिक्षां न ददाति, मह्यमिदं स्वदते मह्यमिदं न स्वदते,

हस्तेन गृह्णाति हस्तेन न गृह्णाति, वस्त्रेणाच्छादयति वस्त्रेण नाच्छादयति, गृहे तिष्ठति गृहे न तिष्ठति, शय्यायां शेते शय्यायां न शेते, जलं पिबति जलं न पिबति, चन्द्रं पश्यति चन्द्रं न पश्यति, मेघो वर्षति मेघो न वर्षति, नदी वहति नदी न वहति।

१२३। विवक्षावशात् कारकाणि।

যে স্থলে যে কারক বিহিত হইল বিবক্ষাবশতঃ অর্থাৎ বক্তার ইচ্ছানুসারে তাহার অন্যথা ভাব লক্ষিত হইয়া থাকে। যথা, गृहं गच्छति गृहे गच्छति, गृहं प्रविशति गृहे प्रविशति, पुष्पेभ्यः स्पृहयति पुष्पाणि स्पृहयति, पुष्पेभ्यः स्पृहा पुष्पेषु स्पृहा, अरये कुप्यति अरौ कुप्यति, गा दुग्धं दोग्धि गोभ्यो दुग्धं दोग्धि, नृपं धनं याचते नृपाद्धनं याचते, वृक्षं पुष्पं चिनोति वृक्षात् पुष्पं चिनोति, पुत्रं गृहं नयति पुत्रं गृहे नयति, जलधिममृतं ममन्थुः जलधेरमृतं ममन्थुः, शिष्याय विद्यां वितरति शिष्ये विद्यां वितरति, हिमवतो गङ्गा प्रभवति हिमवति गङ्गा प्रभवति।

———

## তদ্ধিত।

१। तद्धिताः।

এই প্রকরণে যে সকল প্রত্যয় বিহিত হইতেছে তাহাদের নাম তদ্ধিত।

२। णिति वृद्धिरादस्य।

মূর্দ্ধন্য ণ ইৎ যায় এরূপ তদ্ধিত প্রত্যয় হইলে প্রাতিপদিকের আদ্য স্বরের বৃদ্ধি হয়।

३। सुभगादेरुभयोः।

সুভগা, দুর্ভগা, অধিদেব, অধিভূত, পরলোক, সর্ব্ব-লোক, অকুশল, পরস্ত্রী প্রভৃতি প্রাতিপদিকের অন্তর্গত উভয় পদের আদ্য স্বরের বৃদ্ধি হয়।

४। सुपञ्चालादेर्द्वितीयस्य।

সুপঞ্চাল, অর্দ্ধপঞ্চাল, অগ্নিদেবতা, পিতৃদেবতা, দ্বিবর্ষ, ত্রিবর্ষ, চতুর্বর্ষ, পঞ্চবর্ষ, প্রভৃতি প্রাতি-পদিকের অন্তর্গত দ্বিতীয় পদের আদ্য স্বরের বৃদ্ধি হয়।

५। न णित्कार्य्यं सर्व्वत्र।

মূর্দ্ধন্য ণ ইতের আদ্যস্বরবৃদ্ধিরূপ যে কার্য্য বিহিত হইল তাহা সর্ব্বত্র হয় না।

**৬। যযোর্লোপো য স্বরযোঃ।**

তদ্ধিত প্রত্যয়ের য ও স্বরবর্ণ পরে থাকিলে, প্রাতিপদিকের অন্তস্থিত ইবর্ণ ও অবর্ণের লোপ হয়।

**৭। গুণ উবর্ণস্য।**

তদ্ধিত প্রত্যয়ের য ও স্বরবর্ণ পরে থাকিলে প্রাতিপদিকের অন্তস্থিত উবর্ণের গুণ হয়।

**৮। ওদৌদ্ভ্যাং যঃ স্বরবৎ।**

ওকার ও ঔকারের পরস্থিত তদ্ধিত প্রত্যয়ের য স্বরকার্য্য নির্ব্বাহ করে।

**৯। টের্লোপো ডিতি।**

ডকারেৎ তদ্ধিত প্রত্যয় পরে থাকিলে প্রাতিপদিকের টির (১৯) লোপ হয়।

**১০। তের্বিংশতেঃ।**

বিংশতিশব্দের তি এই ভাগের লোপ হয়।

**১১। ইয়ুবৌ যবযোরাদ্যচঃ পদান্তে।**

ণকারেৎ তদ্ধিত প্রত্যয় হইলে পদের অন্তস্থিত আদ্যস্বরস্থানজাত য স্থানে ইয় ও ব স্থানে উব হয়।

---

(১৯) অন্ত্য স্বর ও তদবধি বর্ণকে টি বলে।

১২। দ্বারাদীনাঞ্চ।

দ্বার প্রভৃতি (২০) প্রাতিপদিকের আদ্য য ও ব স্থানে ইয় ও উব হয়।

১৩। ন স্বাগতাদীনাম্।

স্বাগত প্রভৃতি (২১) প্রাতিপদিকের আদ্য য ও ব স্থানে ইয় ও উব হয় না।

১৪। বা শ্বাপদন্যঙ্কোঃ।

শ্বাপদ ও ন্যঙ্কু এই দুই প্রাতিপদিকের বিকল্পে।

১৫। অব্যয়াশ্চিতঃ।

যে সমস্ত তদ্ধিত প্রত্যয়ের চ ইৎ যায় তদন্ত শব্দ সকল অব্যয় হয়।

১৬। অপত্যে।

বক্ষ্যমাণ প্রত্যয় সকল অপত্য অর্থে বিহিত হয়।

১৭। অদন্তাৎ ষিণ্।

অপত্য অর্থে অকারান্ত প্রাতিপদিকের উত্তর ষিণ্

(২০) দ্বার, স্বর, স্বাধ্যায়, ব্যস্কস, স্বস্তি, স্বর, স্ফ্যকৃত, স্বাদুমৃদু, শ্বস্, শ্বন্, স্ব।

(২১) স্বাগত, স্বশ্বর, স্বঙ্গ, ব্যঙ্গ, ব্যড়, ব্যবহার, স্বপতি।

হয়, ষ ণ ইৎ, ই থাকে। যথা, শূরস্যাপত্যং শৌরিঃ, দশরথস্যাপত্যং দাশরথিঃ, দ্রোণস্যাপত্যং দ্রৌণিঃ, গবল্গণস্যাপত্যং গাবল্গণিঃ, যুধিষ্ঠিরস্যাপত্যং যৌধিষ্ঠিরিঃ, অর্জ্জুনস্যাপত্যং আর্জ্জুনিঃ, বিকর্ণস্যাপত্যং বৈকর্ণিঃ, কুষীতকস্যাপত্যং কৌষীতকিঃ, মণ্ডূকস্যাপত্যং মাণ্ডূকিঃ, কৃষ্ণস্যাপত্যং কার্ষ্ণিঃ, প্রদ্যুম্নস্যাপত্যং প্রাদ্যুম্নিঃ।

## ১৮। বাহ্বাদিভ্যশ্চ।

অপত্য অর্থে বাহু প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ষিণ্ হয়। যথা, বাহোরপত্যং বাহবিঃ, উপবাহোরপত্যম্ ঔপবাহবিঃ, উপবিন্দোরপত্যম্ ঔপবিন্দবিঃ, বৃষল্যা অপত্যং বার্ষলিঃ, বৃকলায়া অপত্যং বার্কলিঃ, ছগলায়া অপত্যং ছাগলিঃ, সুমিত্রায়া অপত্যং সৌমিত্রিঃ, দুর্ম্মিত্রায়া অপত্যং দৌর্ম্মিত্রিঃ, উদঞ্চোরপত্যম্ ঔদঞ্চবিঃ।

## ১৯। ডকৌ ব্যাস সুধাত্রোঃ ষিণি।

ষিণ্ প্রত্যয় হইলে ব্যাস সুধাতৃ এই দুই প্রাতিপদিকের উত্তর ডক হয়, ড ইৎ অক থাকে। যথা, ব্যাসস্যাপত্যং বৈয়াসকিঃ, সুধাতুরপত্যং সৌধাতকিঃ।

## ২০। নড়াদিভ্যঃ ষায়নণ্।

অপত্য অর্থে নড়প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ষায়-

ফণ্ হয়, ষ ণ ইৎ আয়ন থাকে। যথা, নড়স্যাপত্যং নাড়ায়নঃ, চরস্যাপত্যং চারায়ণঃ, মুঞ্জস্যাপত্যং মৌঞ্জায়নঃ, সম্মলস্যাপত্যং সাম্মলায়নঃ, নরস্যাপত্যং নারায়ণঃ, দাসস্যাপত্যং দাসায়নঃ, কাতলস্যাপত্যং কাতলায়নঃ, শকটস্যাপত্যং শাকটায়নঃ, জলন্ধরস্যাপত্যং জালন্ধরায়ণঃ, দ্রোণস্যাপত্যং দ্রৌণায়নঃ, পর্ব্বতস্যাপত্যং পার্ব্বতায়নঃ, যুগন্ধরস্যাপত্যং যৌগন্ধরায়ণঃ, অশ্বলস্যাপত্যম্ আশ্বলায়নঃ, বদরস্যাপত্যং বাদরায়ণঃ, উদুম্বরস্যাপত্যম্ ঔদুম্বরায়ণঃ, দক্ষস্যাপত্যং দাক্ষায়ণী।

২১। গর্গাদিভ্যঃ ষ্যণ্।

অপত্য অর্থে গর্গপ্রভৃতি প্রাতিপদিকের উত্তর ষ্যণ্ হয়, ষ ণ ইৎ য থাকে। যথা, গর্গস্যাপত্যম্ গার্গ্যঃ, বৎসস্যাপত্যং বাৎস্যঃ, অগস্তেরপত্যম্ আগস্ত্যঃ, পুলস্তেরপত্যং পৌলস্ত্যঃ, বিশ্বাবসোরপত্যং বৈশ্বাবসব্যঃ, লোহিতস্যাপত্যং লৌহিত্যঃ, বভ্রোরপত্যং বাভ্রব্যঃ, মণ্ডোরপত্যং মাণ্ডব্যঃ, মধোরপত্যং মাধব্যঃ, জিগীষোরপত্যং জৈগীষব্যঃ, কুণ্ডিন্যা অপত্যং কৌণ্ডিন্যঃ, যজ্ঞবল্কস্যাপত্যং যাজ্ঞবল্ক্যঃ, শণ্ডিলস্যাপত্যং শাণ্ডিল্যঃ, চণকস্যাপত্যং চাণক্যঃ, চুলুকস্যাপত্যং চৌলুক্যঃ, মুদ্গলস্যাপত্যং মৌদ্গল্যঃ, জমদগ্নেরপত্যং জামদগ্ন্যঃ, পরাশরস্যা-

পত্যং পারাশর্য্যঃ, জাতূকর্ণস্যাপত্যং জাতূকর্ণ্যঃ, অশ্বরথস্যাপত্যং আশ্বরথ্যঃ, পূতিমাষস্যাপত্যং পৌতিমাষ্যঃ, উলূকস্যাপত্যম্ ঔলূক্যঃ, অগ্নিবেশস্যাপত্যম্ আগ্নিবেশ্যঃ, দিতেরপত্যং দৈত্যঃ, অদিতেরপত্যম্ আদিত্যঃ, প্রজাপতেরপত্যং প্রাজাপত্যঃ।

২২। শিবাদিভ্যঃ ষণ্।

অপত্য অর্থে শিবপ্রভৃতি প্রাতিপদিকের উত্তর ষণ্ হয়, ষ ণ ইৎ, অ থাকে। যথা, শিবস্যাপত্যং শৈবঃ, ককুৎস্থস্যাপত্যং কাকুৎস্থঃ, কহোড়স্যাপত্যং কাহোড়ঃ, কুপিঞ্জলস্যাপত্যং কৌপিঞ্জলঃ, বিশ্রবণস্যাপত্যং বৈশ্রবণঃ, রবণস্যাপত্যং রাবণঃ, ঊর্ণনাভস্যাপত্যম্ ঔর্ণনাভঃ, পৃথায়া অপত্যং পার্থঃ, যস্কস্যাপত্যং যাস্কঃ, দ্রুহ্যস্যাপত্যং দ্রৌহ্যঃ, লহ্যস্যাপত্যং লাহ্যঃ, অয়ঃস্থূণস্যাপত্যম্ আয়স্থূণঃ, ইলায়া অপত্যম্ ঐলঃ, সপত্ন্যা অপত্যং সাপত্নঃ।

২৩। বিদাদেঃ।

অপত্য অর্থে বিদপ্রভৃতি প্রাতিপদিকের উত্তর ষণ্ হয়। যথা, বিদস্যাপত্যং বৈদঃ, উর্ব্বস্যাপত্যম্ ঔর্ব্বঃ, কশ্যপস্যাপত্যং কাশ্যপঃ, কুশিকস্যাপত্যং কৌশিকঃ, ভরদ্বাজস্যাপত্যং ভারদ্বাজঃ, উপমন্যোরপত্যম্ ঔপ-

मन्यवः, विश्वानरस्यापत्यं वैश्वानरः, ऋष्टिषेणस्यापत्यम् आर्ष्टिषेणः, शरद्वतोऽपत्यं शारद्वतः, शुनकस्यापत्यं शौनकः, अर्कलूषस्यापत्यम् आर्कलूषः, पुनर्भ्वा अपत्यं पौनर्भवः पुत्रस्यापत्यं पौत्रः, दुहितुरपत्यं दौहित्रः।

## २४। भृग्वादेश्च।

অপত্য অর্থে ভৃগুপ্রভৃতি প্রাতিপদিকের উত্তর ষণ্ হয়। যথা, भृगोरपत्यं भार्गवः, मरीचेरपत्यं मारीचः, वशिष्ठस्यापत्यं वाशिष्ठः, कुत्सस्यापत्यं कौत्सः, गोतमस्यापत्यं गौतमः, अङ्गिरसोऽपत्यम् आङ्गिरसः, विश्वामित्रस्यापत्यं वैश्वामित्रः, धृतराष्ट्रस्यापत्यं धार्त्तराष्ट्रः, पाण्डोरपत्यं पाण्डवः, वसुदेवस्यापत्यं वासुदेवः, यदोरपत्यं यादवः, पूरोरपत्यं पौरवः, रघोरपत्यं राघवः, कुरोरपत्यं कौरवः, मनोरपत्यं मानवः, द्रुपदस्यापत्यं द्रौपदी, पर्व्वतस्यापत्यं पार्व्वती।

## २५। ऐक्ष्वाक कौरव्य मनुष्य मानुषाः।

ঐক্ষ্বাক, কৌরব্য, মনুষ্য, মানুষ এই চারি শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা, इक्ष्वाकोरपत्यम् ऐक्ष्वाकः, कुरोरपत्यं कौरव्यः, मनोरपत्यं मनुष्यः मानुषः,।

## २६। मातुर्उर् संख्यायाः।

ষণ্ প্রত্যয় হইলে সংখ্যাবাচক শব্দের পরবর্ত্তী

মাতৃশব্দের উত্তর ডুর্ হয়, ড ইৎ উর্ থাকে। যথা, দ্বয়োর্মাত্রোরপত্যং দ্বৈমাতুরঃ, ষণ্ণাং মাতৄণামপত্যং ষাণ্মাতুরঃ, (২২)।

## ২৭। কন্যায়াঃ কনীনঃ।

ষণ্ প্রত্যয় পরে কন্যা শব্দ স্থানে কনীন হয়। যথা, কন্যায়া অপত্যং কানীনঃ।

## ২৮। স্ত্রীভ্যঃ ষেয়ণ্।

অপত্য অর্থে স্ত্রীপ্রত্যয়ান্ত প্রাতিপদিকের উত্তর ষেয়ণ্ হয়, ষ ণ ইৎ, এয় থাকে। যথা, গঙ্গায়া অপত্যং গাঙ্গেয়ঃ, রাধায়া অপত্যং রাধেয়ঃ, বিনতায়া অপত্যং বৈনতেয়ঃ, তাড়কায়া অপত্যং তাড়কেয়ঃ, সরমায়া অপত্যং সারমেয়ঃ, সুপর্ণায়া অপত্যং সৌপর্ণেয়ঃ, ভগিন্যা অপত্যং ভাগিনেয়ঃ, মদ্র্যা অপত্যং মাদ্রেয়ঃ, কুন্ত্যা অপত্যং কৌন্তেয়ঃ, রোহিণ্যা অপত্যং রৌহিণেয়ঃ, রুক্মিণ্যা অপত্যং রৌক্মিণেয়ঃ, কুমারিকায়া অপত্যং কৌমারিকেয়ঃ, অম্বিকায়া অপত্যং আম্বিকেয়ঃ, গোধায়া অপত্যং গৌধেয়ঃ।

---

(২২) সম্ ও ভদ্র শব্দের পর থাকিলেও হয়। যথা, সাম্মাতুরঃ ভাদ্রমাতুরঃ।

২৯। गौधेरगौधारौ।

গোধায়া অপত্যম্ এই অর্থে গৌধের ও গৌধার এই দুই শব্দ নিপাতনে সিদ্ধ হয়।

৩০। शुभ्रादिभ्यश्च।

অপত্য অর্থে শুভ্রপ্রভৃতি প্রাতিপদিকের উত্তর ষেয়ণ্ হয়। যথা, शुभ्रस्यापत्यं शौभ्रेयः, अत्रेरपत्यं आत्रेयः, विमातुरपत्यं वैमात्रेयः, शकुनेरपत्यं शाकुनेयः, मतलस्यापत्यं मातलेयः, इतरस्यापत्यं ऐतरेयः।

৩১। लोपः षेयण्युवर्णस्य।

ষেয়ণ্ প্রত্যয় হইলে প্রাতিপদিকের অন্তস্থিত উবর্ণের লোপ হয়। যথা, मृकण्डोरपत्यं मार्कण्डेयः, कमण्डल्वा अपत्यं कामण्डलेयः।

৩২। न पाण्डुकद्र्वोः।

পাণ্ডু ও কদ্রু শব্দের উবর্ণের লোপ হয় না। যথা, पाण्डोरपत्यं पाण्डवेयः, कद्र्वा अपत्यं काद्रवेयः।

৩৩। सुभगादेरिन् षेयणि।

ষেয়ণ্ প্রত্যয় হইলে সুভগাপ্রভৃতি প্রাতিপদিকের উত্তর ইন্ হয়। যথা, सुभगाया अपत्यं सौभागिनेयः, दुर्भगाया अपत्यं दौर्भागिनेयः, बन्धक्या अपत्यं बान्ध-

ক্কিনেয়ঃ, কনিষ্ঠায়া অপত্যং কানিষ্ঠিনেয়ঃ, মধ্যমায়া অপত্যং মাধ্যমিনেয়ঃ, পরস্ত্রিয়া অপত্যং পারস্ত্রৈণেয়ঃ।

৩৪। **কুলটায়া বা।**

কুলটা শব্দের(২২) উত্তর বিকল্পে। যথা, কুলটায়া অপত্যং কৌলটিনেয়ঃ, কৌলটেয়ঃ।

৩৫। **স্বস্রাদিভ্যঃ ষীয়ণ্।**

অপত্য অর্থে স্বসৃপ্রভৃতি প্রাতিপদিকের উত্তর ষীয়ণ্ হয়, ষ ণ ইৎ ঈয় থাকে। যথা, স্বসুরপত্যং স্বস্রীয়ঃ।

৩৬। **পিতৃমাতৃষস্রোঃ ষেয়ণ্ বা ঋল্লোপশ্চ।**

পিতৃষসৃ ও মাতৃষসৃ শব্দের উত্তর বিকল্পে ষেয়ণ্ হয়, ষেয়ণ্ হইলে ঋকারের লোপ হয়। যথা, পিতৃষ্বসুরপত্যং পৈতৃষ্বস্রেয়ঃ পৈতৃষ্বস্রীয়ঃ, মাতৃষ্বসুরপত্যং মাতৃষ্বস্রেয়ঃ মাতৃষ্বস্রীয়ঃ।

৩৭। **রৈবত্যাদিভ্যঃ ষিকণ্।**

অপত্য অর্থে রেবতীপ্রভৃতি প্রাতিপদিকের উত্তর

(২২) এস্থলে কুলটা শব্দে সতী ভিক্ষোপজীবিনী স্ত্রী বুঝায়, ব্যভিচারিণী নহে, এই অর্থে কৌলটেয়ঃ ও কৌলটেরঃ এই দুই শব্দ হয়।

ষিকণ্ হয়; ষ ণ ইৎ ইক থাকে। যথা, রেবত্যা অপত্যং রৈবতিকঃ, অশ্বপাল্যা অপত্যম্ আশ্বপালিকঃ, কর্ণগ্রাহস্যাপত্যং কার্ণগ্রাহিকঃ, দণ্ডগ্রাহস্যাপত্যং দাণ্ডগ্রাহিকঃ।

৩৮। লোপো গর্গাদের্ব্বহুবচনে।

বহু বচনে গর্গাদির উত্তর বিহিত অপত্য প্রত্যয়ের লোপ হয়। যথা, গর্গস্যাপত্যানি গর্গাঃ, বৎসস্যাপত্যানি বৎসাঃ, অগস্তেরপত্যানি অগস্তয়ঃ, বিশ্বাবসোরপত্যানি বিশ্বাবসবঃ, বভ্রোরপত্যানি বভ্রবঃ, মুদ্গলস্যাপত্যানি মুদ্গলাঃ, জমদগ্নেরপত্যানি জমদগ্নয়ঃ, জাতূকর্ণস্যাপত্যানি জাতূকর্ণাঃ, পূতিমাষস্যাপত্যানি পূতিমাষাঃ।

৩৯। যস্কাদেঃ।

বহু বচনে যস্কাদির উত্তর বিহিত অপত্য প্রত্যয়ের লোপ হয়। যথা, যস্কস্যাপত্যানি যস্কাঃ, লহ্যস্যাপত্যানি লহ্যাঃ, দ্রুহ্যস্যাপত্যানি দ্রুহ্যাঃ, তৃণকর্ণস্যাপত্যানি তৃণকর্ণাঃ, জঙ্ঘারথস্যাপত্যানি জঙ্ঘারথাঃ।

৪০। বিদাদেঃ।

বহুবচনে বিদাদির উত্তর বিহিত অপত্য প্রত্যয়ের লোপ হয়। যথা, বিদস্যাপত্যানি বিদাঃ, উর্ব্বস্যা

পত্যানি ঔর্ব্বাঃ, কশ্যপস্যাপত্যানি কশ্যপাঃ, কুশিকস্যাপত্যানি কুশিকাঃ, ভরদ্বাজস্যাপত্যানি ভরদ্বাজাঃ, উপমন্যোরপত্যানি উপমন্যবঃ, বিশ্বানরস্যাপত্যানি বিশ্বানরাঃ, ঋতভাগস্যাপত্যানি ঋতভাগাঃ, হর্য্যশ্বস্যাপত্যানি হর্য্যশ্বাঃ, শরদ্বতোঽপত্যানি শরদ্বতঃ, শুনকস্যাপত্যানি শুনকাঃ।

## ৪১। অত্র্যাদেশ্চ।

বহু বচনে অত্র্যাদির উত্তর বিহিত অপত্যপ্রত্যয়ের লোপ হয়। যথা, অত্রেরপত্যানি অত্রয়ঃ, ভৃগোরপত্যানি ভৃগবঃ, কুৎসস্যাপত্যানি কুৎসাঃ, বশিষ্ঠস্যাপত্যানি বশিষ্ঠাঃ, গোতমস্যাপত্যানি গোতমাঃ, অঙ্গিরসোঽপত্যানি অঙ্গিরসঃ।

## ৪২। রাজসংজ্ঞাভ্যো বিভাষা।

বহুবচনে রাজসংজ্ঞা প্রাতিপদিকের উত্তর বিহিত অপত্যপ্রত্যয়ের বিকল্পে লোপ হয়। যথা, রঘোরপত্যানি রঘবঃ রাঘবাঃ, কুরোরপত্যানি কুরবঃ কৌরবাঃ, যদোরপত্যানি যদবঃ যাদবাঃ, ইক্ষ্বাকোরপত্যানি ইক্ষ্বাকবঃ ঐক্ষ্বাকাঃ, বৃষ্ণেরপত্যানি বৃষ্ণয়ঃ বার্ষ্ণেয়াঃ, নিমেরপত্যানি নিময়ঃ নৈমেয়াঃ।

৪৩। ন স্ত্রিয়াম্।

স্ত্রীলিঙ্গে অপত্যপ্রত্যয়ের লোপ হয় না। যথা, যস্কস্যাপত্যানি স্ত্রিয়ঃ যাস্ক্যঃ, বিদস্যাপত্যানি স্ত্রিয়ঃ বৈদ্যঃ, অত্রেরপত্যানি স্ত্রিয়ঃ আত্রেয্যঃ, রঘোরপত্যানি স্ত্রিয়ঃ রাঘব্যঃ।

৪৪। অর্থবিশেষে চাপত্যানি।

অপত্য অর্থে যে সকল প্রত্যয় বিহিত হইল তৎ সমুদায় অর্থবিশেষেও হইয়া থাকে।

৪৫। ইয় কণ্ ণীন ষীকণশ্চ।

অর্থবিশেষে ইয়, কণ্, ণীন, ষীকণ্ এই সকল প্রত্যয়ও যথাসম্ভব হইয়া থাকে। কণের ণ ইৎ ক থাকে, ণীনের ণ ইৎ ঈন থাকে, ষীকণের ষ ণ ইৎ ঈক থাকে।

৪৬। তদ্বেত্তি তদধীতে।

তৎ বেত্তি, তৎ অধীতে, এই দুই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা, তর্কং বেত্তি অধীতে বা তার্কিকঃ, ন্যায়ং বেত্তি অধীতে বা নৈয়ায়িকঃ, বেদান্তং বেত্তি অধীতে বা বৈদান্তিকঃ, পুরাণং বেত্তি অধীতে বা পৌরাণিকঃ, বেদং বেত্তি অধীতে

বা বৈদিকঃ, অলঙ্কারং বেত্তি অধীতে বা আলঙ্কারিকঃ, জ্যোতিষং বেত্তি অধীতে বা জ্যৌতিষিকঃ, ব্যাকরণং বেত্তি অধীতে বা বৈয়াকরণঃ, ক্রমং বেত্তি অধীতে বা ক্রমকঃ, পদং বেত্তি অধীতে বা পদকঃ।

৪৭। হ্রস্বোঽন্ত্যঃ শিক্ষাদেঃ।

শিক্ষাপ্রভৃতি প্রাতিপদিকের অন্ত্য স্বর হ্রস্ব হয়। যথা, শিক্ষাং বেত্তি অধীতে বা শিক্ষকঃ, মীমাংসাং বেত্তি অধীতে বা মীমাংসকঃ।

৪৮। তেন প্রোক্তম্।

তেন প্রোক্তম্, এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা, ঋষিণা প্রোক্তম্ আর্ষম্, মনুনা প্রোক্তং মানবং মানবীয়ম্, বিষ্ণুনা প্রোক্তং বৈষ্ণবম্, পতঞ্জলিনা প্রোক্তং পাতঞ্জলম্, কণাদেন প্রোক্তং কাণাদম্, পাণিনিনা প্রোক্তং পাণিনীয়ম্, জৈমিনিনা প্রোক্তং জৈমিনীয়ম্, অত্রিণা প্রোক্তম্ আত্রেয়ম্, উশনসা প্রোক্তম্ ঔশনসম্, অঙ্গিরসা প্রোক্তম্ আঙ্গিরসম্, পরাশরেণ প্রোক্তম্ পারাশরং পারাশরীয়ম্, বৃহস্পতিনা প্রোক্তং বার্হস্পত্যম্, নারদেন প্রোক্তং নারদীয়ম্, বাল্মীকিনা প্রোক্তং বাল্মীকীয়ম্, বৌধায়নেন প্রোক্তং বৌধায়নীয়ম্।

৪৯। তেন কৃতম্।

তেন কৃতম্, এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা, কায়েন কৃতম্ কায়িকম্, অঙ্গেন কৃতম্ আঙ্গিকম্, শরীরেণ কৃতম্ শারীরিকম্, বাচা কৃতম্ বাচিকম্, বচনেন কৃতং বাচনিকম্, মনসা কৃতং মানসিকম্, সহসা কৃতং সাহসিকম্, পুরুষেণ কৃতং পৌরুষেয়ম্, মক্ষিকাভিঃ কৃতং মাক্ষিকম্, ক্ষুদ্রাভিঃ কৃতং ক্ষৌদ্রম্।

৫০। তেন রক্তম্।

তেন রক্তম্, এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা, কষায়েণ রক্তং কাষায়ম্, কুসুম্ভেন রক্তং কৌসুম্ভম্, নীল্যা রক্তং নীলম্, হরিদ্রয়া রক্তং হারিদ্রম্, মঞ্জিষ্ঠয়া রক্তং মাঞ্জিষ্ঠম্, লাক্ষয়া রক্তং লাক্ষিকম্, রোচনয়া রক্তং রৌচনিকম্, পীতেন রক্তং পীতকম্।

৫১। সাস্য দেবতা।

সা অস্য দেবতা, এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা, শিবোঽস্য দেবতা শৈবঃ, বিষ্ণুরস্য দেবতা বৈষ্ণবঃ, শক্তিরস্য দেবতা শাক্তঃ, গণপতিরস্য দেবতা গাণপত্যঃ, প্রজাপতিরস্য

দেবতা প্রাজাপত্যঃ, বায়ুরস্য দেবতা বায়ব্যঃ, অগ্নিরস্য দেবতা আগ্নেয়ঃ, সোমোঽস্য দেবতা সৌম্যঃ, দ্যাবাপৃথিবী অস্য দেবতে দ্যাবাপৃথিবীয়ম্ দ্যাবাপৃথিব্যম্, অগ্নীষোমাবস্য দেবতে অগ্নীষোমীয়ম্ অগ্নীষোম্যম্।

৫২। তস্য সমূহঃ।

তস্য সমূহঃ, এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা, ভিক্ষাণাং সমূহঃ ভৈক্ষম্, অঙ্গারাণাং সমূহঃ আঙ্গারম্, ময়ূরাণাং সমূহঃ মায়রম্, ধেনূনাং সমূহঃ ধৈনুকম্, কলাপানাং সমূহঃ কালাপকম্, রাজন্যানাং সমূহঃ রাজন্যকম্, রাজপুত্রাণাং সমূহঃ রাজপুত্রকম্, মনুষ্যাণাং সমূহঃ মানুষ্যকম্, অপূপানাং সমূহঃ আপূপিকম্, গণিকানাং সমূহঃ গাণিক্যম্, ব্রাহ্মণানাং সমূহঃ ব্রাহ্মণ্যম্।

৫৩। সমূহে খণ্ড কাণ্ড তলঃ।

সমূহ অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব খণ্ড, কাণ্ড ও তল্ প্রত্যয় হয়। যথা, কমলানাং সমূহঃ কমলখণ্ডম্, কুমুদানাং সমূহঃ কুমুদখণ্ডম্, দূর্ব্বাণাং সমূহঃ দূর্ব্বাকাণ্ডম্, কর্ম্মণাং সমূহঃ কর্ম্মকাণ্ডম্। তল্প্রত্যয়ান্ত শব্দ স্ত্রীলিঙ্গ হয়। জনানাং সমূহঃ জনতা, বন্ধূনাং সমূহঃ বন্ধুতা।

৫৪। তত্র ভবঃ।

তত্র ভবঃ, (১) এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা, মথুরায়াং ভবঃ মাথুরঃ, কলিঙ্গে ভবঃ কালিঙ্গঃ, গ্রামে ভবঃ গ্রাম্যঃ গ্রামীণঃ, নগরে ভবঃ নাগরিকঃ, বর্ষাসু ভবঃ বার্ষিকঃ, শরদি ভবঃ শারদঃ, বসন্তে ভবঃ বাসন্তিকঃ, হেমন্তে ভবঃ হৈমন্তিকঃ হৈমন্তঃ, সমুদ্রে ভবঃ সামুদ্রিকঃ, দ্বীপে ভবঃ দ্বৈপায়নঃ, অকালে ভবঃ আকালিকঃ, শশ্বদ্ভবঃ শাশ্বতিকঃ, কুলে ভবঃ কুলীনঃ, দুষ্কুলে ভবঃ দৌষ্কুলেয়ঃ দুষ্কুলীন, প্রাচি ভবং প্রাচ্যম্, দিশি ভবং দিশ্যম্, বর্গে ভবং বর্গ্যম্, কণ্ঠে ভবং কণ্ঠ্যম্, দন্তে ভবং দন্ত্যম্, তালৌ ভবং তালব্যম্, ওষ্ঠে ভবম্ ওষ্ঠ্যম্, জিহ্বামূলে ভবং জিহ্বামূলীয়ম্, অন্তরে ভবম্ আন্তরিকম্, মনসি ভবং মানসং মানসিকম্, শরীরে ভবং শারীরং শারীরিকম্, অরণ্যে ভবঃ আরণ্যকো মনুষ্যঃ আরণ্যঃ পশুঃ, কোশে ভবং কৌশেয়ম্, ইহ ভবম্ ঐহিকম্, লোকে ভবং লৌকিকম্, ভূমৌ ভবঃ ভৌমঃ, দিবি ভবঃ দিব্যঃ, অগ্রে ভবম্ অগ্র্যম্, আদৌ ভবম্ আদ্যম্, অন্তে ভবম্ অন্ত্যম্, বেশে ভবা বেশ্যা, সর্ব্বকালে ভবং

---

(১) এস্থলে ভব শব্দে জাত, স্থিত, সংক্রান্ত, আবির্ভূত প্রভৃতি অনেক অর্থ বুঝায়।

सार्व्वकालिकम्, कदाचिद्भवं कादाचित्कम्, सम्प्रति भवं साम्प्रतिकम्, अध्यात्मं भवम् आध्यात्मिकम्, अधिभूतं भवम् आधिभौतिकम्, अधिदेवं भवम् आधिदैविकम्, मध्यन्दिने भवं माध्यन्दिनम्।

**৫৫। टिलोपोऽकस्माद्बहिषोः।**

অকস্মাৎ, বহিস্ এই দুই প্রাতিপদিকের টি লোপ হয়। যথা, अकस्माद्भवं आकस्मिकम्, बहिर्भवम् वाह्यम् वाहीकम्।

**৫৬। स्त्री पुंसाभ्यां नञ्।**

স্ত্রী ও পুম্‌স শব্দের উত্তর ভব প্রভৃতি অর্থে নঞ্‌ হয়, ঞ ইৎ ন থাকে। যথা, स्त्रीषु भवं स्त्रैणम्, पुंसु भवं पौंस्नम्।

**৫৭। हैमन शौवस्तिक पौनःपुनिकाः।**

হৈমন, শৌবস্তিক ও পৌনঃপুনিক নিপাতনে সিদ্ধ হয়। যথা, हेमन्ते भवं हैमनम्, श्वो भवं शौवस्तिकम्, पुनःपुनर्भवं पौनःपुनिकम्।

**৫৮। प्रतीच्योदीच्य तिरश्चीनाः।**

প্রতীচ্য, উদীচ্য, তিরশ্চীন এই তিন শব্দ নিপাতনে

সিদ্ধ হয়। যথা, প্রতীচি ভবং প্রতীচ্যম্, উদীচি ভবম্ উদীচ্যম্ তিরশ্চি ভবং তিরশ্চীনম্।

৫৯। তত্র সাধুঃ।

তত্র সাধুঃ, এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা, সভায়াং সাধুঃ সভ্যঃ, সমাজে সাধুঃ সামাজিকঃ, অতিথৌ সাধুঃ আতিথেয়ঃ, বেদে সাধুঃ বৈদিকঃ, সংগ্রামে সাধুঃ সাংগ্রামিকঃ, সংযুগে সাধুঃ সাংযুগীনঃ, বিতণ্ডায়াং সাধুঃ বৈতণ্ডিকঃ, সংকথায়াং সাধুঃ সাংকথিকঃ, সংগ্রহে সাধুঃ সাংগ্রহিকঃ।

৬০। দেয়ে কালাদবশ্যম্ভাবে।

অবশ্যম্ভাব বুঝাইলে দেয় অর্থে কালবাচক প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা, মাসে দেয়ং মাসিকম্, বর্ষে দেয়ং বার্ষিকম্, অব্দে দেয়ম্ আব্দিকম্, সংবৎসরে দেয়ং সাংবৎসরিকম্, অগ্রহায়ণে দেয়ম্ আগ্রহায়ণিকম্, শ্রাবণে দেয়ং শ্রাবণিকম্।

৬১। নির্বৃত্তে চ।

নির্বৃত্ত অর্থেও হয়। যথা, দিনেন নির্বৃত্তং দৈনিকম্, মাসেন নির্বৃত্তং মাসিকম্, বর্ষেণ নির্বৃত্তং বার্ষিকম্, সংবৎসরেণ নির্বৃত্তং সংবৎসরীয়ম্, সাংবৎসরিকম্।

**৬২। অহ্নোঽহ্নঃ।**

অহন্ শব্দ স্থানে অহ্ন হয়। যথা, অহ্না নির্বৃত্তম্ আহ্নিকম্।

**৬৩। ব্যাপ্তৌ চ।**

ব্যাপ্তি অর্থেও হয়। যথা, দিনং ব্যাপ্য স্থিতম্ দৈনকম্, মাসং ব্যাপ্য স্থিতং মাসিকম্, বর্ষং ব্যাপ্য স্থিতং বার্ষিকম্, চতুরো মাসান্ ব্যাপ্য স্থিতং চাতুর্মাস্যম্।

**৬৪। বয়সি চ।**

বয়স্ অর্থেও হয়। যথা, দ্বে বর্ষে অস্য বয়ঃ দ্বিবর্ষীণঃ দ্বিবর্ষীয়ঃ, দ্বিবার্ষিকঃ, দ্বিবর্ষঃ; পঞ্চ বর্ষাণ্যস্য বয়ঃ পঞ্চবর্ষীণঃ, পঞ্চবর্ষীয়ঃ, পঞ্চবার্ষিকঃ, পঞ্চবর্ষঃ, ষোড়শ বর্ষাণ্যস্য বয়ঃ ষোড়শবর্ষীণঃ, ষোড়শবর্ষীয়ঃ, ষোড়শবার্ষিকঃ, ষোড়শবর্ষঃ।

**৬৫। তত আগতঃ।**

তত আগতঃ, এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা, মথুরায়া আগতঃ মাথুরঃ, নগরাদাগতঃ নাগরিকঃ, আপণাদাগতঃ আপণিকঃ,উপাধ্যায়াদাগতম্ ঔপাধ্যায়কম্, পিতামহাদাগতম্ পৈতামহম্ পৈতামহকম্, মাতুরাগতম্ মাতৃ-

কম্, সবিতুরাগতম্ সাবিত্রম্, ভ্রাতুরাগতং ভ্রাতৃকম্, পিতুরাগতম্ পৈতৃকম্ পিত্র্যম্, স্ত্রিয়া আগতং স্ত্রৈণম্, পুংস আগতং পৌংস্নম্।

৬৬। তদর্হতি।

তৎ অর্হতি, এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা, শতমর্হতি শতিকঃ, সহস্রমর্হতি সাহস্রিকঃ, ছেদমর্হতি ছৈদ্যঃ, ভেদমর্হতি ভৈদ্যঃ, দণ্ডমর্হতি দণ্ড্যঃ, অর্ঘমর্হতি অর্ঘ্যঃ, বধমর্হতি বধ্যঃ, যজ্ঞমর্হতি যজ্ঞিয়ঃ, দক্ষিণামর্হতি দক্ষিণীয়ঃ দক্ষিণ্যঃ।

৬৭। তস্মাদনপেতম্।

তস্মাৎ অনপেতম্, এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা, ধর্ম্মাদনপেতং ধর্ম্ম্যম্, ন্যায়াদনপেতং ন্যায্যম্, অর্থাদনপেতং অর্থ্যম্, পথোঽনপেতং পথ্যম্, শাস্ত্রাদনপেতং শাস্ত্রীয়ম্, বিধেরনপেতম্ বৈধম্।

৬৮। তস্যেদম্।

তস্য ইদম্, এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা, বিষ্ণোরিদং বৈষ্ণবম্,

शिवस्येदं शैवम्, जनपदस्येदं जानपदम्, तस्येदं तदीयम्, एतस्येदम् एतदीयम्, देवस्येदं दैवम्, असुरस्येदम् आसुरम्, सम्राज इदं साम्राज्यम् , इन्द्रस्येदम् ऐन्द्रम्, महेन्द्रस्येदं माहेन्द्रम्, मनस इदम् मानसम्, शरीरस्येदं शारीरम्, पितुरिदं पित्र्यम्, गोरिदं गव्यम्, महिषस्येदं माहिषम्, वेणोरिदं वैणवम्, पलासस्येदं पालासम्, खदिरस्येदं खादिरम्, विल्वस्येदं वैल्वम्, मुञ्जानामिदं मौञ्जम्, स्त्रिया इदं स्त्रैणम्, पुंस इदं पौंस्नम्, गङ्गाया इदं गाङ्गम्, हिमवत इदं हैमवतम्, पशुपतेरिदं पाशुपतम्, शङ्करस्येदं शाङ्करम्, सूर्यस्येदं सौरम्, चन्द्रस्येदं चान्द्रम्, वेदस्येदं वैदिकम्, उपनिषद इदम् औपनिषदम्, पृथिव्या इदं पार्थिवम्, जलस्येदं जलीयम्, तेजस इदं तैजसम्, वायोरिदं वायवीयम्, शत्रोरिदं शात्रवम्, रुरोरिदं रौरवम्, न्यङ्कोरिदं नैयङ्कवम् न्यङ्कवम्, श्वापदस्येदं शौवापदं श्वापदम्, भरतस्येदं भारतम्, भारतवर्षस्येदं भारतवर्षीयम्, युष्माकमिदं युष्मदीयम्, अस्माकमिदं अस्मदीयम्।

৫৮। त्वन्मदावेकवचने ।

একবচনে যুষ্মদ্ স্থানে ত্বদ্ ও অস্মদ্ স্থানে মদ্ হয়। যথা, तव इदं त्वदीयम्, मम इदं मदीयम्।

৭০। যুষ্মাকাস্মাকৌ খীন ষণোঃ।

খীন ও ষণ্ প্রত্যয় পরে যুষ্মদ্ স্থানে যুষ্মাক ও অস্মদ্ স্থানে অস্মাক হয়। যথা, যুষ্মাকমিদং যৌষ্মাকীণং যৌষ্মাকম্, অস্মাকমিদম্ আস্মাকীনম্ আস্মাকম্।

৭১। তবক মমকাবেকবচনে।

এক বচনে তবক ও মমক হয়। যথা, তব ইদম্ তাবকীনং তাবকম্, মম ইদং মামকীনং মামকম্।

৭২। পরাদেঃ কন্ খীয়ণি।

খীয়ণ্ প্রত্যয় হইলে, পর রাজন্ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর কন্ হয়, ন ইৎ ক থাকে। যথা, পরস্যেদং পরকীয়ম্। স্ব শব্দের উত্তর বিকল্পে। যথা, স্বস্যেদং স্বকীয়ম্, স্বীয়ম্।

৭৩। সৌর সারব স্বায়ম্ভবাঃ

সৌর, সারব ও সায়ম্ভুব নিপাতনে সিদ্ধ হয়। যথা, সূর্য্যস্যেদং সৌরং দিনম্, সরয়া ইদং সারবং জলম্, স্বয়ম্ভোরিদং স্বায়ম্ভুবং ধাম।

৭৪। ভবদীয়ান্যদীয়ৌ।

ভবদীয় ও অন্যদীয় নিপাতনে সিদ্ধ হয়। যথা, ভবত ইদং ভবদীয়ম্, অন্যস্যেদম্ অন্যদীয়ম্।

৭৫। তস্য বিকারঃ।

তস্য বিকারঃ, এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা, সুবর্ণস্য বিকারঃ সৌবর্ণঃ, রজতস্য বিকারঃ রাজতঃ, সীসস্য বিকারঃ সৈসঃ, দারোর্বিকারঃ দারবঃ, দেবদারোর্বিকারঃ দৈবদারবঃ, পয়সাং বিকারঃ পায়সঃ, অগ্নের্বিকারঃ আগ্নেয়ঃ, মুদ্গস্য বিকারঃ মৌদ্গঃ, ইক্ষোর্বিকারঃ ঐক্ষব, গুড়স্য বিকারঃ গৌড়ঃ, পিষ্টস্য বিকারঃ পৈষ্টঃ, তিলস্য বিকারঃ তৈলম্।

৭৬। তদস্য পণ্যম্।

তৎ অস্য পণ্যম্, এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা, লবণমস্য পণ্যং লাবণিকঃ, তৈলমস্য পণ্যং তৈলিকঃ, অপূপা অস্য পণ্যম্ আপূপিকঃ, তণ্ডুলমস্য পণ্যং তাণ্ডুলিকঃ, মোদকা অস্য পণ্যং মৌদকিকঃ, উশীরমস্য পণ্যম্ ঔশীরিকঃ, তাম্বূলমস্য পণ্যং তাম্বূলিকঃ।

৭৭। তদস্য প্রহরণম্।

তৎ অস্য প্রহরণম্, এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা, ধনুরস্য প্রহরণম্ ধানুষ্কঃ, অসিরস্য প্রহরণম্ আসিকঃ,

প্রাসোঽস্য প্রহরণম্ প্রাসিকঃ, পরশ্বধমস্য প্রহরণম্ পারশ্বধিকঃ, পরশুরস্য প্রহরণম্ পারশবিকঃ, তরবারিরস্য প্রহরণম্ তারবারিকঃ, শক্তিরস্য প্রহরণম্ শাক্তীকঃ, যষ্টিরস্য প্রহরণম্ যাষ্টীকঃ, ।

৭৮। তদস্য প্রয়োজনম্।

তৎ অস্য প্রয়োজনম্, এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা, স্বর্গঃ প্রয়োজনমস্য স্বর্গ্যম্, যশঃ প্রয়োজনমস্য যশস্যম্, আয়ুঃ প্রয়োজনমস্য আয়ুষ্যম্, কামঃ প্রয়োজনমস্য কাম্যম্, গৃহপ্রবেশনং প্রয়োজনমস্য গৃহপ্রবেশনীয়ম্, অনুপ্রবচনং প্রয়োজনমস্য অনুপ্রবচনীয়ম্, সংবেশনং প্রয়োজনমস্য সংবেশনীয়ম্।

৭৯। তদস্য শীলম্।

তৎ অস্য শীলম্, এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা, তপোঽস্য শীলং তাপসঃ, গুরোর্দোষাণামাবরণং ছত্রম্ ছত্রমস্য শীলং ছাত্রঃ, শিক্ষাস্য শীলং শৈক্ষঃ, প্ররোহোঽস্য শীলং প্রারোহঃ, চুরা অস্য শীলং চৌরঃ।

৮০। তদস্য প্রাপ্তং কালাৎ।

তৎ অস্য প্রাপ্তম্, এই অর্থে কালবাচক প্রাতিপদিকের

উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা, সময়োঽস্য প্রাপ্তঃ সাময়িকঃ, কালোঽস্য প্রাপ্তঃ কালিকঃ, দিষ্টোঽস্য প্রাপ্তঃ দৈষ্টিকঃ, ঋতুরস্য প্রাপ্তঃ আর্ত্তবঃ।

৮১। অধিকৃত্য কৃতং গ্রন্থে।

গ্রন্থ বুঝাইলে, অধিকৃত্য কৃতম্, এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা, রামমধিকৃত্য কৃতং রামায়ণম্, ভগবন্তমধিকৃত্য কৃতং ভাগবতম্, ভরতানধিকৃত্য কৃতং ভারতম্, বাক্যং পদঞ্চাধিকৃত্য কৃতং বাক্যপদীয়ম্, রাঘবান্ পাণ্ডবাংশ্চাধিকৃত্য কৃতং রাঘবপাণ্ডবীয়ম্, কিরাতমর্জ্জুনঞ্চাধিকৃত্য কৃতং কিরাতার্জ্জুনীয়ম্, অনুশাসনমধিকৃত্য কৃতম্ আনুশাসনিকম্, অশ্বমেধমধিকৃত্য কৃতম্ আশ্বমেধিকম্, আশ্রমবাসমধিকৃত্য কৃতম্ আশ্রমবাসিকম্, মুষলমধিকৃত্য কৃতং মৌষলম্, মহাপ্রস্থানমধিকৃত্য কৃতম্ মহাপ্রস্থানিকম্, স্বর্গারোহণমধিকৃত্য কৃতং স্বর্গারোহণিকম্।

৮২। তস্মৈ প্রভবতি।

তস্মৈ প্রভবতি, এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা, সন্তাপায় প্রভবতি সান্তাপিকঃ, সন্নাহায় প্রভবতি সান্নাহিকঃ, সংগ্রামায়

প্রভবতি সাংগ্রামিকঃ সংঘাতায় প্রভবতি সাংঘাতিকঃ, উত্পাতায় প্রভবতি ঔত্পাতিকঃ, ।

৮৩ । কার্ম্মুকং ধনুষি ।

ধনু অর্থে কার্ম্মুক শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা, কর্ম্মণে প্রভবতি কার্ম্মুকং ধনুঃ ।

৮৪ । তস্মৈ হিতম্ ।

তস্মৈ হিতম্, এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা, যজ্ঞায় হিতং যজ্ঞিয়ম্, অধ্বরায় হিতম্ অধ্বরীণম্, ব্রহ্মণে হিতং ব্রাহ্মণ্যম্, বিশ্বজনেভ্যো হিতং বিশ্বজনীনম্, সর্ব্বজনেভ্যো হিতম্ সর্ব্বজনীনম্ ।

৮৫ । কালে নক্ষত্রযোগে ।

কাল ও নক্ষত্রযোগ বুঝাইলে, নক্ষত্রবাচক প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা, বিশাখয়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ বৈশাখঃ, রাধয়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ রাধঃ, জ্যেষ্ঠয়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ জ্যৈষ্ঠঃ, আষাঢ়য়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ আষাঢ়ঃ, শ্রবণয়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ শ্রাবণঃ শ্রাবণিকঃ, ভদ্রয়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ ভাদ্রঃ, ভাদ্রপদয়া

নক্ষত্রেণ যুক্তো মাসঃ ভাদ্রপদঃ, প্রোষ্ঠপদয়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ প্রোষ্ঠপদঃ, অশ্বিন্যা নক্ষত্রেণ যুক্তো মাসঃ আশ্বিনঃ, অশ্বযুজা নক্ষত্রেণ যুক্তো মাসঃ আশ্বযুজঃ, কৃত্তিকয়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ কার্ত্তিকঃ কার্ত্তিকিকঃ, অগ্রহায়ণ্যা নক্ষত্রেণ যুক্তো মাসঃ অগ্রহায়ণঃ আগ্রহায়ণঃ আগ্রহায়ণিকঃ, মৃগ্যা নক্ষত্রেণ যুক্তো মাসঃ মার্গঃ, মৃগশীর্ষেণ নক্ষত্রেণ যুক্তো মাসঃ মার্গশীর্ষঃ, মৃগশিরসা নক্ষত্রেণ যুক্তো মাসঃ মার্গশিরসঃ, মঘয়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ মাঘঃ, ফল্গুন্যা নক্ষত্রেণ যুক্তো মাসঃ ফাল্গুনঃ ফাল্গুনিকঃ, চিত্রয়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ চৈত্রঃ চৈত্রিকঃ।

৮৬। যলোপস্তিষ্যপুষ্যয়োঃ।

তিষ্য ও পুষ্য শব্দের য লোপ হয়। যথা, তিষ্যেণ নক্ষত্রেণ যুক্তো মাসঃ তৈষঃ, পুষ্যেণ নক্ষত্রেণ যুক্তো মাসঃ পৌষঃ।

৮৭। তদ্বহতি।

তৎ বহতি, এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা, ধুরং বহতি ধুর্য্যঃ ধৌরেয়ঃ, সর্ব্বধুরাং বহতি সর্ব্বধুরীণঃ, চতুর্ধুরাং বহতি চতুর্ধুরীণঃ, হলং বহতি হালিকঃ, সীরং বহতি সৈরিকঃ,

রথং বহতি রথ্যঃ, যুগং বহতি যুগ্যঃ, শকটং বহতি শাকটঃ।

## ৮৮। তেন জীবতি।

তেন জীবতি, এই অর্থে প্রাতিদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা, বেতনেন জীবতি বৈতনিকঃ, বাহনেন জীবতি বাহনিকঃ, জালেন জীবতি জালিকঃ, উপদেশেন জীবতি ঔপদেশিকঃ, ধনুষা জীবতি ধানুষিকঃ, ক্রয়বিক্রয়াভ্যাং জীবতি ক্রয়বিক্রয়িকঃ, আয়ুধেন জীবতি আয়ুধিকঃ আয়ুধীয়ঃ, বাগুরয়া জীবতি বাগুরিকঃ, নাবা জীবতি নাবিকঃ, ব্যবহারেণ জীবতি ব্যাবহারিকঃ।

## ৮৯। তদস্মিন্ দীয়তে।

তত্ অস্মিন্ দীয়তে, এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা, দ্বাবস্মিন্ বৃদ্ধিঃ আয়ঃ লাভঃ শুল্কম্ উপদা বা দীয়তে দ্বিকং শতম্, ত্রিকং শতম্, চতুষ্কং শতম্, পঞ্চকং শতম্। বৃদ্ধি প্রভৃতি দান স্থলেই হইয়া থাকে।

## ৯০। তাদর্থ্যে।

তাদর্থ্য বুঝাইলে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা, পাদার্থমুদকম্ পাদ্যম্,

अर्घार्थमुदकम् अर्घ्यम्, बलये इदम् बालेयम्, अतिथये इदम् आतिथ्यम्, अग्निदेवतायै इदम् आग्निदैवत्यम्, पितृदैवतायै इदं पितृदैवत्यम्।

৯১। **स्वार्थे।**

স্বার্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। প্রত্যয় হইলে প্রাতিপদিকের অর্থের বৈলক্ষণ্য ঘটে না পূর্ব্ব অর্থই অবিকৃত থাকে। যথা, बन्धुरेव बान्धवः, चोर एव चौरः, चण्डाल एव चाण्डालः, मन एव मानसम्, देवतैव दैवतम्, प्रज्ञ एव प्राज्ञः, कुतुकमेव कौतुकम्, कुतूहलमेव कौतूहलम्, मरुदेव मारुतः, रक्ष एव राक्षसः, भेषजमेव भैषज्यम्, इतिहैव ऐतिह्यम्, त्रिलोकी एव त्रैलोक्यम्, करुणा एव कारुण्यम्, द्विगुणावेव द्वैगुण्यम्, त्रिगुणा एव त्रैगुण्यम्, षड्गुणा एव षाड्गुण्यम्, चत्वारो वर्णा एव चातुर्वर्ण्यम्, सेना एव सैन्यम्, सन्निधिरेव सान्निध्यम्, समीपमेव सामीप्यम्, उपमा एव औपम्यम्, सुखमेव सौख्यम्, सोदर एव सोदर्य्यः, एक एव एककः, अत्यय एव आत्ययिकः, सूर एव सूर्य्यः, मर्त्त एव मर्त्त्यः, समानमेव सामान्यम्, याव एव यावकः, बाल एव बालकः, नौरेव नौका, नवमेव नव्यम् नवीनम्, वागेव वाचिकं सन्देशवचनम्।

৯২। দেবাত্তল্।

স্বার্থে দেব শব্দের উত্তর তল্ প্রত্যয় হয়। যথা, দেব এব দেবতা।

৯৩। ভাগরূপনামভ্যো ধেয়ঃ।

স্বার্থে ভাগ, রূপ, নামন্ এই তিন প্রাতিপদিকের উত্তর ধেয় প্রত্যয় হয়। যথা, ভাগ এব ভাগধেয়ম্, রূপমেব রূপধেয়ম্।

৯৪। মৃদস্তিকন্।

স্বার্থে মৃদ্ শব্দের উত্তর তিকন্ প্রত্যয় হয়। যথা, মৃদেব মৃত্তিকা।

৯৫। সস্নৌ প্রশংসায়াম্।

প্রশংসা বুঝাইলে স্বার্থে মৃদ্ শব্দের উত্তর স ও স্ন প্রত্যয় হয়। যথা, প্রশস্তা মৃৎ মৃৎস্না মৃৎস্না।

৯৬। নূত্ন নূতনৌ।

নূত্ন ও নূতন নিপাতনে সিদ্ধ হয়। যথা, নবমেব নূত্নং নূতনম্।

৯৭। ঔপয়িকশ্চ।

ঔপয়িক নিপাতনে সিদ্ধ হয়। যথা, উপায় এব ঔপয়িকঃ।

## ৯৮। সোঽস্য নিবাসোঽভিজনো বা।

সঃ অস্য নিবাসঃ (২৪), সঃ অস্যাভিজনঃ (২৫), এই দুই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা, মথুরা অস্য নিবাসঃ মাথুরঃ, মিথিলা অস্য নিবাসঃ মৈথিলঃ, কম্বোজোঽস্য নিবাসঃ কাম্বোজঃ, কশ্মীরোঽস্য নিবাসঃ কাশ্মীরঃ, গন্ধারোঽস্য নিবাসঃ গান্ধারঃ, কলিঙ্গোঽস্য নিবাসঃ কালিঙ্গঃ, উৎকলোঽস্য নিবাসঃ ঔৎকলঃ, সিন্ধুরস্য নিবাসঃ সৈন্ধবঃ, তক্ষশিলাস্য নিবাসঃ তাক্ষশিলঃ, বিদেহোঽস্য নিবাসঃ বৈদেহঃ, পঞ্চালোঽস্য নিবাসঃ পাঞ্চালঃ, মগধোঽস্য নিবাসঃ মাগধঃ, অযোধ্যা অস্য নিবাসঃ আযোধ্যিকঃ, মদ্রোঽস্য নিবাসঃ মাদ্রঃ, অঙ্গোঽস্য নিবাসঃ আঙ্গঃ, বঙ্গোঽস্য নিবাসঃ বাঙ্গঃ। অভিজন অর্থেও এই রূপ। যথা, গন্ধারোঽস্যাভিজনঃ গান্ধারঃ ইত্যাদি।

## ৯৯। লোপো বহুবচনে।

বহু বচনে নিবাস ও অভিজন অর্থে বিহিত প্রত্যয়ের লোপ হয়। যথা, অঙ্গ এষাং নিবাসঃ অঙ্গাঃ, বঙ্গ

---

(২৪) নিবাসো নাম যত্র সম্প্রত্যুষ্যতে।

(২৫) অভিজনো নাম যত্র পূর্ব্বৈরুষিতম্।

एषां निवासः वङ्गाः, कलिङ्ग एषां निवासः कलिङ्गाः, विदेह एषां निवासः विदेहाः, उत्कल एषां निवासः उत्कलाः, कम्बोज एषां निवासः कम्बोजाः, मगध एषां निवासः मगधाः, पञ्चाल एषां निवासः पञ्चालाः, कश्मीर एषां निवासः कश्मीराः ।

**১০০। न स्त्रियाम् ।**

স্ত্রীলিঙ্গে হয় না। যথা, मगधः आसां निवासः मागध्यः, पञ्चाल आसां निवासः पाञ्चाल्यः, विदेह आसां निवासः वैदेह्यः, कलिङ्ग आसां निवासः कालिङ्ग्यः ।

**১০১। सोऽस्य राजेत्येवम् ।**

सः अस्य राजा, এই অর্থেও এই রূপ, অর্থাৎ सोऽस्य निवासः सोऽस्याभिजनः, এই দুই অর্থে যে প্রত্যয় ও যে কার্য্য হয়, सोऽस्य राजा এই অর্থেও সেই রূপ হয়। যথা, कश्मीरस्य राजा काश्मीरः, कलिङ्गस्य राजा कालिङ्गः, विदेहस्य राजा वैदेहः, पञ्चालस्य राजा पाञ्चालः, मगधस्य राजा मागधः, निषधस्य राजा नैषधः। বহুবচনে—कश्मीराः कलिङ्गाः, विदेहाः, पञ्चालाः, मगधाः, निषधाः ।

**১০২। तस्य भावः ।**

তস্যভাবঃ, এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা, কুমারস্য ভাবঃ কৌমারম্, শিশোর্ভাবঃ শৈশবম্, বৃদ্ধস্য ভাবঃ বার্দ্ধকম্, স্থবিরস্য ভাবঃ স্থাবিরম্, গুরোর্ভাবঃ গৌরবম্, লঘোর্ভাবঃ লাঘবম্, সুষ্ঠু ভাবঃ সৌষ্ঠবম্, ঋজোর্ভাবঃ আর্জবম্, মৃদোর্ভাবঃ মার্দবম্, পটোর্ভাবঃ পাটবম্, সুরভের্ভাবঃ সৌরভম্, রমণীয়স্য ভাবঃ রামণীয়কম্, কমনীয়স্য ভাবঃ কামনীয়কম্, স্থিরস্য ভাবঃ স্থৈর্য্যম্, ধীরস্য ভাবঃ ধৈর্য্যম্, গম্ভীরস্য ভাবঃ গাম্ভীর্য্যম্, কৃশস্য ভাবঃ কার্শ্যম্, জড়স্য ভাবঃ জাড্যম্, শীতস্য ভাবঃ শৈত্যম্, উষ্ণস্য ভাবঃ ঔষ্ণ্যম্, দৃঢ়স্য ভাবঃ দার্ঢ্যম্, মন্দস্য ভাবঃ মান্দ্যম্, সুভগস্য ভাবঃ সৌভাগ্যম্, দুর্ভগস্য ভাবঃ দৌর্ভাগ্যম্, মধুরস্য ভাবঃ মাধুর্য্যম্ মাধুরী, মূর্খস্য ভাবঃ মৌর্খ্যম্, বিষমস্য ভাবঃ বৈষম্যম্, সমস্য ভাবঃ সাম্যম্, কাতরস্য ভাবঃ কাতর্য্যম্, কর্কশস্য ভাবঃ কার্কশ্যম্, বালস্য ভাবঃ বাল্যম্, শ্লক্ষ্ণস্য ভাবঃ শ্লৈক্ষ্ণ্যম্, সুমনসো ভাবঃ সৌমনস্যম্, দুর্মনসো ভাবঃ দৌর্মনস্যম্, বিমনসো ভাবঃ বৈমনস্যম্, প্রবীণস্য ভাবঃ প্রাবীণ্যম্, উদাসীনস্য ভাবঃ ঔদাসীন্যম্, কৃপণস্য ভাবঃ কার্পণ্যম্, মধ্যস্থস্য ভাবঃ মাধ্যস্থ্যম্, উদারস্য ভাবঃ ঔদার্য্যম্, বিগুণস্য ভাবঃ বৈগুণ্যম্, সুজনস্য ভাবঃ

সৌজন্যম্, স্থূলস্য ভাবঃ স্থৌল্যম্, অধিকস্য ভাবঃ আধিক্যম্।

১০৩। তস্য ভাবঃ কর্ম্ম চ।

তস্য ভাবঃ, তস্য কর্ম্ম, এই দুই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা, ব্রাহ্মণস্য ভাবঃ কর্ম্ম বা ব্রাহ্মণ্যম্, চোরস্য ভাবঃ কর্ম্ম বা চৌর্য্যম্, অলসস্য ভাবঃ কর্ম্ম বা আলস্যম্, সেনাপতের্ভাবঃ কর্ম্ম বা সৈনাপত্যম্, অধিপতের্ভাবঃ কর্ম্ম বা আধিপত্যম্, সখ্যুর্ভাবঃ কর্ম্ম বা সখ্যম্, শূরস্য ভাবঃ কর্ম্ম বা শৌর্য্যম্, বীরস্য ভাবঃ কর্ম্ম বা বীর্য্যম্, দূতস্য ভাবঃ কর্ম্ম বা দূত্যম্ দৌত্যম্, পুরোহিতস্য ভাবঃ কর্ম্ম বা পৌরোহিত্যম্, সুহিতস্য ভাবঃ কর্ম্ম বা সৌহিত্যম্, সারথের্ভাবঃ কর্ম্ম বা সারথ্যম্, আস্তিকস্য ভাবঃ কর্ম্ম বা আস্তিক্যম্, নাস্তিকস্য ভাবঃ কর্ম্ম বা নাস্তিক্যম্, পণ্ডিতস্য ভাবঃ কর্ম্ম বা পাণ্ডিত্যম্, বণিজো ভাবঃ কর্ম্ম বা বাণিজ্যম্, শুচের্ভাবঃ কর্ম্ম বা শৌচম্, অশুচের্ভাবঃ কর্ম্ম বা অশৌচম্, মুনের্ভাবঃ কর্ম্ম বা মৌনম্, অকুশলস্য ভাবঃ কর্ম্ম বা আকৌশলম্, অনুকূলস্য ভাবঃ কর্ম্ম বা আনুকূল্যম্, প্রতিকূলস্য ভাবঃ কর্ম্ম বা প্রাতিকূল্যম্, পুরুষস্য ভাবঃ কর্ম্ম বা পৌরুষম্, সুভ্রাতুর্ভাবঃ কর্ম্ম

বা সৌম্মাত্রম্, দুর্ম্মাতুর্ভাবঃ কর্ম্ম বা দৌর্ম্মাত্রম্, সুহৃদো ভাবঃ কর্ম্ম বা সৌহৃদম্, দুর্হৃদো ভাবঃ কর্ম্ম বা দৌর্হৃদম্, অনৃশংসস্য ভাবঃ কর্ম্ম বা আনৃশংস্যম্, কুশলস্য ভাবঃ কর্ম্ম বা কৌশল্যম্ কৌশলম্, চপলস্য ভাবঃ কর্ম্ম বা চাপল্যম্ চাপলম্, নিপুণস্য ভাবঃ কর্ম্ম বা নৈপুণ্যম্ নৈপুণম্, পিশুনস্য ভাবঃ কর্ম্ম বা পৈশুন্যম্ পৈশুনম্, সহায়স্য ভাবঃ কর্ম্ম বা সাহায্যম্ সাহায়কম্, চতুরস্য ভাবঃ কর্ম্ম বা চাতুর্য্যম্ চাতুরী।

১০৪। ইতরেষ্বপি দৃশ্যন্তে।

ষিণ্ প্রভৃতি প্রত্যয় সকল অপত্যপ্রভৃতি যে সকল অর্থে দর্শিত হইল তদ্ভিন্ন নানা অর্থে দেখিতে পাওয়া যায়। কতিপয় স্থলে উদাহরণ দর্শিত হইতেছে। যথা, ধর্ম্মং চরতি ধার্ম্মিকঃ, বর্ষং গতঃ বর্ষ্যঃ, পৃথিব্যা ঈশ্বরঃ পার্থিবঃ, সর্ব্বভূমেরীশ্বরঃ সার্ব্বভৌমঃ, চক্ষুষা গৃহ্যতে চাক্ষুষম্ রূপম্, শ্রবণেন গৃহ্যতে শ্রাবণঃ শব্দঃ, রসনয়া গৃহ্যতে রাসনো রসঃ, ত্বচা গৃহ্যতে ত্বাচঃ স্পর্শঃ, চক্ষুষা নিষ্পন্নং চাক্ষুষং প্রত্যক্ষম্, শ্রবণেন নিষ্পন্নং শ্রাবণম্, রসনয়া নিষ্পন্নং রাসনম্, ত্বচা নিষ্পন্নং ত্বাচম্, পারং গতবান্ পারীণঃ, পারাবারং গতবান্ পারাবারীণঃ, অর্থেন ক্রীতঃ অর্থ্যঃ, বিদ্যয়া লব্ধং

वैद्यम्, विद्यायां कुशलः वैद्यः, स्त्रिया जितः स्त्रैणः, द्वारे नियुक्तः दौवारिकः, भाण्डागारे नियुक्तः भाण्डागारिकः, हिमवतः प्रभवति हैमवती गङ्गा, विदूरात् प्रभवति वैदूर्य्यो मणिः, रथेन सञ्चरते रथिकः, अश्वेन सञ्चरते आश्विकः, शकुनीन् हन्ति शाकुनिकः, शकुन्तान् शाकुन्तिकः, सहसा वर्त्तते साहसिकश्चौरः, जलेन वर्त्तते जलीयो मत्स्यः, अनुकूलं वर्त्तते आनुकूलिकः, प्रतिकूलं वर्त्तते प्रातिकूलिकः, नावा तार्य्या नाव्या नदी, वयसा तुल्यः वयस्यः, तुलया सम्मितं तुल्यम्, गृहपतिना संयुक्तः गार्हपत्योऽग्निः, समाने तीर्थे गुरौ वसति सतीर्थ्यः, समाने उदरे शयितः समानोदर्य्यः, अग्रे दीयते अग्रियम्, लोके विदितः लौकिकः, सर्व्वलोके विदितः सार्व्वलौकिकः, नित्यं क्रियते दीयते वा नैत्यं नैत्यकं नैत्यिकम्, निमित्तेन क्रियते दीयते वा नैमित्तिकम्, प्रवेशने दीयते प्रावेशनं प्रावेशनिकम्, सर्व्वाङ्गानि व्याप्नोति सर्व्वाङ्गीनस्तापः, आप्रपदं प्राप्नोति आप्रपदीनः पटः, अनुपदं बद्धा अनुपदीना उपानत्, अभ्यमित्रं सम्यक् गच्छति अभ्यमित्रीणः, सप्तभिः पदैरवाप्यते साप्तपदीनं सख्यम्, इन्द्रस्यात्मनो लिङ्गम् इन्द्रियम्, कुशाग्रमिव कुशाग्रीया बुद्धिः, काकतालमिव (१) काकतालीयम्, प्राक् सम्भृतः

(१) काकागमनमिव तालपतनमिव काकतालम्।

प्राचीनः, अवाक् सम्भूतः अवाचीनः, सुस्नातं पृच्छति सौस्नातिकः, सुखशयनं पृच्छति सौखशायनिकः, परदारान् गच्छति पारदारिकः, याचितेन निर्वृत्तं याचितकम्, अर्थं गृह्णाति आर्थिकः, आपणस्य धर्म्म्यम् आपणिकम्, नरस्य धर्म्म्या नारी, वातस्य शमनं कोपनं वा वातिकम्, पित्तस्य शमनं कोपनं वा पैत्तिकम्, सन्निपातस्य शमनं कोपनं वा सान्निपातिकम्, अस्ति परलोक इति मतिर्यस्य आस्तिकः, नास्ति परलोक इति मतिर्यस्य नास्तिकः, अस्ति दिष्टमिति मतिर्यस्य दैष्टिकः, आमलक्याः फलम् आमलकम्, बदर्य्याः फलं बदरम्, अश्वत्थस्य फलम् आश्वत्थम, न्यग्रोधस्य फलं नैयग्रोधम्।

१०५। लोपः क्वचित् प्रत्ययस्य।

কোন কোন স্থলে প্রত্যয়ের লোপ হয়। যথা, व्रीहीणां फलानि व्रीहयः, यवानां फलानि यवाः, माषाणां फलानि माषाः, मल्लिकायाः पुष्पं मल्लिका, मालत्याः पुष्पं मालती, करवीरस्य पुष्पं करवीरम्, पाटलस्य पुष्पं पाटलम्, जात्याः पुष्पं जाती, यूथ्याः पुष्पं यूथी।

१०६। जम्बा विभाषा।

জম্বূ শব্দের উত্তর বিকল্পে। যথা, জম্ব্বাঃ ফলম্ জম্বু, জাম্ববম্।

১০৭। হৈয়ঙ্গবীনাদ্যশ্বীনৌ।

হৈয়ঙ্গবীন ও অদ্যশ্বীন নিপাতনে সিদ্ধ হয়। যথা, হ্যোগোদোহাদুদ্ভবতি হৈয়ঙ্গবীনম্, অদ্য শ্বো বা ঘটতে অদ্যশ্বীনং মরণম্ অদ্যশ্বীনো বিয়োগঃ, অদ্য শ্বো বা প্রসূতে অদ্যশ্বীনা স্ত্রী।

১০৮। পান্থ সাক্ষি বার্দ্ধুষিকাঃ।

পান্থ, সাক্ষিন্ ও বার্দ্ধুষিক নিপাতনে সিদ্ধ হয়। যথা, পথি কুশলঃ পান্থঃ, সাক্ষাৎ দৃষ্টবান্ সাক্ষী, বৃদ্ধ্যা জীবতি বার্দ্ধুষিকঃ।

১০৯। আমুষ্মিকামুষ্যায়ণৌ।

ষিকণ্ ও ষায়নণ্ প্রত্যয় সহিত অদস্ শব্দ স্থানে আমুষ্মিক ও আমুষ্যায়ণ এই দুই শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা, অমুষ্মিন্ (পরলোকে) হিতম্ আমুষ্মিকম্, অমুষ্য (খ্যাতস্য) পুত্রঃ আমুষ্যায়ণঃ।

১১০। পৌনঃপুন্যম্।

পৌনঃপুন্য নিপাতনে সিদ্ধ হয়। যথা, পুনঃপুনরনুষ্ঠানং সঙ্ঘটনং বা পৌনঃপুন্যম্।

১১১। নস্য লোপোঽন্ত্যস্য।

তদ্ধিত প্রত্যয় হইলে প্রাতিপদিকের অন্তস্থিত নকারের লোপ হয়। যথা, অগ্নিশর্ম্মণোঽপত্যম্ আগ্নিশর্ম্মিঃ, উডুলোম্নোঽপত্যম্ ঔডুলোমিঃ, রাজ্ঞাং সমূহঃ রাজকম্, হস্তিনাং সমূহঃ হাস্তিকম্, পথি কুশলঃ পথিকঃ, সর্ব্বকর্ম্মসু কুশলঃ সর্ব্বকর্ম্মীণঃ, নামৈব নামধেয়ম্, দ্বয়োরহ্নোর্ভবঃ দ্ব্যহীনঃ, সাম বেত্তি অধীতে বা সামকঃ, আত্মন ইদম্ আত্মীয়ম্।

১১২। নানন্তস্য ষণি।

ষণ্ প্রত্যয় হইলে অন্ ভাগান্ত প্রাতিপদিকের ন লোপ হয় না। যথা, যূনো ভাবঃ যৌবনম্, মঘোন ইদং মাঘবনম্, শুনাং সমূহঃ শৌবনম্, পর্ব্বণি ক্রিয়তে দীয়তে বা পার্ব্বণম্, সামনি কুশলঃ সামনঃ, সুত্বন ইদং সৌত্বনম্, যজ্বনোঽপত্যং যাজ্বনঃ, চর্ম্মণা পরিবৃতঃ চার্ম্মণঃ, কর্ম্মাস্য শীলং কার্ম্মণঃ, ভস্মনো বিকারঃ ভাস্মনঃ।

১১৩। যে চ ভাবকর্ম্মবর্জ্জে।

তদ্ধিতের য পরে থাকিলে অন্ ভাগান্ত প্রাতিপদিকের ন লোপ হয় না। যথা, সামনি সাধুঃ সামন্যঃ, ব্রহ্মণি সাধুঃ ব্রহ্মণ্যঃ, অধ্বনি সাধুঃ অধ্বন্যঃ, রাজনি

সাধুঃ রাজন্যঃ, কর্ম্মণি প্রভবতি কর্ম্মণ্যঃ, মূর্দ্ধ্নি ভবঃ মূর্দ্ধন্যঃ। কর্ম্ম ও ভাব অর্থে হয়। যথা, রাজ্ঞো ভাবঃ কর্ম্ম বা রাজ্যম্।

১১৪। **নাধ্বাত্মনোর্ণীনি।**

ণীন প্রত্যয় হইলে অধ্বন্ আত্মন্ এই দুই প্রাতিপদিকের ন লোপ হয় না। যথা, অধ্বনি সাধুঃ অধ্বনীনঃ, আত্মনে হিতম্ আত্মনীনম্।

১১৫। **মনন্তস্যাপত্যষণি।**

অপত্যার্থে বিহিত ষণ্ প্রত্যয় পরে থাকিলে মন্ ভাগান্ত প্রাতিপদিকের ন লোপ হয়। যথা, সুসাম্নোঽপত্যং সৌসামঃ, দুর্ণাম্নোঽপত্যং দৌর্ণামঃ, কৃতনাম্নোঽপত্যং কার্ত্তনামঃ।

১১৬। **বা হিতনাম্নঃ।**

হিতনামন্ এই প্রাতিপদিকের বিকল্পে। যথা, হিতনাম্নোঽপত্যং হৈতনামঃ হৈতনামনঃ।

১১৭। **হেমাশ্মনোর্বিকারে।**

বিকারার্থবিহিত ষণ্ প্রত্যয় পরে হেমন্ অশ্মন্ এই দুই প্রাতিপদিকের ন লোপ হয়। যথা, হেম্নো বিকারঃ হৈমঃ, অশ্মনো বিকারঃ আশ্মঃ।

১১৮। **চর্ম্মণঃ কোষে।**

কোষ অর্থে চর্ম্মনের ন লোপ হয়। যথা, **চর্ম্মণো বিকারঃ চার্ম্মঃ কোষঃ।**

১১৯। **ব্রহ্মণোঽজাতৌ।**

জাতি ভিন্ন অর্থে ব্রহ্মন্ শব্দের ন লোপ হয়। যথা, **ব্রহ্মাস্য দেবতা ব্রাহ্মমস্ত্রম্, ব্রাহ্মং হবিঃ, ব্রাহ্মী ঔষধিঃ, ব্রহ্ম উপাস্তে ব্রাহ্মঃ, ব্রহ্মণ ইয়ং ব্রাহ্মী তনুঃ।** জাতি অর্থে হয় না। যথা, **ব্রহ্মণোঽপত্যং ব্রাহ্মণঃ জাতিবিশেষঃ।**

১২০। **নেনন্তস্য ষণি।**

ষণ্ প্রত্যয় হইলে ইন্ ভাগান্ত প্রাতিপদিকের ন লোপ হয় না। যথা, **বলিন ইদং বালিনম্, হস্তিন ইদং হাস্তিনম্, মেধাবিন ইদং মৈধাবিনম্, স্রগ্বিণঃ ইদং স্রাগ্বিণম্।** অপত্য অর্থে হয়। যথা, **মেধাবিনোঽপত্যং মৈধাবঃ, মায়াবিনোঽপত্যং মায়াবঃ।** গাথিন্ প্রভৃতির হয় না। যথা, **গাথিনোঽপত্যং গাথিনঃ, কেশিনোঽপত্যং কৈশিনঃ।** ইন্ সংযুক্ত বর্ণে মিলিত হইলে হয় না। যথা, **স্রগ্বিণোঽপত্যং স্রাগ্বিণঃ, তপস্বিনোঽপত্যং তাপস্বিনঃ, চক্রিণোঽপত্যং চাক্রিণঃ।**

১২১। **তস্য ভাবস্ত্বতলৌ।**

তস্য ভাবঃ, এই অর্থে প্রাতিপদিকের উত্তর ত্ব ও তল্ হয়, ল ইৎ ত থাকে। যথা, প্রভোর্ভাবঃ প্রভুত্বং প্রভুতা, ভীরোর্ভাবঃ ভীরুত্বং ভীরুতা, মনুষ্যস্য ভাবঃ মনুষ্যত্বং মনুষ্যতা, অমরস্য ভাবঃ অমরত্বম্ অমরতা, পশোভাবঃ পশুত্বং পশুতা, শূরস্য ভাবঃ শূরত্বং শূরতা, কাতরস্য ভাবঃ কাতরত্বং কাতরতা, চপলস্য ভাবঃ চপলত্বং চপলতা, নাস্তিকস্য ভাবঃ নাস্তিকত্বং নাস্তিকতা, অলসস্য ভাবঃ অলসত্বম্ অলসতা, অন্ধস্য ভাবঃ অন্ধত্বম্ অন্ধতা, মূর্খস্য ভাবঃ মূর্খত্বং মূর্খতা, মূকস্য ভাবঃ মূকত্বং মূকতা, রাজ্ঞো ভাবঃ রাজত্বং রাজতা, যূনো ভাবঃ যুবত্বং যুবতা, ন্যূনস্য ভাবঃ ন্যূনত্বং ন্যূনতা।

১২২। বা নীলাদেরিমনিঃ।

তস্য ভাবঃ, এই অর্থে, নীল প্রভৃতি প্রাতিপদিকের উত্তর বিকল্পে ইমনি হয়, ই ইৎ ইমন্ থাকে; পক্ষে ত্ব ও তল্ হয়। যথা, নীলস্য ভাবঃ নীলিমা নীলত্বং নীলতা, পীতস্য ভাবঃ পীতিমা পীতত্বং পীততা, রক্তস্য ভাবঃ রক্তিমা রক্তত্বং রক্ততা, শুক্লস্য ভাবঃ শুক্লিমা শুক্লত্বং শুক্লতা, বক্রস্য ভাবঃ বক্রিমা বক্রত্বং বক্রতা, শীতস্য ভাবঃ শীতিমা শীতত্বং শীততা, উষ্ণস্য ভাবঃ উষ্ণিমা উষ্ণত্বম্ উষ্ণতা, জড়স্য ভাবঃ জড়িমা জড়ত্বং জড়তা, মধুরস্য ভাবঃ মধুরিমা মধুরত্বং মধুরতা।

১২৩। ঔর্লোপোঽন্যস্য।

ইমনি প্রত্যয় হইলে অন্ত্য উবর্ণের লোপ হয় (২৬)। যথা, লঘোর্ভাবঃ লঘিমা লঘুত্বং লঘুতা, অণোর্ভাবঃ অণিমা অণুত্বম্ অণুতা, তনোর্ভাবঃ তনিমা তনুত্বং তনুতা, স্বাদোর্ভাবঃ স্বাদিমা স্বাদুত্বং স্বাদুতা, পটোর্ভাবঃ পটিমা পটুত্বং পটুতা, ঋজোর্ভাবঃ ঋজিমা ঋজুত্বম্ ঋজুতা।

১২৪। ঋতো রঃ পৃথ্বাদেঃ।

ইমনি প্রত্যয় হইলে পৃথু, মৃদু, দৃঢ়, কৃশ, ভৃশ ও পরিবৃঢ় শব্দের ঋ স্থানে র হয়(২৭)। যথা, পৃথোর্ভাবঃ প্রথিমা পৃথুত্বং পৃথুতা, মৃদোর্ভাবঃ ম্রদিমা মৃদুত্বং মৃদুতা, দৃঢ়স্য ভাবঃ দ্রঢ়িমা দৃঢ়ত্বং দৃঢ়তা, কৃশস্য ভাবঃ ক্রশিমা কৃশত্বং কৃশতা, ভৃশস্য ভাবঃ ভ্রশিমা ভৃশত্বং ভৃশতা, পরিবৃঢ়স্য ভাবঃ পরিব্রঢ়িমা পরিবৃঢ়ত্বং পরিবৃঢ়তা।

১২৫। প্রিয় মহতোঃ প্র মহৌ।

ইমনি প্রত্যয় হইলে প্রিয় স্থানে প্র ও মহৎ স্থানে মহ হয় (২৭)। যথা, প্রিয়স্য ভাবঃ প্রেমা প্রিয়ত্বং প্রিয়তা, মহতো ভাবঃ মহিমা মহত্ত্বং মহত্তা।

---

(২৬) ইষ্ঠ ও ঈয়সু স্থলেও এই সূত্রের কার্য্য হয়।
(২৭) ইষ্ঠ ও ঈয়সু স্থলেও এই সূত্রের কার্য্য হয়।

১২৬। গুরু হ্রস্ব দীর্ঘাণাং গর হ্রস দ্রাঘাঃ।

ইমনি প্রত্যয় হইলে গুরু স্থানে গর, হ্রস্ব স্থানে হ্রস ও দীর্ঘ স্থানে দ্রাঘ হয় (২৮)। যথা, গুরোর্ভাবঃ গরিমা গুরুত্বং গুরুতা, হ্রস্বস্য ভাবঃ হ্রসিমা হ্রস্বত্বং হ্রস্বতা, দীর্ঘস্য ভাবঃ দ্রাঘিমা দীর্ঘত্বং দীর্ঘতা।

১২৭। ভূমা।

বহু শব্দের উত্তর ইমন্ হইলে ভূমন্ নিপাতনে সিদ্ধ হয়। যথা, বহোর্ভাবঃ ভূমা।

১২৮। ঔপম্যে বতিচ্।

সাদৃশ্য বুঝাইলে প্রাতিপদিকের উত্তর বতিচ্ হয়, ই চ ইৎ বৎ থাকে। যথা, চন্দ্র ইব মুখং চন্দ্রবন্মুখম্, হিমমিব শীতলম্ হিমবৎ শীতলম্, সমুদ্র ইব গম্ভীরঃ সমুদ্রবদ্গম্ভীরঃ, পর্ব্বত ইব উন্নতঃ পর্ব্বতবদুন্নতঃ, ব্রাহ্মণ ইব অধীতে ব্রাহ্মণবদধীতে, ক্ষত্রিয় ইব যুধ্যতি ক্ষত্রিয়বদ্যুধ্যতি, পিতরমিব পূজয়তি পিতৃবৎ পূজয়ত্যুপাধ্যায়ম্, পুত্রমিব স্নিহ্যতি পুত্রবৎ স্নিহ্যতি শিষ্যম্, গৃহে ইব বসতি গৃহবদ্বসতি বনে, শয্যায়ামিব শেতে শয্যাবৎ শেতে ভূতলে, দেবদত্তস্যেব ভবনম্ দেবদত্ত-

---

(২৮) ইষ্ঠ ও ঈয়সু স্থলেও এই সূত্রের কার্য্য হয়।

वङ्गवनं यद्वदन्तस्य, रामस्येव पितृभक्तिः रामवत् पितृभक्तिर्भरतस्य, राजेव राजवत्, आत्मेव आत्मवत्।

१२९। तेन वित्तश्चुञ्चुचणौ।

तेन वित्तः, এই অর্থে প্রাতিপদিকের উত্তর চুঞ্চু ও চণ হয়। যথা, अर्थेन वित्तः अर्थचुञ्चुः अर्थचणः, विद्यया वित्तः विद्याचुञ्चुः विद्याचणः, ज्ञानेन वित्तः ज्ञानचुञ्चुः ज्ञानचणः, मायया वित्तः मायाचुञ्चुः माया-चणः, अस्त्रेण वित्तः अस्त्रचुञ्चुः अस्त्रचणः, कर्म्मणा वित्तः कर्म्मचुञ्चुः कर्म्मचणः।

१३०। तदस्यास्मिन् वा संजातं तारकादिभ्य इतः।

तत् अस्य संजातम्, तत् अस्मिन् संजातम्, এই দুই অর্থে প্রাতিপদিকের উত্তর ইত হয়। যথা, तारका अस्मिन संजाताः तारकितं नभः, पल्लवा अस्य संजाताः पल्लवितस्तरुः, फलान्यस्य संजा-तानि फलितो वृक्षः, पुष्पाण्यस्याः संजातानि पुष्पिता लता, तरङ्गा अस्याः संजाताः तरङ्गिता नदी, उत्-कण्ठास्मिन् संजाता उत्कण्ठितं मनः, अन्धकार मस्मिन् संजातम् अन्धकारितं जगत्, कलङ्कोऽस्य संजातः कलङ्कितश्चन्द्रः, कर्द्दमोऽस्मिन् संजातः कर्द्दमितः

पन्थाः, पुलकान्यस्मिन् संजातानि पुलकितं शरीरम्, अङ्कुरमस्य संजातम् अङ्कुरितं धान्यम्, व्याधिरस्य संजातः व्याधितो मनुष्यः, मञ्जरी मञ्जरितः, कुड्मल कुड्मलितः, स्तवक स्तवकितः, किसलय किसलयितः, मुकुल मुकुलितः, कुवलय कुवलयितः, कोरक कोरकितः निद्रा निद्रितः, मुद्रा मुद्रितः, बुभुक्षा बुभुक्षितः, पिपासा पिपासितः, सुख सुखितः, दुःख दुःखितः, व्रण व्रणितः, तिलक तिलकितः, गर्व्व गर्व्वितः, हर्ष हर्षितः, क्षुध् क्षुधा क्षुधितः, सीमन्त सीमन्तितः, ज्वर ज्वरितः, रोग रोगितः, रोमाञ्च रोमाञ्चितः, पण्डा पण्डितः, कज्जल कज्जलितः, तृष् तृषा तृषितः, कल्लोल कल्लोलितः, शैवल शैवलितः, कन्दल कन्दलितः, बिम्ब बिम्बितः, प्रतिबिम्ब प्रतिबिम्बितः, मूर्च्छा मूर्च्छितः, दीक्षा दीक्षितः।

**१३१। प्रमाणे मात्र दघ्न द्वयसटः।**

পরিমাণ অর্থে প্রাতিপদিকের উত্তর মাত্রট্ দঘ্নট্ ও দ্বয়সট্ প্রত্যয় হয়, ট ইৎ মাত্র দঘ্ন ও দ্বয়স থাকে। যথা, हस्तः प्रमाणमस्य हस्तमात्रं हस्तदघ्नं हस्तद्वयसम्, जानुः प्रमाणमस्य जानुमात्रं जानुदघ्नं जानुद्वयसम्, ऊरुः प्रमाणमस्य ऊरुमात्रम् ऊरुदघ्नम् ऊरुद्वयसम्, वितस्तिः प्रमाणमस्य वितस्तिमात्रं वितस्तिदघ्नं वितस्ति-

দ্বয়সম্, তালঃ প্রমাণমস্য তালমাত্রং তালদঘ্নং তালদ্বয়-সম্, গজঃ প্রমাণমস্য গজমাত্রং গজদঘ্নং গজদ্বয়সম্।

১৩২। যত্তদেতদ্ভ্যঃ পরিমাণে বতুপ্।

পরিমাণ অর্থে যদ্, তদ্, এতদ্ এই তিন প্রাতিপদিকের উত্তর বতুপ্ হয়, উ প ইৎ বত্ থাকে।

১৩৪। আ দঃ।

বতুপ্ হইলে যদ, তদ, এতদ্ ইহাদের দ স্থানে আ হয়। যথা, যত্ পরিমাণমস্য যাবান্, তত্ পরিমাণমস্য তাবান্, এতত্ পরিমাণমস্য এতাবান্।

১৩৫। কিয়দিয়তৌ।

কিম্ ও ইদম্ শব্দের উত্তর বতুপ্ হইয়া কিয়ৎ, ইয়ৎ, এই দুই শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা, কিং পরিমাণমস্য কিয়ান্, ইদং পরিমাণমস্য ইয়ান্।

১৩৬। কিমঃ সংখ্যাপরিমাণে ডতিঃ।

সংখ্যাপরিমাণ বুঝাইলে কিম্ শব্দের উত্তর ডতি হয়, ড ইৎ অতি থাকে। যথা, কা সংখ্যা পরিমাণমেষাং কতি। কতি শব্দ বহুবচনান্ত।

১৩৭। সংখ্যায়া অবয়বে তয়ট্।

অবয়ব অর্থে সংখ্যাবাচক শব্দের উত্তর তয়ট্ হয়,

ট ইৎ তয় থাকে। যথা, চত্বারোঽবয়বা অস্য চতুষ্টয়ম্, পঞ্চ অবয়বা অস্য পঞ্চতয়ম্, শতমবয়বা অস্য শততয়ম্, সহস্রমবয়বা অস্য সহস্রতয়ম্।

১৩৮। ডয়ট্ বা দ্বিত্রিভ্যাম্।

অবয়ব অর্থে দ্বি ত্রি এই দুই প্রাতিপদিকের উত্তর বিকল্পে ডয়ট্ হয়, ড ট ইৎ অয় থাকে; পক্ষে তয়ট্। যথা, দ্বাববয়বাবস্য দ্বয়ম্ দ্বিতয়ম্, ত্রয়োঽবয়বা অস্য ত্রয়ং ত্রিতয়ম্।

১৩৯। উভাদ্ যঃ।

অবয়ব অর্থে উভ এই প্রাতিপদিকের উত্তর য হয়। যথা, উভাববয়বাবস্য উভয়ম্।

১৪০। তদস্মিন্নধিকমিতি দশান্তাড্ডঃ।

তদ্ অস্মিন্ অধিকম্, এই অর্থে দশন্ ভাগান্ত প্রাতিপদিকের উত্তর ড হয়, ড ইৎ অ থাকে। যথা, একাদশ অধিকা অস্মিন্ একাদশং শতম্, দ্বাদশং শতম্ ত্রয়োদশং শতম্, চতুর্দ্দশং শতম্।

১৪১। শদন্তবিংশতেশ্চ।

তদস্মিন্নধিকম্, এই অর্থে শৎভাগান্ত ও বিংশতি শব্দের উত্তর ড হয়। যথা, ত্রিংশদধিকা অস্মিন্

ত্রিংশং শতম্, চত্বারিংশং শতম্, পঞ্চাশং শতম্, এক-ত্রিংশং শতম্, চতুস্ত্বারিংশং শতম্, পঞ্চপঞ্চাশং শতম্; বিংশতিরধিকা অস্মিন্ বিংশং শতম্, একবিংশং শতম্, দ্বাবিংশং শতম্।

## ১৪২। সংখ্যায়াঃ পূরণে ডট্।

পূরণ অর্থে সংখ্যাবাচক প্রাতিপদিকের উত্তর ডট্ হয়, ড ট ইৎ অ থাকে। যথা, একাদশানাং পূরণঃ একাদশঃ, দ্বাদশঃ, ত্রয়োদশঃ, চতুর্দশঃ, পঞ্চদশঃ, ষোড়শঃ, সপ্তদশঃ, অষ্টাদশঃ।

## ১৪৩। নান্তাদসংখ্যাদের্মট্।

নকারান্ত সংখ্যাবাচক শব্দের উত্তর বিহিত ডট্ প্রত্যয় স্থানে মট্ হয়। যথা, পঞ্চানাং পূরণঃ পঞ্চমঃ, সপ্তানাং পূরণঃ সপ্তমঃ, অষ্টানাং পূরণঃ অষ্টমঃ, নবানাং পূরণঃ নবমঃ, দশানাং পূরণঃ দশমঃ। অন্য সংখ্যা-বাচক পূর্ব্বে থাকিলে হয় না। যথা, একাদশঃ, দ্বাদশঃ, ত্রয়োদশঃ।

## ১৪৪। থুট্ চতুঃষষ্কতিভ্যঃ।

পূরণ অর্থে চতুর্, ষষ্, কতি এই তিন প্রাতি-পদিকের উত্তর থুট্ হয়, উ ট ইৎ থ থাকে। যথা,

चतुर्णां पूरणः चतुर्थः, षण्णां पूरणः षष्ठः, कतीनां पूरणः कतिथः (২৯)

১৪৫। द्वेस्तीयः।

পূরণ অর্থে দ্বি শব্দের উত্তর তীয় হয়। যথা, द्वयोः पूरणः द्वितीयः।

১৪৬। तृतीय तुर्य्य तुरीयाः।

পূরণ অর্থে তৃতীয়, তুর্য্য, তুরীয় নিপাতনে সিদ্ধ হয়। যথা, त्रयाणां पूरणः तृतीयः, चतुर्णां पूरणः तुर्य्यः तुरीयः।

১৪৭। विंशत्यादेस्तमट् वा।

পূরণ অর্থে বিংশতি প্রভৃতি সংখ্যাবাচক প্রাতিপদিকের উত্তর বিকল্পে তমট্ হয়, ট ইৎ তম থাকে; পক্ষে ডট্। যথা, विंशतेः पूरणः विंशतितमः विंशः, एकविंशतितमः एकविंशः, द्वाविंशतितमः द्वाविंशः, त्रयोविंशतितमः त्रयोविंशः, त्रिंशत्तमः त्रिंशः, चत्वारिंशत्तमः चत्वारिंशः, पञ्चाशत्तमः पञ्चाशः।

১৪৮। नित्यं शतादेः।

---

(২৯) কতিপয় শব্দের উত্তরও হয়। যথা, कतिपयानां पूरणः कतिपयथः।

শতপ্রভৃতি প্রাতিপদিকের উত্তর নিত্য। যথা, শতস্য পূরণঃ শততমঃ, সহস্রস্য পূরণঃ সহস্রতমঃ, অযুতস্য পূরণঃ অযুততমঃ। (৩০)

১৪৯। ষষ্ট্যাদেশ্চাসংখ্যাদেঃ।

ষষ্টি প্রভৃতি সংখ্যাবাচক প্রাতিপদিকের উত্তর নিত্য। যথা, ষষ্টেঃ পূরণঃ ষষ্টিতমঃ, সপ্ততিতমঃ, অশীতিতমঃ, নবতিতমঃ। অন্য সংখ্যাবাচক শব্দ পূর্ব্বে থাকিলে হয় না, তখন ১৪৭ সূত্রবিহিত কার্য্য হইবেক। যথা, একষষ্টেঃ পূরণঃ একষষ্টিতমঃ একষষ্টঃ, দ্বিষষ্টিতমঃ দ্বিষষ্টঃ।

১৫০। বহু গণ পূগ সংঘেভ্যস্তিথুক্।

পূরণ অর্থে বহু, গণ, পূগ, সংঘ এই কয় প্রাতিপদিকের উত্তর তিথুক্ হয়, উ ক ইৎ তিথ থাকে। যথা, বহূনাং পূরণঃ বহুতিথঃ, গণানাং পূরণঃ গণতিথঃ, পূগানাং পূরণঃ পূগতিথঃ, সংঘানাং পূরণঃ সংঘতিথঃ।

২৫১। বত্বন্তাদিথুক্।

পূরণ অর্থে বতুপ্রত্যয়নিষ্পন্ন প্রাতিপদিকের উত্তর

---

(৩০) মাস, অর্দ্ধমাস, সংবৎসর এই তিনের উত্তরও হয়। যথা, মাসস্য পূরণঃ মাসতমঃ, অর্দ্ধমাসস্য পূরণঃ অর্দ্ধমাসতমঃ, সংবৎসরস্য পূরণঃ সংবৎসরতমঃ।

ইথুক্ হয়, উ ক ইৎ ইথ থাকে। যথা, যাবতাং পূরণঃ যাবতিথঃ, তাবতিথঃ, এতাবতিথঃ, কিয়তিথঃ, ইয়তিথঃ।

**১৫২। তদস্যাস্মিন্ বাস্তি মতুপ্।**

তৎ অস্য অস্তি, তৎ অস্মিন্ অস্তি, এই দুই অর্থে প্রাতিপদিকের উত্তর মতুপ্ হয়, উ প ইৎ মৎ থাকে। যথা, মতিরস্যাস্তি মতিমান্, বুদ্ধিরস্যাস্তি বুদ্ধিমান্, ধীরস্যাস্তি ধীমান্ শ্রীরস্যাস্তি শ্রীমান্, অংশবোঽস্য সন্তি অংশুমান্, পিতা অস্যাস্তি পিতৃমান্, ধনুরস্যাস্তি ধনুষ্মান্, বপুরস্যাস্তি বপুষ্মান্, অগ্নিরস্মিন্নস্তি অগ্নিমান্, বায়ুরস্মিন্নস্তি বায়ুমান্, নদ্যোঽস্মিন্ সন্তি নদীমান্ দেশঃ, গাবোঽস্যাং সন্তি গোমতী শালা।

**১৫৩। অবর্ণান্তাদ্বঃ।**

অবর্ণান্ত প্রাতিপদিকের উত্তর বিহিত মতুপের ম স্থানে ব হয়। যথা, জ্ঞানমস্যাস্তি জ্ঞানবান্, ধনমস্যাস্তি ধনবান্, বলমস্যাস্তি বলবান্, বিদ্যা অস্যাস্তি বিদ্যাবান্, দয়া অস্যাস্তি দয়াবান্, ক্ষমা অস্যাস্তি ক্ষমাবান্।

**১৫৪। স্পর্শান্তাৎ।**

স্পর্শবর্ণান্ত প্রাতিপদিকের উত্তর বিহিত মতুপের ম

স্থানে ব হয়। যথা, বিদ্যুদস্মিন্নস্তি বিদ্যুত্বান্ মেঘঃ, সম্পদস্যাস্তি সম্পদ্বান্, দৃষদঃ সন্ত্যস্যাং দৃষদ্বতী নাম নদী, যদস্যাস্তি যদ্বান্, তদস্যাস্তি তদ্বান্, আত্মা অস্যাস্তি আত্মবান্, রাজা অস্মিন্নস্তি রাজবান্, কিমস্যাস্তি কিংবান্, ইদমস্যাস্তি ইদংবান্, শম্ অস্যাস্তি শংবান্।

১৫৫। অবর্ণোপধাৎ।

যে সকল প্রাতিপদিকের উপধাস্থলে অবর্ণ থাকে তাহাদের উত্তর বিহিত মতুপের ম স্থানে ব হয়। যথা, ভাসোঽস্য সন্তি ভাস্বান্, দ্বাঃ অস্যাস্তি দ্বার্বান্।

১৫৬। মকারোপধাচ্চ।

যে সকল প্রাতিপদিকের উপধাস্থলে ম থাকে তাহাদের উত্তর বিহিত মতুপের ম স্থানে ব হয়। যথা, লক্ষ্মীরস্যাস্তি লক্ষ্মীবান্, শমী অস্মিন্নস্তি শমীবান্, দাড়িমী অস্মিন্নস্তি দাড়িমীবান্।

১৫৭। ন যবাদেঃ।

যব প্রভৃতি প্রাতিপদিকের উত্তর বিহিত মতুপের ম স্থানে ব হয় না। যথা, যবমান্, কুঞ্চামান্, বশামান্, দ্রাক্ষামান্, গরুত্মান্, মরুত্মান্, হরিত্মান্, ককুদ্মান্, ঊর্ম্মিমান্, ভূমিমান্, ক্রমিমান্।

১৫৮। উদন্বদাদয়ঃ সংজ্ঞায়াম্।

মতুপ্ প্রত্যয় হইলে এবং সংজ্ঞা বুঝাইলে উদন্বৎ প্রভৃতি শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা, উদকমস্মিন্নস্তি উদন্বান্ সমুদ্রঃ, অন্যত্র উদকবান্; রাজা অস্মিন্নস্তি রাজন্বান্ শোভনরাজযুক্তো দেশঃ, অন্যত্র রাজবান্; চর্ম্ম অস্যামস্তি চর্ম্মণ্বতী নাম নদী, অন্যত্র চর্ম্মবতী; অস্থি অস্মিন্নস্তি অষ্ঠীবান্ জানূরুসন্ধিঃ, অন্যত্র অস্থিমান্; চক্রমস্যাস্তি চক্রীবান্ নাম রাজা, অন্যত্র চক্রবান্; কক্ষ্যা অস্যাস্তি কক্ষীবান্ নাম ঋষিঃ, অন্যত্র কক্ষ্যাবান্; লবণমস্মিন্নস্তি রুমন্বান্ নাম পর্ব্বতঃ, অন্যত্র লবণবান্।

১৫৯। কুমুদ নড় বেতসেভ্যো ড্মতুপ্।

কুমুদ, নড়, বেতস এই তিন প্রাতিপদিকের উত্তর ড্মতুপ্ হয়, ড উ প ইৎ বৎ থাকে। যথা, কুমুদান্যস্মিন্ সন্তি কুমুদ্বান্, নড়ান্যস্মিন্ সন্তি নড়্বান্, বেতসান্যস্মিন্ সন্তি বেতস্বান্।

১৬০। মহিষাচ্চ।

মহিষ শব্দের উত্তর ড্মতুপ্ হয়। যথা, মহিষা অস্মিন্ সন্তি মহিষ্বান্।

১৬১। অস্ মায়া মেধা স্রজো বিনিঃ।

অস্‌ভাগান্ত, মায়া, মেধা, স্রজ্ এই সকল প্রাতিপদিকের উত্তর বিকল্পে বিনি হয়, ই ইৎ বিন্ থাকে; পক্ষে মতুপ্। যশোঽস্যাস্তি যশস্বী যশস্বান্, তেজোঽস্যাস্তি তেজস্বী তেজস্বান্, পয়োঽস্যা অস্তি পয়স্বিনী পয়স্বতী ধেনুঃ, মায়া অস্যাস্তি মায়াবী মায়াবান্, মেধা অস্যাস্তি মেধাবী মেধাবান্, স্রগস্যাস্তি স্রগ্বী স্রগ্বান্।

১৬২। নিত্যং তপসঃ।

তপস্ শব্দের উত্তর নিত্য বিনি হয়। যথা, তপোঽস্যাস্তি তপস্বী, তপস্বিনী।

১৬৩। ইন্ বা নৈকস্বরাদবর্ণাৎ।

একের অধিক স্বরবিশিষ্ট অবর্ণান্ত প্রাতিপদিকের উত্তর বিকল্পে ইন্ হয়; পক্ষে যথাসম্ভব মতুপ্ ও বিন্ হয়। যথা, জ্ঞানমস্যাস্তি জ্ঞানী জ্ঞানবান্, বলমস্যাস্তি বলী বলবান্, ধনমস্যাস্তি ধনী ধনবান্, শিখাস্যাস্তি শিখী শিখাবান্, চূড়া অস্যাস্তি চূড়ী চূড়াবান্, মায়া অস্যাস্তি মায়ী মায়াবী, সাহসমস্যাস্তি সাহসী সাহসবান্, বিবেকোঽস্যাস্তি বিবেকী বিবেকবান্, উৎসাহোঽস্যাস্তি উৎসাহী উৎসাহবান্।

১৬৪। নিত্যং সুখাদেঃ।

সুখ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর নিত্য ইন্ হয়। যথা, সুখমস্যাস্তি সুখী, দুঃখমস্যাস্তি দুঃখী, প্রণয়োঽস্যাস্তি প্রণয়ী, কুষ্ঠমস্যাস্তি কুষ্ঠী, সহস্রমস্যাস্তি সহস্রী।

১৬৫। হস্তকরাভ্যাং জাতৌ।

জাতি বুঝাইলে হস্ত, কর এই দুই প্রাতিপদিকের উত্তর নিত্য ইন্ হয়। যথা, হস্তোঽস্যাস্তি হস্তী গজঃ, করোঽস্যাস্তি করী গজঃ। অন্যত্র, হস্তোঽস্যাস্তি হস্তবান্ পুরুষঃ।

১৬৬। বর্ণাদ্ব্রহ্মচারিণি।

ব্রহ্মচারী বুঝাইলে বর্ণ শব্দের উত্তর নিত্য ইন্ হয়। বর্ণোঽস্যাস্তি বর্ণী ব্রহ্মচারী; অন্যত্র, বর্ণবান্।

১৬৭। পুষ্করাদিভ্যো দেশে।

স্থান বুঝাইলে পুষ্কর প্রভৃতি প্রাতিপদিকের উত্তর নিত্য ইন্ হয়। যথা, পুষ্করাণ্যস্যাং সন্তি পুষ্করিণী দীর্ঘিকা, পদ্মান্যস্যাং সন্তি পদ্মিনী, উৎপলিনী, পঙ্কজিনী, সরোজিনী, সরোরুহিণী, অরবিন্দিনী, অম্ভোজিনী, অব্জিনী, কমলিনী, কুমুদিনী, কৈরবিণী, বিসিনী, মৃণালিনী, তমালিনী, নলিনী, তরঙ্গিণী, কল্লোলিনী, তটিনী, প্রবাহিণী।

১৬৮। অর্থাদ্ যাচকে।

যাচক বুঝাইলে অর্থ এই প্রাতিপদিকের উত্তর নিত্য ইন্ হয়। যথা, অর্থোঽস্যাস্তি অর্থী যাচকঃ ; অন্যত্র, অর্থবান্।

১৬৯। অর্থান্তেভ্যশ্চ।

অর্থান্ত প্রাতিপদিকের উত্তর নিত্য ইন্ হয়। যথা, বিদ্যারূপোঽর্থঃ প্রয়োজনমস্যাস্তি বিদ্যার্থী, ধনার্থী, ধান্যার্থী, হিরণ্যার্থী, গুরুদক্ষিণার্থী।

১৭০। মাংসাদের্লো বিভাষা।

মাংস প্রভৃতি প্রাতিপদিকের উত্তর বিকল্পে ল হয়। যথা, মাংসমস্যাস্তি মাংসলঃ, শ্রীরস্যাস্তি শ্রীলঃ, পক্ষ্ম অস্যাস্তি পক্ষ্মলঃ, স্নেহোঽস্যাস্তি স্নেহলঃ, শীতো গুণো ঽস্যাস্তি শীতলঃ, শ্যামো গুণোঽস্যাস্তি শ্যামলঃ, পিঙ্গো গুণোঽস্যাস্তি পিঙ্গলঃ, পিত্তলঃ, পুষ্কলঃ, বহুলঃ, মৃদুলঃ, মঞ্জুলঃ, মণ্ডলঃ, চটুলঃ, কপিলঃ, গ্রন্থিলঃ, কুশলঃ, পাংশুলঃ, শ্লেষ্মলঃ, পেশলঃ, কুণ্ডলঃ, অংসলঃ, বৎসলঃ। পক্ষে মতুপ্।

১৭১। ফেনাদিলশ্চ।

ফেন এই প্রাতিপদিকের উত্তর বিকল্পে ল ও ইল

হয়। যথা, ফেনোঽস্মিন্নস্তি ফেনলঃ ফেনিলঃ ; পক্ষে, ফেনবান্।

১৩২। লোমাদেঃ শঃ।

লোমন্ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর শ হয়। যথা, লোমান্যস্য সন্তি লোমশঃ, রোমশঃ, গিরিশঃ, কর্কশঃ, কপিশঃ।

১৩৩। পিচ্ছা পঙ্কাভ্যামিলঃ।

পিচ্ছা, পঙ্ক এই দুই প্রাতিপদিকের উত্তর ইল হয়। যথা, পিচ্ছা অস্যাস্তি পিচ্ছিলঃ, পঙ্কিলঃ।

১৩৪। দন্তাদুরঃ।

দন্ত এই প্রাতিপদিকের উত্তর উর হয়। যথা, উন্নতা দন্তাঃ সন্ত্যস্য দন্তুরঃ।

১৩৫। ঊষ শুষি মুষ্ক মধো রঃ।

ঊষ, শুষি, মুষ্ক, মধু এই সকল প্রাতিপদিকের উত্তর র হয়। যথা, ঊষরঃ, শুষিরঃ, মুষ্করঃ, মধুরঃ।

১৩৬। মুখাদেশ্চ।

মুখ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর র হয়। যথা, মুখমস্যাস্তি মুখরঃ, কুঞ্জরঃ, নগরম্, পাণ্ডুরঃ।

### ১৩৭। নড়শাদাৎ ড্বলপ্।

নড়, শাদ এই দুই প্রাতিপদিকের উত্তর ড্বলপ্ হয়, ড প ইৎ বল থাকে। যথা, নড়া অস্মিন্ সন্তি নড্বলঃ, শাদা অস্মিন্ সন্তি শাদ্বলঃ।

### ১৩৮। কৃষ্যাদের্বলঃ।

কৃষি প্রভৃতি প্রাতিপদিকের উত্তর বল হয়।

### ১৩৯। দীর্ঘোঽন্ত্যঃ।

বল হইলে অন্ত্য স্বর দীর্ঘ হয়। যথা, কৃষিরস্যাস্তি কৃষীবলঃ, পরিষদ্বলঃ, পর্ষদ্বলঃ, রজস্বলা, ঊর্জ্জস্বলঃ দন্তাবলো হস্তী, শিখাবলো ময়ূরঃ।

### ১৪০। কেশাদের্বঃ সংজ্ঞায়াম্।

সংজ্ঞা বুঝাইলে, কেশ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ব হয়। যথা, কেশাঃ সন্ত্যস্য কেশবো বিষ্ণুঃ, মণিরস্যাস্তি মণিবো নাগবিশেষঃ, অজগঃ অস্যাস্তি অজগবং পিনাকঃ, গাণ্ডিরস্যাস্তি গাণ্ডিবম্ অর্জ্জুনস্য ধনুঃ ; ইকার দীর্ঘ হয়, গাণ্ডীবম্।

### ১৪১। স্বাদামিন্নৈশ্বর্য্যে।

ঐশ্বর্য্য বুঝাইলে স্ব এই প্রাতিপদিকের উত্তর আমিন্ হয়। যথা, স্বমৈশ্বর্য্যমস্যাস্তি স্বামী।

১৮২। शीतोष्णाभ्यामालुरसहने।

অসহন অর্থে শীত, উষ্ণ এই দুই প্রাতিপদিকের উত্তর আলু হয়। যথা, शीतं न सहते शीतालुः, उष्णं न सहते उष्णालुः।

১৮৩। वातातीसाराभ्यां रोगे किन्।

রোগ বুঝাইলে, বাত, অতীসার এই দুই প্রাতিপদিকের উত্তর কিন্ হয়। যথা, वातोऽस्यास्ति वातकी, अतीसारोऽस्यास्ति अतीसारकी।

১৮৪। बल्यादेर्भः।

বলি প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ভ হয়। যথা, बलिरस्मिन्नस्ति बलिभम् मध्यम्।

১৮৫। अर्श आदेरत्।

অর্শস্ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর অৎ হয়, ৎ ইৎ অ থাকে। যথা, अर्शांसि अस्य सन्ति अर्शसः, उरोऽस्यास्ति उरसः, पलितमस्यास्ति पलितः, जटा अस्य सन्ति जटः, अम्लो गुणोऽस्यास्ति अम्लः, अघमस्यास्ति अघः, लवणो रसोऽस्यास्ति लवणः।

১৮৬। अहंशुभमोर्यु:।

অহম্, শুভম্ এই দুইপ্রাতিপদিকের উত্তর যু হয়।

যথা, অহম্ অস্যাস্তি অহংযুঃ অহঙ্কারবান্, শুভম্ অস্যাস্তি শুভংযুঃ শুভান্বিতঃ।

১৮৭। জ্যোৎস্নাদয়ঃ।

জ্যোৎস্না প্রভৃতি শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা, জ্যোতিরস্যা অস্তি জ্যোৎস্না, তমোঽস্যা অস্তি তমিস্রা, শৃঙ্গমস্যাস্তি শৃঙ্গিণঃ, মলমস্যাস্তি মলিনঃ মলীমসঃ, অর্ণাংসি অস্মিন্ সন্তি অর্ণবঃ সমুদ্রঃ।

১৮৮। বাগ্মিবাচালবাচাটাঃ।

বাগ্মিন্, বাচাল ও বাচাট নিপাতনে সিদ্ধ হয়। যথা, বাচোঽস্য সন্তি বাগ্মী, বাচালঃ, বাচাটঃ। যঃ সম্যক্ বক্তি ভাষতে স বাগ্মী, যঃ কুৎসিতং বক্তি ভাষতে স বাচালঃ, বাচাটঃ।

১৮৯। মূলে জাহঃ কর্ণাদিঃ।

মূল অর্থে কর্ণ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর জাহ হয়। যথা, কর্ণস্য মূলং কর্ণজাহম্, অক্ষ্ণো মূলম্ অক্ষিজাহম্, ভ্রূজাহম্, নখজাহম্, কেশজাহম্, পাদজাহম্, শৃঙ্গজাহম্, দন্তজাহম্,।

১৯০। পক্ষাত্তিঃ।

মূল অর্থে পক্ষ এই প্রাতিপদিকের উত্তর তি হয়। যথা, পক্ষস্য মূলং পক্ষতিঃ।

১৯১। মাতাপিতৃভ্যাং ডুলব্যৌ ভ্রাতরি।

ভ্রাতৃ অর্থে মাতৃ এই প্রাতিপদিকের উত্তর ডুল ও পিতৃর উত্তর ব্য হয়, ড ইৎ উল থাকে। যথা, মাতুর্ভ্রাতা মাতুলঃ, পিতুর্ভ্রাতা পিতৃব্যঃ।

১৯২। ডামহঃ পিত্রোঃ।

পিতৃ ও মাতৃ অর্থে ডামহ হয়, ড ইৎ আমহ থাকে। যথা, মাতুঃ পিতা মাতামহঃ, মাতুর্মাতা মাতামহী, পিতুঃ পিতা পিতামহঃ, পিতুর্মাতা পিতামহী।

১৯৩। কর্ম্মণি ঠঃ কুশলে।

কুশল অর্থে কর্ম্মন্ এই প্রাতিপদিকের উত্তর ঠ হয়। যথা, কর্ম্মণি কুশলঃ কর্ম্মঠঃ।

১৯৪। পূর্ব্বাদিনিস্তৃতীয়ার্থে।

তৃতীয়ার অর্থে পূর্ব্ব এই প্রাতিপদিকের উত্তর ইনি হয়, ই ইৎ ইন্ থাকে। যথা, পূর্ব্বমনেন কৃতং ভুক্তং পীতং গতং বা পূর্ব্বী, কৃতং পূর্ব্বমনেন কৃতপূর্ব্বী কটম্, ভুক্তং পূর্ব্বমনেন ভুক্তপূর্ব্বী ওদনম্, পীতং পূর্ব্বমনেন পীতপূর্ব্বী পয়ঃ, গতং পূর্ব্বমনেন গতপূর্ব্বী গৃহম্,।

১৯৫। ইষ্টাদিভ্যশ্চ।

তৃতীয়ার্থে ইষ্ট প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ইনি

হয়। যথা, ইষ্টমনেন ইষ্টী যজ্ঞে, অধীতমনেন অধীতী শাস্ত্রে, শ্রুতমনেন শ্রুতী বেদে, গৃহীতমনেন গৃহীতী উপদেশে, আম্নাতমনেন আম্নাতী ইতিহাসে, আসেবিতমনেন আসেবিতী গুরৌ, নিরাকৃতমনেন নিরাকৃতী শত্রৌ, উপকৃতমনেন উপকৃতী মিত্রে, অবকীর্ণমনেন অবকীর্ণী ব্রতে।

১৯৬। অতিশায়নে তমবিষ্ঠনৌ।

বহুর মধ্যে একের উৎকর্ষ বুঝাইলে প্রাতিপদিকের উত্তর তমপ্ ও ইষ্ঠন্ হয়, তমপের প ইৎ তম থাকে, ইষ্ঠনের ন ইৎ ইষ্ঠ থাকে। যথা, অয়মেষামতিশয়েন পটুঃ পটুতমঃ পটিষ্ঠঃ, অয়মেষামতিশয়েন লঘুঃ লঘুতমঃ লঘিষ্ঠঃ, অয়মেষামতিশয়েন গুরুঃ গুরুতমঃ গরিষ্ঠঃ, প্রিয়তমঃ প্রেষ্ঠঃ, দীর্ঘতমঃ দ্রাঘিষ্ঠঃ, দৃঢ়তমঃ দ্রঢ়িষ্ঠঃ, মৃদুতমঃ ম্রদিষ্ঠঃ, কৃশতমঃ ক্রশিষ্ঠঃ।

১৯৭। দ্বয়োস্তরবীয়সুনৌ।

দুয়ের মধ্যে একের উৎকর্ষ বুঝাইলে, প্রাতিপদিকের উত্তর তরপ্ ও ঈয়সুন্ হয়, তরপের প ইৎ তর থাকে, ঈয়সুনের উ ন ইৎ ঈয়স্ থাকে। যথা, অয়মনয়োরতিশয়েন পটুঃ পটুতরঃ পটীয়ান্, অয়মনয়োরতিশয়েন লঘুঃ লঘুতরঃ লঘীয়ান্, গুরুতরঃ গরীয়ান্, প্রিয়তরঃ

প্রেয়ান্, দীর্ঘতরঃ দ্রাঘীয়ান্, দৃঢ়তরঃ দ্রঢীয়ান্, মৃদুতরঃ ম্রদীয়ান্, কৃশতরঃ ক্রশীয়ান্।

১৯৮। শ্র জ্যৌ প্রশস্যস্য।

ইষ্ঠন্ ও ঈয়সুন্ পরে প্রশস্য শব্দ স্থানে শ্র ও জ্য হয়। যথা, অয়মেষামতিশয়েন প্রশস্যঃ শ্রেষ্ঠঃ, অয়মনয়োরতিশয়েন প্রশস্যঃ শ্রেয়ান্।

১৯৯। জ্যাদীয়সোরাত্।

জ্য হইলে তৎপরবর্ত্তী ঈয়সুনের ঈ স্থানে আ হয়। যথা, জ্যেষ্ঠঃ জ্যায়ান্।

২০০। বর্ষ জ্যৌ বৃদ্ধস্য।

বৃদ্ধ শব্দ স্থানে বর্ষ ও জ্য হয়। যথা, অয়মেষামনয়োর্ব্বা অতিশয়েন বৃদ্ধঃ বর্ষিষ্ঠঃ বর্ষীয়ান্, জ্যেষ্টঃ জ্যায়ান্।

২০১। অন্তিক বাঢ়য়োর্নেদ সাধৌ।

অন্তিক শব্দের স্থানে নেদ ও বাঢ় শব্দের স্থানে সাধ হয়। যথা, নেদিষ্ঠঃ নেদীয়ান্, সাধিষ্ঠঃ সাধীয়ান্।

২০২। অল্পস্য কন্ বিভাষা।

অল্প শব্দের স্থানে বিকল্পে কন্ হয়। যথা, কনিষ্ঠঃ কনীয়ান্, অল্পিষ্ঠঃ অল্পীয়ান্।

## ২০৩। যূনঃ কন্ যবৌ।

যুবন্ শব্দের স্থানে কন্ ও যব হয়। যথা, কনিষ্ঠঃ কনীয়ান্, যবিষ্ঠঃ যবীয়ান্।

## ২০৪। স্থূল দূরয়োঃ স্থব দবৌ।

স্থূল স্থানে স্থব ও দূর স্থানে দব হয়। যথা, স্থবিষ্ঠঃ স্থবীয়ান্, দবিষ্ঠঃ দবীয়ান্।

## ২০৫। উরু ক্ষুদ্রয়োর্বর ক্ষোদৌ।

উরু স্থানে বর ও ক্ষুদ্র স্থানে ক্ষোদ হয়। যথা, বরিষ্ঠঃ বরীয়ান্, ক্ষোদিষ্ঠঃ ক্ষোদীয়ান্।

## ২০৬। ক্ষিপ্র বহুলয়োঃ ক্ষেপ বংহৌ।

ক্ষিপ্র স্থানে ক্ষেপ ও বহুল স্থানে বংহ হয়। যথা, ক্ষেপিষ্ঠঃ ক্ষেপীয়ান্, বংহিষ্ঠঃ বংহীয়ান্।

## ২০৭। স্থিরস্য স্থঃ।

স্থির শব্দ স্থানে স্থ হয়। যথা, স্থেষ্ঠঃ স্থেয়ান্।

## ২০৮। বিন্মতুপোর্লুক্।

ইষ্ঠন্ ও ঈয়স্থন্ পরে বিন্ ও মতুপ্ প্রত্যয়ের লোপ হয়। যথা, অয়মেষামতিশয়েন মায়াবী মায়িষ্ঠঃ মায়ীয়ান্, অয়মেষামতিশয়েন বলবান্ বলিষ্ঠঃ বলীয়ান্।

২০৯। ভূয়োভূয়িষ্ঠৌ।

বহু শব্দের উত্তর ঈয়সুন্ হইলে ভূয়স্ ও ইষ্ঠন্ হইলে ভূয়িষ্ঠ নিপাতনে সিদ্ধ হয়। যথা, অয়মনয়োরতিশয়েন বহুঃ ভূয়ান্, অয়মেষামতিশয়েন বহুঃ ভূয়িষ্ঠঃ।

২১০। কিংযত্তদাং দ্বয়োরেকস্য নির্দ্ধারণে ডতরঃ।

দুয়ের মধ্যে একের নির্দ্ধারণ বুঝাইলে কিম্, যদ্, তদ্ এই তিন প্রাতিপদিকের উত্তর ডতর হয়, ড ইৎ অতর থাকে। যথা, অনয়োঃ কতরো বৈষ্ণবঃ, অনয়োর্যতরো ব্রাহ্মণঃ ততর আগচ্ছতু।

২১১। বহূনাং ডতমঃ।

বহুর মধ্যে একের নির্দ্ধারণ বুঝাইলে ডতম হয়, ড ইৎ অতম থাকে। যথা, এষাং কতমঃ শৈবঃ, এষাং যতমঃ ক্ষত্রিয়ঃ ততমঃ প্রযাতু।

২১২। একান্যাভ্যাঞ্চ।

এক, অন্য এই দুই প্রাতিপদিকের উত্তর ডতর হয়। যথা, ভবতোরেকতরঃ পঠতু, ভবতামেকতমঃ শৃণোতু, তয়োরন্যতরো যাতঃ, তেষামন্যতমো স্থিতঃ।

২১৩। কিমেত্তিঙব্যয়াদদ্রব্যে চতরাম্ চতমামেকোৎকর্ষে।

দুই ও বহুর মধ্যে একের উৎকর্ষ বুঝাইলে, কিম্, একারান্ত ও অব্যয় শব্দের উত্তর যথাক্রমে চতরাম্ ও চতমাম্ প্রত্যয় হয়, চ ইৎ তরাম্ ও তমাম্ থাকে। যথা, কিন্তরাম্, কিন্তমাম্, প্রাহ্ণেতরাম্, প্রাহ্ণেতমাম্, উচ্চৈস্তরাম্, উচ্চৈস্তমাম্। দ্রব্য বুঝাইলে হয় না। যথা, উচ্চৈস্তরস্তরুঃ।

২১৪। প্রশংসায়াং রূপঃ।

প্রশংসা বুঝাইলে প্রাতিপদিকের উত্তর রূপ প্রত্যয় হয়। যথা, প্রশস্তো বৈয়াকরণঃ বৈয়াকরণরূপঃ, নৈয়ায়িকরূপঃ, আলঙ্কারিকরূপঃ, মীমাংসকরূপঃ।

২১৫। ঈষদূনে কল্প দেশ্য দেশীয়াঃ।

ঈষৎ ন্যূন এই অর্থ বুঝাইলে প্রাতিপদিকের উত্তর কল্প, দেশ্য, ও দেশীয় প্রত্যয় হয়। যথা, ঈষদূনো বিদ্বান্ বিদ্বৎ কল্পঃ, বিদ্বদ্দেশ্যঃ, বিদ্বদ্দেশীয়ঃ।

২১৬। তিঙন্তাৎ।

পূর্ব্বসূত্রত্রয়বিহিত প্রত্যয় সকল তিঙন্ত পদের উত্তর হয়। যথা, পঠতিতরাম্, পঠতিতমাম্, পঠতিরূপম্, পঠতিকল্পম্, পঠতিদেশ্যম্, পঠতিদেশীয়ম্।

২১৭। বা সুপো বহুচ্‌ পুরস্তাৎ।

ঈষদূন অর্থে প্রাতিপদিকের উত্তর বিকল্পে বহু প্রত্যয় হয়, ঐ প্রত্যয় প্রাতিপদিকের পুর্ব্বে যায়। যথা, ঈষদূনঃ পটুঃ বহুপটুঃ, পটুকল্পঃ, পটুদেশ্যঃ পটুদেশীয়ঃ।

২১৮। তেন তুল্যঃ স্থান স্থানীয়ৌ।

তেন তুল্যঃ, এই অর্থে প্রাতিপদিকের উত্তর স্থান ও স্থানীয় প্রত্যয় হয়। যথা, পিত্রা তুল্যঃ পিতৃস্থানঃ পিতৃস্থানীয়ঃ, ভ্রাতৃস্থানঃ ভ্রাতৃস্থানীয়ঃ, মাতৃস্থানা মাতৃস্থানীয়া মাতৃষ্বসা।

২১৯। জাতৌ জাতীয়ঃ।

জাতি অর্থে প্রাতিপদিকের উত্তর জাতীয় হয়। যথা, ব্রাহ্মণজাতীয়ঃ, ক্ষত্রিয়জাতীয়ঃ, পুরুষজাতীয়ঃ, স্ত্রীজাতীয়ঃ, বণিগ্‌জাতীয়ঃ, রজকজাতীয়ঃ, তার্কিকজাতীয়ঃ, বৈয়াকরণজাতীয়ঃ।

২২০। সংখ্যায়াঃ ক্রিয়াভ্যাবৃত্তিগণনে কৃত্বসুচ্‌।

ক্রিয়ার অভ্যাবৃত্তিগণন অর্থাৎ কত বার সেই ক্রিয়া অনুষ্ঠিত হইল তাহার গণনা বুঝাইলে সংখ্যাবাচক

প্রাতিপদিকের উত্তর কৃত্বসুচ্ হয়, উ চ ইৎ কৃত্বস্ থাকে। যথা, পঞ্চ বারান্ ভুঙ্ক্তে পঞ্চকৃত্বো ভুঙ্ক্তে, সপ্ত বারান্ স্বপিতি সপ্তকৃত্বঃ স্বপিতি, শতং বারান্ পঠতি শতকৃত্বঃ পঠতি।

২২১। দ্বি ত্রি চতুর্ভ্যঃ সুচ্।

ক্রিয়ার অভ্যাবৃত্তিগণন বুঝাইলে দ্বি, ত্রি, চতুর্ এই তিন প্রাতিপদিকের উত্তর সুচ্ হয়, উ চ ইৎ স থাকে। যথা, দ্বৌ বারৌ ভুঙ্ক্তে দ্বির্ভুঙ্ক্তে, ত্রীন্ বারান্ ভুঙ্ক্তে ত্রির্ভুঙ্ক্তে।

২২২। লোপোঽন্ত্যস্য চতুরঃ।

সুচ্ হইলে চতুর্ শব্দের অন্ত্য বর্ণের লোপ হয়। যথা, চতুরো বারান্ ভুংক্তে চতুর্ভুঙ্ক্তে।

২২৩। একস্য সকৃচ্চ।

এক এই প্রাতিপদিকের উত্তর সুচ্ হয় এবং তৎ সহিত এক স্থানে সকৃৎ হয়। যথা, একং বারং ভুঙ্ক্তে সকৃদ্ভুঙ্ক্তে, সকৃদধীতে। এস্থলে অভ্যাবৃত্তি সম্ভব নহে গণন মাত্র বুঝাইতেছে।

২২৪। বিভাষা বহোর্ধাবিপ্রকৃষ্টকালে ধাচ্।

ক্রিয়ার অভ্যাবৃত্তিগণন ও ক্রিয়ানুষ্ঠান কালের পরস্পর নৈকট্য বুঝাইলে বহু এই প্রাতিপদিকের

উত্তর বিকল্পে ধাচ্ হয়, চ ইৎ ধা থাকে; পক্ষে কৃত্বসুচ্। যথা, বহুধা দিবসস্য ভুঙ্ক্তে, বহুকৃত্বো দিবসস্য ভুঙ্ক্তে। নৈকট্য না বুঝাইলে হয় না। বহুকৃত্বো মাসস্যাগচ্ছতি।

## ২২৫। বহ্বল্পার্থাৎ বা চশস্।

বহ্বর্থ ও অল্পার্থ প্রাতিপদিকের উত্তর বিকল্পে চশস্ হয়, চ ইৎ শস্ থাকে। যথা, বহু দদাতি বহুশো দদাতি, ভূরি দদাতি ভূরিশো দদাতি, অল্পং দদাতি অল্পশো দদাতি, স্তোকং দদাতি স্তোকশো দদাতি। কারকের উত্তর হয় অন্যত্র হয় না। যথা, বহূনাং স্বামী, এস্থলে, বহুশঃ স্বামী, হইবেক না।

## ২২৬। সংখ্যৈকদেশবচনাচ্চ বীপ্সায়াম্।

বীপ্সা বুঝাইলে সংখ্যাবাচক ও একদেশ বাচক প্রাতিপদিকের উত্তর বিকল্পে চশস্ হয়। যথা, সংখ্যাবাচক—দ্বৌ দ্বৌ দদাতি দ্বিশো দদাতি, পঞ্চ পঞ্চ দদাতি পঞ্চশো দদাতি; একদেশবাচক—পাদং পাদং দদাতি পাদশো দদাতি, অর্দ্ধমর্দ্ধং দদাতি অর্দ্ধশো দদাতি।

## ২২৭। বিকারে ময়ট্।

বিকার অর্থ বুঝাইলে প্রাতিপদিকের উত্তর ময়ট্ হয়, ট ইৎ ময় থাকে। যথা, স্বর্ণস্য বিকারঃ স্বর্ণ-

मयो घटः, स्वर्णमयी प्रतिमा ; मृदो विकारः मृण्मयो घटः, मृण्मयी प्रतिमा।

२२८। हिरण्मयः।

হিরণ্ময় নিপাতনে সিদ্ধ হয়। যথা, हिरण्यस्य विकारः हिरण्मयः।

२२९। अवयवे।

অবয়ব বুঝাইলে প্রাতিপদিকের উত্তর ময়ট্ হয়। যথা, दारूण्यस्यावयवाः दारुमयमासनम्, दर्भाण्यस्यावयवाः दर्भमयो ब्राह्मणः, काष्ठान्यस्यावयवाः काष्ठमयो हस्ती, ऊर्णा अस्यावयवाः ऊर्णामयं वासः, अन्नान्यस्यावयवाः अन्नमयो यज्ञः, अपूपा अस्यावयवाः अपूपमयं श्राद्धम्।

२३०। व्याप्तौ।

ব্যাপ্তি অর্থ বুঝাইলে প্রাতিপদিকের উত্তর ময়ট্ হয়। যথা, जलेन व्याप्तं जलमयं जगत् प्रलये, रोगेन व्याप्तं रोगमयं शरीरम्, धूमेन व्याप्तं धूममयं गृहम्।

२३१। संसर्गे।

সংসর্গ বুঝাইলে প্রাতিপদিকের উত্তর ময়ট্ হয়।

যথা, তিলেন সংসৃষ্টং তিলময়ং তর্পণম্, ঘৃতেন সংসৃষ্টং ঘৃতময়ং ব্যঞ্জনম্, পাপেন সংসৃষ্টং পাপময়ং শরীরম্।

২৩২। অপৃথগ্ভাবে চ।

অপৃথগ্ভাব বুঝাইলে প্রাতিপদিকের উত্তর ময়ট্ হয়। যথা, বিষ্ণোরপৃথগ্ভূতং বিষ্ণুময়ং জগৎ, বাগ্ভ্যোঽপৃথগ্ভূতং বাঙ্ময়ং শাস্ত্রম্, চিতোঽপৃথগ্ভূতঃ চিন্ময়ঃ পুরুষঃ।

২৩৩। গোশ্চ পুরীষে।

পুরীষ বুঝাইলে গো এই প্রাতিপদিকের উত্তর ময়ট্ হয়। যথা, গোঃ পুরীষং গোময়ম্।

২৩৪। স্নেহে তৈলন্।

স্নেহ অর্থে প্রাতিপদিকের উত্তর তৈলন্ হয়, ন ইৎ তৈল থাকে। যথা, তিলস্য স্নেহঃ তিলতৈলম্, সর্ষপস্য স্নেহঃ সর্ষপতৈলম্, এরণ্ডস্য স্নেহঃ এরণ্ডতৈলম্।

২৩৫। সংখ্যায়া বিধার্থে ধাচ্।

বিধা অর্থে সংখ্যাবাচক প্রাতিপদিকের উত্তর ধাচ্ হয়। যথা, একা বিধা একধা, দ্বে বিধে দ্বিধা, তিস্রো বিধাঃ ত্রিধা, চতস্রো বিধাঃ চতুর্ধা, পঞ্চ বিধাঃ পঞ্চধা, একধা দ্বিধা ত্রিধা বা ভুঙ্ক্তে।

## ২৩৬। भावान्तरापादने च।

ভাবান্তরাপাদন অর্থাৎ অন্যথাভাবসম্পাদন অর্থেও ধাচ্ হয়। যথা, पञ्च राशीन् एकधा कुरु, एकं राशिं पञ्चधा कुरु।

## ২৩৭। ऐकध्यादयो वा।

ঐকধ্য প্রভৃতি শব্দ বিকল্পে নিপাতনে সিদ্ধ হয়। যথা, एका विधा ऐकध्यम्, द्वे विधे द्वैधं द्वेधा, तिस्रो विधाः त्रैधं त्रेधा, षड् विधाः षोढा। पक्षे एकधा इत्यादि।

## ২৩৮। पाशः कुत्सिते।

কুৎসিত বুঝাইলে প্রাতিপদিকের উত্তর পাশ প্রত্যয় হয়। যথা, कुत्सितो वैयाकरणः वैयाकरणपाशः, मीमांसकपाशः, भिषक्पाशः, वैदिकपाशः, लेखकपाशः, पाचकपाशः।

## ২৩৯। भूतपूर्व्वे चरट्।

ভূতপূর্ব্ব অর্থে প্রাতিপদিকের উত্তর চরট্ হয়, ট ই‍ৎ হয়, চর থাকে। যথা, आढ्यो भूतपूर्व्वः आढ्यचरः, दृष्टो भूतपूर्व्वः दृष्टचरः, अर्पितो भूतपूर्व्वः अर्पितचरः अधीतो भूतपूर्व्वः अधीतचरः।

২৪০। सम्बन्धे रूप्यश्च।

সম্বন্ধ বুঝাইলে ভূতপূর্ব্ব অর্থে বিকল্পে রূপ্য প্রত্যয় হয়। যথা, देवदत्तस्य भूतपूर्ब्वं देवदत्तरूप्यं देवदत्त-चरं वा भवनम्।

২৪১। एकादाकिनिरसहाये।

সহায়শূন্য বুঝাইলে এক শব্দের উত্তর আকিনি প্রত্যয় হয়, ই ইৎ আকিন্ থাকে। যথা, एक एव एकाकी।

২৪২। प्राक् टेरक् स्वार्थे।

স্বার্থ বুঝাইলে প্রাতিপদিকের টির পূর্ব্বে অক্ হয়। যথা, कन्या एव कन्यका, तारा एव तारका,।

২৪৩। बालादेरिक्।

স্বার্থ বুঝাইলে বালা প্রভৃতি প্রাতিপদিকের টির পূর্ব্বে ইক্ হয়। যথা, बाला एव बालिका, तरला एव तर-लिका, निपुणा एव निपुणिका, चतुरा एव चतुरिका, चपला एव चपलिका, लता एव लतिका, गोधा एव गोधिका।

২৪৪। अज्ञाते कन्।

অজ্ঞাত অর্থে প্রাতিপদিকের উত্তর স্বার্থে কন্ হয়,

ন ইৎ ক থাকে। যথা, কস্যায়মশ্বঃ অশ্বকঃ, উষ্ট্রকঃ, মহিষকঃ, গর্দ্দভকঃ,।

২৪৫। কুৎসিতে।

কুৎসিত অর্থে প্রাতিপদিকের উত্তর স্বার্থে কন্ হয়। যথা, কুৎসিতোঽশ্বঃ অশ্বকঃ, কুৎসিতো মহিষঃ মহিষকঃ।

২৪৬। অল্পে।

অল্প অর্থে প্রাতিপদিকের উত্তর স্বার্থে কন্ হয়। যথা, অল্পং তৈলং তৈলকম্, ক্ষীরকম্, সলিলকম্।

২৪৭। হ্রস্বে।

হ্রস্ব অর্থে প্রাতিপদিকের উত্তর স্বার্থে কন্ হয়। যথা, হ্রস্বো বৃক্ষঃ বৃক্ষকঃ, হ্রস্বঃ পটঃ পটকঃ, হ্রস্বঃ স্তম্ভঃ স্তম্ভকঃ, হ্রস্বো দণ্ডঃ দণ্ডকঃ।

২৪৮। অনুকম্পায়াম্।

অনুকম্পা অর্থে প্রাতিপদিকের উত্তর স্বার্থে কন্ হয়। যথা, অনুকম্পিতঃ পুত্রঃ পুত্রকঃ, বৎসকঃ, দুর্ব্বলকঃ।

২৪৯। সংজ্ঞায়াম্।

সংজ্ঞা অর্থে প্রাতিপদিকের উত্তর স্বার্থে কন্ হয়। যথা, করভকঃ, রোহিলকঃ, শর্ব্বিলকঃ।

২৫০। স্ত্রিয়ামন্ত্যো হ্রস্বঃ।

স্ত্রীলিঙ্গ প্রাতিপদিকের উত্তর কন্ হইলে অন্ত্য স্বর হ্রস্ব হয়। যথা, মালবী মালবিকা, সাগরী সাগরিকা, লবঙ্গী লবঙ্গিকা, মাধবী মাধবিকা, চণ্ডী চণ্ডিকা, কুষ্মাণ্ডী কুষ্মাণ্ডিকা, শেফালী শেফালিকা, মৃণালী মৃণালিকা, যূথী যূথিকা, বদরী বদরিকা, দূতী দূতিকা, কালী কালিকা, শারী শারিকা, সূচী সূচিকা।

২৫১। হ্রস্বে কুটী শমী শুণ্ডাভ্যো রঃ।

হ্রস্ব অর্থে কুটী, শমী, শুণ্ডা এই তিন প্রাতিপদিকের উত্তর র হয়। যথা, হ্রস্বা কুটী কুটীরঃ, হ্রস্বা শমী শমীরঃ, হ্রস্বা শুণ্ডা শুণ্ডারঃ।

২৫২। অশ্বোক্ষবৎসর্ষভেভ্যস্তরট্।

হ্রস্ব অর্থে অশ্ব, উক্ষন্, বৎস, ঋষভ এই চারি প্রাতিপদিকের উত্তর তরট্ হয়, ট ইৎ তর থাকে। যথা, হ্রস্বোঽশ্বঃ অশ্বতরঃ, উক্ষতরঃ, বৎসতরঃ, ঋষভতরঃ।

২৫৩। পঞ্চম্যাস্তসিল্ বা।

পঞ্চমী বিভক্তি স্থানে বিকল্পে তসিল্ হয়, ইল্ ইৎ, তস্ থাকে। যথা, গৃহাৎ গৃহতঃ, গ্রামাৎ গ্রামতঃ,

नगरात् नगरतः, सर्व्वस्मात् सर्व्वतः, विश्वस्मात् विश्वतः, उभयस्मात् उभयतः, भवतः भवत्तः, एकस्मात् एकतः, अन्यस्मात् अन्यतः, पूर्व्वस्मात् पूर्व्वतः परस्मात् परतः, दक्षिणस्मात् दक्षिणतः, उत्तरस्मात् उत्तरतः, हस्तात् हस्ततः, वृक्षात् वृक्षतः, मेघात् मेघतः, जलात् जलतः।

২৫৪। सप्तम्याश्च।

সপ্তমী স্থানে বিকল্পে তসিল্ হয়। যথা, पूर्व्वस्मिन् पर्व्वतः, दक्षिणस्मिन् दक्षिणतः, उत्तरस्मिन् उत्तरतः, प्रथमे प्रथमतः, परस्मिन् परतः, अग्रे अग्रतः, आदौ आदितः, मध्ये मध्यतः, अन्ते अन्ततः, पृष्ठे पृष्ठतः, पार्श्वयो पार्श्वतः, सर्व्वस्मिन् सर्व्वतः।

২৫৫। नित्यं पर्य्यभिभ्याम्।

পরি ও অভি উপসর্গের উত্তর নিত্য তসিল্ হয়। যথা, परितः, अभितः।

২৫৬। न हाकरुहोः।

হাক ও রুহ ধাতুর প্রয়োগে তসিল্ হয় না। যথা, स्वर्गात् हीयते, पर्व्वतादवरोहति।

২৫৭। सप्तम्यास्त्रल् वा सर्व्वनाम्नः।

সর্ব্বনাম (৩১) শব্দের সপ্তমী স্থানে বিকল্পে ত্রল্ হয়, ল ইৎ ত্র থাকে। যথা, সর্ব্বস্মিন্ সর্ব্বত্র, উভয়স্মিন্ উভয়ত্র, একস্মিন্ একত্র, অন্যস্মিন্ অন্যত্র, ইতরস্মিন্ ইতরত্র, পূর্ব্বস্মিন্ পূর্ব্বত্র, পরস্মিন্ পরত্র, অপরস্মিন্ অপরত্র।

২৫৮। অ য তা এতদ্ যত্তদাম্।

তসিল্ ও ত্রল্ হইলে এতদ্স্থানে অ, যদ্ স্থানে য ও তদ্ স্থানে ত হয়। যথা, এতস্মাৎ অতঃ, এতস্মিন্ অত্র, যস্মাৎ যতঃ, যস্মিন্ যত্র, তস্মাৎ ততঃ, তস্মিন্ তত্র।

২৫৯। কিমঃ কু।

কিম্ স্থানে কু হয়। যথা, কস্মাৎ কুতঃ, কস্মিন্ কুত্র।

২৬০। ক্ব কুহৌ।

ক্ব ও কুহ নিপাতনে সিদ্ধ হয়। যথা, কস্মিন্ ক্ব, কুহ।

২৬১। ইরিদমঃ।

ইদম্ স্থানে ই হয় (৩২)। যথা, অস্মাৎ ইতঃ।

---

(৩১) দ্বি অস্মদ্ যুস্মদ্ ভিন্ন।

(৩২) দানীম্ হইলেও হয়।

**২৬২। सप्तम्या ह:।**

সপ্তমী স্থানে হ হয়। যথা, अस्मिन् इह।

**২৬৩। इतरासामपि दृश्यन्ते।**

পঞ্চমী সপ্তমী ভিন্ন অন্যান্য বিভক্তি স্থানেও তসি ও ত্রল্ প্রত্যয় দেখিতে পাওয়া যায়। যথা, स भवान् ततोभवान् तत्रभवान्, तं भवन्तं ततोभवन्तम् तत्रभवन्तम्, तेन भवता ततोभवता तत्रभवता, तस्मै भवते ततोभवते तत्रभवते, तस्य भवतः ततोभवतः तत्रभवतः।

**২৬৪। एक सर्व्वान्य किं यत्तदां काले दा।**

কাল বুঝাইলে এক, সর্ব্ব, অন্য, কিম, যদ, তদ্ এই সকল সর্ব্বনাম শব্দের সপ্তমী স্থানে দা হয়। যথা, एकस्मिन् काले एकदा।

**২৬৫। सो वा सर्व्वस्य।**

দা হইলে সর্ব্বশব্দ স্থানে বিকল্পে স হয়। যথা, सर्व्वस्मिन् काले सदा सर्व्वदा।

**২৬৬। अन्य किं यत्तदां र्हिल् च।**

অন্য, কিম্, যদ্ ও তদ্ শব্দের সপ্তমী স্থানে র্হিল্ ও দা হয়, ল ইৎ র্হি থাকে। যথা, अन्यस्मिन् काले अन्यर्हि अन्यदा।

২৬৭। কিং যত্তদাং ক য তাঃ।

দা ও র্হিল্ হইলে কিম্ স্থানে ক, যদ্ স্থানে য ও তদ্ স্থানে ত হয় (৩৩)। যথা, কস্মিন্ কালে কর্হি কদা, যস্মিন্ কালে যর্হি যদা।

২৬৮। তদো দানীং চ।

তদ্ শব্দের সপ্তমী স্থানে দানীম্‌ও হয়। যথা, তস্মিন্ কালে তর্হি তদা তদানীম্।

২৬৯। ইদমশ্চ।

ইদম্ শব্দের সপ্তমী স্থানেও দানীম্ হয়। যথা, অস্মিন্ কালে ইদানীম্।

২৭০। অধুনৈতর্হী।

অধুনা, এতর্হি এই দুই পদ নিপাতনে সিদ্ধ হয়। যথা, অস্মিন্ কালে অধুনা, অস্মিন্ এতস্মিন্ বা কালে এতর্হি।

২৭১। এদ্যুস্ পূর্ব্বাদেরহনি।

দিন বুঝাইলে পূর্ব্ব প্রভৃতি প্রাতিপদিকের উত্তর এদ্যুস্ হয়। যথা, পূর্ব্বস্মিন্নহনি পূর্ব্বেদ্যুঃ, অন্যস্মি-

(৩৩) দানীম্ ও থাল্ হইলেও হয়।

ন্নহনি অন্যেদ্যুঃ, অপরস্মিন্নহনি অপরেদ্যুঃ, ইতরেদ্যুঃ, অন্যতরেদ্যুঃ, অধরেদ্যুঃ; উত্তরেদ্যুঃ, উভয়েদ্যুঃ (৩৪)।

**২৭২। দ্যঃ সদ্যোদ্য শ্বঃ পরেদ্যবয়ঃ।**

দন বুঝাইলে পূর্ব্ব স্থানে হ্যস্, সমান স্থানে সদ্যস্, ইদম্ স্থানে অদ্য এবং পর স্থানে শ্বস্ ও পরেদ্যবি হয়। যথা, পূর্ব্বস্মিন্নহনি হ্যঃ, সমানেঽহনি সদ্যঃ, অস্মিন্নহনি অদ্য, পরস্মিন্নহনি শ্বঃ, পরেদ্যবি।

**২৭৩। ঐষমঃ পরুত্ পরার্য্যো বর্ষে।**

বৎসর বুঝাইলে ইদম্ স্থানে ঐষমস্, পূর্ব্ব স্থানে পরুৎ এবং পূর্ব্বতর স্থানে পরারি হয়। যথা, অস্মিন্ বর্ষে ঐষমঃ, পূর্ব্বস্মিন্ বর্ষে পরুত্, পূর্ব্বতরে বর্ষে পরারি।

**২৭৪। থাচ্ প্রকারে তৃতীয়ায়াঃ।**

প্রকার অর্থে তৃতীয়া স্থানে থাচ্ হয়, চ ইৎ থা থাকে। যথা, সর্ব্বৈঃ প্রকারৈঃ সর্ব্বথা, অন্যেন প্রকারেণ অন্যথা, ইতরেণ প্রকারেণ ইতরথা, উভয়েন প্রকারেণ উভয়থা, যেন প্রকারেণ যথা, তেন প্রকারেণ তথা, অপরেণ প্রকারেণ অপরথা।

---

(৩৪) উভয় শব্দের উত্তর দ্যুস্ও হয়। যথা, উভয়স্মিন্নহনি উভয়দ্যুঃ।

২৭৫। কথমিত্থমৌ।

কথম্ ও ইত্থম্ এই দুই পদ নিপাতনে সিদ্ধ হয়। যথা, কেন প্রকারেণ কথম্, অনেন এতেন বা প্রকারেণ ইত্থম্।

২৭৬। পরাদেরস্তাৎ সপ্তমী পঞ্চমী প্রথমানাম্।

পর প্রভৃতি প্রাতিপদিকের সপ্তমী, পঞ্চমী ও প্রথমা স্থানে অস্তাৎ হয়। যথা, পরস্মিন্ পরস্মাৎ পরো বা পরস্তাৎ, পশ্চিমে পশ্চিমাৎ পশ্চিমো বা পশ্চিমস্তাৎ।

২৭৭। পশ্চাৎ।

অস্তাৎসহিত অপর শব্দ স্থানে পশ্চাৎ নিপাতনে সিদ্ধ হয়। যথা, অপরস্মিন্ অপরস্মাৎ অপরো বা পশ্চাৎ।

২৭৮। উপর্য্যুপরিষ্টাৎ।

অস্তাৎসহিত ঊর্দ্ধ্ব শব্দ স্থানে উপরি ও উপরিষ্টাৎ নিপাতনে সিদ্ধ হয়। যথা, ঊর্দ্ধ্বে ঊর্দ্ধ্বাৎ ঊর্দ্ধ্বো বা উপরি উপরিষ্টাৎ।

২৭৯। পূর্ব্বাধরাবরাণামসিস্ব।

পূর্ব্ব, অধর, অবর এই তিন প্রাতিপদিকের উত্তর সপ্তমী, পঞ্চমী ও প্রথমা স্থানে অস্তাৎ ও অসি হয়, ই ইৎ অস্ থাকে।

২৮০। पुराधावाश्चैषाम्।

অস্তাৎ ও অসি হইলে পূর্ব্ব স্থানে পুর, অধর স্থানে অধ ও অবর স্থানে অব হয়। যথা, पूर्व्वस्मिन्, पूर्व्वस्मात् पूर्व्वो वा पुरस्तात् पुरः, अधरस्मिन् अधरस्मात् अधरो वा अधस्तात् अधः।

২৮১। विभाषावरस्य।

অবর শব্দের বিকল্পে। যথা, अवरस्मिन् अवरस्मात् अवरो वा अवस्तात् अवरस्तात् अवः अवरः।

২৮২। दक्षिणोत्तराभ्यामतसुः।

দিগ্বাচক ও দেশবাচক দক্ষিণ ও উত্তর শব্দের সপ্তমী, পঞ্চমী ও প্রথমা স্থানে অতসু হয়, উ ইৎ অতস্ থাকে। যথা, दक्षिणस्मिन् दक्षिणस्मात् दक्षिणो वा दक्षिणतः, उत्तरस्मिन् उत्तरस्मात् उत्तरो वा उत्तरतः।

২৮৩। उत्तराधरदक्षिणादातिः।

উত্তর, অধর ও দক্ষিণ ইহাদের সপ্তমী, পঞ্চমী ও প্রথমা স্থানে আতি হয়, ই ইৎ আৎ থাকে। যথা,

উত্তরস্মিন্ উত্তরস্মাৎ উত্তরো বা উত্তরাৎ; অধরাৎ, দক্ষিণাৎ।

**২৮৪। এনপ্ চাদূরেঽপঞ্চম্যাঃ।**

অদূর অর্থে এনপ্ও হয়, প ইৎ এন থাকে। যথা, উত্তরস্মিন্ উত্তরো বা উত্তরেণ; অধরেণ দক্ষিণেন। পঞ্চমী স্থানে হয় না।

**২৮৫। দক্ষিণোত্তরয়োরাদাহী চ।**

দক্ষিণ ও উত্তর শব্দের সপ্তমী ও প্রথমা স্থানে আৎ ও আহি হয়, ত ইৎ আ থাকে। যথা, দক্ষিণা দক্ষিণাহি, উত্তরা উত্তরাহি।

**২৮৬। ভবে কালাব্যয়েভ্যস্তনষ্।**

ভব অর্থে কালবাচী অব্যয় শব্দের উত্তর তনষ্ হয়, ষ ইৎ তন থাকে। যথা, অদ্য ভবম্ অদ্যতনম্, প্রাতর্ভবং প্রাতস্তনম্, সায়ং ভবং সায়ন্তনম্, দোষাতনম্, দিবাতনম্, পুরাতনম্, চিরন্তনম্, সদাতনম্, অধুনাতনম্, ইদানীন্তনম্, তদানীন্তনম্।

**২৮৭। প্রাহ্ণে প্রগেভ্যাঞ্চ।**

প্রাহ্ণে ও প্রগে এই দুই সপ্তম্যন্তের উত্তরও হয়। যথা, প্রাহ্ণেতনম্, প্রগেতনম্।

২৮৮। বিভাষা পূর্ব্বাহ্লাপরাহ্লাভ্যাম্।

সপ্তম্যন্ত পূর্ব্বাহ্ণ ও অপরাহ্ণ শব্দের উত্তর বিকল্পে তনষ্ হয়। যথা, পূর্ব্বাহ্লে ভবং পূর্ব্বাহ্লেতনম্ পৌর্ব্বাহ্লিকম্, অপরাহ্লে ভবম্ অপরাহ্লেতনম্ আপরাহ্লিকম্।

২৮৯। নিত্যমূর্দ্ধাদেঃ।

ঊর্দ্ধ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর নিত্য তনষ্ হয়। যথা, ঊর্দ্ধ্বং ভবঃ ঊর্দ্ধ্বতনঃ, উপরি ভবঃ উপরিতনঃ, অধো ভবঃ অধস্তনঃ, প্রাক্ ভবঃ প্রাক্তনঃ, পূর্ব্বং ভবঃ পূর্ব্বতনঃ।

২৯০। আদিমধ্যাভ্যাং মন্।

আদি, মধ্য এই দুই প্রাতিপদিকের উত্তর মন্ হয়, ন ইৎ ম থাকে। যথা, আদৌ ভবঃ আদিমঃ, মধ্যে ভবঃ মধ্যমঃ।

২৯১। অগ্রান্তপশ্চাদ্ভ্যো ডিমঃ।

অগ্র, অন্ত, পশ্চাৎ এই তিন প্রাতিপদিকের উত্তর ডিম হয়, ড ইৎ ইম থাকে। যথা, অগ্রে ভবঃ অগ্রিমঃ, অন্তে ভবঃ অন্তিমঃ, পশ্চাৎ ভবঃ পশ্চিমঃ।

২৯২। চির পরুৎ পরারিভ্যস্ত্নঃ।

চির, পরুৎ, পরারি এই তিনের উত্তর ত্ন হয়। যথা, চিরত্নঃ, পরুত্নঃ, পরারিত্নঃ।

২৯৩। দক্ষিণা পশ্চাৎ পুরসস্ত্যণ্।

দক্ষিণা, পশ্চাৎ ও পুরস্ এই তিনের উত্তর ত্যণ্ হয়, ণ ইৎ ত্য থাকে। যথা, দাক্ষিণাত্যঃ, পাশ্চাত্তঃ, পৌরস্ত্যঃ।

২৯৪। অমেহ ক্ব তসি ত্রল্‌ভ্যস্ত্যঃ।

অমা, ইহ, ক্ব এবং তসিল্ ও ত্রল্ প্রত্যয়ান্ত ইহাদের উত্তর ত্য হয়। যথা, অমাত্যঃ, ইহত্যঃ, ক্বত্যঃ; তসিল্ প্রত্যয়ান্ত—ততস্ত্যঃ, অতস্ত্যঃ, কুতস্ত্যঃ ; ত্রল্ প্রত্যয়ান্ত—তত্রত্যঃ, অত্রত্যঃ, কুত্রত্যঃ।

২৯৫। কিমশ্চিচ্চনৌ বিভক্ত্যন্তাৎ।

বিভক্ত্যন্ত কিম্ শব্দের উত্তর চিৎ ও চন হয়। যথা, কশ্চিৎ, কিঞ্চিৎ, কাশ্চিৎ, কেনচিৎ, কস্মৈচিৎ, কস্মাচ্চিৎ, কস্যচিৎ, কস্মিংশ্চিৎ, কুতশ্চিৎ, ক্বচিৎ, কুত্রচিৎ ; কশ্চন, কিঞ্চন, কাশ্চন, কুতশ্চন, ক্বচন, কুত্রচন।

২৯৬। কৃভ্বস্তিযোগেঽভূততদ্ভাবে চ্বিঃ।

কৃ, ভূ ও অস্ ধাতুর যোগে অভূততদ্ভাব (৩৫) অর্থে প্রাতিপদিকের উত্তর চ্বি হয়, চ্বির সমুদায় ইৎ কিছুই থাকে না।

---

(৩৫) অভূতের তদ্ভাব অর্থাৎ যে যেরূপ না থাকে তাহার সেই রূপ হওয়া, যেমন যে বস্তু শুক্ল না থাকে তাহার শুক্ল হওয়া।

২৯৭। दीर्घोऽन्त्यः।

অভূততদ্ভাব অর্থে প্রত্যয় হইলে প্রাতিপদিকের অন্তস্থিত হ্রস্ব স্বর দীর্ঘ হয়। যথা, अलघुं लघुं करोति लघूकरोति, अलघुर्लघुर्भवति लघूभवति, अलघुर्लघुः स्यात् लघूस्यात्।

২৯৮। ईरकारस्य।

অভূততদ্ভাব অর্থে প্রত্যয় হইলে প্রাতিপদিকের অন্তস্থিত অকার স্থানে ঈ হয়। যথা, अशुक्लं शुक्लं करोति शुक्लीकरोति, अशुक्लः शुक्लो भवति शुक्लीभवति, अशुक्लः शुक्लः स्यात् शुक्लीस्यात्।

২৯৯। रीर्ऋकारस्य।

অভূততদ্ভাব অর্থে প্রত্যয় হইলে প্রাতিপদিকের অন্তস্থিত ঋকার স্থানে রী হয়। যথা, अश्रोतारं श्रोतारं करोति श्रोत्रीकरोति, श्रोत्रीभवति, श्रोत्रीस्यात्।

৩০০। लोपोऽरुसादेरन्त्यस्य।

অভূততদ্ভাব অর্থে প্রত্যয় হইলে অরুস্, মনস্, চক্ষুস্, চেতস্, রহস্, রজস্ ইহাদের অন্ত্য বর্ণের লোপ হয়। যথা, अरूकरोति, अरूभवति, अरूस्यात्; विमनीकरोति, विमनीभवति, विमनीस्यात्; उच्चक्षू-

करोति, उच्चक्षूभवति, उच्चक्षूस्यात्; सुचेतीकरोति, सुचेतीभवति, सुचेतीस्यात्; विरहीकरोति, विरहीभवति, विरहीस्यात्; विरजीकरोति विरजीभवति, विरजीस्यात्।

### ৩০১। विभाषा सातिच् कार्त्स्न्ये।

কাৎস্ন্র্য (৩৬) বুঝাইলে অভূততদ্ভাব অর্থে কৃ, ভূ, অস্ ধাতু যোগে বিকল্পে সাতিচ্ হয়, ই চ ইৎ সাৎ থাকে। যথা, कृत्स्नं लवणं जलं करोति, जलसात् करोति, कृत्स्नं लवणं जलं भवति जलसाद्भवति, कृत्स्नं लवलं जलं स्यात् जलसात् स्यात्; भस्मसात् करोति, भस्मसाद्भवति, भस्मसात् स्यात्। পক্ষে চ্বি। যথা, जलीकरोति, जलीभवति, जलीस्यात्; भस्मीकरोति, भस्मीभवति, भस्मीस्यात्।

### ৩০২। अभिविधौ संपदा च।

অভিবিধি (৩৭) বুঝাইলে অভূততদ্ভাব অর্থে কৃ, ভূ, অস্ ও সংপূর্ব্বক পদ্ ধাতুর যোগে বিকল্পে সাতিচ্ হয়। যথা, अग्निसात् करोति, अग्निसाद्भवति, अग्निसात् स्यात्, अग्निसात् सम्पद्यते। পক্ষে চ্বি। যথা,

---

(৩৬) एकस्या व्यक्तेः सर्व्वावयवावच्छेदेनान्यथाभावः कार्त्स्न्यम्।

(৩৭) बहूनां व्यक्तीनां किञ्चिदवयवावच्छेदेनान्यथाभावोऽभिविधिः।

অগ্নীকরোতি, অগ্নীভবতি, অগ্নীস্যাৎ, অগ্নীসম্পদ্যতে।

৩০৩। অধীনতায়াঞ্চ।

অধীনতা অর্থেও হয়। যথা, রাজ্ঞোঽধীনং করোতি, রাজসাৎকরোতি, রাজ্ঞোঽধীনং ভবতি রাজসাদ্ভবতি, রাজ্ঞোঽধীনং স্যাৎ রাজসাৎ স্যাৎ, রাজ্ঞোঽধীনং সম্পদ্যতে রাজসাৎ সম্পদ্যতে। পক্ষে চ্বি। যথা, রাজীকরোতি, রাজীভবতি, রাজীস্যাৎ, রাজীসম্পদ্যতে।

৩০৪। দেয়ে ত্রাচ্ চ।

দেয় বুঝাইলে কৃ, ভূ, অস্ ও সম্পূর্ব্বক পদ্ ধাতুর যোগে সাতিচ্ ও ত্রাচ্ হয়। যথা, ব্রাহ্মণায় দেয়ং করোতি, ব্রাহ্মণসাৎ করোতি, ব্রাহ্মণত্রা করোতি; ব্রাহ্মণসাদ্ভবতি, ব্রাহ্মণত্রা ভবতি; ব্রাহ্মণসাৎ স্যাৎ, ব্রাহ্মণত্রা স্যাৎ; ব্রাহ্মণসাৎ সম্পদ্যতে, ব্রাহ্মণত্রা সম্পদ্যতে।

৩০৫। কৃঞো দ্বিতীয়াদেঃ কৃষৌ ডাচ্।

কৃ ধাতুর যোগে দ্বিতীয়, তৃতীয়, শম্ব, বীজ এই সকল প্রাতিপদিকের উত্তর কর্ষণ অর্থে ডাচ্ হয়, ড চ ইৎ আ থাকে। যথা, দ্বিতীয়াকরোতি, তৃতীয়াকরোতি; দ্বিতীয়ং তৃতীয়ং কর্ষণং করোতীত্যর্থঃ; শম্বা-

করোতি, অনুলোমকৃষ্টং ক্ষেত্রং প্রতিলোমং কর্ষতীত্যর্থঃ ; বীজাকরোতি, বীজেন সহ কর্ষতীত্যর্থঃ ।

**৩০৬ । সংখ্যায়াশ্চ গুণান্তায়াঃ ।**

গুণ শব্দ অন্তে থাকিলে সংখ্যাবাচক শব্দের উত্তর কৃ ধাতুযোগে কর্ষণ অর্থে ডাচ্ হয় । যথা, দ্বিগুণা করোতি ত্রিগুণা করোতি ক্ষেত্রং দ্বিগুণং ত্রিগুণং কর্ষতীত্যর্থঃ ।

**৩০৭ । সময়াচ্চ যাপনায়াম্ ।**

যাপন বুঝাইলে সময় শব্দের উত্তর ডাচ্ হয় । যথা, সময়া করোতি, কালং যাপয়তীত্যর্থঃ ।

**৩০৮ । সপত্রনিষ্পত্রাদ্ ব্যথনে ।**

ব্যথন অর্থে সপত্র, নিষ্পত্র এই দুই প্রাতিপদিকের উত্তর ডাচ্ হয় । যথা, সপত্রা করোতি মৃগং ব্যাধঃ, সপত্রং শরমস্য শরীরে প্রবেশয়ন্ ব্যথয়তীত্যর্থঃ ; নিষ্পত্রা করোতি, শরীরাৎ শরমপরপার্শ্বে নিষ্ক্রাময়ন্ ব্যথয়তীত্যর্থঃ ।

**৩০৯ । নিষ্কুলান্নিষ্কোষণে ।**

নিষ্কোষণ (৩৮) অর্থে নিষ্কুল এই প্রাতিপদিকের উত্তর ডাচ্ হয় । যথা, নিষ্কুলা করোতি দাড়িমম্, দাড়িমস্য অন্তরবয়বান্ বহির্নিঃসারয়তীত্যর্থঃ ।

(৩৮) কোষ হইতে বহিষ্করণ ।

৩১০। সুখপ্রিয়াদানুলোম্যে।

আনুলোম্য অর্থে সুখ, প্রিয় এই দুই প্রাতিপদিকের উত্তর ডাচ্ হয়। যথা, সুখাকরোতি প্রিয়াকরোতি মিত্রম্, অনুকূলাচরণেনানন্দয়তীত্যর্থঃ।

৩১১। দুঃখাৎ প্রাতিলোম্যে।

প্রাতিলোম্য বুঝাইলে দুঃখ এই প্রাতিপদিকের উত্তর ডাচ্ হয়। যথা, দুঃখাকরোতি ভৃত্যঃ, স্বামিনং পীড়য়তীত্যর্থঃ।

৩১২। শূলাৎ পাকে।

পাক অর্থে শূল এই প্রাতিপদিকের উত্তর ডাচ্ হয়। যথা, শূলাকরোতি মাংসম্, শূলেন পচতীত্যর্থঃ।

৩১৪। সত্যাদশপথে।

শপথ ভিন্ন অর্থে সত্য এই প্রাতিপদিকের উত্তর ডাচ্ হয়। যথা, সত্যাকরোতি ভাণ্ডং বণিক্, ক্রেতব্যমিতি প্রতিজানীতে ইত্যর্থঃ।

৩১৩। মদ্রাৎ পরিবাপণে।

মুণ্ডন অর্থে মদ্র শব্দের উত্তর ডাচ্ হয়। যথা, মদ্রাকরোতি, মাঙ্গল্যং মুণ্ডনং করোতীত্যর্থঃ।

## স্ত্রীপ্রত্যয়।

১। স্ত্রিয়াম্।

এই প্রকরণে যে সকল কার্য্য বিহিত হইতেছে তাহা স্ত্রীলিঙ্গে বুঝিতে হইবেক।

২। অদন্তাদাপ্।

অকারান্ত প্রাতিপদিকের উত্তর আপ্ হয়, প ইৎ আ থাকে। যথা, কৃশা, দীনা, মলিনা, কৃপণা, ক্রূরা, সরলা, অবলা, প্রবলা, অচলা, নিপুণা, চতুরা, তরলা, চপলা, প্রিয়া, কান্তা, দক্ষিণা, উত্তরা, পূর্ব্বা, পশ্চিমা, প্রথমা, দ্বিতীয়া, তৃতীয়া, অনুকূলা, প্রতিকূলা, মনোহরা।

৩। আপি প্রত্যয়স্থাৎ কাৎ পূর্ব্বস্যাত ইৎ।

আপ্ হইলে প্রত্যয়স্থিত ককারের পূর্ব্ববর্ত্তী আকার স্থানে ইকার হয়। যথা, নায়িকা, পাচিকা, নাটিকা, পালিকা, কারিকা, বোধিকা, রোধিকা, সাধিকা।

৪। নাষ্টকাদেঃ।

অষ্টকা প্রভৃতির ককারের পূর্ব্ববর্ত্তী অকারস্থানে ইকার হয় না। যথা, অষ্টকা, অধিত্যকা, উপত্যকা।

## ৫। ঈপি লোপোঽবর্ণস্য।

ঈপ্ হইলে প্রাতিপদিকের অন্তস্থিত অবর্ণের লোপ হয়।

## ৬। ঈপ্ গৌরাদিভ্যঃ।

গৌর প্রভৃতি অকারান্ত প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয়, প ইৎ ঈ থাকে। যথা, গৌরী, কুমারী, কিশোরী, সুন্দরী, তরুণী, পিতামহী, মাতামহী, নদী, নটী, নটী, পটী, কদলী, স্থলী, কালী, নাগী, পিপ্পলী, মণ্ডলী, বল্লকী, সল্লকী, মালতী, বেতসী, অতসী, দেহলী, আমলকী, তূণী, দ্রোণী, বদরী, কবরী, শষ্কুলী, সূচী, যূথী, বৃহতী, মহতী।

## ৭। জাতৌ জাতেরদন্তাদীপ্।

জাতি বুঝাইলে জাতিবাচী অকারান্ত প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয়। যথা, সিংহী, ব্যাঘ্রী, ভল্লকী, মৃগী, হরিণী, কুরঙ্গী, গর্দ্দভী, শূকরী, কুক্কুরী, জম্বুকী, শৃগালী, বিড়ালী, ঘোটকী, মহিষী, হংসী, সারসী, বকী, কাকী, চক্রবাকী, টিট্টিভী, মানুষী, ব্রাহ্মণী, বৃষলী, গোপী, চণ্ডালী, নিষাদী, পিশাচী, রাক্ষসী, নিশাচরী।

৮। নাজাদেঃ।

জাতি বাচীর মধ্যে অজপ্রভৃতি প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয় না। যথা, অজা, কোকিলা, চটকা, ক্রুঞ্চা, অশ্বা, মূষিকা, বলাকা, মক্ষিকা, পুত্তিকা, বর্ত্তিকা, বালা, বৎসা, মন্দা, জ্যেষ্ঠা, কনিষ্ঠা, শূদ্রা। মহৎ শব্দ পূর্ব্বে থাকিলে হয়। যথা, মহাশূদ্রী।

৯। ন যোপধাদ্ গবয়াদিবর্জ্জাৎ।

যে সকল জাতিবাচী প্রাতিপদিকের উপধাস্থলে য থাকে, তাহাদের উত্তর ঈপ্ হয় না। যথা, বৈশ্যা। গবয়, হয়, মুকয়, মৎস্য, মনুষ্য ইহাদের হয়। যথা, গবয়ী, হয়ী, মুকয়ী।

১০। লোপো মৎস্যমনুষ্যয়োর্যস্য।

ঈপ্ হইলে মৎস্য ও মনুষ্য শব্দের য লোপ হয়। যথা, মৎসী, মনুষী।

১১। ঋদন্তাদীপ্।

ঋকারান্ত প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয়। যথা, যথা, দাত্রী, ধাত্রী, কর্ত্রী, গন্ত্রী, হন্ত্রী, জনয়িত্রী, প্রসবিত্রী।

১২। ন স্বস্রাদেঃ।

ঋকারান্তের মধ্যে স্বস্থ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয় না। যথা, স্বসা, মাতা, দুহিতা, যাতা, ননান্দা, তিস্রঃ, চতস্রঃ।

১৩। নান্তাদীপ্।

নকারান্ত প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয়। যথা, কামিনী, যামিনী, মানিনী, মায়াবিনী, মেধাবিনী, তপস্বিনী, বিলাসিনী, অধিকারিণী, অনুগামিনী, উপকারিণী, অনুরাগিণী, প্রিয়বাদিনী, মনোহারিণী।

১৪। উপধায়া লোপোঽনঃ।

ঈপ্ হইলে অন্ ভাগান্ত প্রাতিপদিকের উপধার লোপ হয়। যথা, রাজ্ঞী। উপধা মসংযুক্ত অথবা বসংযুক্ত বর্ণে মিলিত থাকিলে হয় না।

১৫। ন সংখ্যায়াঃ।

নকারান্তের মধ্যে সংখ্যাবাচী প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয় না। যথা, পঞ্চ, সপ্ত, অষ্ট, নব, দশ।

১৬। ন মনন্তাৎ।

নকারান্তের মধ্যে মন্ ভাগান্ত প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয় না। যথা, সীমা, দামা, সুদামা, অতিমহিমা।

১৭। নানল্লাদ্বহুব্রীহৌ।

বহুব্রীহি সমাস হইলে অন্ ভাগান্ত প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয় না। যথা, বহূনি সন্ত্যস্যাঃ পর্ব্বাণি বহুপর্ব্বা বেণুযষ্টিঃ।

১৮। বিভাষা ডাপ্।

বহুব্রীহি সমাস হইলে অন ভাগান্ত প্রাতিপদিকের উত্তর বিকল্পে ডাপ্ হয়, ড ইৎ আপ্ থাকে। যথা, বহুপর্ব্বা, বহুপর্ব্বে, বহুপর্ব্বাঃ ; পক্ষে, বহুপর্ব্বা, বহুপর্ব্বাণৌ, বহুপর্ব্বাণঃ।

১৯। ঈপ্ চোপধালোপিনো বা।

যে সকল অনন্ত প্রাতিপদিকের উপধার লোপ হইতে পারে বহুব্রীহি সমাস হইলে তাহাদের উত্তর বিকল্পে ডাপ্ ও ঈপ্ হয়। যথা, বহবঃ সন্ত্যত্র রাজানঃ বহুরাজা বহুরাজে বহুরাজাঃ, বহুরাজ্ঞী বহুরাজ্ঞ্যৌ বহুরাজ্ঞ্যঃ ; পক্ষে, বহুরাজা বহুরাজানৌ বহুরাজানঃ।

২০। যুবত্যাদয়ঃ।

যুবতি প্রভৃতি নিপাতনে সিদ্ধ হয়। যথা, যুবন্ যুবতিঃ যুবতী যূনী, শ্বন্ শুনী, মঘবন্ মঘোনী মঘবতী।

২১। উদৃদ্ধামীপ্।

উকারেৎ ও ঋকারেৎ প্রত্যয় নিষ্পন্ন প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয়। যথা, উকারেৎ—ভবতী, যাবতী, তাবতী, ইয়তী, কিয়তী, শ্রীমতী, বুদ্ধিমতী, পুত্রবতী, লজ্জাবতী, বলবতী, প্রভাবতী, ইন্দুমতী, কৃতবতী, লব্ধবতী, হৃষ্টবতী, প্রেয়সী, শ্রেয়সী, গরীয়সী, লঘীয়সী, কনীয়সী, সাধীয়সী। ঋকারেৎ—সতী, দদতী, ঘ্নসতী, সাম্নতী, স্থখতী, চিন্বতী, দ্বিষতী, ব্রুবতী, দদতী, বিভ্রতী, কুর্ব্বতী, মৃত্নতী, জানতী।

২২। ভূদিবাদ্যোঃ শতুর্নুন্।

ঈপ্ হইলে ভ্বাদি ও দিবাদি গণীয় ধাতুর উত্তর বিহিত শতৃ প্রত্যয় স্থানে নুন্ হয়, উ ন ইৎ ন থাকে, ন পূর্ব্ববর্ত্তী হইয়া তকারে মিলিত হয়। যথা, ভ্বাদিগণীয়—ভবন্তী, ধাবন্তী, গচ্ছন্তী, পঠন্তী, পতন্তী, তিষ্ঠন্তী, চলন্তী, পশ্যন্তী, কারয়ন্তী, স্মারয়ন্তী, স্থাপয়ন্তী, পালয়ন্তী, চিকীর্ষন্তী। দিবাদিগণীয়—দীব্যন্তী, নশ্যন্তী, নৃত্যন্তী, জীর্য্যন্তী, মুহ্যন্তী।

২৩। বা তুদাদেঃ।

তুদাদিগণীয়ের বিকল্পে। যথা, তুদন্তী তুদতী,

इच्छन्ती इच्छती, पृच्छन्ती पृच्छती, स्पृशन्ती स्पृशती, सिञ्चन्ती सिञ्चती ।

## २४ । अदादेश्चादन्तस्य ।

অদাদিগণীয় আকারান্তের বিকল্পে। যথা, यान्ती याती, मान्ती माती, भान्ती भाती, स्नान्ती स्नाती ।

## २५ । विभाषा स्यतुः ।

ঈপ্ হইলে স্যতৃপ্রত্যয় স্থানে বিকল্পে নুন্ হয়। যথা, भविष्यन्ती भविष्यती, करिष्यन्ती करिष्यती, दास्यन्ती दास्यती, यास्यन्ती यास्यती ।

## २६ । टित् षिद्भ्यामीप् ।

টকারেৎ ও ষকারেৎ প্রত্যয় নিষ্পন্ন প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয়। যথা, টকারেৎপ্রত্যয়নিষ্পন্ন—गायनी, कर्म्मकरी, अर्थकरी, यशस्करी, निशाचरी, सुरापी, भयङ्करी, क्षेमङ्करी, प्रियङ्करणी, अन्धङ्करणी, चतुर्थी, पञ्चमी, षष्ठी, सप्तमी, अष्टमी, नवमी, दशमी, एकादशी, द्वादशी, त्रयोदशी, चतुर्द्दशी, पञ्चदशी, षोड़शी, द्वयी, त्रयी, चतुष्टयी, दयामयी, स्वर्णमयी, रूप्यमयी, हिरण्मयी। षकारेৎপ্রত্যয়নিষ্পন্ন—नर्त्तकी, रजकी, मानवी, वैष्णवी, तावकी, मामकी, द्रौपदी, पाञ्चाली, मागधी,

মৈথিলী, পার্ব্বতী, চাতুরী, মাধুরী, ভাগিনেয়ী, পৌত্রী, দৌহিত্রী, দৌবারিকী, ঈদৃশী, তাদৃশী, যাদৃশী, কীদৃশী, সদৃশী এতাদৃশী, অন্যাদৃশী।

২৭। ঈপি লোপো হলাৎ ষ্যণঃ।

ঈপ্ হইলে হল্ বর্ণের অব্যবহিত পরবর্ত্তী ষ্যণ্ প্রত্যয়ের লোপ হয়। যথা, গার্গ্য, গার্গী, বাৎস্য বাৎসী, আগস্ত্য আগস্তী, পৌলস্ত্য পৌলস্তী, জামদগ্ন্য জামদগ্নী, জাতূকর্ণ্য জাতূকর্ণী, বাভ্রব্য বাভ্রবী, মাণ্ডব্য মাণ্ডবী, মৌদ্গল্য মৌদ্গলী, কৌণ্ডিন্য কৌণ্ডিনী।

২৮। প্রাগাদেরীপ্।

প্রাচ্ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয়। যথা, প্রাচী, অবাচী, প্রত্যঞ্চী, উদঞ্চী, তির্য্যঞ্চী।

২৯। প্রতীচ্যাদয়ঃ।

প্রতীচী প্রভৃতি নিপাতনে সিদ্ধ হয়। যথা, প্রত্যচ্ প্রতীচী, উদচ্ উদীচী, তির্য্যচ্ তিরশ্চী।

৩০। জাতেরদন্তাজ্জায়ায়াম্।

জায়া অর্থে জাতিবাচী অকারান্ত প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয়। যথা, ব্রাহ্মণস্য জায়া ব্রাহ্মণী,

শূদ্রস্য জায়া শূদ্রী, গোপস্য জায়া গোপী, গণকস্য জায়া গণকী, নাপিতস্য জায়া নাপিতী, নিষাদস্য জায়া নিষাদী।

৩১। ন পালকান্তাৎ।

পালক অন্তে থাকে এরূপ জাতিবাচী অকারান্ত প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয় না। যথা, গোপালকস্য জায়া গোপালিকা, পশুপালকস্য জায়া পশুপালিকা।

৩২। ভবাদেরানীপৌ।

জায়া অর্থে ভব প্রভৃতি (৩৬) প্রাতিপদিকের উত্তর আন্ ও ঈপ্ হয়। যথা, ভবস্য জায়া ভবানী, সর্ব্বস্য জায়া সর্ব্বাণী, রুদ্রস্য জায়া রুদ্রাণী, মৃড়স্য জায়া মৃড়ানী, ইন্দ্রস্য জায়া ইন্দ্রাণী, বরুণস্য জায়া বরুণানী।

৩৩। নলোপো ব্রহ্মণঃ।

আন্ হইলে ব্রহ্মন্ শব্দের নকারের লোপ হয়। যথা, ব্রহ্মণো জায়া ব্রহ্মাণী।

---

(৩৬) ভব, সর্ব্ব, রুদ্র, মৃড়, ইন্দ্র, বরুণ, ব্রহ্মন্, মাতুল, ক্ষত্রিয়, অর্য্য, উপাধ্যায়, আচার্য্য।

৩৪। মাতুলাদান্ বিভাষা।

মাতুল শব্দের উত্তর বিকল্পে আন্ হয়। যথা, মাতুলস্য জায়া মাতুলানী মাতুলী।

৩৫। বা ক্ষত্রিয়াদেরীপ্।

ক্ষত্রিয় প্রভৃতি প্রাতিপদিকের উত্তর বিকল্পে ঈপ্ হয়। যথা, ক্ষত্রিয়স্য জায়া ক্ষত্রিয়াণী ক্ষত্রিয়া, অর্য্যস্য জায়া অর্য্যাণী অর্য্যা, উপাধ্যায়স্য জায়া উপাধ্যায়ানী উপাধ্যায়া, আচার্য্যস্য জায়া আচার্য্যানী (৩১) আচার্য্যা।

৩৬। অর্থবিশেষে হিমাদেঃ।

অর্থবিশেষে হিম, অরণ্য, যব, যবন এই চারি প্রাতিপাদিকের উত্তর আন্ ও ঈপ্ হয়। যথা, মহৎ হিমম্ হিমানী, মহদরণ্যম্ অরণ্যানী, দুষ্টো যবঃ যবানী, যবনানাং লিপিঃ যবনানী।

৩৭। বা শোণাদেরীপ্।

শোণ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর বিকল্পে ঈপ্ হয়। যথা, শোণী শোণা, চণ্ডী চণ্ডা, অরালী অরালা, কৃপণী কৃপণা, কল্যাণী কল্যাণা, পুরাণী

---

(৩১) ন মূর্দ্ধন্য হয় না।

পুরাণা, ভদারী ভদারা, বিকটী বিকটা, বিশালী বিশালা, বিসঙ্কটী বিসঙ্কটা।

৩৮। অবয়বাদ্বহুব্রীহৌ।

বহুব্রীহি সমাস হইলে অবয়ববাচক প্রাতিপদিকের উত্তর বিকল্পে ঈপ্ হয়। যথা, চন্দ্রমুখী চন্দ্রমুখা, সুকেশী সুকেশা, তাম্রনখী তাম্রনখা।

৩৯। ন সংজ্ঞায়াং নখমুখাভ্যাম্।

সংজ্ঞা বুঝাইলে নখ, মুখ এই দুই প্রাতিপতিকের উত্তর ঈপ্ হয় না। যথা, শূর্পণখা, গৌরমুখা।

৪০। ন ক্রোড়াদেঃ।

ক্রোড় প্রভৃতি অবয়ববাচক প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয় না। যথা, সুক্রোড়া, তীক্ষ্ণখুরা, চারুশিখা, দীর্ঘশফা।

৪১। ন সংযুক্তোপধাদঙ্গাদিবর্জ্জাৎ।

যে সকল অবয়ববাচক প্রাতিপদিকের উপধা স্থলে সংযুক্ত বর্ণ থাকে, তাহাদের উত্তর ঈপ্ হয় না। যথা, মৃগনেত্রা, চারুগুল্ফা, লোলজিহ্বা। অঙ্গপ্রভৃতির উত্তর হয়। যথা, কৃশাঙ্গী কৃশাঙ্গা, মৃদুগাত্রী মৃদুগাত্রা, বিম্বোষ্ঠী বিম্বোষ্ঠা, কোকিলকণ্ঠী কোকিল-

কণ্ঠা, কুন্দদন্তী কুন্দদন্তা, চারুকর্ণী চারুকর্ণা, দীর্ঘজঙ্ঘী দীর্ঘজঙ্ঘা, সমপুচ্ছী সমপুচ্ছা, তীক্ষ্ণশৃঙ্গী তীক্ষ্ণশৃঙ্গা।

৪২। ন দ্ব্যধিকস্বরান্নাসিকোদরবর্জ্জাৎ।

যে সকল অবয়ব বাচক প্রাতিপদিকে দুয়ের অধিক স্বরবর্ণ থাকে তাহাদের উত্তর ঈপ্ হয় না। যথা, মৃগনয়না, চন্দ্রবদনা, চারুদশনা, পৃথুজঘনা, লোলরসনা। নাসিকা ও উদরের উত্তর হয়। যথা, তুঙ্গনাসিকী তুঙ্গনাসিকা, কৃশোদরী কৃশোদরা।

৪৩। ন সহ নঞ্ বিদ্যমানপূর্ব্বাৎ।

সহ, নঞ্, বিদ্যমান পূর্ব্বে থাকিলে অবয়ববাচক প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয় না। যথা, সকেশা, অকেশা, বিদ্যমানকেশা।

৪৪। নিত্যমূধসষ্টেশ্চনঃ।

বহুব্রীহি সমাস হইলে ঊধস্ শব্দের উত্তর নিত্য ঈপ্ ও টি স্থানে ন হয়। যথা, পীনমস্যা ঊধঃ পীনোধ্নী, ঘটবদস্যা ঊধঃ ঘটোধ্নী, দ্বিবিধমস্যা ঊধঃ দ্বিবিধোধ্নী, অতি অস্যা ঊধঃ অত্যধ্নী।

৪৫। দামহায়নাভ্যাং সংখ্যায়াঃ।

বহুব্রীহি সমাস হইলেও সংখ্যাবাচক শব্দ পূর্ব্বে থাকিলে দামন্, হায়ন এই দুই প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয়। যথা, দ্বে অস্যা দাম্নী দ্বিদাম্নী, ত্রীণ্যস্যা দামানি ত্রিদাম্নী, দ্বাবস্যা হায়নৌ দ্বিহায়নী, ত্রিহায়ণী, চতুর্হায়ণী গৌঃ। হায়ন শব্দ বয়োবাচক না হইলে ঈপ্ ও ণত্ব হয় না। যথা, দ্বিহায়না, ত্রিহায়না, চতুর্হায়না শালা।

৪৬। ইদন্তাদ্বিভাষা।

ইকারান্ত প্রাতিপদিকের উত্তর বিকল্পে ঈপ্ হয়। যথা, শ্রেণী শ্রেণিঃ, রাজী রাজিঃ, আলী আলিঃ, কটী কটিঃ, রাত্রী রাত্রিঃ, রজনী রজনিঃ, শারী শারিঃ, যষ্টী যষ্টিঃ, অহী অহিঃ, কপী কপিঃ, মুনী মুনিঃ, মর্কটী মর্কটিঃ।

৪৭। নিত্যং সখ্যুঃ।

সখি শব্দের নিত্য। যথা, সখী।

৪৮। ন ক্তেঃ।

ক্তি প্রত্যয় নিষ্পন্ন ইকারান্ত প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয় না। যথা, গতিঃ, স্থিতিঃ, কৃতিঃ, মতিঃ, ভক্তিঃ, মুক্তিঃ, যুক্তিঃ, বুদ্ধিঃ।

৪৯। বা শক্তিপদ্ধতিভ্যাম্।

শক্তি ও পদ্ধতি শব্দের উত্তর বিকল্পে। যথা, শক্তী শক্তিঃ (৩৮), পদ্ধতী পদ্ধতিঃ।

৫০। পত্যুর্নো যজ্ঞসংযোগে।

যজ্ঞসংযোগ অর্থাৎ যজ্ঞের ফলভাগিত্ব বুঝাইলে পতি এই প্রাতিপদিকের উত্তর ঈপ্ ও ইকার স্থানে ন হয়। যথা, বশিষ্ঠস্য পত্নী বশিষ্টানুষ্ঠিতযজ্ঞফল-ভোক্ত্রীত্যর্থঃ। গ্রামস্য পতিরিয়ম্, এস্থলে পতি শব্দের অর্থ অধিকারিণী, যজ্ঞফলভোক্ত্রী নহে, এজন্য ঈপ্ ও ন হইল না।

৫১। সপত্নীপ্রভৃতয়ঃ।

সপত্নী প্রভৃতি শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা, সমানঃ পতিরস্যাঃ সপত্নী, একঃ পতিরস্যাঃ একপত্নী সাধ্বী, বীরঃ পতিরস্যাঃ বীরপত্নী, বৃদ্ধঃ পতিরস্যাঃ বৃদ্ধপত্নী, ভদ্রঃ পতিরস্যাঃ ভদ্রপত্নী, পঞ্চ পতয়োঽস্যাঃ পঞ্চপত্নী দ্রৌপদী, পতিরস্ত্যস্যাঃ পতিবত্নী জীবদ্ভর্তৃকা, অন্তরস্ত্যস্যাঃ অন্তর্বত্নী গর্ভিণী।

৫২। পদো বহুব্রীহৌ।

---

(৩৮) অস্ত্র অর্থে।

বহুব্রীহি সমাস হইলে পদ্ এই প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয়। যথা, দ্বাবস্যাঃ পদৌ দ্বিপদী, ত্রয়োঽস্যাঃ পদঃ ত্রিপদী, চতুষ্পদী, বহুপদী, শতপদী।

৫৩। দতশ্চ।

বহুব্রীহি সমাস হইলে দৎ এই প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয়। যথা, সুদতী, চারুদতী, শুভ্রদতী, কুন্দদতী।

৫৪। পাণিগৃহীতাৎ পত্ন্যাম্।

পত্নী অর্থ বুঝাইলে পাণিগৃহীত শব্দের উত্তর ঈপ্ হয়। যথা, পাণির্গৃহীতোঽস্যাঃ পাণিগৃহীতী পত্নী, অন্যত্র পাণিগৃহীতা নারী।

৫৫। বা গুণবাচকাদুদন্তাৎ।

গুণবাচক উকারান্ত প্রাতিপদিকের উত্তর বিকল্পে ঈপ্ হয়। যথা, মৃদ্বী মৃদুঃ, সাধ্বী সাধুঃ, পট্বী পটুঃ, গুর্ব্বী গুরুঃ, লঘ্বী লঘুঃ, অণ্বী অণুঃ, স্বাদ্বী স্বাদুঃ। খরুশব্দের হয় না।

৫৬। ন সংযুক্তোপধাৎ।

যে সকল গুণবাচক উকারান্ত প্রাতিপদিকের উপধা স্থলে সংযুক্ত বর্ণ থাকে, তাহাদের উত্তর ঈপ্ হয় না। যথা, পাণ্ডুঃ।

**৫৭। বিভাষা বহ্বোঃ।**

বহুশব্দের উত্তর বিকল্পে। যথা, বহ্বী বহুঃ।

**৫৮। অশিশ্বনডুহো নিত্যম্।**

অশিশু ও অনডুহ্ শব্দের উত্তর নিত্য ঈপ্ হয়। যথা, অশিশ্বী নাস্ত্যস্যাঃ শিশুরিত্যর্থঃ, অনডুহী।

**৫৯। অনড্বাহী।**

নিপাতনে সিদ্ধ।

**৬০। উদন্তাদূপ্।**

উকারান্ত প্রাতিপদিকের উত্তর ঊপ্ হয়, প ইৎ ঊ থাকে। যথা, কুরুঃ, কদ্রূঃ, পঙ্গূঃ, অলাবূঃ, কর্কন্ধূঃ, ব্রহ্মবন্ধূঃ।

**৬১। ন রজ্জ্বাদেঃ।**

রজ্জু প্রভৃতি উকারান্ত প্রাতিপদিকের উত্তর ঊপ্ হয় না। যথা, রজ্জুঃ, ধেনুঃ, আখুঃ, হনুঃ, কমণ্ডলুঃ, শুকবাকুঃ, হস্তবাহুঃ, অধ্বর্য্যুঃ।

**৬২। বিভাষা তন্বাদেঃ।**

তনু প্রভৃতি উকারান্ত প্রাতিপদিকের উত্তর বিকল্পে ঊপ্ হয়। যথা, তনূঃ তনুঃ, চঞ্চূঃ চঞ্চুঃ।

৬৩। শ্বশ্রূঃ শ্বশুরস্য।

শ্বশুর শব্দ স্থানে নিপাতনে শ্বশ্রূ হয়। যথা, শ্বশুরস্য জায়া শ্বশ্রূঃ।

৬৪। ঊরোরৌপম্যে।

উপমা বুঝাইলে ঊরু এই প্রাতিপদিকের উত্তর উঙ্ হয়। যথা, রম্ভে ইবাস্যা ঊরূ রম্ভোরূঃ, করভাবিবাস্যা ঊরূ করভোরূঃ, করিকরাবিবাস্যা ঊরূ করিকরোরূঃ।

৬৫। বামাদিপূর্ব্বাচ্চ।

বাম প্রভৃতি শব্দের পরবর্ত্তী ঊরু এই প্রাতিপদিকের উত্তর উঙ্ হয়। যথা, বামোরূঃ, সহিতোরূঃ, সহোরূঃ, সংহিতোরূঃ, লক্ষণোরূঃ, শফোরূঃ।

---

সমাস।

১। একপদীভাবঃ সমাসঃ।

দুই বা বহু পদের যে একপদীভাব অর্থাৎ এক পদ হইয়া যাওয়া তাহাকে সমাস বলে।

**২। লুক্‌ বিভক্তেঃ।**

সমাসের অন্তর্গত পদ সমুদায়ের বিভক্তির লোপ হয়।

**৩। নস্য লোপঃ পূর্ব্বস্য।**

সমাস হইলে পূর্ব্ব পদের অন্তস্থিত নকারের লোপ হয়।

**৪। অচি পরস্য।**

স্বরবর্ণ পরে থাকিলে পর পদের অন্তস্থিত নকারের লোপ হয়।

**৫। লোপো যয়োরচি।**

স্বরবর্ণ পরে থাকিলে ইবর্ণ ও অবর্ণের লোপ হয়।

**৬। নলোপো নঞো হলি।**

হল্‌ বর্ণ পরে থাকিলে নঞের ন লোপ হয়।

**৭। অনচি।**

স্বরবর্ণ পরে থাকিলে নঞের স্থানে অন্‌ হয়।

**৮। টের্লোপো ডিতি।**

ডকারেৎ প্রত্যয় পরে থাকিলে টির লোপ হয়।

**৯। তের্বিংশতেঃ।**

বিংশতি শব্দের তি এই ভাগের লোপ হয়।

**১০। হ্রস্বোঽন্তে গোস্ত্রিয়োরন্যার্থে।**

যে স্থলে অন্য পদার্থের প্রতীতি হয় তথায় অন্তস্থিত গোশব্দ ও স্ত্রীপ্রত্যয় হ্রস্ব হয়।

**১১। সমাসাঃ প্রাতিপদিকানি।**

সমাস হইলে সমস্ত ভাগ প্রাতিপদিক হয়, অর্থাৎ পুনরায় তাহাদের উত্তর নূতন বিভক্তি হয়।

**১২। বিশেষ্যলিঙ্গমন্যার্থে।**

যে স্থলে অন্য পদার্থের প্রতীতি হয় তথায় সমস্ত ভাগ বিশেষ্যলিঙ্গ হয়।

**১৩। নপুংসকৈকবচনে সমাহারে।**

সমাহারসমাস হইলে সমস্ত ভাগ নপুংসকলিঙ্গ ও একবচনান্ত হয়।

**১৪। পুংবদ্ভাবঃ সর্ব্বনাম্নঃ।**

সমাসে স্ত্রীলিঙ্গ সর্ব্বনামের পুংবদ্ভাব অর্থাৎ পুংলিঙ্গের ন্যায় রূপ হয়।

**১৫। মহা মহতো বিশেষ্যে।**

বিশেষ্য শব্দ পরে থাকিলে মহৎ শব্দ স্থানে মহা হয়।

## অব্যয়ীভাব সমাস।

### ১। अव्ययीभावः।

এই প্রকরণে যে সমাস বিহিত হইতেছে তাহার নাম অব্যয়ীভাব।

### ২। नपुंसकमव्ययीभावे।

অব্যয়ীভাব সমাস হইলে সমস্ত ভাগ নপুংসকলিঙ্গ হয়।

### ৩। अदन्ताद्विभक्तेरपञ्चम्या मः।

অকারান্ত অব্যয়ীভাবের পরবর্ত্তী বিভক্তি স্থানে ম হয়, পঞ্চমী স্থানে হয় না।

### ৪। विभाषा तृतीयासप्तम्योः।

তৃতীয়া ও সপ্তমী বিভক্তি স্থানে বিকল্পে।

### ৫। लुक् परात्।

অকারান্তভিন্ন অব্যয়ীভাবের পরবর্ত্তী বিভক্তির লোপ হয়।

### ৬। सुपाव्ययं समीपादौ।

সমীপ প্রভৃতি(৩৯)অর্থে সুবন্তপদের সহিত অব্যয়ের

---

(৩৯) समीप अभाव, अत्यय, असम्प्रति, पश्चात्, योग्य, वीप्सा, अनतिवृत्ति, आनुपूर्व्व्य, विभक्ति, सादृश्य, यौगपद्य, साकल्य, समृद्धि, पर्य्यन्त इत्यादि।

সমাস হয়। যথা, সমীপ-গেহস্য সমীপম্ উপগেহম্, গঙ্গায়াঃ সমীপম্ উপগঙ্গম্; অভাব-বিঘ্নস্যাভাবঃ নির্বিঘ্নম্, মক্ষিকাণামভাবঃ নির্মক্ষিকম্; অত্যয়-হিমস্যাত্যয়ঃ অতিহিমম্, বাধায়া অত্যয়ঃ অতিবাধম্; অসম্প্রতি-নিদ্রা সম্প্রতি ন যুজ্যতে অতিনিদ্রম্, শোকঃ সম্প্রতি ন যুজ্যতে অতিশোকম্; পশ্চাৎ-রথস্য পশ্চাৎ অনুরথম্, গেহস্য পশ্চাৎ অনুগেহম্; যোগ্য-রূপস্য যোগ্যম্ অনুরূপম্, কুলস্য যোগ্যম্ অনুকুলম্; বীপ্সা-দিনং দিনং প্রতি প্রতিদিনম্, গেহং গেহং প্রতি প্রতিগেহম্; অনতিবৃত্তি-শক্তিমনতিক্রম্য যথাশক্তি, জ্ঞানমনতিক্রম্য যথাজ্ঞানম্; আনুপূর্ব্ব্য-জ্যেষ্ঠস্যানুপূর্ব্ব্যেণ অনুজ্যেষ্ঠম্, বর্ণানামানুপূর্ব্ব্যেণ অনুবর্ণম্; বিভক্ত্যর্থ-হরৌ অধিহরি, গেহে অধিগেহম্।

৩। সহঃ সোঽকালে।

অব্যয়ীভাব সমাসে সহশব্দ স্থানে স হয়। যথা, সাদৃশ্য-হরেঃ সদৃশং সহরি; যৌগপদ্য-চক্রেণ যুগপৎ সচক্রম্; সাকল্য-তৃণমপ্যপরিত্যজ্য সতৃণম্; সমৃদ্ধি-মদ্রাণাং সমৃদ্ধিঃ সমদ্রম্; পর্য্যন্ত-অগ্নিগ্রন্থপর্য্যন্তমধীতে সাগ্নি। কাল বুঝাইলে হয় না। যথা, সহপূর্ব্বাহ্নম্, সহাপরাহ্নম্।

৮। যাবদবধারণে।

অবধারণ বুঝাইলে সুবন্তের সহিত যাবৎ এই শব্দের সমাস হয়। যথা, যাবদমত্রং ব্রাহ্মণানামন্ত্রয়স্ব, যাবন্ত্যমত্রাণি সম্ভবন্তি পঞ্চ ষড়্বা তাবত আমন্ত্রয়স্বেত্যর্থঃ।

৯। বিভাষা বহিরাদিঃ পঞ্চম্যা।

পঞ্চম্যন্ত পদের সহিত বহিস্ প্রভৃতি (৪০) শব্দের বিকল্পে সমাস হয়। যথা, বহির্গ্রামং গ্রামাদ্বহিঃ, প্রাগুপবনং উপবনাত্ প্রাক্।

১০। আঙ্ মর্য্যাদাভিবিধ্যোঃ।

মর্য্যাদা ও অভিবিধি (৪১) বুঝাইলে সুবন্তপদের সহিত আঙ্ এই অব্যয়ের বিকল্পে সমাস হয়। যথা, আপাটলিপুত্রম্ আ পাটলিপুত্রাদ্বৃষ্টো দেবঃ, আকুমারম্ আ কুমারেভ্যো যশঃ কালিদাসস্য।

১১। লক্ষণেনাভিপ্রতী আভিমুখ্যে।

আভিমুখ্য বুঝাইলে লক্ষ্যবাচক সুবন্ত পদের সহিত অভি প্রতি এই দুই অব্যয়ের বিকল্পে সমাস হয়।

---

(৪০) বহিস্, প্রাচ্, অবাচ্, প্রত্যচ্, অপ, পরি ইত্যাদি।

(৪১) তেন বিনা মর্য্যাদা, তত্ সহিতোঽভিবিধিঃ।

যথা, অভ্যগ্নি অগ্নিমভি শলভাঃ পতন্তি, প্রত্যগ্নি অগ্নিং প্রতি।

১২। যস্য চায়ামস্তেনানুঃ।

যাহার দৈর্ঘ্য বুঝায় তাহার সহিত অনু এই অব্যয়ের বিকল্পে সমাস হয়। যথা, অনুগঙ্গং গঙ্গায়া অনু বারাণসী, গঙ্গাদৈর্ঘ্যসদৃশদৈর্ঘ্যোপলক্ষিতা ইত্যর্থঃ।

১৩। পারমধ্যে ষষ্ঠ্যা।

ষষ্ঠ্যন্ত পদের সহিত পার ও মধ্য শব্দের বিকল্পে অব্যয়ীভাব সমাস হয়। যথা, সমুদ্রস্য পারং পারেসমুদ্রম্; গঙ্গায়া মধ্যং মধ্যেগঙ্গম্। নিপাতনে একারাগম হয়। পক্ষে ষষ্ঠীসমাস।

১৪। সংখ্যা নদীভিঃ সমাহারে।

সমাহার বুঝাইলে নদীবাচক সুবন্ত পদের সহিত সংখ্যাবাচকের অব্যয়ীভাব সমাস হয়। যথা, তিসৃণাং গঙ্গানাং সমাহারঃ ত্রিগঙ্গম্, পঞ্চনদম্, সপ্তগোদাবরম্।

১৫। অন্যপদার্থে চ সংজ্ঞায়াম্।

সংজ্ঞা বুঝাইলে ও অন্য পদার্থ প্রতীয়মান হইলে নদীবাচকের সহিত সুবন্ত পদের অব্যয়ীভাব সমাস হয়। যথা, উন্মত্তা গঙ্গা যস্মিন্ উন্মত্তগঙ্গম্,

लोहितगङ्गम्, तूष्णींगङ्गम्, शनैर्गङ्गम्। इमानि देशविशेषनामानि।

**১৬। तिष्ठद्गुप्रभृतीनि।**

অব্যয়ীভাব সমাসে তিষ্ঠদ্গু প্রভৃতি(৪২)শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা, तिष्ठन्ति गावो यस्मिन् काले दोहाय तिष्ठद्गु, आयन्ति यस्मिन् काले गावो गोष्ठम् आयतीगवम्।

**১৭। शरदादेरन्।**

অব্যয়ীভাব সমাস হইলে শরদ্ প্রভৃতি(৪৩)শব্দের উত্তর অন্ হয়, ন ইৎ। যথা, उपशरदम्, प्रतिदिशम्, आहिमवतम्, अनुदृशम्।

**১৮। जराया जरस्।**

অন্ হইলে জরা শব্দ স্থানে জরস্ হয়। যথা, उपजरसम्।

---

(৪২) तिष्ठद्गु, वहद्गु, आयतीगवम्, खलेयवम्, खलेबुसम्, लूनयवम्, लूयमानयवम्, पूतयवम्, पूयमानयवम्, संहृतयवम्, संह्रियमाणयवम्, संहृतबुसम्, संह्रियमाणबुसम्, समभूमि, समपदाति, सुषमम्, विषमम्, दुःषमम्, निषमम्, अपसमम्, आयीसमम्, प्रोढम् पापसमम्, पुण्यसमम्, प्राह्लम्, प्ररथम्, प्रमृगम्, प्रदक्षिणम्, अपरदक्षिणम्, सम्प्रति, असम्प्रति।

(৪৩) शरद्, विपाश्, अनस्, मनस्, उपानह्, दिव्, हिमवत्, हिरुक्, विद्, सद्, दिश्, दृश्, विश्, चतुर्, त्यद्, तद्, यद्, कियत् जरा।

১৯। সরজসোপশুনে।

সরজস ও উপশুন নিপাতনে সিদ্ধ হয়। যথা, রজো-ঽপ্যপরিত্যজ্য সরজসম্, শুনঃ সমীপম্ উপশুনম্।

২০। প্রতি পরঃ সমনুভ্যোঽক্ষ্ণঃ।

প্রতি, পরস্, সম্, অনু ইহাদের পরবর্ত্তী অক্ষি-শব্দের উত্তর অন্ হয়। যথা, প্রত্যক্ষম্, পরোক্ষম্, সমক্ষম্, অন্বক্ষম্।

২১। অনন্তাৎ।

অন্‌ভাগান্ত শব্দের উত্তর অন্ হয়। যথা, উপ-রাজম্, অধ্যাত্মম্, প্রত্যধ্বম্।

২২। বা নপুংসকাৎ।

নপুংসক অন্‌ভাগান্ত শব্দের উত্তর বিকল্পে। যথা, উপচর্ম্মম উপচর্ম্ম।

২৩। গিরিনদীপৌর্ণমাস্যাগ্রহায়ণীভ্যঃ।

গিরি, নদী, পৌর্ণমাসী ও আগ্রহায়ণীর উত্তর বিকল্পে অন্ হয়। যথা, উপগিরম্ উপগিরি, উপনদম্ উপনদি, উপপৌর্ণমাসম্ উপপৌর্ণমাসি, উপাগ্রহায়ণম্ উপাগ্রহায়ণি।

२४ । स्पर्शान्ताच्चापञ्चमात् ।

পঞ্চম ভিন্ন স্পর্শবর্ণান্ত শব্দের উত্তর বিকল্পে অন্ হয়। যথা, उपदृषदम् उपदृषत्, अनुसमिधम् अनुसमित्।

२५ । प्रतेरुरसः सप्तमीस्थात् ।

প্রতিশব্দের পরবর্ত্তী সপ্তম্যর্থে বর্ত্তমান উরস্ শব্দের উত্তর অন্ হয়। যথা, उरसि प्रत्युरसम् ।

२६ । अनुगवमायामे ।

দৈর্ঘ্য বুঝাইলে अनुगवम् এই পদ নিপাতনে সিদ্ধ হয়। যথা, गोः पश्चात् अनुगवम् ।

---

তৎপুরুষ সমাস।

१ । तत्पुरुषः ।

এই প্রকরণে যে সমাস বিহিত হইতেছে তাহার নাম তৎপুরুষ।

२ । परलिङ्गं तत्पुरुषे ।

তৎপুরুষ সমাস হইলে সমস্ত ভাগ পর পদের লিঙ্গ প্রাপ্ত হয়।

३ । रात्राह्नाहाः पुंमांसः ।

তৎপুরুষ সমাস হইলে সমস্ত ভাগের অন্তস্থিত রাত্র, অহ্ন ও অহ পুংলিঙ্গ হয়।

৪। নপুংসকং রাত্রং সংখ্যাপূর্ব্বম্।

সংখ্যাবাচক শব্দ পূর্ব্বে থাকিলে রাত্র নপুংসক হয়।

৫। পুণ্যাদহ্নঃ।

পুণ্য শব্দের পরবর্ত্তী অহ নপুংসক হয়।

৬। দ্বিতীয়া শ্রিতাদিভিঃ।

শ্রিত প্রভৃতি সুবন্ত পদের সহিত দ্বিতীয়ান্ত পদের সমাস হয়। যথা, কষ্টং শ্রিতঃ কষ্টশ্রিতঃ, দুঃখমতীতঃ দুঃখাতীতঃ, কূপং পতিতঃ কূপপতিতঃ, গেহং গতঃ গেহগতঃ, তুহিনমত্যস্তঃ তুহিনাত্যস্তঃ, সুখং প্রাপ্তঃ সুখপ্রাপ্তঃ, সুখমাপন্নঃ সুখাপন্নঃ, গ্রামং গামী গ্রামগামী, অন্নং বুভুক্ষুঃ অন্নবুভুক্ষুঃ, বেদং বিদ্বান্ বেদবিদ্বান্।

৭। খট্বা ক্তেন কুৎসায়াম্।

নিন্দা বুঝাইলে ক্তপ্রত্যয়নিষ্পন্ন সুবন্তপদের সহিত দ্বিতীয়ান্ত খট্বা শব্দের সমাস হয়। যথা, খট্বারূঢ়ঃ ভৎপথপ্রস্থিত ইত্যর্থঃ। নিত্য সমাস।

৮। কালা অত্যন্তসংযোগে।

অত্যন্ত সংযোগ বুঝাইলে দ্বিতীয়ান্ত সুবন্ত পদের

সহিত কালবাচক সুবন্ত পদের সমাস হয়। যথা, মুহূর্ত্তং সুখম্ মুহূর্ত্তসুখম্, মাসং গম্যঃ মাসগম্যঃ, বর্ষং ভোগ্যঃ বর্ষভোগ্যঃ ; মুহূর্ত্তং মাসং বর্ষং ব্যাপ্যেত্যর্থঃ।

৯। তৃতীয়া পূর্ব্বাদিভিঃ।

পূর্ব্ব প্রভৃতি সুবন্ত পদের সহিত তৃতীয়ান্ত পদের সমাস হয়। যথা, মাসেন পূর্ব্বঃ মাসপূর্ব্বঃ, বর্ষেণাবরঃ বর্ষাবরঃ, বাচা কলহঃ বাক্কলহঃ, গুড়েন মিশ্রঃ গুড়মিশ্রঃ, আচারেণ শ্লক্ষ্ণঃ আচারশ্লক্ষ্ণঃ, ধনেন অর্থঃ ধনার্থঃ, মাত্রা সদৃশী মাতৃসদৃশী, পিত্রা সমঃ পিতৃসমঃ।

১০। ঊনার্থৈশ্চ।

ঊনার্থ সুবন্ত পদের সহিত তৃতীয়ান্ত পদের সমাস হয়। যথা, একেন ঊনঃ একোনঃ, বিদ্যয়া হীনঃ বিদ্যাহীনঃ, শ্রমেণ রহিতঃ শ্রমরহিতঃ, গর্ব্বেণ শূন্যঃ গর্ব্বশূন্যঃ, অঙ্গেন বিকলঃ অঙ্গবিকলঃ।

১১। কৃতা কর্ত্তৃকরণয়োঃ।

কৃৎপ্রত্যয় নিষ্পন্ন সুবন্ত পদের সহিত কর্ত্তায় ও করণে বিহিত তৃতীয়াবিভক্ত্যন্ত পদের সমাস হয়। যথা, কর্ত্তায়—ব্যাঘ্রেণ হতঃ ব্যাঘ্রহতঃ, অহিনা দষ্টঃ

অহিদষ্টঃ, ব্যাসেন রচিতঃ ব্যাসরচিতঃ, পাণিনিনা প্রণীতং পাণিনিপ্রণীতম্, নারদেন প্রোক্তং নারদপ্রোক্তম্, দ্বিজেন ভক্ষ্যং দ্বিজভক্ষ্যম্, পুত্রেণ দেয়ং পুত্রদেয়ম্। করণে—নখৈর্ভিন্নঃ নখভিন্নঃ, অসিনা ছিন্নম্ অসিচ্ছিন্নম্, অগ্নিনা দগ্ধঃ অগ্নিদগ্ধঃ, জলেন সিক্তঃ জলসিক্তঃ, অঞ্জলিনা পেয়ম্ অঞ্জলিপেয়ম্, শিরসা ধার্য্যং শিরোধার্য্যম্।

## ১২। চতুর্থী বলি হিত সুখৈঃ।

সুবন্ত বলি, হিত, সুখের সহিত চতুর্থ্যন্ত পদের সমাস হয়। যথা, ভূতায় বলিঃ ভূতবলিঃ, পুত্রায় হিতম্ পুত্রহিতম্, ভ্রাত্রে সুখম্ ভ্রাতৃসুখম্।

## ১৩। অর্থেন চ।

অর্থ শব্দের সহিত চতুর্থ্যন্ত পদের সমাস হয়। সমস্ত ভাগ বিশেষ্যলিঙ্গ প্রাপ্ত হয়। যথা, দ্বিজার্থঃ সূপঃ, দ্বিজার্থা যবাগূঃ, দ্বিজার্থং পয়ঃ। নিত্য সমাস।

## ১৪। বিকৃতিঃ প্রকৃত্যা তাদর্থ্যে।

তাদর্থ্য বুঝাইলে প্রকৃতিস্থলীয় সুবন্তপদের সহিত বিকৃতিস্থলীয় চতুর্থ্যন্ত পদের সমাস হয়। যথা, কুণ্ডলায় হিরণ্যং কুণ্ডলহিরণ্যম্, যূপায় দারু যূপদারু।

১৫। **पञ्चमी भयादिभिः।**

ভয় প্রভৃতি সুবন্তপদের সহিত পঞ্চম্যন্তপদের সমাস হয়। যথা, व्याघ्राद्भयम् व्याघ्रभयम्, व्याघ्राद्भीतः व्याघ्रभीतः, व्याघ्राद्भीः व्याघ्रभीः, व्याघ्राद्भीतिः व्याघ्रभीतिः, गृहान्निर्गतः गृहनिर्गतः, अधर्म्माज्जुगुप्सुः अधर्म्मजुगुप्सुः, सुखादपेतः सुखापेतः, बन्धनान्मुक्तः बन्धनमुक्तः, रथात् पतितः रथपतितः, तरङ्गादपत्रस्तः तरङ्गापत्रस्तः, विदेशादागतः विदेशागतः।

১৬। **षष्ठी समर्थेन।**

সমর্থ সুবন্ত পদের সহিত ষষ্ঠ্যন্তপদের সমাস হয়। যথা, गङ्गाया जलम् गङ्गाजलम्, तरोश्छाया तरुच्छाया, अग्नेः शिखा अग्निशिखा, वायोर्वेगः वायुवेगः, जलस्य प्रवाहः जलप्रवाहः, सुखस्य भोगः सुखभोगः, पयसः पानम् पयःपानम्, कन्याया दानं कन्यादानम्, गवां दोहः गोदोहः, आज्ञाया भङ्गः आज्ञाभङ्गः, दशाया अन्तः दशान्तः, सूर्य्यस्य उदयः सूर्य्योदयः, दृष्टेः पातः दृष्टिपातः, शिरसः छेदः शिरश्छेदः, गवां वधः गोवधः, पितुर्गृहं पितृगृहम्, राज्ञो भवनं राजभवनम्, मनोर्वचनं मनुवचनम्, अर्थस्य नाशः अर्थनाशः, कूपस्योदकं कूपोदकम्।

১৭। ন নির্দ্ধারণে।

নির্দ্ধারণ অর্থে বিহিত ষষ্ঠীর সমাস হয় না। যথা, মনুষ্যাণাং ক্ষত্রিয়ঃ শূরঃ, গবাং কৃষ্ণা বহুক্ষীরা।

১৮। ন পূরণার্থৈঃ।

পূরণার্থ পদের সহিত ষষ্ঠ্যন্তপদের সমাস হয় না। যথা, রাজ্ঞাং প্রথমঃ, পুত্রয়োর্দ্বিতীয়ঃ, ভ্রাতৄণাং তৃতীয়ঃ, শিষ্যাণাং চতুর্থঃ, ছাত্রাণাং পঞ্চমঃ।

১৯। ন গুণবাচিভিঃ।

গুণবাচক পদের সহিত ষষ্ঠ্যন্ত পদের সমাস হয় না। যথা, পটস্য শৌক্ল্যম্, কোকনদস্য লৌহিত্যম্, আকাশস্য নীলিমা, দ্রাক্ষায়া মাধুর্য্যম্। কোন কোন স্থলে হয়। যথা, অর্থগৌরবম্, বুদ্ধিমান্দ্যম্, অর্থকার্শ্যম্।

২০। ন তৃপ্ত্যর্থৈঃ।

তৃপ্ত্যর্থক পদের সহিত ষষ্ঠ্যন্ত পদের সমাস হয় না। যথা, অপাং তৃপ্তঃ, ফলানাং সুহিতঃ, অন্নস্যাশিতঃ।

২১। ন তৃজকাভ্যাং যাজকাদিবর্জ্জম্।

তৃচ্ ও অক প্রত্যয়ের সহিত ষষ্ঠীর সমাস হয় না।

যথা, জগতঃ স্রষ্টা, সুখস্য দাতা, দুঃখস্য হর্ত্তা, প্রজানাং পালকঃ, বৃক্ষাণাং ছেদকঃ, শত্রূণাং ঘাতকঃ। যাজকাদির হয়। যথা, শূদ্রযাজকঃ, দেবপূজকঃ, রাজপরিচারকঃ, বেদাধ্যাপকঃ, সর্ব্বোৎসাহকঃ, দেবস্নাপকঃ, জলপরিষেচকঃ, ভুবনভর্ত্তা, হবির্হোতা, গুণগ্রহীতা, গুণগ্রাহকঃ।

## ২২। সপ্তমী শৌণ্ডাদিভিঃ।

শৌণ্ড প্রভৃতি(৪৪) সুবন্তপদের সহিত সপ্তম্যন্তপদের সমাস হয়। যথা, দানে শৌণ্ডঃ দানশৌণ্ডঃ, শাস্ত্রে প্রবীণঃ শাস্ত্রপ্রবীণঃ, রণে পণ্ডিতঃ রণপণ্ডিতঃ, ক্রীড়ায়াং কুশলঃ ক্রীড়াকুশলঃ, কর্ম্মসু নিপুণঃ কর্ম্মনিপুণঃ, আতপে শুষ্কঃ আতপশুষ্কঃ, স্থাল্যাং পক্বঃ স্থালীপক্বঃ।

## ২৩। কৃত্যৈর্ঋণে।

ঋণ বুঝাইলে কৃত্যপ্রত্যয়ান্ত সুবন্তপদের সহিত সপ্তম্যন্তপদের সমাস হয়। যথা, মাসে দেয়ং মাসদেয়মৃণম্, বর্ষে পরিশোধ্যং বর্ষপরিশোধ্যমৃণম্।

## ২৪। ক্তেনাহোরাত্রাবয়বাঃ।

---

(৪৪) শৌণ্ড, ধূর্ত্ত, কিতব, প্রবীণ, সংবীত, পটু, পণ্ডিত, কুশল, চপল, নিপুণ, সিদ্ধ, শুষ্ক, পক্ব ইত্যাদি।

ক্তপ্রত্যয়ান্ত পদের সহিত দিন ও রাত্রির অবয়ব-বোধক সপ্তম্যন্ত পদের সমাস হয়। যথা, পূর্ব্বাহ্ণে কৃতং পূর্ব্বাহ্ণকৃতম্, অপরাহ্ণে কৃতম্ অপরাহ্ণকৃতম্, পূর্ব্বরাত্রে কৃতং পূর্ব্বরাত্রকৃতম্, অপররাত্রে কৃতম্ অপররাত্রকৃতম্।

২৫। কুৎসায়াং কাকবাচিনা।

নিন্দা বুঝাইলে কাকবাচক সুবন্তপদের সহিত সপ্তম্যন্তপদের সমাস হয়। যথা, তীর্থে কাক ইব তীর্থকাকঃ, তীর্থবায়সঃ, তীর্থধ্বাঙ্ক্ষঃ, অনবস্থিত ইত্যর্থঃ।

২৬। পূর্ব্বাদিরেকদেশিনৈকবচনে।

একবচনান্ত অবয়বীর সহিত পূর্ব্ব, অপর, অধর, উত্তর ইহাদিগের সমাস হয়। যথা, পূর্ব্বং কায়স্য পূর্ব্বকায়ঃ, অপরকায়ঃ, অধরকায়ঃ, উত্তরকায়ঃ। একবচন না হইলে হয় না। যথা, পূর্ব্বং ছাত্রাণামামন্ত্রয়স্ব।

২৭। অর্দ্ধং নপুংসকম্।

একবচনান্ত অবয়বীর সহিত ক্লীবলিঙ্গ অর্দ্ধ শব্দের সমাস হয়। যথা, অর্দ্ধং পিপ্পল্যাঃ অর্দ্ধপিপ্পলী। অন্য লিঙ্গে হয় না। যথা, গ্রামস্যার্দ্ধঃ গ্রামার্দ্ধঃ। একবচন না হইলে হয় না। যথা, অর্দ্ধং পিপ্পলীনাম্।

२८। कालाः परिमाणिना।

পরিচ্ছেদবাচক পদের সহিত কালবাচক পদের সমাস হয়। যথা, मासो जातस्य मासजातः, वर्षो मृतस्य वर्षमृतः।

२९। एकदेशवाचिना च।

একদেশবাচক পদের সহিত কালবাচক পদের সমাস হয়।

३०। अह्नोऽह्न एकदेशात्।

একদেশবাচক পদের পরবর্ত্তী অহন্ শব্দ স্থানে অহ্ন হয়। যথা, पूर्व्वमह्नः पूर्व्वाह्णः, मध्यमह्नः मध्याह्नः, अपरमह्नः अपराह्णः, सायमह्नः सायाह्नः।

३१। रात्रेरन्।

একদেশবাচক শব্দের পরবর্ত্তী রাত্রিশব্দের উত্তর অন্ হয়, ন ইৎ অ থাকে। যথা, पूर्व्वं रात्रेः पूर्व्वरात्रः, मध्यं रात्रेः मध्यरात्रः, पश्चिमं रात्रेः पश्चिमरात्रः, अपरं रात्रेः अपररात्रः।

३२। विभाषा द्वितीय तृतीय चतुर्थ तुर्य्याणि।

ষষ্ঠ্যন্ত অবয়বীর সহিত দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ,

তুর্য্য ইহাদের বিকল্পে সমাস হয়। যথা, द्वितीयं भिक्षायाः द्वितीयभिक्षा, तृतीयं भिक्षायाः तृतीय-भिक्षा, चतुर्थं भिक्षायाः चतुर्थभिक्षा, तुर्य्यं भिक्षायाः तुर्य्यभिक्षा। পক্ষে ষষ্ঠীসমাস, যথা, भिक्षाया द्वितीयम् भिक्षाद्वितीयम्, भिक्षातृतीयम्, भिक्षा-चतुर्थम्, भिक्षातुर्य्यम्।

३३। अलं चतुर्थ्यां पुंवच्च।

চতুর্থ্যন্ত পদের সহিত अलम् এই অব্যয়ের সমাস ও চতুর্থ্যন্ত স্ত্রীলিঙ্গ পদের পুংবদ্ভাব হয়। যথা, अलं जीविकायै अलंजीविकः।

३४। अत्यादयः क्रान्ताद्यै द्वितीयया।

ক্রান্ত প্রভৃতি অর্থে দ্বিতীয়ান্ত পদের সহিত অতিপ্রভৃ-তির সমাস ও স্ত্রীলিঙ্গ দ্বিতীয়ান্ত পদের পুংবদ্ভাব হয়। যথা, अतिक्रान्तः खट्वाम् अतिखट्वः, उत्क्रान्तो वेलाम् उद्वेलः।

३५। अवादयः क्रुष्टाद्यै तृतीयया।

ক্রুষ্টপ্রভৃতি অর্থে তৃতীয়ান্ত পদের সহিত অব প্রভৃ-তির সমাস ও স্ত্রীলিঙ্গ তৃতীয়ান্ত পদের পুংবদ্ভাব হয়। যথা, अवक्रुष्टः कोकिलया अवकोकिलः।

३६। पर्य्यादयो ग्लानाद्यै चतुर्थ्या।

গ্লান প্রভৃতি অর্থে চতুর্থ্যন্ত পদের সহিত পরিপ্রভৃতির সমাস ও স্ত্রীলিঙ্গ চতুর্থ্যন্ত পদের পুংবদ্ভাব হয়। যথা, পরিগ্লানোঽধ্যয়নায় পর্য্যধ্যয়নঃ, পরিগ্লানঃ সেবায়ৈ পরিসেবঃ।

৩৭। নিরাদয়ঃ ক্রান্তাদৌ পঞ্চম্যা।

ক্রান্ত প্রভৃতি অর্থে পঞ্চম্যন্ত পদের সহিত নির্ প্রভৃতির সমাস ও স্ত্রীলিঙ্গ পঞ্চম্যন্ত পদের পুংবদ্ভাব হয়। যথা, নিষ্ক্রান্তঃ কৌশাম্ব্যাঃ নিষ্কৌশাম্বিঃ, ভগ্নিতো নিদ্রায়াঃ ভগ্নিদ্রঃ।

৩৮। সামি স্বয়মৌ ক্তেন।

ক্তপ্রত্যয়নিষ্পন্ন সুবন্ত পদের সহিত স্বামি ও স্বয়ম্ এই দুই অব্যয়ের সমাস হয়। যথা, স্বামিকৃতম্, সামিঘটিতম্, স্বয়ঙ্কৃতম্, স্বয়ন্দত্তম্।

৩৯। নঞ্ সুপা।

সুবন্ত পদের সহিত নঞের সমাস হয়। যথা, ন ব্রাহ্মণঃ অব্রাহ্মণঃ, ন মোঘঃ অমোঘঃ, ন প্রিয়ঃ অপ্রিয়ঃ, ন বিকৃতঃ অবিকৃতঃ, ন সিদ্ধঃ অসিদ্ধঃ, ন সুখম্ অসুখম্, ন দর্শনম্ অদর্শনম্, ন উপলব্ধঃ অনুপলব্ধঃ।

৪০। ঈষদকৃতা।

কৃদন্ত ভিন্ন সুবন্তপদের সহিত ঈষৎ এই অব্যয়ের সমাস হয়। যথা, ঈষৎকড়ারঃ, ঈষৎপিঙ্গলঃ, ঈষদ্বিকচঃ, ঈষন্মুকুলিতঃ।

৪১। আঙীষদর্থে।

ঈষদর্থ বুঝাইলে সুবন্তপদের সহিত আঙ্ এই অব্যয়ের সমাস হয়। যথা, আমধুরঃ, আপিঙ্গলঃ, আপাণ্ডুরঃ, আলোহিতঃ।

৪২। স্বতী পূজায়াম্।

প্রশংসা অর্থ বুঝাইলে সুবন্তপদের সহিত সু অতি এই দুই অব্যয়ের সমাস হয়। যথা, সুপুরুষঃ, সুব্রাহ্মণঃ, অতিমৃদুঃ, অতিদয়ালুঃ,।

৪৩। দুর্নিন্দায়াম্।

নিন্দা অর্থ বুঝাইলে সুবন্তপদের সহিত দুর্ এই অব্যয়ের সমাস হয়। যথা, দুষ্কুলম্, দুর্নীতিঃ, দুশ্চরিতম্, দুষ্পুরুষঃ।

৪৪। কুঃ পাপার্থে।

নিন্দা অর্থ বুঝাইলে সুবন্তপদের সহিত কু এই অব্যয়ের সমাস হয়। যথা, কুব্রাহ্মণঃ, কুপুরুষঃ, কুসংস্কারঃ।

৪৫। ধাতুভিরুপপদানি।

ধাতুর সহিত উপপদের (৪৫) সমাস হয়। যথা, কুম্ভকারঃ, প্রভাকরঃ, নিশাকরঃ, হিতকরঃ, প্রীতিকরঃ, অগ্রসরঃ, জলচরঃ, পার্শ্বচরঃ, শিলাশয়ঃ, সরসিজম্, পঙ্কজম্, অণ্ডজঃ, জলজঃ, পতগঃ, ভুজগঃ।

৪৬। উপসর্গাশ্চ।

ধাতুর সহিত উপসর্গের সমাস হয়। যথা, সংস্করোতি, সংস্কারঃ, সংস্কৃত্য, আহরতি, আহরণম্, আহৃত্য, বিজয়তে, বিজয়ঃ, বিজিত্য, অভিষিঞ্চতি, অভিষেকঃ, অভিষিচ্য, আরভতে, আরম্ভঃ, আরভ্য।

৪৭। ঊর্য্যাদি চ্বি ডাচশ্চ।

ধাতুর সহিত ঊরী (৪৬) প্রভৃতি শব্দ এবং চ্বি ও ডাচ্ প্রত্যয়ের সমাস হয়। যথা, ঊরীকরোতি, ঊরীকরণম্, ঊরীকৃত্য; আবিষ্করোতি, আবিষ্ক্রিয়া, আবিষ্কৃত্য; প্রাদুর্ভবতি, প্রাদুর্ভাবঃ, প্রাদুর্ভূয়। চ্বি—স্বীকরোতি, স্বীকারঃ, স্বীকৃত্য; ভস্মীভবতি, ভস্মীভাবঃ, ভস্মী-

---

(৪৫) যে সকল সুবন্তপদ প্রভৃতির পরবর্ত্তী ধাতুর উত্তর কৃৎপ্রত্যয় বিহিত হয় উহাদিগকে উপপদ বলে। কুম্ভকারঃ এই স্থলে কুম্ভম এই উপপদের সহিত কৃ ধাতুর সমাস হইয়া কুম্ভকৃ এইরূপ হইলে অণ্ হয়। এইরূপ সর্ব্বত্র।

(৪৬) ঊরী, উররী, আবিস্, প্রাদুস্, স্বধা, স্বাহা, বষট্, বৌষট্, ইত্যাদি।

भूय ; ডাচ্—समयाकरोति, समयाकरणम्, समया-कृत्य, दुःखाकरोति, दुःखाक्रिया, दुःखाकृत्य।

৪৮। अनुकरणञ्चानितिपरम्।

ধাতুর সহিত অনুকরণ শব্দের সমাস হয়। যথা, खाट्करोति, खाट्करणम्, खाट्कृत्य ; द्राङ्करोति, द्राङ्क्रिया, द्राङ्कृत्य। ইতি শব্দ পরে থাকিলে হয় না। যথা, खाटिति कृत्वा निष्ठीवति, द्रामिति कृत्वा पतति।

৪৯। आदरानादरयोः सदसती।

যথাক্রমে আদর ও অনাদর অর্থে ধাতুর সহিত सत् ও असत् শব্দের সমাস হয়। যথা, सत्करोति, सत्कारः, सत्कृत्य ; असत्करोति, असत्क्रिया, असत्कृत्य।

৫০। भूषणेऽलम्।

ভূষণ অর্থ বুঝাইলে ধাতুর সহিত अलम् শব্দের সমাস হয়। যথা, अलङ्करोति, अलङ्करणम्, अलङ्कृत्य।

৫১। अन्तरपरिग्रहे।

ধাতুর সহিত अन्तर् শব্দের সমাস হয়। যথা, अन्तर्भवति, अन्तर्भावः, अन्तर्भूय। পরিগ্রহ অর্থে হয় না। যথা, अन्तर्हत्वा गतः, हतं परिगृह्य गत इत्यर्थः।

৫২। पुरोऽव्ययम्।

ধাতুর সহিত পুরস্ এই অব্যয় শব্দের সমাস হয়। যথা, পুরস্করোতি, পুরস্কারঃ, পুরস্কৃত্য।

**৫৩। অস্তম্ চ।**

ধাতুর সহিত অস্তম্ এই মান্ত অব্যয় শব্দের সমাস হয়। যথা, অস্তঙ্গচ্ছতি, অস্তঙ্গতঃ, অস্তঙ্গত্য।

**৫৪। অচ্ছ চ বদগত্যর্থৈঃ।**

বদ ধাতু ও গত্যর্থ ধাতুর সহিত অচ্ছ এই অব্যয় শব্দের সমাস হয়। যথা, অচ্ছবদতি, অচ্ছোদ্য, অচ্ছগচ্ছতি, অচ্ছগত্য, অভিমুখমিত্যর্থঃ।

**৫৫। তিরোঽন্তর্দ্ধৌ।**

ব্যবধান বুঝাইলে ধাতুর সহিত তিরস্ এই অব্যয় শব্দের সমাস হয়। যথা, তিরোভবতি, তিরোভাবঃ, তিরোভূয়।

**৫৬। বিভাষা কৃঞা।**

কৃ ধাতুর সহিত বিকল্পে। যথা, তিরস্কৃত্য তির-স্কৃত্বা।

**৫৭। সাক্ষাৎ প্রভৃতীনি চ।**

কৃ ধাতুর সহিত সাক্ষাৎ(৪৭) প্রভৃতি শব্দের বিকল্পে সমাস হয়। যথা, সাক্ষাৎকৃত্য সাক্ষাৎকৃত্বা, নমস্কৃত্য নমস্কৃত্বা, বশেকৃত্য বশে কৃত্বা, মিথ্যাকৃত্য মিথ্যা কৃত্বা।

৫৮। অনুপশ্লেষ উরসিমনসী।

কৃ ধাতুর সহিত উরসি মনসি এই দুই সপ্তম্যন্ত পদের বিকল্পে সমাস হয়। যথা, উরসিকৃত্য উরসি কৃত্বা, স্বীকৃত্যেত্যর্থঃ; মনসিকৃত্য মনসি কৃত্বা, নিশ্চিত্যেত্যর্থঃ। উপশ্লেষ অর্থে হয় না। যথা, উরসি শয়িত্বা।

৫৯। মধ্যে পদে নিবচনে চ।

কৃধাতুর সহিত মধ্যে, পদে, নিবচনে এই তিন সপ্তম্যন্ত পদের বিকল্পে সমাস হয়। যথা, মধ্যেকৃত্য মধ্যে কৃত্বা, পদেকৃত্য পদে কৃত্বা, নিবচনেকৃত্য নিবচনে কৃত্বা। উপশ্লেষ অর্থে হয় না। যথা, মধ্যে শয়িত্বা, পদে ধৃত্বা।

৬০। নিত্যং হস্তে পাণাবুপযমনে।

বিবাহ অর্থ বুঝাইলে কৃধাতুর সহিত হস্তে, পাণৌ,

(৪৭) সাক্ষাৎ, মিথ্যা, নমস্, প্রাদুস্, অর্থে, বশে, অমা, শ্রদ্ধা, উষ্ণম্, শীতম্, আর্দ্রম্, বিকসনে, প্রহসনে ইত্যাদি।

এই দুই সপ্তম্যন্ত পদের নিত্য সমাস হয়। যথা, হস্তেকৃত্য, পাণৌকৃত্য, দারকর্ম্ম কৃত্বেত্যর্থঃ।

৬১। তত্পুরুষঃ সমানাধিকরণপদঃ কর্ম্মধারয়ঃ।

যে তৎপুরুষ সমাসে সমস্যমান পদ সকল সমানাধিকরণ অর্থাৎ বিশেষ্যবিশেষণভাবাপন্ন অথবা অভেদ সম্বন্ধে একার্থপ্রতিপাদক হয় উহাকে কর্ম্মধারয় বলে।

৬২। বিশেষণং বিশেষ্যেণ।

বিশেষ্য পদের সহিত বিশেষণপদের সমাস হয়। যথা, নীলমুৎপলম্ নীলোৎপলম্, শীতঃ পবনঃ শীতপবনঃ, উষ্ণমুদকম্ উষ্ণোদকম্, নবঃ পল্লবঃ নবপল্লবঃ, মধুরং বচনং মধুরবচনম্, নবমন্নং নবান্নম্, সর্ব্বে লোকাঃ সর্ব্বলোকাঃ, বিশ্বে দেবাঃ বিশ্বদেবাঃ, দৃঢ়ো বন্ধঃ দৃঢ়বন্ধঃ, সুরভি চন্দনং সুরভিচন্দনম্, নবো জলধরঃ নবজলধরঃ, সন্ পুরুষঃ সত্পুরুষঃ, মহান্ দেবঃ মহাদেবঃ, মহান্ বীরঃ মহাবীরঃ, পরমঃ পুরুষঃ পরমপুরুষঃ, কেবলো বৈয়াকরণঃ কেবলবৈয়াকরণঃ, জরন্ নৈয়ায়িকঃ জরন্নৈয়ায়িকঃ, সপ্ত ঋষয়ঃ সপ্তর্ষয়ঃ, অষ্টৌ বসবঃ অষ্টবসবঃ, নব গ্রহাঃ নবগ্রহাঃ।

৬৩। পুংবৎ পূর্ব্বং ভাষিতপুংস্কং কর্ম্মধারয়ে।

কর্ম্মধারয় সমাস হইলে ভাষিতপুংস্ক (৪৮) স্ত্রীলিঙ্গ পূর্ব্বপদের পুংবদ্ভাব হয়। যথা, মহতী নবমী মহানবমী, কৃষ্ণা চতুর্দ্দশী কৃষ্ণচতুর্দ্দশী, পাচিকা স্ত্রী পাচকস্ত্রী, পঞ্চমী কন্যা পঞ্চমকন্যা, সুকেশী ভার্য্যা সুকেশভার্য্যা, ব্রাহ্মণী ভার্য্যা ব্রাহ্মণভার্য্যা। ঊপ্‌প্রত্যয়ান্তের হয় না। যথা, বামোরূঃ ভার্য্যা বামোরূভার্য্যা।

৬৪। ক্তেন নঞ্‌বিশিষ্টেনানঞ্‌।

নঞ্‌ বিশিষ্ট ক্তপ্রত্যয়ান্ত পদের সহিত নঞ্‌শূন্য ক্তপ্রত্যয়ান্ত পদের সমাস হয়। যথা, কৃতঞ্চ তদকৃতঞ্চ কৃতাকৃতম্, ভুক্তঞ্চ তদভুক্তঞ্চ ভুক্তাভুক্তম্, পীতঞ্চ তদপীতঞ্চ পীতাপীতম্, ক্লিষ্টঞ্চ তদক্লিষ্টঞ্চ ক্লিষ্টাক্লিষ্টম্, পক্কঞ্চ তদপক্কঞ্চ পক্কাপক্কম্। সমানপ্রকৃতি স্থলেই হয়, সিদ্ধঞ্চ অভুক্তঞ্চ একপ স্থলে সমাস হইবেক না।

৬৫। বর্ণো বর্ণেন।

বর্ণবাচক সুবন্তপদের সহিত বর্ণবাচক পদের সমাস

---

(৪৮) যে সকল শব্দ স্ত্রীলিঙ্গ পুংলিঙ্গ উভয়ই হয় তাহাদিগকে ভাষিতপুংস্ক বলে, যেমন মহৎ শব্দ স্ত্রীলিঙ্গ পুংলিঙ্গ উভয় হয়। যে সকল শব্দ নিত্য স্ত্রীলিঙ্গ উহাদিগকে ভাষিতপুংস্ক বলা যায় না, যেমন শ্রী, লক্ষ্মী প্রভৃতি।

হয়। যথা, नीलस्य स लोहितस्य नीललोहितः, लोहितस्य स शवलस्य लोहितशवलः, पीतस्य स धवलस्य पीतधवलः।

৬৬। पूर्व्वोत्तरकालयोः क्तः।

পূর্ব্বকাল ও উত্তরকাল বুঝাইলে ক্তপ্রত্যয়ান্ত পদের সমাস হয়। যথা, पूर्व्वं स्नातः पश्चादनुलिप्तः स्नातानुलिप्तः, यातानुयातः, शयितोत्थितः, दत्तापहृतम्, भुक्तोद्गीर्णम्।

৬৭। उपमानानि साधर्म्म्यवचनैः।

উপমান ও উপমেয়ের সমানধর্ম্মবাচক পদের সহিত উপমানবাচক পদের সমাস হয়। যথা, घन इव श्यामः घनश्यामः, अर्णव इव गभीरः अर्णवगभीरः, शैल इव उन्नतः शैलोन्नतः, अनल इव उज्ज्वलः अनलोज्ज्वलः, नवनीतमिव कोमलं नवनीतकोमलम्।

৬৮। उपमेयानि व्याघ्रादिभिः साधर्म्म्याप्रयोगे।

ব্যাঘ্র (৪৯) প্রভৃতি উপমানবাচক সুবন্তপদের সহিত

(৪৯) व्याघ्र, सिंह, ऋच्छ, ऋषभ, वृक, वृष, वराह, कुञ्जर, चन्द्र, कमल, किसलय इत्यादि।

উপমেয় পদের সমাস হয়। যথা, पुरुषो व्याघ्र इव पुरुषव्याघ्रः, पुरुषः सिंह इव पुरुषसिंहः, राजा चन्द्र इव राजचन्द्रः, मुखं कमलमिव मुखकमलम्, करः किसलयमिव करकिसलयम्, अधरः पल्लव इव अधरपल्लवः, वदनं सुधाकर इव वदनसुधाकरः। উপমান ও উপমেয়ের সামান্য ধর্ম্মের প্রয়োগ থাকিলে হয় না। যথা, पुरुषो व्याघ्र इव शूरः, मुखं कमलमिव सुन्दरम्।

## ६९। श्रेण्यादयः कृतादिभिरभूततद्भावे।

অভূততদ্ভাব অর্থ বুঝাইলে কৃতপ্রভৃতি (৫০) সুবন্ত পদের সহিত শ্রেণী (৫১) প্রভৃতি পদের সমাস হয়। যথা, अश्रेणयः श्रेणयः कृताः श्रेणिकृताः, अपूगाः पूगाः कृताः पूगकृताः, अराशयः राशयः कृताः राशिकृताः, अश्रेणयः श्रेणयो भूता श्रेणिभूताः, अनिपुणा निपुणा

---

(৫০) कृत, मित, मत, भूत, उक्त, युक्त, समाज्ञात, समाम्नात, समाख्यात, सम्भावित, संसेवित, अवधारित, अवकल्पित, निराकृत, उपकृत, उपाकृत, दृष्ट, फलित, दलित, उदाहृत, विश्रुत, उदित।

(৫১) श्रेणि, पूग, मुकुन्द, राशि, निचय, विशेष, विधान, पर, इन्द्र, देव, मुण्ड, भूत, श्रवण, वदान्य, अध्यापक, अभिरूपक, ब्राह्मण, क्षत्रिय, विशिष्ट, पटु, पण्डित, कुशल, चपल, निपुण, कृपण।

ভূতাঃ নিপুণভূতাঃ, অকুশলাঃ কুশলা ভূতাঃ কুশলভূতাঃ। (৫২)

## ৭০। সংখ্যাপূর্ব্বো দ্বিগুঃ।

যে কর্ম্মধারয়ে পূর্ব্বপদস্থলে সংখ্যাবাচক শব্দ থাকে উহাকে দ্বিগু বলে।

## ৭১। তদ্ধিতার্থোত্তরপদসমাহারেষু।

তদ্ধিতার্থে, উত্তরপদ পরে ও সমাহার বুঝাইলে দ্বিগু সমাস হয়। যথা, তদ্ধিতার্থে-পঞ্চভির্গোভিঃ ক্রীতঃ পঞ্চগুঃ; উত্তরপদ পরে-পঞ্চ হস্তাঃ প্রমাণমস্য পঞ্চহস্তপ্রমাণঃ। প্রমাণ শব্দ উত্তর পদ পরে পঞ্চ ও হস্তাঃ এই দুই পদের দ্বিগু সমাস হইল।

## ৭২। অদন্তাদীপ্ সমাহারে।

সমাহার দ্বিগু হইলে অকারান্ত শব্দের উত্তর ঈপ্ হয়। যথা, ত্রয়াণাং লোকানাং সমাহারঃ ত্রিলোকী, চতুর্ণাং পদানাং সমাহারঃ চতুষ্পদী, পঞ্চানাং নলানাং সমাহারঃ পঞ্চনলী, সপ্তানাং শতানাং সমাহারঃ সপ্তশতী।

---

(৫২) চ্বি প্রত্যয় হইলে তন্নিবন্ধন কার্য্য সমুদায়ও হয়। যথা, শ্রেণীকৃতঃ, পূগীকৃতঃ, রাশীকৃতঃ, শ্রেণীভূতঃ, নিপুণীভূতঃ, রাশীভূতঃ, কুশলীভূতঃ ইত্যাদি।

৭৩। ন ভুবনাদেঃ।

ভুবন প্রভৃতির উত্তর ঈপ্ হয় না। যথা, ত্রয়াণাং ভুবনানাং সমাহারঃ ত্রিভুবনম্, চতুর্ণাং যুগানাং সমাহারঃ চতুর্যুগম্, পঞ্চানাং পাত্রাণাং সমাহারঃ পঞ্চপাত্রম্।

৭৪। ময়ূরব্যংসকাদয়ঃ।

ময়ূরব্যংসক প্রভৃতি নিপাতনে সিদ্ধ হয়। যথা, ময়ূরো ব্যংসকঃ ময়ূরব্যংসকঃ, উদক্ চ অবাক্ চ উচ্চাবচম্, নাস্তি কিঞ্চন যস্য অকিঞ্চনঃ, নাস্তি কুতো ভয়ং যস্য অকুতোভয়ঃ, অন্যোঽর্থঃ অর্থান্তরম্, অন্যো দেশঃ দেশান্তরম্।

৭৫। আখ্যাতমাখ্যাতেন ক্রিয়াসাতত্যে।

সতত ক্রিয়ার অনুষ্ঠান বুঝাইলে আখ্যাত পদের সহিত আখ্যাতের সমাস হয়। পদ নিপাতনে সিদ্ধ। যথা, অশ্নীত পিবতেত্যেবং সততমভিধীয়তে যস্যাং ক্রিয়ায়াং সা অশ্নীতপিবতা, পচতভুঞ্জতা, খাদতমোদতা, খাদতাচমতা।

৭৬। সর্ব্বপুণ্যসংখ্যাব্যয়েভ্যো রাত্রেরন্।

সর্ব্ব, পুণ্য, সংখ্যাবাচক ও অব্যয় শব্দের পরবর্ত্তী রাত্রি শব্দের উত্তর অন্ হয়। যথা, সর্ব্বা রাত্রিঃ

সর্ব্বরাত্রঃ, পুণ্যা রাত্রিঃ পুণ্যরাত্রঃ, দ্বিরাত্রম্, ত্রিরাত্রম্, পঞ্চরাত্রম্, দশরাত্রম্, অতিরাত্রঃ।

## ৭৭। অহ্নোঽহ্নশ্চৈতেভ্যঃ।

সর্ব্ব, পুণ্য, সংখ্যাবাচক ও অব্যয়ের পরবর্ত্তী অহন্ শব্দের উত্তর অন্ ও অহন্ স্থানে অহ্ন হয়। যথা, সর্ব্বমহঃ সর্ব্বাহ্নঃ; দ্বয়োরহ্নোর্ভবঃ দ্ব্যহ্নঃ, পঞ্চসু অহঃসু ভবঃ পঞ্চাহ্নঃ, প্রাহ্নঃ।

## ৭৮। ন সংখ্যায়াঃ সমাহারে।

সমাহার হইলে সংখ্যাবাচকের পরবর্ত্তী অহন্ শব্দ স্থানে অহ্ন হয় না। যথা, দ্বয়োরহ্নোঃ সমাহারঃ দ্ব্যহঃ, ত্র্যহঃ, দশাহঃ।

## ৭৯। ন পুণ্যৈকাভ্যাম্।

পুণ্য ও এক শব্দের পরবর্ত্তী অহন্ স্থানে অহ্ন হয় না। যথা, পুণ্যাহম্, একাহঃ।

## ৮০। সংখ্যাব্যয়াভ্যামঙ্গুলেঃ।

সংখ্যাবাচক ও অব্যয় শব্দের পরবর্ত্তী অঙ্গুলি শব্দের উত্তর অন্ হয়। যথা, দ্বে অঙ্গুলী প্রমাণমস্য দ্ব্যঙ্গুলম্, ত্র্যঙ্গুলম্, নিরঙ্গুলম্।

## ৮১। রাজাহঃসখিভ্যষ্টঃ।

রাজন্, অহন্ ও সখি শব্দের উত্তর ট হয়, ট ইৎ অ থাকে। যথা, অঙ্গানাং রাজা অঙ্গরাজঃ, মহান্ রাজা মহারাজঃ, পরমমহঃ পরমাহঃ, উত্তমমহঃ উত্তমাহঃ, রাজ্ঞঃ সখা রাজসখঃ, প্রিয়ঃ সখা প্রিয়সখঃ।

## ৮২। গোরতদ্ধিতার্থে।

গো শব্দের উত্তর ট হয়। যথা, রাজ্ঞো গৌঃ রাজগবঃ, পরমো গৌঃ পরমগবঃ, দশ গাবো ধনমস্য দশগবধনঃ পঞ্চানাং গবাং সমাহারঃ পঞ্চগবম্। তদ্ধিতার্থে হয় না। যথা, পঞ্চভির্গোভিঃ ক্রীতঃ পঞ্চগুঃ।

## ৮৩। মুখ্যার্থাদুরসঃ।

মুখ্যার্থ উরস্ শব্দের উত্তর ট হয়। যথা, অশ্বানামুর ইব অশ্বোরসম্, মুখ্যোঽশ্ব ইত্যর্থঃ।

## ৮৪। অনোঽশ্মায়ঃসরসাং জাতিসংজ্ঞয়োঃ।

জাতি ও সংজ্ঞা বুঝাইলে অনস্, অশ্মন্, অয়স্ ও সরস্ শব্দের উত্তর ট হয়। যথা, জাতি—উপানসম্, অমৃতাশ্মঃ, কালায়সম্, মণ্ডূকসরসম্; সংজ্ঞা—মহানসম্, পিণ্ডাশ্মঃ, লোহিতায়সম্, জলসরসম্।

## ৮৫। গ্রামকৌটাভ্যাং তক্ষ্ণঃ।

গ্রাম ও কৌট শব্দের পরবর্ত্তী তক্ষন্ শব্দের উত্তর ট হয়। যথা, গ্রামতক্ষঃ, সাধারণ ইত্যর্থঃ ; কৌটতক্ষঃ স্বতন্ত্র ইত্যর্থঃ ; অন্যত্র, রাজতক্ষা।

৮৬। অতেঃ শুনঃ।

অতি শব্দের পরবর্ত্তী শ্বন্ শব্দের উত্তর ট হয়। যথা, অতিক্রান্তঃ শ্বানম্ অতিশ্বো বরাহঃ, অতিশ্বী সেবা।

৮৭। উপমানাদপ্রাণিষু।

উপমানবাচক শ্বন্ শব্দের উত্তর ট হয়। যথা, আকর্ষঃ শ্বেব আকর্ষশ্বঃ। প্রাণী বুঝাইলে হয় না। যথা, বানরঃ শ্বেব বানরশ্বা।

৮৮। উত্তরমৃগপূর্ব্বোপমানেভ্যঃ সক্থ্নঃ।

উত্তর, মৃগ, পূর্ব্ব ও উপমান বাচকের পরবর্ত্তী সক্থি শব্দের উত্তর ট হয়। যথা, উত্তরসক্থম্, মৃগসক্থম্, পূর্ব্বসক্থম্ ; উপমান—ফলকমিব সক্থি ফলকসক্থম্।

৮৯। নাবো দ্বিগোরতদ্ধিতার্থে।

দ্বিগুসমাসস্থিত নৌ শব্দের উত্তর ট হয়। যথা, দ্বয়োর্নাবোঃ সমাহারঃ দ্বিনাবম্, পঞ্চ নাবো ধনমস্য পঞ্চনাবধনঃ। তদ্ধিতার্থে হয় না। যথা; পঞ্চভির্নৌভিঃ

ক্রীতঃ পঞ্চনৌঃ। দ্বিগু ভিন্ন স্থলে, রাজ্ঞো নৌঃ রাজনৌঃ, নবীনা নৌঃ নবীননৌঃ।

৩৯। অর্দ্ধাচ্চ।

অর্দ্ধ শব্দের পরবর্ত্তী নৌ শব্দের উত্তর ট হয়। যথা, অর্দ্ধং নাবঃ অর্দ্ধনাবম্। পরলিঙ্গ হইল না।

৯১। খার্য্যা বিভাষা।

দ্বিগু সমাস হইলে ও অর্দ্ধ শব্দ পূর্ব্বে থাকিলে খারী শব্দের উত্তর বিকল্পে ট হয়। যথা, দ্বে খার্য্যৌ প্রমাণমস্য দ্বিখারম্ দ্বিখারি, অর্দ্ধং খার্য্যাঃ অর্দ্ধখারম্ অর্দ্ধখারী।

৯২। দ্বিত্রিভ্যামঞ্জলেঃ।

দ্বিগু সমাস হইলে দ্বি ও ত্রি শব্দের পরবর্ত্তী অঞ্জলি শব্দের উত্তর বিকল্পে ট হয়। যথা, দ্বৌ অঞ্জলী প্রমাণমস্য দ্ব্যঞ্জলং দ্ব্যঞ্জলি, ত্র্যঞ্জলং ত্র্যঞ্জলি। অন্যত্র, দ্বয়োরঞ্জলিঃ দ্ব্যঞ্জলিঃ।

৯৩। ব্রহ্মণো জনপদাৎ।

জনপদবাচক শব্দের পরবর্ত্তী ব্রহ্মন্ শব্দের উত্তর ট হয়। যথা, সুরাষ্ট্রস্য ব্রহ্মা সুরাষ্ট্রব্রহ্মঃ, অবন্তিব্রহ্মঃ, কলিঙ্গব্রহ্মঃ। অন্যত্র, দেবব্রহ্মা নারদঃ।

৯৪। বিভাষা কু মহদ্ভ্যাম্।

কু ও মহৎ শব্দের পরবর্ত্তী হইলে বিকল্পে। যথা, কুৎসিতো ব্রহ্মা কুব্রহ্মঃ কুব্রহ্মা, মহাব্রহ্মঃ মহাব্রহ্মা।

৯৫। অক্ষ্ণোঽচক্ষুষি।

অক্ষি শব্দের উত্তর ট হয়। যথা, গবামক্ষীব গবাক্ষঃ। চক্ষু বুঝাইলে হয় না। যথা, বালকস্য অক্ষি বালকাক্ষি।

৯৬। বৃদ্ধমহজ্জাতেভ্য উক্ষ্ণঃ।

বৃদ্ধ, মহৎ ও জাত শব্দের পরবর্ত্তী উক্ষন্ শব্দের উত্তর ট হয়। যথা, বৃদ্ধ উক্ষা বৃদ্ধোক্ষঃ, মহান্ উক্ষা মহোক্ষঃ, জাত উক্ষা জাতোক্ষঃ।

৯৭। নিঃশ্রেয়সপুরুষায়ুষে।

নিঃশ্রেয়স ও পুরুষায়ুষ নিপাতনে সিদ্ধ হয়। যথা, নিশ্চিতং শ্রেয়ঃ নিশ্শ্রেয়সম্, পুরুষস্যায়ুঃ পুরুষায়ুষম্।

৯৮। বিভাষা চ্ছায়াদি নপুংসকম্।

ছায়া (৫৩) প্রভৃতি শব্দ বিকল্পে নপুংসক হয়। যথা, তরুচ্ছায়ম্ তরুচ্ছায়া, গোশালম্ গোশালা।

---

(৫৩) ছায়া, শালা, সেনা, সুরা, নিশা।

৯৯। नित्यं छाया बाहुल्ये।

পূর্ব্ব পদার্থের বাহুল্য বুঝাইলে ছায়া শব্দ নিত্য নপুংসক হয়। যথা, इक्षूणां छाया इक्षुच्छायम्, शराणां छाया शरच्छायम्।

১০০। सभा प्रभुपर्य्यायपूर्व्वा।

প্রভুপর্য্যায় শব্দ পূর্ব্বে থাকিলে সভা শব্দ নিত্য নপুংসক হয়। যথা, प्रभुसभम्, ईश्वरसभम्। রাজসভা প্রভৃতিস্থলে হয় না।

১০১। रक्षःपिशाचादिपूर्व्वा च।

রক্ষস্, পিশাচ প্রভৃতি শব্দ পূর্ব্বে থাকিলে সভাশব্দ নিত্য নপুংসক হয়। যথা, रक्षःसभम्, पिशाचसभम्। অন্যত্র, मनुष्यसभा, देवदत्तसभा।

১০২। अशाला च।

শালাভিন্নার্থবাচক সভা শব্দ নিত্য নপুংসক হয়। যথা, स्त्रीसभम् स्त्रीणां समूह इत्यर्थः, शिशुसभम् शिशूनां समवाय इत्यर्थः।

১০৩। पुंवत् कुक्कुटीप्रभृतीनामण्डादौ।

অণ্ডপ্রভৃতি শব্দ পরে থাকিলে কুক্কুটী প্রভৃতির পুংবদ্ভাব হয়। যথা, कुक्कुट्या अण्डं कुक्कुटाण्डम्, हंस्या

अण्डं हंसाण्डम्, कुक्कुट्याः शावः कुक्कुटशावः, हंस्याः शावः हंसशावः, कुक्कुट्याः क्षीरं कुक्कुटक्षीरम्, हंस्याः क्षीरं हंसक्षीरम्।

---

## বহুব্রীহি।

### ১। बहुव्रीहिः ।

এই প্রকরণে যে সমাসের বিধান হইতেছে তাহার নাম বহুব্রীহি।

### ২। अनेकमन्यपदार्थे।

অনেক প্রথমান্ত পদ অন্য পদার্থে বিদ্যমান হইলে বহুব্রীহি সমাস হয়। যথা, आरूढो वानरो यम् आरूढवानरो वृक्षः, कृतं कर्म्म येन कृतकर्म्मा पुरुषः, दत्तं धनं यस्मै दत्तधनो दरिद्रः, उद्धृतमुदकं यस्मात् उद्धृतोदकः कूपः, दीर्घौ बाहू यस्य दीर्घबाहुः पुरुषः, प्रफुल्लानि कमलानि यस्मिन् प्रफुल्लकमलं सरः ।

### ৩। संख्याभिरव्ययासन्नादूराधिकसंख्याः।

সংখ্যাবাচক শব্দের সহিত অব্যয়, আসন্ন, অদূর, অধিক ও সংখ্যাবাচকের বহুব্রীহি সমাস হয়।

৪। संख्याया अबहोर्ड: ।

সংখ্যাবাচক শব্দের উত্তর ড হয়। যথা, दशानां समीपे ये ते उपदशा:, विंशतेरासन्ना: आसन्नविंशा:, त्रिंशतोऽदूरे अदूरत्रिंशा:, चत्वारिंशतोऽधिका: अधिकचत्वारिंशा:, द्वौ वा त्रयो वा द्वित्रा:, पञ्च वा षड्‌वा पञ्चषा:। বহু শব্দের উত্তর হয় না। যথা, बहूनां समीपे उपबहव:।

৫। दिङ्‌नामान्यन्तराले ।

অন্তরাল বুঝাইলে দিগ্বাচক পূর্ব্বপ্রভৃতি শব্দের বহুব্রীহি সমাস হয়। যথা, दक्षिणस्या: पूर्व्वस्याश्च दिशोरन्तरालं दक्षिणपूर्व्वा, पूर्व्वस्या उत्तरस्याश्च दिशोरन्तरालं पूर्व्वोत्तरा, उत्तरस्या: पश्चिमायाश्च दिशोरन्तरालम् उत्तरपश्चिमा।

৬। सहस्तृतीयया ।

তৃতীয়ান্ত পদের সহিত সহ শব্দের বহুব্রীহি সমাস হয়।

৭। सह: सो विभाषा ।

বহুব্রীহি সমাসে সহশব্দ স্থানে বিকল্পে স হয়। যথা, पुत्रेण सह सपुत्र: सहपुत्र:, अनुजेन सह सानुज:

सहानुजः, बान्धवेन सह सबान्धवः सहबान्धवः, भृत्येन सह सभृत्यः सहभृत्यः ।

**৮। रणव्यतिहारे तृतीयासप्तम्योः सरूपयोः ।**

পরস্পর যুদ্ধ বুঝাইলে সমানরূপ তৃতীয়ান্ত ও সপ্তম্যন্ত পদের বহুব্রীহি সমাস হয়।

**৯। दीर्घोऽन्त्यः पूर्व्वस्य ।**

রণব্যতিহারে সমাস হইলে পূর্ব্বপদের অন্ত্য স্বর দীর্ঘ হয়।

**১০। इच् परात् ।**

রণব্যতিহারে সমাস হইলে পরপদের উত্তর ইচ্ হয়, চ ইৎ অব্যয় হয়, ইচ্ পরে অন্ত্য উবর্ণের গুণ হয়। যথা, केशेषु केशेषु गृहीत्वेदं युद्धं प्रवृत्तं केशाकेशि, दण्डैश्च दण्डैश्च प्रहृत्येदं युद्धं प्रवृत्तं दण्डादण्डि, मुष्टीमुष्टि, बाहूबाहवि (৫৪), असूसि ।

**১১। स्त्रियाः पुंवद्भाषितपुंस्कायाः स्त्रियाम् ।**

বহুব্রীহি সমাসে স্ত্রীলিঙ্গ শব্দ পরে থাকিলে ভাষিত-

---

(৫৪) বোপদেবমতে পূর্ব্বপদের অন্ত্যস্বর স্থানে বিকল্পে আ হয়। যথা, মুষ্টামুষ্টি মুষ্টীমুষ্টি, বাহাবাহবি বাহূবাহবি। স্বরবর্ণ পরে থাকিলে হয় না। যথা, असूसि।

পুংস্ক স্ত্রীলিঙ্গ শব্দের পুংবদ্ভাব হয়। যথা, স্থিরা বুদ্ধিরস্য স্থিরবুদ্ধিঃ, মহতী মতিরস্য মহামতিঃ, চিত্রা গতিরস্য চিত্রগতিঃ, দৃঢ়া ভক্তিরস্য দৃঢ়ভক্তিঃ, প্রিয়া ভার্য্যাস্য প্রিয়ভার্য্যঃ, শীতা গৌরস্য শীতগুঃ।

১২। নো বন্তস্য।

বহুব্রীহি সমাসে ঊপ্‌প্রত্যয়ান্ত স্ত্রীলিঙ্গের পুংবদ্ভাব হয় না। যথা, বামোরূঃ ভার্য্যাস্য বামোরূভার্য্যঃ।

১৩। ন কোপধস্য।

যে স্ত্রীলিঙ্গ শব্দের উপধাস্থলে তদ্ধিতের কিংবা অকপ্রত্যয়ের ক থাকে তাহার পুংবদ্ভাব হয় না। যথা, রসিকা ভার্য্যাস্য রসিকাভার্য্যঃ, পাচিকা ভার্য্যাস্য পাচিকাভার্য্যঃ। অন্যত্র হয়। যথা, একা ভার্য্যাস্য একভার্য্যঃ।

১৪। ন সংজ্ঞাপূরণ্যোঃ।

সংজ্ঞাবাচক ও পূরণবাচক স্ত্রীলিঙ্গের পুংবদ্ভাব হয় না। যথা, সংজ্ঞাবাচক—দত্তা ভার্য্যাস্য দত্তাভার্য্যঃ, গঙ্গা ভার্য্যাস্য গঙ্গাভার্য্যঃ, রোহিণী ভার্য্যাস্য রোহিণীভার্য্যঃ, রেবতী ভার্য্যাস্য, রেবতীভার্য্যঃ, পূরণবাচক—দ্বিতীয়া ভার্য্যাস্য দ্বিতীয়াভার্য্যঃ, পঞ্চমী ভার্য্যাস্য পঞ্চমীভার্য্যঃ।

১৫। न जातिस्वाङ्गयोः।

জাতিবাচক ও স্বাঙ্গবাচক স্ত্রীলিঙ্গ শব্দের পুংবদ্ভাব হয় না। যথা, জাতিবাচক—ब्राह्मणी भार्य्यास्य ब्राह्मणीभार्य्यः, क्षत्रिया भार्य्यास्य क्षत्रियाभार्य्यः; স্বাঙ্গবাচক—सुकेशी भार्य्यास्य सुकेशीभार्य्यः, कृशाङ्गी भार्य्यास्य कृशाङ्गीभार्य्यः।

১৬। न पूरणी प्रियादिषु।

বহুব্রীহি সমাসে পূরণ বাচক ও প্রিয়া (৫৫) প্রভৃতি শব্দ পরে থাকিলে স্ত্রীলিঙ্গ শব্দের পুংবদ্ভাব হয় না। যথা, शोभना प्रियास्य शोभनाप्रियः, सुलोचना कान्तास्य सुलोचनाकान्तः।

১৭। अप् पूरणीप्रमाणीभ्याम्।

পূরণ বাচক ও প্রমাণী শব্দের উত্তর অপ্ হয়, প ইৎ অ থাকে। যথা, कल्याणी पञ्चमी यासां

---

(৫৫) प्रिया, मनोज्ञा, कल्याणी, सुभगा, दुर्भगा, सचिवा, स्वा, कान्ता, क्षान्ता, समा, चपला, वामना। ভক্তি, তনয়া, দুহিতা এই তিন শব্দও প্রিয়াদিগণে পঠিত হইয়া থাকে কিন্তু সর্ব্বত্রই বিপরীত প্রয়োগ দেখিতে পাওয়া যায় এজন্য গণমধ্যে নিবেশিত হইল না।

রাত্রীণাং তাঃ কল্যাণীপঞ্চমা রাত্রয়ঃ (৫৬), স্ত্রী প্রমাণী যেষাং তে স্ত্রীপ্রমাণাঃ কুটুম্বিনঃ

**১৮। নঞ্সুবিত্র্যুপেভ্যশ্চতুরঃ।**

নঞ্, সু, বি, ত্রি, উপ এই সকলের পরবর্ত্তী চতুর্ শব্দের উত্তর অপ্ হয়। যথা, অবিদ্যমানানি চত্বার্য্যস্য অচতুরঃ, সুচতুরঃ, বিচতুরঃ, ত্রিচতুরঃ, উপচতুরঃ।

**১৯। নেতুর্নক্ষত্রাৎ।**

নক্ষত্রবাচক শব্দের পরবর্ত্তী নেতৃ শব্দের উত্তর অপ্ হয়। যথা, মৃগনেত্রাঃ, পুষ্যনেত্রাঃ রাত্রয়ঃ।

**২০। নাভেঃ সংজ্ঞায়াম্।**

সংজ্ঞা বুঝাইলে নাভিশব্দের উত্তর অপ্ হয়। যথা, উন্নাভঃ, পদ্মনাভঃ।

---

(৫৬) মুখ্য পূরণীর উত্তর অপ্ হয়, গৌণের উত্তর হয় না। কল্যাণী পঞ্চমী রাত্রির্যস্মিন্ পক্ষে স কল্যাণপঞ্চমীকঃ পক্ষঃ এস্থলে পূরণবাচক শব্দ গৌণ এজন্য উহার উত্তর অপ্ হইল না। অসমস্ত দশায় যে অর্থের বাচক সমস্ত দশাতেও সেই অর্থের বাচক হইলেই মুখ্য, আর অসমস্ত দশায় যে অর্থের বাচক সমস্ত দশায় তদ্ভিন্নার্থ বাচক হইলে গৌণ বলে। কল্যাণপঞ্চমা রাত্রয়ঃ এস্থলে পূরণবাচক শব্দ অসমস্ত ও সমস্ত উভয় দশাতেই রাত্রিবাচক এজন্য মুখ্য, আর কল্যাণপঞ্চমীকঃ পক্ষঃ এস্থলে পূরণবাচক শব্দ অসমস্ত দশায় রাত্রিবাচক কিন্তু সমস্ত দশায় তদ্বাচক না হইয়া তদ্ভিন্নার্থপক্ষবাচক হইতেছে এজন্য উহা গৌণ।

২১। অন্তর্বহির্ভ্যাং লোম্নঃ।

অন্তর্ ও বহিস্ শব্দের পরবর্ত্তী লোমন্ শব্দের উত্তর অপ্ হয়। যথা, অন্তর্লোমানি যস্য অন্তর্লোমঃ বহির্লোমানি যস্য বহির্লোমঃ।

২২। নঞ্ দুঃ সুভ্যঃ সক্থ্নো বা।

নঞ্ দুর্ সু এই তিনের পরবর্ত্তী সক্থি শব্দের উত্তর অপ্ হয়। অসক্থঃ অসক্থিঃ, দুঃসক্থঃ দুঃসক্থিঃ, সুসক্থঃ সুসক্থিঃ।

২৩। সক্থ্যক্ষিভ্যাং ষঃ স্বাঙ্গে।

স্বাঙ্গ বুঝাইলে সক্থি ও অক্ষি শব্দের উত্তর ষ হয়, ষ ইৎ অ থাকে। যথা, দীর্ঘে সক্থিনী অস্য দীর্ঘসক্থঃ পুরুষঃ, বৃত্তে সক্থিনী অস্যাঃ বৃত্তসক্থী নারী; দীর্ঘে অক্ষিণী অস্মিন্ দীর্ঘাক্ষং বদনম্, বিশালে অক্ষিণী অস্যাঃ বিশালাক্ষী দেবী। স্বাঙ্গ না বুঝাইলে হয় না। যথা, দীর্ঘসক্থি শকটম্, স্থূলাক্ষিরিক্ষুদণ্ডঃ।

২৪। অঙ্গুলের্দারুণি।

দারু বুঝাইলে অঙ্গুলি শব্দের উত্তর ষ হয়। যথা, পঞ্চাঙ্গুলং দারু। দারু ভিন্ন স্থলে, পঞ্চাঙ্গুলির্হস্তঃ।

২৫। দ্বিত্রিভ্যাং মূর্দ্ধ্নঃ।

দ্বি ও ত্রি শব্দেরপরবর্ত্তী মূর্দ্ধন্ শব্দের উত্তর ষ হয়। যথা, দ্বৌ মূর্দ্ধানাবস্য দ্বিমূর্দ্ধঃ, ত্রয়ো মূর্দ্ধানোঽস্য ত্রিমূর্দ্ধঃ। অন্যত্র হয় না। যথা, পঞ্চ মূর্দ্ধানোঽস্য পঞ্চমূর্দ্ধা।

২৬। অস্ নঞ্ দুঃ সুভ্যঃ প্রজায়াঃ।

নঞ্, দুর্, সু এই তিনের পরবর্ত্তী প্রজা শব্দের উত্তর অস্ হয়। যথা, অপ্রজাঃ, দুষ্প্রজাঃ, সুপ্রজাঃ।

২৭। মন্দাল্পাভ্যাঞ্চ মেধায়াঃ।

নঞ্, দুর্, সু, মন্দ, অল্প এই সকলের পরবর্ত্তী মেধা শব্দের উত্তর অস্ হয়। যথা, অমেধাঃ, দুর্মেধাঃ, সুমেধাঃ, মন্দমেধাঃ, অল্পমেধাঃ।

২৮। ধর্ম্মাদন্ কেবলাৎ।

ধর্ম্ম শব্দের উত্তর অন্ হয়। যথা, সুধর্ম্মা, শুভধর্ম্মা, অর্জ্জিতধর্ম্মা। ধর্ম্ম শব্দ অন্য শব্দের সহিত মিলিত থাকিলে হয় না। যথা, পরমস্বধর্ম্মঃ।

২৯। দক্ষিণাদীর্ম্মা লুব্ধযোগে।

ব্যাধসম্বন্ধ বুঝাইলে দক্ষিণ শব্দের পরবর্ত্তী ঈর্ম্ম

শব্দের উত্তর অন্ হয়। যথা, দক্ষিণে ঈর্ম্ম ব্রণং যস্য দক্ষিণের্ম্মা মৃগঃ ব্যাধেন দক্ষিণে পার্শ্বে ক্ষতব্রণ ইত্যর্থঃ।

৩০। প্রসম্ভ্যাং জানুনো জ্ঞুঃ।

প্র সম্ এই দুই অব্যয়ের পরবর্ত্তী জানু শব্দের স্থানে জ্ঞু হয়। যথা, প্রজ্ঞুঃ, সংজ্ঞুঃ।

৩১। ঊর্দ্ধাদ্বিভাষা।

ঊর্দ্ধ শব্দের পরবর্ত্তীর বিকল্পে। যথা, ঊর্দ্ধজ্ঞুঃ, ঊর্দ্ধজানুঃ।

৩২। নসো নাসিকায়াঃ সংজ্ঞায়াম্।

সংজ্ঞা বুঝাইলে নাসিকা শব্দ স্থানে নস হয়। যথা, দ্রুরিব নাসিকাস্য দ্রুণসঃ, বাধ্রীব নাসিকাস্য বাধ্রীণসঃ, গৌরিব নাসিকাস্য গোনসঃ। স্থূল শব্দের উত্তর হয় না। যথা, স্থূলা নাসিকাস্য স্থূলনাসিকঃ। সংজ্ঞা না বুঝাইলে হয় না। যথা, তুঙ্গা নাসিকাস্য তুঙ্গনাসিকঃ পুরুষঃ।

৩৩। উপসর্গাচ্চ।

উপসর্গের পরবর্ত্তী নাসিকা শব্দের স্থানে নস হয়। যথা, প্রণসঃ, উন্নসঃ, অপনসঃ।

३४। खरखुराभ्यां नस् च।

খর ও খুর শব্দের পরবর্ত্তী নাসিকা শব্দের স্থানে নস ও নস্ হয়। যথা, खरणसः खरणाः, खुरणसः खुरणाः।

३५। विग्रादयः।

বি উপসর্গের পরবর্ত্তী নাসিকা শব্দের স্থানে বিগ্র, বিখ্য, বিক্খু, বিখ্র নিপাতনে সিদ্ধ হয়।

३६। जानिर्जायायाः।

জায়া শব্দের স্থানে জানি হয়। যথা, युवतिर्जायास्य युवजानिः, प्रिया जायास्य प्रियजानिः, सुन्दरी जायास्य सुन्दरजानिः।

३७। दुर्गन्धादुत् सु पूति सुरभिभ्यः।

উৎ, সু, পূতি, সুরভি ইহাদের পরবর্ত্তী গন্ধ শব্দের উত্তর ই হয়। যথা, उद्गन्धिः, सुगन्धिः, पूतिगन्धिः, सुरभिगन्धिः। দ্রব্যান্তরের গন্ধ সম্বন্ধে হয় না। যথা, सुगन्धः पवनः।

३८। अल्पसंयोगे।

অল্প সংযোগ বুঝাইলে গন্ধ শব্দের উত্তর ই হয়। যথা, घृतगन्धि, दधिगन्धि, सूपगन्धि भोजनम्।

**৩৯। উপমানাচ্চ।**

উপমানবাচক পদের পরবর্ত্তী গন্ধ শব্দের উত্তর ই হয়। যথা, পদ্মস্যেব গন্ধোঽস্য পদ্মগন্ধিঃ, করীষ-গন্ধিঃ। (৫৭)

**৪০। পাদস্য পাদ্ হস্ত্যাদেরুপমানাত্।**

উপমানবাচক পদের পরবর্ত্তী পাদ শব্দ স্থানে পাদ্ হয়। যথা, ব্যাঘ্রস্যেব পাদাবস্য ব্যাঘ্রপাৎ। হস্তিন্ (৫৮) প্রভৃতির পরবর্ত্তীর হয় না। যথা, হস্তিন ইব পাদাবস্য হস্তিপাদঃ।

**৪১। সংখ্যাসুপূর্ব্বস্য চ।**

সংখ্যাবাচক ও সু পূর্ব্বে থাকিলে পাদ শব্দ স্থানে পাদ্ হয়। যথা, দ্বিপাত্, ত্রিপাত্, চতুষ্পাত্, সুপাত্।

**৪২। স্ত্রিয়াং কুম্ভাদেঃ পদ্।**

স্ত্রীলিঙ্গে কুম্ভ(৫৯) প্রভৃতির পরবর্ত্তী পাদ শব্দ স্থানে

---

(৫৭) বোপদেবমতে বিকল্পে।

(৫৮) হস্তিন্, কুদ্দাল, অশ্ব, অজ, কপোত, জাল, গণ্ড, গণ্ডোল, কুসূল ইত্যাদি।

(৫৯) কুম্ভ, এক, দ্বি, ত্রি, শত, শূল, জাল, মুনি, দাসী, সূর, গোধা, ঘটী, বিষ্ণু, আর্দ্র, কৃষ্ণ, শুচি, সূণা ইত্যাদি।

পদ্ হয়। কুম্ভপদী, একপদী, দ্বিপদী, ত্রিপদী, শতপদী, বিষ্ণুপদী, আর্দ্রপদী।

৪৩। সুহৃদ্দুর্হৃদৌ মিত্রামিত্রয়োঃ।

মিত্র অমিত্র এই দুই অর্থে যথাক্রমে সুহৃদ্ দুর্হৃদ্ এই দুই শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা, শোভনং হৃদয়মস্য সুহৃৎ মিত্রম্, দুষ্টং হৃদয়মস্য দুর্হৃৎ অমিত্রঃ।

৪৪। উরঃ প্রভৃতিভ্যঃ কপ্।

উরস্(৬০) প্রভৃতি শব্দের উত্তর কপ্ হয়, প ইৎ ক থাকে। যথা, ব্যূঢ়মুরোঽস্য ব্যূঢ়োরস্কঃ, উপানহ্যা সহ সোপানৎকঃ, ভাষিতঃ পুমাননেন ভাষিতপুংস্কঃ, ন বিদ্যতে অর্থোঽস্মিন্ নিরর্থকম্, অনর্থকম্।

৪৫। ইনন্তাৎ স্ত্রিয়াম্।

স্ত্রীলিঙ্গে ইন্‌ভাগান্ত শব্দের উত্তর কপ্ হয়। যথা, বহবোঽস্যাং ধনিনঃ বহুধনিকা নগরী, বহবোঽস্যাং বাগ্মিনঃ বহুবাগ্মিকা সভা।

---

(৬০) উরস্, উপানহ্, পুমস্, পয়স্, লক্ষ্মী, দধি, মধু, শালি, সর্পিস্, অনডুহ্, নৌ, নির্ নঞ্ পূর্ব্বক অর্থ।

৪৬। ঋদন্তনদীভ্যাঞ্চ।

ঋকারান্ত ও নদীসংজ্ঞক শব্দের উত্তর কপ্ হয়। যথা, একপিতৃকঃ, সমাতৃকঃ, মৃতভর্ত্তৃকা, মৃতপত্নীকঃ, বহুকুমারীকঃ।

৪৭। শেষাদ্বিভাষা।

পূর্ব্বোক্ত ভিন্নের উত্তর বিকল্পে কপ্ হয়। যথা, ধৃতধনুষ্কঃ ধৃতধনুঃ, লব্ধযশস্কঃ লব্ধযশাঃ, মুণ্ডিতশিরস্কঃ মুণ্ডিতশিরাঃ, অর্জ্জিতধনকঃ অর্জ্জিতধনঃ, ধৃতমালাকঃ ধৃতমালঃ।

৪৮। নেয়সুনঃ।

ঈয়সুন্ প্রত্যয়ান্ত শব্দের উত্তর কপ্ হয় না। যথা, বহুপ্রেয়ান্, বহুপ্রেয়সী।

৪৯। ন প্রশংসায়াং ভ্রাতুঃ।

প্রশংসা বুঝাইলে ভ্রাতৃশব্দের উত্তর কপ্ হয় না। যথা, সুভ্রাতা, পণ্ডিতভ্রাতা, সাধুভ্রাতা। অন্যত্র, মূর্খভ্রাতৃকঃ, বহুভ্রাতৃকঃ।

৫০। ন নাড়ীতন্ত্র্যোঃ স্বাঙ্গে।

স্বাঙ্গ বুঝাইলে নাড়ী ও তন্ত্রী শব্দের উত্তর কপ্ হয়

না। যথা, বহুনাড়িঃ কায়ঃ, বহুতন্ত্রীগ্রীবা। স্বাঙ্গ না বুঝাইলে, বহুনাড়ীকঃ স্তম্ভঃ, বহুতন্ত্রীকা বীণা।

৫১। সুপ্রাতাদয়ঃ।

বহুব্রীহি সমাসে সুপ্রাতপ্রভৃতি শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা, শোভনং প্রাতরস্য সুপ্রাতঃ, শোভনং দিবাস্য সুদিবঃ, চতস্রোঽস্রয়োঽস্য চতুরস্রঃ।

---

দ্বন্দ্ব।

১। দ্বন্দ্বঃ।

এই প্রকরণে যে সমাস বিহিত হইতেছে তাহার নাম দ্বন্দ্ব।

২। পরলিঙ্গং দ্বন্দ্বে।

দ্বন্দ্ব সমাস হইলে সমস্ত ভাগ পরপদের লিঙ্গ প্রাপ্ত হয়।

৩। ইতরেতরযোগে।

পরস্পর যোগ বুঝাইলে দ্বন্দ্ব সমাস হয়। যথা, হরিশ্চ হরশ্চ হরিহরৌ, রামশ্চ লক্ষ্মণশ্চ রাম-

লক্ষ্মণৌ, ভীমস্চ অর্জ্জুনশ্চ ভীমার্জ্জুনৌ, ধবস্চ খদিরশ্চ পলাশশ্চ ধবখদিরপলাশাঃ, কন্দশ্চ মূলঞ্চ ফলঞ্চ কন্দমূলফলানি, শব্দশ্চ স্পর্শশ্চ রূপঞ্চ রসশ্চ গন্ধশ্চ শব্দস্পর্শরূপরসগন্ধাঃ। হরিহরৌ এ স্থলে হরি পদার্থ ও হর পদার্থের পরস্পর যোগ বুঝাইতেছে; ধবখদিরপলাশাঃ এ স্থলে ধবপদার্থ, খদিরপদার্থ ও পলাশপদার্থের পরস্পর যোগ বুঝাইতেছে।

৪। সমাহারে চ।

দুই বা বহু পদার্থের সমাহার বুঝাইলে দ্বন্দ্ব সমাস হয়।

৫। প্রাণিতূর্য্যসেনাঙ্গানাম্।

দ্বন্দ্ব সমাসে প্রাণ্যঙ্গ, তূর্য্যাঙ্গ ও সেনাঙ্গবাচক পদের সমাহার হয়। যথা, প্রাণ্যঙ্গ—পাণিশ্চ পাদশ্চ পাণিপাদম্, করশ্চ চরণশ্চ করচরণম্, দন্তশ্চ ওষ্ঠশ্চ দন্তৌষ্ঠম্, কর্ণশ্চ নাসিকা চ কর্ণনাসিকম্, ভ্রুবৌ চ ললাটৌ চ ভ্রূললাটম্, পৃষ্ঠঞ্চ উদরঞ্চ পৃষ্ঠোদরম্; তূর্য্যাঙ্গ—পণবশ্চ মৃদঙ্গশ্চ পণবমৃদঙ্গম্, শঙ্খশ্চ দুন্দুভিশ্চ শঙ্খদুন্দুভি, ভেরী চ পটহশ্চ ভেরীপটহম্, ঋষভশ্চ গান্ধারশ্চ ঋষভগান্ধারম্, ধৈবতশ্চ পঞ্চমশ্চ ধৈবতপঞ্চমম্, ষড়্‌জশ্চ মধ্যমশ্চ ষড়্‌জমধ্যমম্।

সেনাঙ্গ—রথিকাশ্চ অশ্বারোহাশ্চ রথিকাশ্বারোহম্, শাক্তীকাশ্চ যাষ্টীকাশ্চ শাক্তীকযাষ্টীকম্, পরশবশ্চ করবালাশ্চ পরশুকরবালম্, ধনূংষি চ শরাশ্চ ধনুঃশরম্; শরাশ্চ তূণীরাশ্চ শরতূণীরম্। (৬১)

## ৫। নদীবাচিনাং লিঙ্গভেদে।

লিঙ্গের ভেদ থাকিলে নদীবাচক পদের সমাহার হয়। যথা, গঙ্গা চ শোণশ্চ গঙ্গাশোণম্, উদ্ধবশ্চ ইরাবতী চ উদ্ধেরাবতি, ব্রহ্মপুত্রশ্চ চন্দ্রভাগা চ ব্রহ্মপুত্রচন্দ্রভাগম্। লিঙ্গভেদ না থাকিলে হয় না। যথা, গঙ্গা চ যমুনা চ গঙ্গাযমুনে, সরস্বতী চ দৃষদ্বতী চ সরস্বতীদৃষদ্বত্যৌ।

## ৬। দেশবাচিনাঞ্চ।

লিঙ্গভেদ থাকিলে দেশবাচক পদের সমাহার হয়। যথা, কুরবশ্চ কুরুক্ষেত্রঞ্চ কুরুকুরুক্ষেত্রম্, কুরবশ্চ জাঙ্গলঞ্চ কুরুজাঙ্গলম্, মথুরা চ পাটলিপুত্রঞ্চ মথুরাপাটলিপুত্রম্। লিঙ্গভেদ না থাকিলে হয় না। যথা, মদ্রাশ্চ কেকয়াশ্চ মদ্রকেকয়াঃ, বিদেহাশ্চ কলিঙ্গাশ্চ

---

(৬১) সেনাঙ্গবাচক পদের কেবল বহুবচনে সমাহার হয় অন্য বচনে হয় না। যথা, শরশ্চ তূণীরশ্চ শরতূণীরৌ, শক্তিশ্চ পরশুশ্চ করবালশ্চ শক্তিপরশুকরবালাঃ।

বিদেহকলিঙ্গাঃ। গ্রামবাচক পদের সমাহার হয় না। যথা, জাম্ববশ্চ শালূকিনী চ জাম্ববশালূকিন্যৌ।

## ৮। বা পশুশকুনিক্ষুদ্রজন্তুবাচিনাং বহু-বচনে।

বহুবচনে পশুবাচক, শকুনিবাচক ও ক্ষুদ্রজন্তুবাচক পদের বিকল্পে সমাহার হয়। যথা, পশুবাচক—গাবশ্চ মহিষাশ্চ গোমহিষম্ গোমহিষাঃ, বৃকাশ্চ কুরঙ্গাশ্চ বৃককুরঙ্গম্ বৃককুরঙ্গাঃ, গোমায়বশ্চ গর্দ্দভাশ্চ গোমায়ুগর্দ্দভম্ গোমায়ুগর্দ্দভাঃ; শকুনিবাচক—হংসাশ্চ সারসাশ্চ হংসসারসম্ হংসসারসাঃ, বকাশ্চ চক্রবাকাশ্চ বকচক্রবাকম্ বকচক্রবাকাঃ, কোকিলাশ্চ ময়ূরাশ্চ কোকিলময়ূরম্ কোকিলময়ূরাঃ; ক্ষুদ্রজন্তু-বাচক—দংশাশ্চ মশকাশ্চ দংশমশকম্ দংশমশকাঃ, যূকাশ্চ মক্ষিকাশ্চ যূকমক্ষিকম্ যূকমক্ষিকাঃ, মৎকুণাশ্চ পিপীলিকাশ্চ মৎকুণপিপীলিকম্ মৎকুণপিপীলিকাঃ।

## ৯। ফল তৃণ তরু বাচকানাঞ্চ।

বহুবচনে ফলবাচক, তৃণবাচক ও তরুবাচক পদের বিকল্পে সমাহার হয়। যথা, ফলবাচক—বদরাণি চ আমলকানি চ বদরামলকম্ বদরামলকানি, খর্জ্জূ-

রাণি চ নারিকেলানি চ খর্জ্জূরনারিকেলম্ খর্জ্জূর-নারিকেলানি, ব্রীহয়শ্চ যবাশ্চ ব্রীহিযবম্ ব্রীহিযবাঃ, মুদ্গাশ্চ মাষাশ্চ মুদ্গমাষম্ মুদ্গমাষাঃ ; তৃণবাচক—কুশাশ্চ কাশাশ্চ কুশকাশম্ কুশকাশাঃ ; তরুবাচক—অশ্বত্থাশ্চ ন্যগ্রোধাশ্চ অশ্বত্থন্যগ্রোধম্ অশ্বত্থ-ন্যগ্রোধাঃ ।

## ১০ । নিত্যং নিত্যবিরোধিনাম্ ।

যে সকল জন্তু পরস্পর নিত্যবিরোধী বহুবচনে তদ্বা-চক পদের সমাহার হয়। যথা, অহয়শ্চ নকুলাশ্চ অহিনকুলম্, কাকাশ্চ উলূকাশ্চ কাকোলূকম্, মার্জ্জা-রাশ্চ মূষিকাশ্চ মার্জ্জারমূষিকম্, ।

## ১১ । গবাশ্বপ্রভৃতীনাঞ্চ ।

গবাশ্ব (৬২) প্রভৃতির নিত্য সমাহার হয়। যথা, গাবশ্চ অশ্বাশ্চ গবাশ্বম্, অজাশ্চ অবিকাশ্চ অজা-বিকম্, পুত্রাশ্চ পৌত্রাশ্চ পুত্রপৌত্রম্ ।

---

(৬২) গবাশ্বম্, গবাবিকম্, গবৈড়কম্, অজাবিকম্, অজৈড়কম্; কুব্জবামনম্, কুব্জকিরাতম্, পুত্রপৌত্রম্, শ্বচণ্ডালম্, স্ত্রীকুমারম্, দাসীমাণবকম্, শাটীপটীরম্, শাটীপ্রচ্ছাদম্, শাটীপট্টিকম্, উষ্ট্রখরম্, উষ্ট্রশশম্, মূত্রশকৃত্, মূত্রপুরীষম্, যকৃন্মেদম্, মাংস-শোণিতম্, দর্ভশরম্, দর্ভপূতীকম্, অর্জ্জুনশিরীষম্, অর্জ্জুনপুরুষম্, তৃণোপলম্, দাসীদাসম্, কুটীকুটম্, ভাগবতীভাগবতম্ ।

১২। विभाषा पूर्व्वापरादीनाम्।

পূর্ব্বাপর প্রভৃতির বিকল্পে সমাহার হয়। যথা, पूर्व्वञ्च अपरञ्च पर्व्वापरम् पूर्व्वापरे, अधरं च उत्तरं च अधरोत्तरम् अधरोत्तरे, दधि च घृतं च दधिघृतम् दधिघृते।

১৩। विरुद्धानामविशेषणानाञ्च।

পরস্পরবিরুদ্ধ পদার্থের বিকল্পে সমাহার হয়। যথা, शीतञ्च उष्णञ्च शीतोष्णम् शीतोष्णे, सुखञ्च दुःखञ्च सुखदुःखम् सुख दुःखे, आलोकश्च अन्धकारश्च आलोकान्धकारम् आलोकान्धकारौ। বিশেষণ হইলে হয় না। যথা, शीतोष्णे पयसी।

১৪। शूद्राणामनिरवसितानां नित्यम्।

শূদ্রবাচী পদের নিত্য সমাহার হয়। যথা, गोपाश्च नापिताश्च गोपनापितम्, कर्म्मारश्च कुम्भकाराश्च कर्म्मारकुम्भकारम्, ताम्बूलिकाश्च तन्तुवायाश्च ताम्बूलिकतन्तुवायम्। নিরবসিত (৬৩) শূদ্রের হয় না। যথা, चण्डालाश्च मृतपाश्च चण्डालमृतपाः।

(৬৩) यैर्भुक्ते पात्रं संस्कारेणापि न शुद्ध्यति ते निरवसिताः।

## ১৫। ন দধিপয়ঃপ্রভৃতীনাম্।

দধিপয়স্ (৬৪) প্রভৃতির সমাহার হয় না। যথা, দধিপয়সী, সর্পির্মধুনী, শুক্লকৃষ্ণৌ, দীক্ষাতপসী, উলূখলমুসলে।

## ১৬। চবর্গদষহান্তাৎ সমাহারে।

সমাহার দ্বন্দ্বে চবর্গান্ত, দকারান্ত, ষকারান্ত ও হান্ত শব্দের উত্তর অ হয়। যথা, বাক্ত্বচম্, শ্রীস্রজম্, সমিদ্দৃষদম্, সম্পদ্বিপদম্, বাক্ত্বিষম্, বাগ্বিপ্রুষম্, ছত্রোপানহম্, ধেনুগোদুহম্। সমাহার না হইলে হয় না। যথা, শ্রীস্রজৌ, প্রাবৃট শরদৌ।

## ১৭। ঋদন্তাদ্দ্বন্দ্বে ডা বিদ্যাগোত্রসম্বন্ধে।

বিদ্যাসম্বন্ধ ও গোত্রসম্বন্ধ থাকিলে এবং ঋকারান্ত শব্দ পরবর্ত্তী হইলে ঋকারান্ত শব্দের উত্তর ডা হয়। যথা, বিদ্যাসম্বন্ধে—হোতা চ পোতা চ হোতাপোতারৌ, নেষ্টা চ উদ্গাতা চ নেষ্টোদ্গাতারৌ। গোত্রসম্বন্ধে—মাতা

---

(৬৪) দধিপয়সী, সর্পির্মধুনী, মধুসর্পিষী, ব্রহ্মপ্রজাপতী, শিববৈশ্রবণৌ, স্কন্দবিশাখৌ, পরিব্রাট্‌কৌশিকৌ, প্রবর্গ্যোপসদৌ, শুক্লকৃষ্ণৌ, ইধ্মাবর্হিষী, দীক্ষাতপসী, শ্রদ্ধাতপসী, মেধাতপসী, অধ্যয়নতপসী, উলূখলমুসলে, আদ্যবসানে, শ্রদ্ধামেধে।

চ পিতা চ মাতাপিতরৌ, যাতা চ ননান্দা চ যাতা-ননান্দারৌ।

১৮। পুত্রে চ।

পুত্র শব্দ পরে থাকিলে ঋদন্ত শব্দের উত্তর ডা হয়। যথা, পিতা চ পুত্রশ্চ পিতাপুত্রৌ, মাতা চ পুত্রশ্চ মাতাপুত্রৌ।

১৯। দেবতাবাচিনাং পূর্ব্বাৎ।

দেবতাবাচী পদের দ্বন্দ্ব হইলে পূর্ব্ব পদের উত্তর ডা হয়। যথা, ইন্দ্রশ্চ বরুণশ্চ ইন্দ্রাবরুণৌ, ইন্দ্রশ্চ সোমশ্চ ইন্দ্রাসোমৌ, মিত্রশ্চ বরুণশ্চ মিত্রাবরুণৌ, সূর্য্যশ্চ চন্দ্রমাশ্চ সূর্য্যাচন্দ্রমসৌ।

২০। ন ব্রহ্মপ্রজাপত্যাদেঃ।

ব্রহ্মপ্রজাপতি প্রভৃতির উত্তর ডা হয় না। যথা, ব্রহ্মা চ প্রজাপতিশ্চ ব্রহ্মপ্রজাপতী, অগ্নিশ্চ বায়ুশ্চ অগ্নিবায়, বায়ুশ্চ অগ্নিশ্চ বায়্বগ্নী।

২১। ইদগ্নেঃ সোমবরুণয়োঃ।

সোম ও বরুণ শব্দ পরে থাকিলে অগ্নি শব্দের উত্তর

ঈৎ হয়। যথা, अग्निश्च सोमश्च अग्नीषोमौ, अग्निश्च वरुणश्च अग्नीवरुणौ।

## ২২। दिवो द्यावा।

পূর্ব্বপদ দিব্ স্থানে দ্যাবা হয়। যথা, द्यौश्च भूमिश्च द्यावाभूमी, द्यौश्च क्षमा च द्यावाक्षमे।

## ২৩। दिवस् च पृथिव्याम्।

পৃথিবী শব্দ পরে থাকিলে দিব্ স্থানে দ্যাবা ও দিবস্ হয়। যথা, द्यौश्च पृथिवी च द्यावापृथिव्यौ दिवस्पृथिव्यौ।

## ২৪। मातरपितरौ।

নিপাতনে সিদ্ধ। যথা, माता च पिता च मातरपितरौ।

## ২৫। दम्पती जम्पती वा।

জায়া ও পতি শব্দে সমাস হইলে বিকল্পে দম্পতী ও জম্পতী হয়। যথা, जाया च पतिश्च जायापती, दम्पती, जम्पती।

## ২৬। नित्यं स्त्रीपुंसादयः।

দ্বন্দ্বসমাস হইলে স্ত্রীপুংস (৬৫) প্রভৃতি নিপাতনে সিদ্ধ হয়। যথা, স্ত্রী চ পুমাংশ্চ স্ত্রীপুংসৌ, বাক্ চ মনশ্চ বাঙ্মনসে, নক্তঞ্চ দিবা চ নক্তন্দিবম্, রাত্রৌ চ দিবা চ রাত্রিন্দিবম্, অহনি চ দিবা চ অহর্দিবম্, অহশ্চ রাত্রিশ্চ অহোরাত্রঃ।

২৭। সরূপাণামেকশেষ একবিভক্তৌ।

এক বিভক্তি হইলে সমানাকার অনেক পদের এক মাত্র অবশিষ্ট থাকে। দ্বি পদের একশেষ হইলে অবশিষ্ট পদ দ্বিবচনান্ত, বহু পদের একশেষ হইলে অবশিষ্ট পদ বহুবচনান্ত হয়। যথা, তরুশ্চ তরুশ্চ তরূ, তরুশ্চ তরুশ্চ তরুশ্চ তরবঃ, ফলঞ্চ ফলঞ্চ ফলে, ফলঞ্চ ফলঞ্চ ফলঞ্চ ফলানি।

২৮। পুমান্ স্ত্রিয়া।

সমানাকার স্ত্রীবাচক পদের সহিত সমাস হইলে পুরুষবাচক পদ অবশিষ্ট থাকে। যথা, ব্রাহ্মণশ্চ

(৬৫) স্ত্রীপুংসৌ, ধেন্বনডুহম্, ঋক্সামে, বাঙ্মনসে, অক্ষিভ্রুবম্, দারগবম, ঊর্ব্বষ্ঠীবম, পদষ্ঠীবম্, নক্তন্দিবম্, রাত্রিন্দিবম্, অহর্দিবম্, ঋগ্যজুষম্, অহোরাত্রঃ।

ব্রাহ্মণী চ ব্রাহ্মণৌ, কুক্কুটশ্চ কুক্কুটী চ কুক্কুটৌ। স্ত্রীলিঙ্গনিমিত্তক আপ্ ঈপ্ প্রভৃতি বিশেষ ব্যতিরিক্ত অন্যান্য অংশে সমানাকার হওয়া আবশ্যক, শব্দের স্বরূপগত বৈলক্ষণ্য থাকিলে হয় না। যথা, হংসশ্চ সারসী চ হংসসারস্যৌ।

২৯। ন ব্যক্তিসংজ্ঞানাম্।

ব্যক্তিবিশেষের সংজ্ঞাবাচক পদের একশেষ হয় না। যথা, ইন্দ্রশ্চ ইন্দ্রাণী চ ইন্দ্রেন্দ্রাণ্যৌ, ভবশ্চ ভবানী চ ভবভবান্যৌ।

৩০। ভ্রাতৃপুত্রৌ স্বসৃদুহিতৃভ্যাম্।

স্বসৃর সহিত ভ্রাতৃর ও দুহিতৃর সহিত পুত্রের সমাস হইলে ভ্রাতৃ ও পুত্র অবশিষ্ট থাকে। যথা, ভ্রাতা চ স্বসা চ ভ্রাতরৌ, পুত্রশ্চ দুহিতা চ পুত্রৌ।

৩১। বিভাষা পিতা মাত্রা।

মাতৃ পদের সহিত সমাস হইলে পিতৃ পদ বিকল্পে অবশিষ্ট থাকে। যথা, মাতা চ পিতা চ পিতরৌ মাতাপিতরৌ।

৩২। শ্বশুরঃ শ্বশ্র্বা।

শ্বশ্রূপদের সহিত সমাস হইলে শ্বশুর পদ বিকল্পে অবশিষ্ট থাকে। যথা, শ্বশ্রূশ্চ শ্বশুরশ্চ শ্বশুরৌ শ্বশ্রূশ্বশুরৌ।

**৩৩। নপুংসকমনপুংসকেনৈকবচনং বা।**

নপুংসক ভিন্নের সহিত সমাস হইলে নপুংসকপদ অবশিষ্ট থাকে এবং তদুপলক্ষে বিকল্পে এক বচন হয়। যথা. শুক্লশ্চ শুক্লা চ শুক্লঞ্চ শুক্লম্ শুক্লানি। নপুংসকের সহিত হইলে এক বচন হয় না। যথা, শুক্লঞ্চ শুক্লঞ্চ শুক্লঞ্চ শুক্লানি।

---

সর্ব্বসমাসসাধারণ বিধি।

**১। পথো ডঃ সমাসে।**

সমাস হইলে সমস্তের অন্তস্থিত পথিন্ শব্দের উত্তর ড হয়, ড ইৎ। যথা, পথঃ সমীপম্ উপপথম্, জলে পন্থাঃ জলপথঃ, দক্ষিণস্যাং দিশি পন্থাঃ দক্ষিণাপথঃ, মহান্ পন্থাঃ মহাপথঃ, ত্রয়াণাং পথাং সমাহারঃ ত্রিপথম্, চতুর্ণাং পথাং সমাহারঃ চতুষ্পথম্,

रम्यः पन्था अस्मिन् रम्यपथं नगरम्, स्थलस्य पन्थाश्च स्थलपथौ। অব্যয়ের পরবর্ত্তী হইলে নপুংসক হয়। যথা, विरुद्धः पन्थाः विपथम्, गर्हितः पन्थाः कुपथम्, अपकृष्टः पन्थाः अपपथम्।

২। अनपः।

সমাস হইলে সমস্তের অন্তস্থিত অপ্ শব্দের উত্তর অন্ হয়, ন ইৎ। যথা, विमला आपोऽस्मिन् विमलापं सरः, उद्धृता आपोऽस्मात् उद्धृतापः कूपः, कूपस्यापः कूपापाः, निर्म्मला आपः निर्म्मलापाः।

৩। द्व्यन्तरुपसर्गेभ्योऽप ईः।

দ্বি, অন্তর্ ও উপসর্গের পরবর্ত্তী অপ্ শব্দের অ স্থানে ঈ হয়। যথা, द्वयोर्द्दिशोरापोऽस्य द्वीपम्, अन्तरीपम्, नीपम्, समीपम्, प्रतीपम्, अन्वीपम्,।

৪। अवर्णाद्विभाषा।

অবর্ণান্ত উপসর্গের পরবর্ত্তী হইলে বিকল্পে। যথা, प्रेपं प्रापम्, परेपम् परापम्, अपां समीपम् उपेपम् उपापम्।

৫। সমাপানূপৌ।

সমাপ ও অনূপ নিপাতনে সিদ্ধ হয়। যথা, সমাপং দেবযজনম্, অনূপো দেশঃ।

৬। ধুরোঽনক্ষে।

সমাস হইলে সমস্তের অন্তস্থিত ধুর্ শব্দের উত্তর অন্ হয়। যথা, রাজ্ঞো ধূঃ রাজধুরা, মহতী ধূঃ মহাধুরা, ধৃতা ধূরনেন ধৃতধুরঃ। অক্ষের সম্বন্ধ থাকিলে হয় না। যথা, অক্ষস্য ধূঃ অক্ষধূঃ, দৃঢ়া ধূরস্মিন্ দৃঢ়ধূরক্ষঃ।

৭। ঋচস্থ।

সমস্তের অন্তস্থিত ঋচ্ শব্দের উত্তর অন্ হয়। যথা, অর্দ্ধম্ ঋচঃ অর্দ্ধর্চ্চঃ (৫৭), অধিগতা ঋক্ অনেন অধিগতার্চ্চঃ।

৮। নঞো মাণবকে।

মাণবক বুঝাইলে নঞের পরবর্ত্তী ঋচ্ শব্দের উত্তর অন্ হয়। যথা, অনৃচো মানবকঃ। অন্যত্র, অনৃক্ সাম।

---

(৫৭) পুংলিঙ্গ হয়।

৯। বহ্বোশ্চরণে।

চরণ বুঝাইলে বহুর পরবর্ত্তী ঋচ্ শব্দের উত্তর অন্ হয়। যথা, বহ্বৃচশ্চরণঃ। অন্যত্র, বহ্বৃক্ সূক্তম্।

১০। প্রত্যন্ববেভ্যো লোম্নঃ।

প্রতি, অনু, অব এই তিনের পরবর্ত্তী লোমন্ শব্দের উত্তর অন্ হয়। যথা, প্রতিলোমম্, অনু-লোমম্, অবলোমম্।

১১। সাম্নশ্চ।

প্রতি প্রভৃতির পরবর্ত্তী সামন্ শব্দের উত্তর অন্ হয়। যথা, প্রতিসামম্, অনুসামম্, অবসামম্।

১২। কৃষ্ণোদকপাণ্ডুসংখ্যাভ্যো ভূমেঃ।

কৃষ্ণ, উদক, পাণ্ডু ও সংখ্যাবাচকের পরবর্ত্তী ভূমি শব্দের উত্তর অন্ হয়। যথা, কৃষ্ণভূমঃ, উদকভূমঃ, পাণ্ডুভূমঃ, দ্বিভূমঃ, চতুর্ভূমঃ।

১৩। ব্রহ্মহস্তিপল্যরাজভ্যো বর্চ্চসঃ।

ব্রহ্মন্, হস্তিন্, পল্য, রাজন্ ইহাদের পরবর্ত্তী বর্চ্চস্ শব্দের উত্তর অন্ হয়। যথা, ব্রহ্মবর্চ্চসম্, হস্তি-বর্চ্চসম্, পল্যবর্চ্চসম্, রাজবর্চ্চসম্।

১৪। **অবসমন্ধেভ্যস্তমসঃ।**

অব, সম্, অন্ধ ইহাদের পরবর্ত্তী তমস্ শব্দের উত্তর অন্ হয়। যথা, **অবতমসম্, সন্তমসম্, অন্ধতমসম্।**

১৫। **অন্ববতপ্তেভ্যো রহসঃ।**

অনু, অব, তপ্ত ইহাদের পরবর্ত্তী রহস্ শব্দের উত্তর অন্ হয়। যথা, **অনুরহসম্, অবরহসম্, তপ্তরহসম্।**

১৬। **উপসর্গাদধ্বনঃ।**

উপসর্গের পরবর্ত্তী অধ্বন্ শব্দের উত্তর অন্ হয়। যথা, **প্রগতোঽধ্বানম্ প্রাধ্বো রথঃ, অধ্বনোঽভাবঃ নিরধ্বম্, অধ্বানং প্রতি প্রত্যধ্বম্।** অন্যত্র, **উত্তমোঽধ্বা উত্তমাধ্বা।**

১৭। **শ্বসোঽবসীয়ঃশ্রেয়োভ্যাম্।**

শ্বস্ শব্দের পরবর্ত্তী অবসীয়স্ ও শ্রেয়স্ শব্দের উত্তর অন্ হয়। যথা, **শ্বোবসীয়সম্, শ্বঃশ্রেয়সম্।**

১৮। **ন প্রশংসায়াং স্বতিভ্যাম্।**

প্রশংসাবাচী সু ও অতি শব্দ পূর্ব্বে থাকিলে সমা-

সান্ত বিধি হয় না। যথা, শোভনো রাজা সুরাজা, শোভনো রাজা অস্মিন্ সুরাজা দেশঃ, অতিশয়েন রাজা অতিরাজা, সুসখা, অতিসখা, সুগৌঃ, অতিগৌঃ, শোভনঃ পন্থাঃ সুপন্থাঃ, শোভনোऽধ্বা স্বধ্বা।

**১৯। ন কিমঃ কুৎসায়াম্।**

কুৎসাবাচী কিম্ শব্দ পূর্ব্বে থাকিলে সমাসান্ত বিধি হয় না। যথা. কুৎসিতো রাজা কিংরাজা, কুৎসিতঃ সখা কিংসখা, কুৎসিতঃ পন্থাঃ অস্মিন্ কিংপন্থাঃ দেশঃ।

**২০। ন নঞস্তৎপুরুষে।**

তৎপুরুষ সমাসে নঞ্ পূর্ব্বে থাকিলে সমাসান্ত বিধি হয় না। যথা, অরাজা, অসখা, অগৌঃ।

**২১। পথো বিভাষা।**

পথিন্ শব্দের উত্তর বিকল্পে। সমাসান্ত পক্ষে নপুংসক লিঙ্গ। যথা, অপথম্ অপন্থাঃ।

**২২। সঃ সমানস্য গোত্রাদৌ।**

সমাসে গোত্র প্রভৃতি শব্দ পরে থাকিলে সমান শব্দ স্থানে স হয়। যথা, সমানং গোত্রমস্য সগোত্রঃ,

सरूपः, सवर्णः, सपक्षः, सनाभिः, सपिण्डः, सनामा, सवयाः, सतीर्थ्यः, सस्थानः, सबन्धुः, सवचनः, सरात्रिः, सज्योतिः, सजनपदः, समानो ब्रह्मचारी सब्रह्मचारी।

## ২৩। विभाषा धर्म्मोदर्य्यजातीयेषु।

धर्म्म, উদর্য্য ও জাতীয় শব্দ পরে থাকিলে বিকল্পে। যথা, सधर्म्मा समानधर्म्मा, सोदर्य्यः समानोदर्य्यः, सजातीयः समानजातीयः।

## ২৪। दुरन्यादाशीरादिषु।

আশিস্ প্রভৃতি শব্দ পরে থাকিলে অন্য শব্দের উত্তর দ্ হয়, উ ইৎ। যথা, अन्या आशीः अन्यदाशीः, अन्यस्मिन् आशा अन्यदाशा, अन्यस्मिन् आस्था अन्यदास्था, अन्यस्मिन् आस्थितः अन्यदास्थितः, अन्यस्मिन् उत्सुकः अन्यदुत्सुकः, अन्यस्मिन् रागः अन्यद्रागः, अन्यः कारकः अन्यत्कारकः।

## ২৫। न तृतीयाषष्ठ्योः।

তৃতীয়ান্ত ও ষষ্ঠ্যন্তের হয় না। যথা, अन्येन आशीः अन्याशीः, अन्यस्याशीः अन्याशीः।

২৬। অর্থে বিভাষা।

অর্থ শব্দ পরে থাকিলে বিকল্পে। যথা, অন্যস্যার্থঃ অন্যদর্থঃ অন্যার্থঃ।

২৭। কত্ কোরচি তৎপুরুষে।

তৎপুরুষ সমাসে স্বরবর্ণ পরে থাকিলে কু শব্দ স্থানে কৎ হয়। যথা, কুৎসিতোঽশ্বঃ কদশ্বঃ, কুৎসিত উষ্ট্রঃ কদুষ্ট্রঃ, কুৎসিতমন্নং কদন্নম্, কুৎসিতমুদকং কদুদকম্।

২৮। ত্রিরথবদেষু।

ত্রি, রথ ও বদ শব্দ পরে থাকিলে কু শব্দ স্থানে কৎ হয়। যথা, কুৎসিতাস্ত্রয়ঃ কত্ত্রয়ঃ, কুৎসিতো রথঃ কদ্রথঃ, কুৎসিতং বদতি কদ্বদঃ।

২৯। কা পথ্যক্ষ্ণোঃ।

পথিন্ ও অক্ষি শব্দ পরে থাকিলে কা হয়। যথা, কুৎসিতঃ পন্থাঃ কাপথঃ, কুৎসিতমক্ষি অস্য কাক্ষঃ।

৩০। ঈষদর্থে চ।

ঈষৎ অর্থ বুঝাইলে কু শব্দ স্থানে কা হয়। যথা,

কামধুরম্ ঈষন্মধুরমিত্যর্থঃ, কালবণম্ ঈষল্লবণমিত্যর্থঃ।

৩১। বিভাষা পুরুষে।

পুরুষ শব্দ পরে থাকিলে বিকল্পে। যথা, কাপুরুষঃ কুপুরুষঃ।

৩২। কা কত্ কবান্যুষ্ণে।

উষ্ণ শব্দ পরে থাকিলে কু শব্দ স্থানে কা, কৎ ও কব হয়। যথা, কোষ্ণম্, কদুষ্ণম্, কবোষ্ণম্।

৩৩। বিশ্বামিত্রাদয়ঃ।

বিশ্বামিত্র প্রভৃতি শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা, বিশ্বস্য মিত্রং বিশ্বামিত্রঃ, বিশ্বাবসুঃ, বিশ্বানরঃ, অষ্টাবক্রঃ, অষ্টাপদম্, অষ্টাগবম্, শুনো দন্তঃ শ্বাদন্তঃ, শ্বাদংষ্ট্রা, শ্বাকর্ণঃ, শ্বাপুচ্ছঃ, শুন ইব পাদা যস্য শ্বাপদঃ।

৩৪। সমোঽন্ত্যলোপঃ কামমনসোঃ।

কাম ও মনস্ শব্দ পরে থাকিলে সম্ এই অব্যয়ের অন্ত্য বর্ণের লোপ হয়। যথা, সকামঃ, সমনাঃ।

৩৫। তুমুনশ্চ।

কাম ও মনস্ শব্দ পরে থাকিলে তুমুন্ প্রত্যয়ের অন্ত্যবর্ণের লোপ হয়। যথা, গন্তুকামঃ গন্তুমনাঃ,

৩৬। অবশ্যমঃ কৃত্যে।

কৃত্য প্রত্যয় পরে থাকিলে অবশ্যম্ শব্দের অন্ত্যবর্ণের লোপ হয়। যথা, অবশ্যদেয়ম্, অবশ্যভব্যম্, অবশ্যকার্য্যম্।

---

অলুক্ সমাস।

১। অলুগুত্তরপদে।

কোন কোন স্থলে সমাস হইলে উত্তর পদ পরে বিভক্তির লোপ হয় না।

২। পঞ্চম্যাঃ স্তোকান্তিকদূরার্থকৃচ্ছ্রেভ্যঃ।

স্তোকার্থ, অন্তিকার্থ, দূরার্থ ও কৃচ্ছ্র শব্দের পরবর্ত্তী পঞ্চমী বিভক্তির লুক্ হয় না। যথা, স্তোকান্মুক্তঃ, অল্পান্মুক্তঃ, অন্তিকাদাগতঃ, সমীপাদাগতঃ, দূরাদাগতঃ, বিপ্রকৃষ্টাদাগতঃ, কৃচ্ছ্রান্মুক্তঃ।

৩। ওজঃসহোঽম্ভস্তমোঽঞ্জসস্তৃতীয়ায়াঃ।

ওজস্, সহস্, অম্ভস্, তমস্, ও অঞ্জস্ শব্দের পরবর্ত্তী তৃতীয়া বিভক্তির লোপ হয় না। যথা, ওজসাকৃতম্, সহসাকৃতম্, অম্ভসাকৃতম্, তমসাকৃতম্, অঞ্জসাকৃতম্।

৪। পুংসোঽনুজে।

অনুজ শব্দ পরে থাকিলে পুম্স্ শব্দের পরবর্ত্তী তৃতীয়া বিভক্তির লোপ হয় না। যথা, পুংসানুজঃ।

৫। জনুষোঽন্ধে।

অন্ধ শব্দ পরে থাকিলে জনুস্ শব্দের পরবর্ত্তী তৃতীয়া বিভক্তির লোপ হয় না। যথা, জনুষান্ধঃ।

৬। আত্মনঃ পূরণে।

পূরণবাচক শব্দ পরে থাকিলে আত্মন্ শব্দের পরবর্ত্তী তৃতীয়া বিভক্তির লোপ হয় না। যথা, আত্মনাপঞ্চমঃ, আত্মনাদ্বিতীয়ঃ।

৭। বৈয়াকরণাখ্যায়াং চতুর্থ্যাঃ।

ব্যাকরণের সংজ্ঞা বুঝাইলে আত্মন্ শব্দের পরবর্ত্তী চতুর্থী বিভক্তির লোপ হয় না। যথা, আত্মনেপদম্, আত্মনেভাষা।

৮। পরাচ্চ।

পর শব্দের উত্তরও হয় না। যথা, পরস্মৈপদম্, পরস্মৈভাষা।

৯। হলদন্তাৎ সপ্তম্যাঃ সংজ্ঞায়াম্।

সংজ্ঞা বুঝাইলে হল্‌বর্ণান্ত ও অকারান্ত শব্দের পরবর্ত্তী সপ্তমী বিভক্তির লোপ হয় না। যথা, যুধিষ্ঠিরঃ, ত্বচিসারঃ, অরণ্যেতিলকাঃ, বনেকিংশুকাঃ, কূপেপিশাচকাঃ।

১০। অন্তমধ্যাভ্যাং গুরৌ।

গুরু শব্দ পরে থাকিলে অন্ত ও মধ্য শব্দের পরবর্ত্তী সপ্তমী বিভক্তির লোপ হয় না। যথা, অন্তেগুরুঃ, মধ্যেগুরুঃ।

১১। অমূর্দ্ধমস্তকাৎ স্বাঙ্গাদকামে।

স্বাঙ্গবাচক শব্দের পরবর্ত্তী সপ্তমী বিভক্তির লোপ হয় না। যথা, কণ্ঠেকালঃ, উরসিলোমা, শিরসিশিখঃ। কাম শব্দ পরে থাকিলে হয়। যথা, মুখকামঃ। মূর্দ্ধন ও মস্তক শব্দের উত্তর হয়। যথা, মূর্দ্ধশিখঃ, মস্তকশিখঃ।

১২। বিভাষা বন্ধে।

বন্ধ শব্দ পরে বিকল্পে। যথা, হস্তেবন্ধঃ হস্তবন্ধঃ, পদেবন্ধঃ পদবন্ধঃ।

১৩। **তৎপুরুষে কৃতি বহুলম্।**

তৎপুরুষ সমাসে কৃৎ প্রত্যয় নিষ্পন্ন পদ পরে থাকিলে সপ্তমীর লুকের নিয়ম নাই অর্থাৎ কোন কোন স্থলে হয় না, কোন কোন স্থলে হয়, কোন কোন স্থলে বিকল্পে। যথা, অলুক্—অন্তেবাসী, স্তম্বেরমঃ, কর্ণেজপঃ, পঙ্কেরুহঃ, মনসিশয়ঃ, প্রাবৃষিজঃ, শরদিজঃ ; লুক্—কুরুচরঃ, স্থণ্ডিলশায়ী, কূটস্থঃ, মহস্থঃ ; বিকল্পে—সরসিজম্ সরোজম, মনসিজঃ মনোজঃ, গ্রামেবাসঃ গ্রামবাসঃ, গ্রামেবাসী গ্রামবাসী।

১৪। **ষষ্ঠ্যা আক্রোশে।**

ভর্ৎসনা বুঝাইলে ষষ্ঠীর লুক্ হয় না। যথা, চৌরস্যকুলম্, দাসস্যতনয়ঃ।

১৫। **পুত্রে বিভাষা।**

ভর্ৎসনা বুঝাইলে ও পুত্র শব্দ পরে থাকিলে ষষ্ঠীর বিকল্পে লুক্ হয় না। যথা, দাস্যাঃপুত্রঃ দাসীপুত্রঃ, বৃষল্যাঃপুত্রঃ বৃষলীপুত্রঃ।

১৬। বাগ্‌দিক্‌পশ্যদ্ভ্যো যুক্তিদণ্ডহরেষু।

যুক্তি, দণ্ড ও হর শব্দ পরে থাকিলে যথাক্রমে বাচ্‌, দিশ্‌ ও পশ্যৎ শব্দের উত্তরবর্ত্তী ষষ্ঠীর লুক্‌ হয় না। যথা, বাচোযুক্তিঃ, দিশোদণ্ডঃ, পশ্যতোহরঃ।

১৭। দেবাৎ প্রিয়ে।

প্রিয় শব্দ পরে থাকিলে দেবশব্দের উত্তরবর্ত্তী বিভক্তির লোপ হয় না। যথা, দেবানাম্প্রিয়ঃ।

১৮। শেফপুচ্ছলাঙ্গূলেষু শুনঃ সংজ্ঞায়াম্‌।

সংজ্ঞা বুঝাইলে এবং শেফ, পুচ্ছ ও লাঙ্গূলশব্দ পরেথাকিলে শ্বন্‌ শব্দের উত্তরবর্ত্তী বিভক্তির লোপ হয় না। যথা, শুনঃশেফঃ, শুনঃপুচ্ছঃ, শুনোলাঙ্গূলঃ।

১৯। দিবশ্চ দাসে।

সংজ্ঞা বুঝাইলে দাস শব্দ পরে দিব্‌ শব্দের পরবর্ত্তী বিভক্তির লোপ হয় না। যথা, দিবোদাসঃ।

২০। ঋতো বিদ্যাযোনিসম্বন্ধাৎ।

বিদ্যাসম্বন্ধ ও গোত্রসম্বন্ধ বাচী ঋকারান্ত শব্দের উত্তরবর্ত্তী বিভক্তির লোপ হয় না। যথা, হোতুঃপুত্রঃ, হোতুরন্তেবাসী, পিতুঃপুত্রঃ, পিতুরন্তেবাসী।

২১। বিভাষা স্বসৃপত্যোঃ।

স্বসৃ ও পতি শব্দ পরে বিকল্পে। যথা, মাতুঃষ্বসা মাতৃষ্বসা, পিতুঃষ্বসা পিতৃষ্বসা, দুহিতুঃপতিঃ দুহিতৃপতিঃ, ননান্দুঃপতিঃ ননান্দৃপতিঃ।

২২। পাত্রেসমিতাদয়ঃ কুৎসায়াম্।

কুৎসা বুঝাইলে পাত্রেসমিত (৫৮) প্রভৃতির সপ্তমী বিভক্তির লুক্ হয় না। যথা, পাত্রেসমিতাঃ ভোজনকালে পাত্রে এব সঙ্গতাঃ নতু কার্য্যকালে ইত্যর্থঃ, গেহেশূরঃ গেহে এব শূরঃ নতু অন্যত্র ইত্যর্থঃ।

---

মধ্যপদলোপী সমাস।

১। লোপঃ ক্বচিন্মধ্যস্য।

সমাস হইলে কোন কোন স্থলে মধ্যপদের লোপ হয়। যথা, ঘৃতমিশ্রম্ ওদনম্ ঘৃতৌদনম্, পলমিশ্রম্ অন্নং পলান্নম্, শাকপ্রিয়ঃ পার্থিবঃ শাক-

---

(৫৮) পাত্রেসমিতাঃ, পাত্রেবহুলাঃ, গেহেশূরঃ, গেহেনর্দ্দী, গেহেক্ষ্বেড়ী, গেহেবিজিতী, গেহেদৃপ্তঃ, গেহেধৃষ্টঃ, গর্ভেতৃপ্তঃ, গোষ্ঠেশূরঃ, গোষ্ঠেপটুঃ, গোষ্ঠেপণ্ডিতঃ, গোষ্ঠেপ্রগল্ভঃ ইত্যাদি।

पार्थिवः, गत एव प्रत्यागतः गतप्रत्यागतः, कण्ठे स्थितः कालोऽस्य कण्ठेकालः, उरसि स्थितानि लोमान्यस्य उरसिलोमा, शिरसि स्थिता शिखास्य शिरसिशिखः, प्रपतितानि पर्णान्यस्मात् प्रपर्णः, अपगतः शोकोऽस्य अपशोकः, निर्गतं मलमस्मात् निर्मलः, अभक्तानि पर्णान्यनया अपर्णा, विगतोऽर्थोऽस्मात् व्यर्थः, अनुगतोऽर्थोऽस्मिन् अन्वर्थः, यथाभूतोऽर्थोऽस्मिन् यथार्थः, प्रतिगतमक्षमस्मिन् प्रत्यक्षः, उन्नमितं मुखमनेन उन्मुखः, अधःकृतं मुखमनेन अधोमुखः, निर्नष्टं धनमस्य निर्धनः, विचलितं मनोऽस्य विमनाः, उत्कण्ठितं मनोऽस्य उन्मनाः, सुस्थितं मनोऽस्य सुमनाः, सुवर्णविकारोऽलङ्कारोऽस्य सुवर्णालङ्कारः, अविद्यमानः पुत्रोऽस्य अपुत्रः, अविद्यमानः क्रोधोऽस्य अक्रोधः, एकाधिका विंशतिः एकविंशतिः, एकाधिका त्रिंशत् एकत्रिंशत्, चतुरधिका दश चतुर्दश, पञ्चाधिका दश पञ्चदश, पञ्चाधिका विंशतिः पञ्चविंशतिः, पञ्चाधिका त्रिंशत् पञ्चत्रिंशत्।

२। एकस्यैका दशनि।

দশন্ শব্দ পরে থাকিলে এক শব্দ স্থানে একা হয়। যথ, একাধিকা দশ একাদশ।

**৩। দ্ব্যষ্টনোর্দ্বাষ্টা সংখ্যায়াম্।**

সংখ্যাবাচক শব্দ পরে থাকিলে দ্বি স্থানে দ্বা ও অষ্টন্ স্থানে অষ্টা হয়। যথা, দ্ব্যধিকা দশ দ্বাদশ, দ্ব্যধিকা বিংশতিঃ দ্বাবিংশতিঃ, দ্ব্যধিকা ত্রিংশত্ দ্বাত্রিংশত্, অষ্টাধিকা দশ অষ্টাদশ, অষ্টাধিকা বিংশতিঃ অষ্টাবিংশতিঃ. অষ্টাধিকা ত্রিংশত্ অষ্টাত্রিংশত্।

**৪। ত্রেস্ত্রয়ঃ।**

ত্রি স্থানে ত্রয়ঃ হয়। যথা, ত্র্যধিকা দশ ত্রয়োদশ, ত্র্যধিকা বিংশতিঃ ত্রয়োবিংশতিঃ, ত্র্যধিকা ত্রিংশত্ ত্রয়স্ত্রিংশত্।

**৫। বিভাষা চত্বারিংশত্ প্রভৃতৌ সর্বেষাম্।**

চত্বারিংশৎ প্রভৃতি (৫৯) পরে থাকিলে দ্বি স্থানে দ্বা, ত্রিস্থানে ত্রয়ঃ, অষ্টন্ স্থানে অষ্ট, বিকল্পে হয়। যথা, দ্ব্যধিকা চত্বারিংশত্ দ্বাচত্বারিংশত্ দ্বিচত্বারিংশত্, দ্ব্যধিকা পঞ্চাশত্ দ্বাপঞ্চাশত্ দ্বিপঞ্চাশত্, ত্রয়শ্চত্বারিংশত্ ত্রিচত্বারিংশত্, ত্রয়ঃপঞ্চাশত্ ত্রিপঞ্চাশত্, অষ্টাচত্বারিংশত্ অষ্টচত্বারিংশত্, অষ্টাপঞ্চাশত্, অষ্টপঞ্চাশত্।

---

(৫৯) চত্বারিংশত্, পঞ্চাশত্, ষষ্টি, সপ্ততি, নবতি।

৬। নাশীতিশতাদিবহুব্রীহৌ।

অশীতি ও শত প্রভৃতি সংখ্যাবাচক শব্দ পরে ও বহুব্রীহি সমাসে পূর্ব্বোক্ত কার্য্য হয় না। যথা, দ্ব্যশীতিঃ, ত্র্যশীতিঃ, দ্বিশতম্, ত্রিসহস্রম্, দ্বিত্রাঃ, ত্রিচতুরাঃ।

৭। একোনস্যৈকান্নৈকাদ্নৌ বিভাষা।

একোন স্থানে বিকল্পে একান্ন ও একাদ্ন হয়। যথা, একোনবিংশতিঃ, একান্নবিংশতিঃ, একাদ্নবিংশতিঃ।

---

পূর্ব্বনিপাত।

১। উপসর্জ্জনং পূর্ব্বম্।

সমাসে উপসর্জন পদের পূর্ব্বনিপাত হয়।

২। প্রথমানির্দ্দিষ্টং সমাস উপসর্জনম্।

সমাসসূত্রে প্রথমা বিভক্তি সহযোগে যাহার নির্দ্দেশ থাকে তাহাকে উপসর্জন কহে। অব্যয়ীভাবে অব্যয় প্রভৃতি পদ, তৎপুরুষে দ্বিতীয়াদি বিভক্ত্যন্ত পদ, কর্ম্মধারয়ে বিশেষণ প্রভৃতি পদ, দ্বিগুতে সঙ্খ্যা-

বাচক পদ, উপসর্জন। যথা, অব্যয়ীভাবে—কূলস্য সমীপম্ উপকূলম্, স্থানমনতিক্রম্য যথাস্থানম্, বর্ণানামানুপূর্ব্যেণ অনুবর্ণম্, তৃণমপ্যপরিত্যজ্য সতৃণম্, গ্রামাদ্বহিঃ বহির্গ্রামম্, পাটলিপুত্রাৎ আপাটলিপুত্রম্, সমুদ্রস্য পারে পারেসমুদ্রম্। তৎপুরুষে—সুখং প্রাপ্তঃ সুখপ্রাপ্তঃ, অন্নং বুভুক্ষুঃ অন্নবুভুক্ষুঃ, বর্ষং ভোগ্যঃ বর্ষভোগ্যঃ, পিত্রা সমঃ পিতৃসমঃ, অঙ্গেন বিকলঃ অঙ্গবিকলঃ, পাণিনিনা প্রণীতম্ পাণিনিপ্রণীতম্, ভূতায় বলিঃ ভূতবলিঃ, পুত্রায় হিতম্ পুত্রহিতম্, ব্যাঘ্রাদ্ভয়ম্ ব্যাঘ্রভয়ম্, গৃহান্নির্গতঃ গৃহনির্গতঃ, তরোশ্ছায়া তরুচ্ছায়া, অগ্নেঃ শিখা অগ্নিশিখা, শাস্ত্রে প্রবীণঃ শাস্ত্রপ্রবীণঃ, পূর্ব্বাহ্ণে কৃতম্ পূর্ব্বাহ্ণকৃতম্। কর্ম্মধারয়ে—নীলমুৎপলম্ নীলোৎপলম্, নবঃ পল্লবঃ নবপল্লবঃ, সন্ পুরুষঃ সৎপুরুষঃ। দ্বিগুতে—পঞ্চভির্গোভিঃ ক্রীতঃ পঞ্চগুঃ, ত্রয়াণাং লোকানাং সমাহারঃ ত্রিলোকী, ত্রয়াণাং ভুবনানাং সমাহারঃ ত্রিভুবনম্।

৩। রাজদন্তাদিষু পরম্।

রাজদন্ত প্রভৃতি স্থলে উপসর্জ্জন পদের পরনিপাত হয়। যথা, দন্তানাং রাজা রাজদন্তঃ, বনস্য অগ্রে অগ্রেবনম্।

৪। বা কড়ারাদয়ঃ কর্ম্মধারয়ে।

কর্ম্মধারয় সমাসে কড়ার প্রভৃতি(৬০)পদের বিকল্পে পূর্ব্বনিপাত হয়। যথা, কড়ারগজঃ গজকড়ারঃ, খঞ্জশিশুঃ শিশুখঞ্জঃ, বৃদ্ধপুরুষঃ পুরুষবৃদ্ধঃ।

৫। সপ্তমীবিশেষণে বহুব্রীহৌ।

বহুব্রীহি সমাসে সপ্তম্যন্ত ও বিশেষণ পদের পূর্ব্বনিপাত হয়। যথা, সপ্তম্যন্ত—কণ্ঠেকালঃ, উরসিলোমা; বিশেষণ—দীর্ঘবাহুঃ, মহাবলঃ।

৬। বিভাষা প্রিয়স্য।

প্রিয়শব্দের বিকল্পে পূর্ব্বনিপাত হয়। যথা, গুড়প্রিয়ঃ, প্রিয়গুড়ঃ।

৭। সপ্তমী পরা গড্বাদ্যৈঃ।

গড়ুপ্রভৃতির যোগে সপ্তম্যন্ত পদের পরনিপাত হয়। যথা, গড়ুঃ কণ্ঠে যস্য গড়ুকণ্ঠঃ, গড়ুঃ শিরসি যস্য গড়ুশিরাঃ।

৮। প্রহরণার্থৈশ্চ।

---

(৬০) কড়ার, খঞ্জ, কাণ, কুণ্ড, গৌর, বৃদ্ধ, ভিক্ষুক, পিঙ্গ, পিঙ্গল, তন, জরঠ, বধির, বর্ব্বর ইত্যাদি।

প্রহরণবাচক পদের যোগে সপ্তম্যন্ত পদের পর নিপাত হয়। যথা, শস্ত্রং পাণৌ যস্য শস্ত্রপাণিঃ, দণ্ডঃ পাণৌ যস্য দণ্ডপাণিঃ, খড্গঃ করে যস্য খড্গ-করঃ, ধনুর্হস্তে যস্য ধনুর্হস্তঃ।

৯। নিষ্ঠা পূর্ব্বা।

নিষ্ঠাপ্রত্যয়নিষ্পন্ন পদের পূর্ব্বনিপাত হয়। যথা, কৃতকর্ম্মা, অধীতব্যাকরণঃ, ভক্ষিতৌদনঃ, ধৃতায়ুধঃ, উদ্ধৃতদণ্ডঃ, ভগ্নরথঃ, পক্বকেশঃ।

১০। বাহিতাগ্ন্যাদিষু।

আহিতাগ্নি প্রভৃতি স্থলে নিষ্ঠানিষ্পন্ন পদের বিকল্পে পূর্ব্বনিপাত হয়। যথা, আহিতাগ্নিঃ অগ্ন্যাহিতঃ, জাতসুখঃ সুখজাতঃ, জাতপুত্রঃ পুত্র-জাতঃ, জাতদন্তঃ দন্তজাতঃ, জাতশ্মশ্রুঃ শ্মশ্রুজাতঃ, তৈলপীতঃ পীততৈলঃ, ঘৃতপীতঃ পীতঘৃতঃ, মদ্যপীতঃ পীতমদ্যঃ, সুরাপীতঃ পীতসুরঃ, ভার্য্যোঢ়ঃ ঊঢ়ভার্য্যঃ, অর্থগতঃ গতার্থঃ, প্রাপ্তকালঃ কালপ্রাপ্তঃ, অস্যুদ্যতঃ উদ্যতাসিঃ।

১১। অল্পস্বরং দ্বন্দ্বে।

দ্বন্দ্বসমাসে অপেক্ষাকৃত অল্পস্বরবিশিষ্ট পদের পূর্ব্ব-

নিপাত হয়। যথা, তালতমালৌ, গজতুরঙ্গৌ, মৃদঙ্গ-দুন্দুভী ভ্রাতৃভগিন্যৌ, গোমোহিষৌ, দংশমশকৌ, হংস-সারসৌ, কাককোকিলৌ অম্লমধুরৌ, তিক্তকষায়ৌ।

১২। স্বরাদ্যদন্তং সাম্যে।

স্বরসাম্যস্থলে স্বরাদি অকারান্ত পদের পূর্ব্বনিপাত হয়। যথা, অশ্বগজৌ, অম্লতিক্তৌ, অনলপবনৌ, অচ্যুত-মহেশৌ, অচলসমুদ্রৌ, ইন্দ্রবহ্নী, ঈশভবৌ, উষ্ট্রখরৌ, ঊর্দ্ধনিম্নে।

১৩। ইদুদন্তঞ্চ।

স্বরসাম্য স্থলে ইকারান্ত ও উকারান্ত পদের পূর্ব্ব-নিপাত হয়। যথা, হরিহরৌ, রবিবুধৌ, পটুশুক্লৌ, মৃদুদৃঢ়ৌ।

১৪। অভ্যর্হিতঞ্চ।

অভ্যর্হিতবোধক পদের পূর্ব্বনিপাত হয়। যথা, মাতাপিতরৌ, তাপসযাচকৌ।

১৫। লঘ্বক্ষরঞ্চ।

লঘুবর্ণবিশিষ্ট পদের পূর্ব্বনিপাত হয়। যথা, কুশ-কাশম্, নলনীলৌ, বলয়কেয়ূরৌ।

১৬। **ভ্রাতা চ জ্যায়ান্।**

জ্যেষ্ঠভ্রাতৃবাচক পদের পূর্ব্বনিপাত হয়। যথা, যুধিষ্ঠিরার্জ্জুনৌ, ধৃতরাষ্ট্রপাণ্ডূ, বলদেবকৃষ্ণৌ।

১৭। **ঋতুনক্ষত্রাণামানুপূর্ব্ব্যেণ।**

ঋতু ও নক্ষত্র বাচক পদের আনুপূর্ব্ব্য অনুসারে পৌর্ব্বাপর্য্য নিয়ম। যথা, ঋতুবাচক—হেমন্তশিশিরৌ শিশিরবসন্তৌ, বসন্তনিদাঘৌ; নক্ষত্রবাচক—অশ্বিনীভরণ্যৌ, কৃত্তিকারোহিণ্যৌ। অক্ষরসাম্য স্থলে এই নিয়ম।

১৮। **বর্ণানাঞ্চ।**

ব্রাহ্মণাদিবর্ণবাচক পদের আনুপূর্ব্ব্য অনুসারে পৌর্ব্বাপর্য্য নিয়ম। যথা, ব্রাহ্মণক্ষত্রিয়বৈশ্যশূদ্রাঃ।

১৯। **অনিয়মো ধর্ম্মাদৌ।**

ধর্ম্ম প্রভৃতির প্রয়োগে পৌর্ব্বাপর্য্যনিয়ম নাই। যথা, ধর্ম্মার্থৌ অর্থধর্ম্মৌ, কামার্থৌ অর্থকামৌ, শব্দার্থৌ অর্থশব্দৌ, বরবধ্বৌ বধূবরৌ, সর্পির্মধুনী মধুসর্পিষী, আদ্যন্তৌ অন্তাদী, গুণবৃদ্ধী বৃদ্ধিগুণৌ।

---

সর্ব্বসমাসশেষ।

## ১। সমাসশ্চতুর্বিধঃ।

পাণিনিমতে সমাস অব্যয়ীভাব, তৎপুরুষ, বহুব্রীহি, দ্বন্দ্ব এই চতুর্ব্বিধ; কর্ম্মধারয় ও দ্বিগু স্বতন্ত্র সমাস বলিয়া পরিগণিত নহে, উহারা তৎপুরুষের অন্তর্ভূত। কোন কোন মতে কর্ম্মধারয় ও দ্বিগু স্বতন্ত্র সমাস বলিয়া নির্দ্দিষ্ট, তন্মতে সমাস ষড়্বিধ।

## ২। পূর্ব্বপদার্থপ্রধানোঽব্যয়ীভাবঃ।

অব্যয়ীভাব সমাসে পূর্ব্বপদার্থ প্রধান রূপে প্রতীয়মান হয়। উপগৃহম্, যথাশক্তি ইত্যাদি স্থলে উপ যথা প্রভৃতি পূর্ব্বপদার্থ প্রধান ভাবে প্রতীয়মান হইতেছে।

## ৩। উত্তরপদার্থপ্রধানস্তৎপুরুষঃ।

তৎপুরুষ সমাসে উত্তরপদার্থ প্রধান ভাবে প্রতীয়মান হয়। তরুচ্ছায়া, গঙ্গাজলম্, ইত্যাদি স্থলে ছায়া জল প্রভৃতি পরপদার্থ প্রধান ভাবে প্রতীয়মান হইতেছে।

## ৪। অন্যপদার্থপ্রধানো বহুব্রীহিঃ।

বহুব্রীহি সমাসে সমস্যমান কোন পদার্থ প্রধান ভাবে প্রতীয়মান না হইয়া তদুপলক্ষিত অন্যপদার্থ প্রধান ভাবে প্রতীয়মান হয়। বহুধনঃ, দীর্ঘবাহুঃ ইত্যাদি স্থলে বহু, ধন, দীর্ঘ, বাহু প্রভৃতি কোন পদার্থই প্রধান ভাবে প্রতীয়মান হইতেছে না, কিন্তু বহু ধন ও দীর্ঘ বাহু বিশিষ্ট ব্যক্তিরূপ অন্যপদার্থ প্রধান ভাবে প্রতীয়মান হইতেছে।

## ৫। উভয়পদার্থপ্রধানো দ্বন্দ্বঃ।

দ্বন্দ্বসমাসে সমস্যমান উভয় পদার্থই প্রধান ভাবে প্রতীয়মান হয়। অশ্বগজৌ, তালতমালৌ, ইত্যাদি স্থলে অশ্ব, গজ, তাল, তমাল প্রভৃতি যাবতীয় পদার্থই প্রধান ভাবে প্রতীয়মান হইতেছে।

কিন্তু, সকল স্থলে এই সকল লক্ষণের সমাবেশ হয় না, স্থলবিশেষে ব্যভিচার লক্ষিত হইয়া থাকে। সপ্তগোদাবরম্, উন্মত্তগঙ্গম্ ইত্যাদি অব্যয়ীভাবে পূর্ব্বপদার্থ প্রধান ভাবে প্রতীয়মান না হইয়া অন্য পদার্থ প্রধান ভাবে প্রতীয়মান হইয়া থাকে। অকিঞ্চনঃ, আপন্নজীবিকঃ ইত্যাদি তৎপুরুষে উত্তর

পদার্থ প্রধান ভাবে প্রতীয়মান না হইয়া অন্য পদার্থ প্রধান ভাবে প্রতীয়মান হয়। দ্বিলাঃ, পঞ্চষাঃ ইত্যাদি বহুব্রীহিতে অন্য পদার্থ প্রধান ভাবে প্রতীয়মান না হইয়া উভয় পদার্থই প্রধান ভাবে প্রতীয়মান হয়। **হংসসারসম্, দংশমশকম্** ইত্যাদি দ্বন্দ্বে উভয় পদার্থ প্রধান ভাবে প্রতীয়মান না হইয়া তৎসমাহাররূপ অন্য পদার্থ প্রধান ভাবে প্রতীয়মান হয়। সুতরাং পূর্ব্বোক্ত লক্ষণ সকল প্রায়িক অভিপ্রায়ে নির্দ্দিষ্ট, অর্থাৎ প্রায় সকল স্থলে তত্তৎ লক্ষণের সমাবেশ হয়, কোন কোন স্থলে হয় না, এই তাৎপর্য্য; এজন্য অনেকে **প্রায়েণ পূর্ব্বপদার্থপ্রধানোঽব্যয়ীভাবঃ, প্রায়েণোত্তরপদার্থপ্রধানস্তৎপুরুষঃ, প্রায়েণান্যপদার্থপ্রধানো বহুব্রীহিঃ, প্রায়েণোভয়পদার্থপ্রধানো দ্বন্দ্বঃ,** এই রূপে অব্যয়ীভাবাদি লক্ষণে **প্রায়েণ** এই পদের যোজনা করিয়া থাকেন।

বস্তুতস্তু, তত্তৎসমাসের অধিকারে যে সমস্ত সমাস বিহিত হইয়াছে, সেই সমুদায়ই তত্তৎসমাস-সংজ্ঞাভাজন; অর্থাৎ অব্যয়ীভাবাধিকারে যে সকল সমাস বিহিত হইয়াছে উহাদের নাম অব্যয়ীভাব, তৎপুরুষাধিকারে যে সমস্ত সমাস

বিহিত হইয়াছে উহাদের নাম তৎপুরুষ, বহুব্রীহি অধিকারে যে সমস্ত সমাস বিহিত হইয়াছে উহাদের নাম বহুব্রীহি, আর দ্বন্দ্বাধিকারে যে সমস্ত সমাস বিহিত হইয়াছে উহাদের নাম দ্বন্দ্ব।

উভয়পদার্থপ্রধানো দ্বন্দ্বঃ, এ স্থলে উভয় শব্দ সম্যক্ সংলগ্ন নহে। উভয় পদে যেরূপ দ্বন্দ্ব সমাস হয়, বহু পদেও সেইরূপ হইয়া থাকে। ফলতঃ, কেবল অব্যয়ীভাব সমাস দুই পদে হয়, দ্বন্দ্ব ও বহুব্রীহি দুই পদে ও বহু পদে, তৎপুরুষ প্রায় সকল স্থলে দুই পদে হইয়া থাকে কোন কোন স্থলে বহু পদেও দেখিতে পাওয়া যায়। বস্তুতঃ, দ্বন্দ্বলক্ষণে উভয়শব্দস্থলে অনেকশব্দনিবেশ আবশ্যক।

**৬। বহুব্রীহির্দ্বিবিধস্তদ্গুণসংবিজ্ঞানোঽতদ্গুণসংবিজ্ঞানশ্চ।**

বহুব্রীহি দ্বিবিধ, তদ্গুণসংবিজ্ঞান ও অতদ্গুণসংবিজ্ঞান; যে স্থলে সমাসবোধিত অন্যপদার্থের ন্যায় সমস্যমান পদার্থেরও পরম্পরায় ক্রিয়াপ্রভৃতির সহিত অন্বয় হয় উহাকে তদ্গুণসংবিজ্ঞান, আর যে স্থলে সমস্যমান পদার্থের ক্রিয়ার সহিত অন্বয় হয় না উহাকে অতদ্গুণসংবিজ্ঞান বলে।

লম্বকর্ণমানয় ইত্যাদি স্থলে আনয়ন ক্রিয়াতে লম্বকর্ণবিশিষ্ট ব্যক্তির অন্বয় হইতেছে, কিন্তু লম্ব কর্ণেরও পরম্পরায় অন্বয় আছে, এজন্য উহা তদ্গুণসংবিজ্ঞান; আর দৃষ্টসমুদ্রমানয় ইত্যাদি স্থলে আনয়ন ক্রিয়াতে দৃষ্টসমুদ্র ব্যক্তির অন্বয় আছে, কিন্তু সমুদ্রের নাই, এজন্য উহা অতদ্গুণসংবিজ্ঞান।

## ৩। সমানাধিকরণপদঘটিতো ব্যধিকরণপদঘটিতশ্চ।

বহুব্রীহি প্রকারান্তরে দ্বিবিধ, সমানাধিকরণপদঘটিত ও ব্যধিকরণপদঘটিত। বিশেষ্য ও বিশেষণ পদে যে বহুব্রীহি হয় উহা সমানাধিকরণপদঘটিত; যথা, নীলাম্বরঃ, দীর্ঘবাহুঃ, কৃষ্ণকায়ঃ ইত্যাদি; যে স্থলে অন্যবিধ পদে বহুব্রীহি হয় উহাকে ব্যধিকরণপদঘটিত বলে; যথা; দণ্ডপাণিঃ, ধনুর্হস্তঃ ইত্যাদি।

---

সম্পূর্ণ।

## তদ্ধিত—পরিশিষ্ট।

### ১। পুংবত্তসিলাদিষু ভাষিতপুংস্কস্য।

তসিল্, ত্রল্ চরট, জাতীয়, দেশীয় ও পাশ প্রত্যয় পরে ভাষিতপুংস্ক স্ত্রীলিঙ্গ শব্দের পুংবদ্ভাব হয়। যথা, উত্তরস্যা দিশঃ উত্তরতঃ, উত্তরস্যাং দিশি উত্তরতঃ, সর্ব্বস্যাং দিশি সর্ব্বত্র, অর্পিতা ভূতপূর্ব্বা অর্পিতচরী, জাত্যা ব্রাহ্মণী ব্রাহ্মণজাতীয়া, ঈষদূনা পণ্ডিতা পণ্ডিতকল্পা, কুৎসিতা পাচিকা পাচকপাশা।

### ২। কল্পাদিষু চ।

কল্প, রূপ, তর ও তম প্রত্যয় পরে ভাষিতপুংস্ক স্ত্রীলিঙ্গ শব্দের পুংবদ্ভাব হয়। যথা, ঈষদূনা পণ্ডিতা পণ্ডিতকল্পা, প্রশস্তা গায়িকা গায়করূপা, ইয়মনয়োরতিশয়েন নিপুণা নিপুণতরা, ইয়মাসামতিশয়েন চপলা চপলতমা।

### ৩। ঈদূপো বিভাষা।

কল্প প্রভৃতি পরে ভাষিতপুংস্ক ঈবন্ত ও ঊবন্ত স্ত্রীলিঙ্গের বিকল্পে পুংবদ্ভাব হয়। যথা, ঈষদূনা বিদুষী

विदुषीकल्पा विद्वत्कल्पा, प्रशस्ता मेधाविनी मेधाविनीरूपा मेधाविरूपा, इयमनयोरतिशयेन मायाविनी मायाविनीतरा मायावितरा, इयमासामतिशयेन मनोहारिणी मनोहारिणीतमा मनोहारितमा ; वामोरूकल्पा वामोरुकल्पा, वामोरूरूपा वामोरुरूपा, वामोरूतरा वामोरुतरा, वामोरूतमा वामोरुतमा। (৬১)

### ४। शसि बह्वल्पार्थस्य।

শস্ প্রত্যয় পরে বহ্বর্থ ও অল্পার্থ ভাষিতপুংস্ক স্ত্রীলিঙ্গের পুংবদ্ভাব হয়। যথা, बह्वीभ्यो देहि बहुशो देहि, अल्पाभ्यो देहि अल्पशो देहि।

### ५। त्वतलोर्गुणवचनस्य।

ত্ব ও তল্ প্রত্যয় পরে গুণবাচক ভাষিতপুংস্ক স্ত্রীলিঙ্গের পুংবদ্ভাব হয়। যথা, निपुणाया भावः निपुणत्वं निपुणता, चपलाया भावः चपलत्वं चपलता, मेधाविन्या भावः मेधावित्वं मेधाविता, प्रियवादिन्या भावः प्रियवादित्वं प्रियवादिता।

---

(৬১) বৈয়াকরণেরা ঊদন্তের পুংবদ্ভাব নিষেধ করিয়া বিকল্পে ঊপের হ্রস্ববিধান করেন। আর পুংবদ্ভাবের অভাবপক্ষে ঈপের, স্থলবিশেষে বিকল্পে ও স্থলবিশেষে নিত্য, হ্রস্ববিধান করিয়া থাকেন; তদনুসারে, विदुषिकल्पा विदुषीकल्पा, विद्वत्कल्पा এবং ब्राह्मणिकल्पा ब्राह्मणकल्पा এইরূপ হইতে পারে।

# শুদ্ধিপত্র।

| পৃষ্ঠ | পংক্তি | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| ১৩ | ১২ | বুভ্ক্ষা | বুভুক্ষা |
| ১৮ | ২ | সম্দ্রস্য | সমুদ্রস্য |
| ১৯ | ১৬ | এদর্থক | এতদর্থক |
| ২০ | ১৩ | প্রস্থ্যিত | প্রস্থিত |
| ২০ | ১৫ | নিপূণ | নিপুণ |
| ২০ | ১৬ | সাঘুঃ | সাধুঃ |
| ২১ | ১০ | প্রযাগো | প্রযাগঃ |
| ২৩ | ৪ | স জ্ঞা | সংজ্ঞা |
| ৪০ | ১৬ | স্কারক্লত | স্কারক্রত |
| ৪৫ | ২ | মাত্ণা | মাতৃণা |
| ৫৪ | ৮ | দ্বৈপায়নঃ, | দ্বৈপায়নঃ দ্বৈপক, |
| ৬৭ | ১ | অর্ঘ্যাম্, | অর্ঘ্যম্ |
| ৬৭ | ৩ | তিতৃদৈবত্যম্ | পিতৃদৈবত্যম্ |
| ৭৫ | ১০ | বদর্য্যা | বদর্য্যাঃ |
| ৮৪ | ২১ | প্রমাণযস্য | প্রমাণমস্য |
| ৯৪ | ১১ | হয়। | হয়। যথা |

| পৃষ্ঠ | পংক্তি | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| ১০০ | ৯ | কর্ম্মণিঠঃ কুশলে | কুশলে ঠঃ কর্ম্মণঃ |
| ১০৪ | ৩ | ভূরিষ্ঠ | ভূয়িষ্ঠ |
| ১০৪ | ৪ | বঙ্কঃ | বঙ্কঃ |
| ১১৯ | ৬ | অদ্যঃ, | সদ্যঃ, |
| ১২৬ | ৫ | কাল্স্নৈ | কাৎস্ন্যৈ |
| ১৩৭ | ৪ | হলাত্ | হলঃ |
| ১৬১ | ২০ | হপল, | চপল, |
| ১৬৪ | ২০ | অবক্রু ষ্টঃ | অবক্রুষ্টঃ |
| ১৮০ | ৮ | প্রমাণ | প্রমাণ |
| ১৮৭ | ১৫ | স্বা | স্বা |
| ১৯৬ | ৮ | দ্বন্দ | দ্বন্দ্ব |
| ২০১ | ১৮ | যৈর্ম্মুক্তে | যৈর্ভুক্তে |
| ২০৯ | ৬ | রজধুরা, | রাজধুরা, |
| ২২৫ | ৫ | সমুদ্রস্য পারে | সমুদ্রস্য পারং |
| ২২৫ | ৮ | পণিনিনা | পাণিনিনা |
| ২২৬ | ৮ | তন, | তনু, |

INDIA OFFICE
LIBRARY